গ্রন্থকারস্য বংশপরিচয়ঃ

গ্রহযজ্ঞবিধানার্থং শশাঙ্কস্য হি ভূপতেঃ।
সরযূতীরতো বিপ্রা আনীতা গৌড়মণ্ডলম্ ॥
বেদবেদাঙ্গকুশলৈর্জ্জ্যোতিঃশাস্ত্রপরায়ণৈঃ।
তৈঃ সম্পাদিতযজ্ঞেন রোগমুক্তাচ্চ ভূপতেঃ ॥
বহুভূমীঃ সমাসাদ্য নৃপপ্রার্থনয়া ততঃ।
সদারা নিবসন্তিস্ম গৌড়দেশে দ্বিজোত্তমাঃ ॥

বহুলকীর্ত্তিযুতে চ তদন্বয়ে
হৃদয়রাম (১)ইতি প্রথিতো দ্বিজঃ।
সুমজনীশ-পদে রতমানসো-
নয়যুতোঽমলকশ্যপবংশজঃ।

স হরিচরণপদ্ম-ধ্যাননিষ্ঠো বরিষ্ঠো-
হরিচরণ ইতি জ্ঞস্তস্য পুত্রঃ সুকর্ম্মা।
সদমল-পিতৃতুল্য-জ্ঞানবিজ্ঞান-মান্যো-
বিবিধ-গণিত-শাস্ত্রাম্নায়-তন্ত্রেষু নিষ্ণঃ ॥

তস্যাত্মজঃ সর্ব্বজনাভিরামো-
নাম্না সভারাম (২)ইতি প্রসিদ্ধঃ।
শ্রুতি-স্মৃতি-জ্ঞান-বিচারদক্ষো-
ভূপালমান্যো বিদুষাং বরেণ্যঃ॥

১। পাবনামণ্ডলান্তর্গত শীতলাই রাজসদনাদনতিদূরে খন্দপ্‌বাড়িয়া নামক গ্রামেঽস্য বসতিরাসীৎ।

২। শৈশবে পিতৃবিয়োগানন্তরং পাবনামণ্ডলান্তর্গত "বড়ল" নামক নদীতীরস্থ ড্যামরা নামকগ্রামে মাতুলালয়েঽয়ং প্রতিপালিতস্তত্রৈব লব্ধবিদ্যো-বৈষ্ণবশাস্ত্রে নিতরাং নিষ্ণাতঃ টাঙ্গাইলান্তর্গত অলোয়াধিপতিতো ব্রহ্মত্রাভূমিং প্রাপ্য যমুনা নদীতীরস্থঃ খোলাবাড়ী নামকগ্রামমধ্যুবাস।

ততোজগন্নাথ-নিবিষ্টচিত্তো-
নাম্না জগন্নাথ (৩) ইহ প্রসিদ্ধঃ।
অনেকতীর্থাম্বু-পবিত্রকায়ো-
বেদাদিশাস্ত্রে নিপুণোঽতিমান্যঃ॥

জয়নাথ (৪)স্ততো জজ্ঞে মুক্তাগাছাধিপৈশ্চ যঃ।
সভায়াং জ্যোতিষশ্রেষ্ঠপদং প্রাপ্য সুমানিতঃ॥

তস্মাৎ কৃপানাথ (৪)ইতি প্রসিদ্ধঃ
সদা সদাচাররতো যতাত্মা।
পরোপকার-ব্রতনিম্নচিত্তো-
হরৌ সদা লগ্নমতির্বরেণ্যঃ॥

বঙ্গে রাজন্য-মান্য-ক্ষিতিসুরনিচয়াধিষ্ঠিতো গ্রামমুখ্যো-
বড়্বেল্তাখ্যো য আস্তে মনুজপরিচিতো বিস্তৃতষ্টাঙ্গলান্তঃ।
তত্র জ্যোতির্বিদগ্র্যঃ সততহরিকথাসক্তচিত্তঃ কৃপাবান্
শাস্ত্রজ্ঞো ধীরচেতা বিদিত ইহ কৃপানাথশর্ম্মেত্যুবাস॥
তৎপুত্রো হ্যেককন্যস্তনয়বিরহিতঃ পাঠকঃ সূর্য্যবিপ্রঃ
কল্কত্তা রাজবিদ্যালয়-নিগমমুখ-জ্যোতিষাধ্যাপকশ্চ।
শ্রীরাধাবল্লভাখ্যঃ সুবিদিত-সরযুতীরতো বঙ্গবাসি-
ক্ষমাদেবানাং কুলোত্থো ব্যরচয়দমলং জাতকং বল্লভাস্তম্॥

৩। অপুত্রকোঽয়ং বহুতীর্থভ্রমণানন্তরং জগন্নাথক্ষেত্রতো লক্ষ্মীজনার্দ্দননামক শালগ্রাম শিলা, মদনমোহনো, রুক্মিণী, মদনগোপাল ইতি বিগ্রহ চতুষ্টয়ং আনীতবান্। ততঃ ক্রমশস্তস্য চত্বারঃ পুত্রা জজ্ঞিরে। তেষাং বিস্তৃতবংশধরগণৈঃ কালবিভাগক্রমেণ তে বিগ্রহাঃ পূজ্যন্তে।

৪। জয়নাথোঽয়ং জগন্নাথস্য দ্বিতীয় পুত্রঃ।

৫। টাঙ্গাইলান্তর্গত বড়্বেলতাগ্রামস্থো বর্ত্তমান আলয়োঽনেনৈব নির্ম্মাপিতঃ।

ভূমিকা

জ্যোতিষশাস্ত্র সাধারণতঃ দুইভাগে বিভক্ত। গণিতজ্যোতিষ ও ফলিত জ্যোতিষ। যে বিভাগ দ্বারা গ্রহগণের অবস্থান ও শ্রাদ্ধ ব্রতাদির কাল নিরূপিত হয় তাহার নাম গণিতজ্যোতিষ এবং যে বিভাগ দ্বারা প্রাকৃতিক ঘটনা, অঙ্গ প্রত্যঙ্গের চিহ্ন, প্রাণিগণের আচরণ ও প্রশ্নকালীন বা জন্মকালীন গ্রহগণের অবস্থান হইতে শুভাশুভ নিরূপিত হয় তাহার নাম ফলিত জ্যোতিষ।

গ্রহণ-গ্রহ-সংক্রান্তি-যজ্ঞাধ্যয়ন-কর্ম্মণাম্।
প্রয়োজনং ব্রতোদ্বাহক্রিয়াণাং কালনির্ণয়ঃ॥ কশ্যপ
প্রয়োজনন্তু জগতঃ শুভাশুভনিরূপণম্। নারদ

এই দ্বিবিধ জ্যোতিষ শাস্ত্রই বেদের অঙ্গ। বেদে জ্যোতিষশাস্ত্রের মূলতত্ত্ব নিচয় অতি সংক্ষেপে বর্ণিত আছে। ক্ষুদ্রায়তন বীজ হইতে বিশাল বিটপীর ন্যায় বেদনিহিত জ্যোতিষবীজ হইতে বহুবিস্তৃত গণিত জ্যোতিষ ও ফলিতজ্যোতিষের উৎপত্তি হইয়াছে।

জ্ঞানময় পরব্রহ্ম সর্ব্বভূতে বিরাজিত (একো বশী সর্ব্বভূতান্তরাত্মা ইতি শ্রুতিঃ), সুতরাং কোন প্রাণীই জ্ঞান বর্জিত নহে।

জ্ঞানিনো মনুজাঃ সত্যং কিন্তু তে নহি কেবলম্।
যতোহি জ্ঞানিনঃ সর্ব্বে পশুপক্ষিমৃগাদয়ঃ॥ চণ্ডী

মানবগণ সকল প্রাণিহইতেই জ্ঞান আহরণে সমর্থ হেতু প্রাণিমধ্যে শ্রেষ্ঠ। এজন্য বায়স, বক, কুক্কুরাদি প্রাণি হইতে জ্ঞান লাভের বহু আখ্যান ও উপদেশ বৌদ্ধজাতক এবং পুরাণাদিতে বর্ণিত আছে। ভারতীয়ঋষিগণের হৃদয়ে জ্ঞান দান করাতেই অনন্ত জ্ঞানের আকর পরব্রহ্মের জ্ঞানভাণ্ডার নিঃশেষিত হয় নাই তিনি নিরপেক্ষ ভাবে গ্রীস্, রোম, চীন, বাবীলন প্রভৃতি দেশের মানবগণের হৃদয়ে ও জ্ঞানবারিসিঞ্চনে বিরত ছিলেন না।

জ্ঞান পিপাসু ভারতীয় ঋষিগণ এই সকল দেশের মনীষিবৃন্দের নিকট হইতেও জ্ঞানসংগ্রহ করিতেন এজন্য কশ্যপ, নারদাদি মহর্ষিগণের গ্রন্থে সূর্য্য, ব্রহ্মা, ব্যাস, বশিষ্ঠ, অত্রি, পরাশর, কশ্যপ, নারদ, গর্গ, মরীচি, মনু, অঙ্গিরা, রোমক, পুলিশ, চ্যবন, যবন, ভৃগু, শৌনক জ্যোতিষ শাস্ত্রপ্রবর্ত্তক এই অষ্টাদশ ঋষির মধ্যে রোমক, পুলিশ, যবন এই তিনজন যবন জাতীয় ঋষির নাম উক্ত হইয়াছে।

"অষ্টৌচ গর্গো যবনো দশাহম্"

উত্তরবর্ত্মনি সবিতরি চূড়াকরণং জগুঃ শুভং যবনাঃ।

ইত্যাদি ধর্ম্ম বিষয়ক বহু ব্যবস্থা ও যবন শাস্ত্র হইতে গৃহীত হইয়াছে এবং অদ্যাপি প্রতিপালিত হইতেছে।

সুচতুর জলাশয়ের অধিস্বামী যেরূপ জলাশয়ে জলপ্রবেশকালে জলাশয়স্থ মৎস্য সমূহের বহির্গমনের পথ বংশদণ্ডাদিদ্বারা রুদ্ধ করিয়া রাখেন, সেইরূপ ভারতীয় ঋষি এবং মনীষিবৃন্দ ও বিদেশীয় জ্ঞানরত্ন আহরণ সময়ে ঋষি প্রবর্ত্তিত ভাবধারা অক্ষুণ্ন রাখিতে প্রয়াসী হইতেন।

মহর্ষিগণের ও ভারতগৌরব হামতি মহাজনগণের অনুসৃত এই পথের অনুসরণ পূর্ব্বক শ্রীপতিদৈবজ্ঞ, কেশব দৈবজ্ঞ, রাঘবাচার্য্য প্রভৃতি বিদ্বদ্বৃন্দের প্রণীত গ্রন্থের সার এবং সরলত্রিকোণমিতি, চাপীয় ত্রিকোণ মিতি প্রভৃতি আধুনিক গ্রন্থের নিয়মে স্পৃজ্যা, কোটিজ্যা ও বর্ত্তমান কালোপলব্ধ পরমক্রান্তি প্রভৃতির সংযোগে যেরূপ ভাব ও বলাদি গণনার উপযোগী হোরাবল্লভ নামক নবীনগ্রন্থ মৎকর্ত্তৃক প্রণীত হইয়াছে, অব্দপিণ্ড, দিনবৃন্দ, মধ্যগ্রহ, মন্দফল, শীঘ্রফল, প্রভৃতি ঋষি প্রবর্ত্তিত ধারা অব্যাহত রাখিয়া দৃষ্টি ও গণনার একতা সম্পাদক যেরূপ "করণ বল্লভ" নামক নূতন গ্রন্থ প্রণীত হইয়াছে, সেইরূপ ভারতীয় প্রাচীন ভাব ধারা অক্ষুণ্ন রাখিয়াই প্রাচীন ফলিত জ্যোতিষ গ্রন্থ নিচয়ে উল্লিখিত গ্রহ ফলাদির সহিত ইন্দ্র (হর্শেল) বরুণ (নেপ্‌চুন) নামক গ্রহদ্বয়ের কারকতা, প্রেক্ষাদি ফল সংযোজিত করিয়া "জাতকবল্লভ" নামক অভিনব গ্রন্থ বিরচনে প্রয়াসী হইয়াছি।

টেলিগ্রাম, রেডিও, রেল, ষ্টীমার, এরোপ্লেন, মটরবাস, মুদ্রণযন্ত্র, দালালী, ব্যাঙ্ক, সেয়ারের কার্য্য, পাথুরিয়া কয়লা, পেট্রোল, কেরোসিনাদি ভূমিজাত তৈল, বিদ্যুৎ প্রভৃতি যাহা বর্ত্তমান কালে ব্যবহৃত হইতেছে এবং এই সকল দ্রব্যের ব্যবসায়ে বহু লোক জীবিকার্জ্জন করিতেছেন, তাহাদের ও কারক গ্রহ এই নবীন গ্রন্থে সন্নিবেশিত হইয়াছে।

"ত্যক্তেন ভুঞ্জীথাঃ" বিতরণ করিয়া ভোগ করিবে। বৈদিকঋষিগণের এই অমৃতময়ী বাণী স্মরণ করিয়াই জ্যোতিষরূপমহাসিন্ধু হইতে যে জ্ঞানামৃতকণিকা লাভ করিয়াছি তাহাই গ্রন্থরূপে বিতরণ করিবার অভিপ্রায়ে এই নবীনগ্রন্থ-প্রণয়নে চেষ্টিত হইয়াছি।

ভারতীয় ও পাশ্চাত্ত্য গণিতজ্যোতিষের সহযোগে গণিতজ্যোতিষের নূতন গ্রন্থ ভারতের অনেক প্রদেশের সুধীগণ কর্ত্তৃক প্রণীত হইয়াছে কিন্তু ভারতীয় ও পাশ্চাত্ত্য ফলিত জ্যোতিষগ্রন্থের সম্মেলনে অভিনব ফলিতজ্যোতিষ গ্রন্থ বিরচনের চেষ্টা এই প্রথম, এজন্য ইহাতে বহু ভ্রান্তি পরিলক্ষিত হইবার সম্ভাবনা। সুধীমণ্ডলী এই সকল ভ্রান্তির পরিশোধন করিয়া লইবেন এবং আমাকে জানাইলে বিশেষ অনুগৃহীত হইব।

জ্যোতিষ নীরসশাস্ত্র হইলেও ভাস্করাচার্য্য, লগ্নাচার্য্য, গণেশ দৈবজ্ঞ প্রভৃতি ভারত গৌরব পণ্ডিতগণ তাঁহাদিগের প্রণীত গ্রন্থনিচয় ছন্দোঝঙ্কারে এবং পদলালিত্যে পাঠকগণের নিকট হৃদ্য ও সুগম করিয়াছেন।

আমার ক্ষমতার অল্পতা বুঝিয়াও পাংশুলভ্যফলে লোভ বশতঃ উদ্বাহু বামনের ন্যায় বিবিধ ছন্দোবন্ধে গ্রন্থখানিকে সুখশ্রাব্য করিবার যথাশক্তি প্রয়াস পাইয়াছি। পাঠকগণের সৌকর্য্যার্থ ছন্দের নাম ও সংক্ষেপে উল্লিখিত হইয়াছে।

ভারত জননীর বিশাল জাতীয় গ্রন্থ ভাণ্ডারের কোন এক পার্শ্বে এই নবীন গ্রন্থখানিও কিঞ্চিৎ স্থান প্রাপ্ত হইলে এবং জ্যোতির্ব্বিদ্ পণ্ডিতগণ এই গ্রন্থ দ্বারা ভারতীয় ও পাশ্চাত্ত্য মতের সামঞ্জস্যে ফল বিচারের কিঞ্চিৎ সুযোগ পাইলেই শ্রম সার্থক মনে করিব।

এই গ্রন্থ প্রণয়নে কলিকাতা সংস্কৃত কলিজিয়েট স্কুলের অন্যতম সংস্কৃতাধ্যাপক শ্রীযুক্ত নৃত্যগোপাল পঞ্চতীর্থ, শ্রীযুক্ত হরিপদ কাব্যস্মৃতি মীমাংসাতীর্থ মহোদয়গণ শ্লোক সংশোধন করিয়া দিয়া বিশেষ উপকার সাধন করিয়াছেন। পি, এম্, বাগ্‌চি পঞ্জিকার গণনা সংশোধক শ্রীযুক্ত মন্মথনাথ জ্যোতিঃশেখর, বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকার গণনা সংশোধক শ্রীযুক্ত দিগিন্দ্রনাথ কাব্য-ব্যাকরণ জ্যোতিস্তীর্থ শ্রীযুক্ত নির্ম্মল চন্দ্র লাহিড়ী এম্ এ মহোদয়গণের নিকট বিশেষ সাহায্য পাইয়াছি এজন্য এই সকল মহোদয়গণের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

৬৪নং কালীনাথ মুন্সী লেন।
পোঃ বরাহ নগর।
(২৪ পরগণা)
সৌর মাঘ ১৮৬০ শকাব্দ।

বিনীত নিবেদক—
শ্রীরাধাবল্লভদেবশর্ম্মা।

ছন্দো নাম

সংক্ষিপ্ত নাম	পূর্ণনাম
(অষ্টাক্ষর)	
অ,নু	অনুষ্টুপ্
মা,ব	মানবক
বি,মা	বিদ্যুন্মালা
প্র,ণি	প্রমাণিকা
নবাক্ষর	
ম,ম	মণিমধ্য
দশাক্ষর	
রু,ব	রুক্মবতী
মত্তা	মত্তা
একাদশাক্ষর	
ই,ব	ইন্দ্রবজ্রা
উ,ব	উপেন্দ্রবজ্রা
উ,জা	উপজাতি
শা,লী	শালিনী
র,তা	রথোদ্ধতা
স্বাগ	স্বাগতা
দো,ক	দোধক
উ,চি	উপচিত্র

সংক্ষিপ্ত নাম	পূর্ণনাম
দ্বাদশাক্ষর	
চ,ব	চন্দ্রবর্ত্ম
বংবি	বংশস্থবিল
ইং,বং ই,বং	ইন্দ্রবংশ
ভু,প্র	ভুজঙ্গপ্রয়াত
তো.ক	তোটক
স্র,ণী	স্রগ্বিণী
স্র,বি	স্রগ্বিণী
দ্রু,বি	দ্রুত বিলম্বিত
চতুর্দ্দশাক্ষর	
ব,তি	বসন্ততিলক
সপ্তদশাক্ষর	
শি,রি	শিখরিণী
শি,ণী	শিখরিণী
ম,ক্রা	মন্দাক্রান্তা
উনবিংশাক্ষর	
শা,বি	শার্দ্দূল বিক্রীড়িত
একবিংশাক্ষর	
স্র,ধ	স্রগ্ধরা
স্র,রা	স্রগ্ধরা
আর্য্যা	আর্য্যা

বিষয়সূচী পত্রম্

বিষয়াঃ	পৃষ্ঠাঙ্কাঃ

বিষয়াঃ	পৃষ্ঠাঙ্কাঃ

বিষয়াঃ	পৃষ্ঠাঙ্কাঃ

শুদ্ধিপত্রম্

শুদ্ধিঃ	অশুদ্ধিঃ	পৃষ্ঠা	পংক্তিঃ
সৌক্ষ্যক্রমাৎ	সৌক্ষ্ম্যক্রমাৎ	১	৪
ক্রমাদবেঃ	ক্রমাদ্রবেঃ	৮	২৫
মঙ্গক্ষত্রিয়ের	রবি ও মঙ্গল ক্ষত্রিয়ের	১১	২১
সুরাসুরেজ্যৌ	সুরাসুরেজ্যো	১২	১৯
শীতকরাসুরেজ্যো	শীতকরাসুরেন্দ্রৌ	১২	২১
ভৃগেঃ	ভৃগোঃ	১৬	৫
পত্ন্যানোপচয়ে	পত্ন্যানোপচয়ে	৪২	৫
হ্যপ্যুযুগ্মলবগাঃ	হ্যপ্যযুগ্মলবগাঃ	৪৬	২০
ক্লীবযোগগা	ক্লীবযোগাঃ	৪৬	২০
খলমধ্যয়ো	খলমধ্যয়োঃ	৪৮	২
র্মিশ্রৈস্তথা	মিশ্রৈস্তথা	৫০	১৪
২৫	৫২	৫২	১
শিশোঃর্বা	শিশোর্বা	৫৭	১৯
নবমাং	নবম্যাং	৫৮	২১
দৃষ্টা	দ্ৃষ্টা	৬৫	৯
লোকিতাঽপি	লোকিতোঽপি	৭৪	৩
নিশঙ্কে	নিশঙ্কের্	৭৬	৫
পটুমতি রাজপ্রিয়ো	পটুমতী রাজপ্রিযো	১১৩	১২
তণ্যাদিভাব	তন্বাদিভাব	১১৯	৯
নিজধনাত্তো	নিজধনত্তো	১৩০	১৮
নচেক্ষিতঃ	নচেক্ষিতং	১৮৭	১৫
যোগবরস্তদা	যোগবরন্তদা	১৯৭	১৮
শুসুগো	শুহুগো	২২৩	৯
পিতৃশ্যাম্বজ লকস্থং	পিত্তাম্বজ শূলকাদ্যং	২৩১	২৬

শুদ্ধি	অশুদ্ধি	পৃষ্ঠা	পংক্তিঃ
জলোদরোগ যুক্	জলোদর রোগযুক্	২৩৬	২১
বিশষ ফলানি	বিশেষ ফলানি	২৪১	১৪
সোত্মসংখ্যা	সোত্থসংখ্যা	২৫১	১৭
বাহ্বনাধিপঃ	বাহনাধিপঃ	২৫৫	২৪
পারাশরা	পারাশরাঃ	২৭৭	২৪
লগ্ন হইলে	লগ্নহইতে	২৯৫	১১
হীনবংশ্য	হীনবংশ্যা	৩০৬	৮
মন্দাস্থাবণিজশ্য	মন্দস্থাবণিজস্য	৩০৮	৮
ষষ্ঠপতি	অষ্টমপতি	৩১৫	৬
প্রাণাং স্তজেদ্	প্রাণাং স্ত্যজেদ্	৩১৯	২০
লগ্নেশোহথো	লগ্নেশেহথো	৩২৮	২২
পাপে	পাপী	৩৩০	১৬

ওঁ নমঃ সূর্য্যায় পর ব্রহ্মণে

জাতকবল্লভঃ

—※—

মঙ্গলাচরণম্

কাঠিন্যদ্রুতিবাষ্পতা ইব জলে স্থূলত্বসৌক্ষ্ম্যক্রমাৎ
সৃষ্টি-স্থান লয়া জগৎস্থ নিয়তাঃ পূর্ণেন যেনাত্মনা।
তং নত্বা ত্রিগুণাত্মকং দিনকরং শর্ম্মশ্রিয়া সংযুতঃ
স্পষ্টং জাতকবল্লভং বিতনুতে রাধোত্তরো বল্লভঃ ॥১॥শা,বিঃ

জলে কাঠিন্য দ্রবতা ও বাষ্পতার ন্যায় স্থূলতা ও সূক্ষ্মতা ক্রমে যে পরমাত্মা সকল জগতের সৃষ্টি-স্থিতি ও প্রলয় বিধান করেন, সেই পরমাত্মা ত্রিগুণাত্মক দিনকর সূর্য্য নারায়ণকে প্রণাম করিয়া শ্রীরাধাবল্লভ শর্ম্মা স্পষ্টভাবে জাতকবল্লভ নামক গ্রন্থ প্রণয়ন করিতেছেন।

জ্যোতিষ্কতো জাতকফলকথনকারণম্।

আদিত্যপ্রভবা বিশালধরণীজ্যোতিষ্কসংঘৈর্বৃতা
জ্যোতিষ্কৈঃ পরিবর্ত্ত্যতে ত্বৃতুচয়ঃ শীতোষ্ণতোৎপাদকঃ।
জ্যোতিষ্কৈর্মনুজাদয়ো হ্যবিরতং দুঃখং সুখং ভুঞ্জতে
জ্যোতিষ্কানধিকৃত্য জাতকফলং তস্মাদ্ ব্রবীমি স্ফুটম্॥২॥

এই বিশাল পৃথিবী আদিত্য নারায়ণ হইতে উৎপন্ন হইয়া জ্যোতিষ্ক সমূহ দ্বারা পরিবেষ্টিত রহিয়াছে। জ্যোতিষ্কগণ দ্বারা ঋতুসকল পরিবর্ত্তিত হইয়া শৈত্য ও উষ্ণতার উৎপাদন করে। জ্যোতিষ্ক নিচয় দ্বারাই মনুষ্যাদি প্রাণিগণ সর্ব্বদা দুঃখ ও সুখ ভোগ করিতেছে, এজন্য গ্রহ নক্ষত্রাদি জ্যোতিষ্ক সমূহকে অবলম্বন করিয়া এই গ্রন্থে স্পষ্টভাবে জাতকফল কথিত হইতেছে।

গ্রহোপগ্রহোৎপত্তি-কথনম্।

যঃ পিণ্ডো জগদাদিরাস ঘটকৃৎ পঙ্কস্য পিণ্ডো যথা
সূর্য্যোহয়ং খচরা রবে রূপথগাস্তেভ্যঃ প্রজাতাঃ ক্রমাৎ।
সূর্য্যং খেটগণা ভ্রমন্তি পরিতঃ খেটং তথোপগ্রহা-
দীর্ঘে বৃত্তচয়ে স্বকে হ্যনুগতা গণ্যা রবের্ব্বত্তকে ॥৩॥

ঘট কার্য্যে কর্দ্দম পিণ্ডের ন্যায় জগতের আদিতে যে জ্যোতিষ্ক পিণ্ড ছিল তাহার নাম সূর্য্য। এই সূর্য্য হইতে গ্রহগণ এবং গ্রহগণ হইতে উপগ্রহ সমূহ ক্রমশঃ উৎপন্ন হইয়াছে। গ্রহগণ সূর্য্যের চতুর্দ্দিকে এবং উপগ্রহগণ, যে গ্রহ হইতে উৎপন্ন সেই গ্রহের চতুর্দ্দিকে পরিভ্রমণ করিয়া থাকে। গ্রহ সকল দীর্ঘবৃত্তাকার পথে নিজ নিজ কক্ষামণ্ডলে ভ্রমণ করিলেও তাহারা রবির অনুগত জন্য রবির ভ্রমণের পথ ক্রান্তিবৃত্তেই গ্রহদিগের স্ফুটাদি স্থান গণিত হইয়া থাকে।

সংজ্ঞাধ্যায়ঃ

রাশ্যংশ-লিপ্তা-বিকলানুলিপ্তা-
বর্ষ প্রভাগা ইব বেদিতব্যাঃ।
চক্রার্কভাগো ভবতীহ রাশিঃ
শৈলাক্ষিভাগোহপি চ তারকাখ্যঃ ॥৪॥ই,বঃ

রাশি চক্রে বর্ষ, মাস, দিন, দণ্ড, পল, বিপলের ন্যায়, চক্র, রাশি, অংশ, কলা, বিকলা, অনুকলা রূপ বিভাগ জানিবে। ৩৬০ অংশ বিশিষ্ট রাশি চক্রের দ্বাদশ ভাগ অর্থাৎ প্রতি ৩০ অংশে মেষ, বৃষাদি দ্বাদশটি রাশি এবং ২৭ ভাগের এক ভাগ অর্থাৎ প্রতি ১৩ অংশ ২০ কলা বা ৮০০ কলায় অশ্বিনী, ভরণী প্রভৃতি ২৭টি নক্ষত্র গণিত হয়।

রাশিনাম

মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ, মীন।

নক্ষত্র নাম

অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, রোহিণী, মৃগশিরা, আর্দ্রা, পুনর্ব্বসু, পুষ্যা, অশ্লেষা, মঘা, পূর্ব্বফল্গুনী, উত্তর ফল্গুনী হস্তা, চিত্রা, স্বাতী, বিশাখা, অনুরাধা, জ্যেষ্ঠা

মূলা, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, রেবতী।

নক্ষত্রতো রাশিকথনং রাশিপর্য্যায়াশ্চ।

নবর্ক্ষপাদাঃ ক্রমতোঽশ্বিনীতো
মেষাদয়ো দ্বাদশ রাশয়ঃ স্যুঃ।
ক্ষেত্রর্ক্ষ-গেহ প্রতিবোধশব্দাঃ
সর্ব্বত্র রাশিং প্রতিপাদয়ন্তি ॥৫॥উ,জা

নক্ষত্রমানের চারিভাগের এক এক ভাগের নাম নক্ষত্রচরণ। অশ্বিনীর প্রথম হইতে আরম্ভ করিয়া প্রতি নয় নয়টি চরণে ক্রমশঃ মেষাদি এক একটি রাশি হয়। ক্ষেত্র বাচক, ঋক্ষ বাচক ও গৃহ বাচক শব্দদ্বারা সর্ব্বত্র রাশির বোধ হইয়া থাকে।

নক্ষত্রতো রাশিনির্ণয়ঃ

অশ্বিনী ভরণী কৃত্তিকাদ্যপাদশ্চ মেষকঃ।
তচ্ছেষং রোহিণী চাথ মৃগশিরোঽর্দ্ধকং বৃষঃ ॥৬॥
দ্বন্দ্বং শেষার্দ্ধমার্দ্রাচ ত্রিপাদঞ্চ পুনর্ব্বসোঃ।
শেষঃ পুনর্ব্বসোঃ পাদঃ পুষ্যাশ্লেষা চ কর্কটঃ ॥৭॥
সিংহো মঘা পূর্ব্বফল্গুন্যুত্তরাদিমপাদকঃ।
তচ্ছেষ ত্রিপদী হস্তা চিত্রার্দ্ধঞ্চাপি কন্যকা ॥৮॥
চিত্রার্দ্ধং তৌলিনি স্বাতী বিশাখায়াঃ পদত্রয়ম্।
তচ্ছেষাঙ্ঘ্রি রনুরাধা জ্যেষ্ঠা বৃশ্চিকসংজ্ঞকঃ ॥৯॥
ধনুর্মূলং তথা পূর্ব্বাষাঢ়োত্তরাদ্যপাদকঃ।
তচ্ছেষঃ শ্রবণা চার্দ্ধং ধনিষ্ঠায়া মৃগাননঃ ॥১০॥
ধনিষ্ঠার্দ্ধং শতভিষা পূর্ব্বভাদ্রাঙ্ঘ্রিকত্রয়ম্।
কুম্ভঃ শেষশ্চোত্তরা চ রেবতী মীনসংজ্ঞকঃ ॥১১॥

মেষরাশি—অশ্বিনী, ভরণী, কৃত্তিকার প্রথম ১ পাদ।
বৃষ—কৃত্তিকার শেষ ৩ পাদ, রোহিণী, মৃগশিরার প্রথমার্দ্ধ।

মিথুন—মৃগশিরার শেষার্দ্ধ, আর্দ্রা, পুনর্ব্বসুর ৩ পাদ।

কর্কট—পুনর্ব্বসুর শেষ পাদ, পুষ্যা, অশ্লেষা।

সিংহ—মঘা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনীর প্রথম ১ পাদ।

কন্যা—উত্তরফল্গুনীর শেষ ৩ পাদ, হস্তা, চিত্রার প্রথমার্দ্ধ।

তুলা—চিত্রার শেষার্দ্ধ, স্বাতী, বিশাখার প্রথম ৩ পাদ।

বৃশ্চিক—বিশাখার শেষ ১ পাদ, অনুরাধা, জ্যেষ্ঠা।

ধনু—মূলা, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়ার প্রথম ১ পাদ।

মকর—উত্তরাষাঢ়ার শেষ ৩ পাদ, শ্রবণা, ধনিষ্ঠার প্রথমার্দ্ধ।

কুম্ভ—ধনিষ্ঠার শেষার্দ্ধ, শতভিষা, পূর্ব্বভাদ্র পদের ৩ পাদ।

মীন—পূর্ব্বভাদ্র পদের শেষ ১ পাদ, উত্তর ভাদ্রপদ, রেবতী।

তিথি-করণ-যোগ কথনম্।

হিমাংশু-সূর্য্যান্তরসূর্য্যভাগৈ-
স্তিথিঃ প্রদিষ্টা করণং তদর্দ্ধম্।
সত্র্যংশবিশ্বাংশত ইন্দুভান্বো-
র্যোগান্নিরুক্তো গণকৈশ্চ যোগঃ ॥১২॥উ,জা

স্ফুট চন্দ্র ও স্ফুট সূর্য্যের বিয়োগফলের প্রতি ১২ অংশে প্রতিপদ, দ্বিতীয়া প্রভৃতি এক একটি তিথি হয়। তিথির অর্দ্ধেকের নাম করণ, এজন্য প্রতি তিথিতে ২টি করণ হইয়া থাকে। স্ফুট চন্দ্র ও স্ফুট সূর্যের যোগ ফলের প্রতি ১৩ অংশ ২০ কলা বা প্রতি ৮০০ কলায় এক একটি যোগ হয়।

তিথীনাং সংজ্ঞাঃ

নন্দা চ ভদ্রাথ জয়াপি রিক্তা
পূর্ণা তিথীনাং ক্রমশশ্চ সংজ্ঞাঃ।
নামানুসারেণ ফলপ্রদাস্তা-
রিক্তাসু সর্ব্বং শুভকর্ম্ম বর্জ্জ্যম্ ॥১৩॥ই,বঃ

শুক্ল ও কৃষ্ণ উভয়পক্ষের প্রতিপদ, ষষ্ঠী, একাদশী এই তিন তিথির নাম নন্দা। দ্বিতীয়া সপ্তমী, দ্বাদশীর নাম ভদ্রা। তৃতীয়া, অষ্টমী, ত্রয়োদশীর নাম জয়া। চতুর্থী, নবমী, চতুর্দ্দশীর নাম রিক্তা। পঞ্চমী, দশমী, পূর্ণিমা বা অমাবস্যার নাম

পূর্ণা। ইহারা নামসদৃশ শুভাশুভ ফল প্রদান করিয়া থাকে। রিক্তা তিথি সকল শুভকার্য্যেই বর্জ্জনীয়।

তিথ্যধিপতিকথনম্।

অগ্নিশ্চাথ প্রজাপতিস্ত্বথ ভবেদ্ গৌরী গণেশোঽপ্যহিঃ
স্কন্দো বাসরনায়কোঽপি চ শিবো দুর্গা কৃতান্তস্ততঃ।
বিশ্বে বিষ্ণুরতঃপরং মনসিজস্তস্মাদ্ধরঃ শীতগুঃ
পক্ষত্যাদ্যধিপাস্তথাচ পিতরো দর্শাধিপাঃ কীর্ত্তিতাঃ ॥১৪॥শা,বিঃ

অগ্নি, প্রজাপতি, গৌরী, গণেশ, অহি, স্কন্দ, সূর্য্য, শিব, দুর্গা, যম, বিশ্বদেব, বিষ্ণু, কাম, হর, চন্দ্র ইহারা উভয়পক্ষে যথাক্রমে প্রতিপদাদি ১৫ তিথির অধিপতি। বিশেষ এইযে পূর্ণিমার অধিপতি চন্দ্র কিন্তু অমাবস্যার অধিপতি পিতৃগণ।

গ্রহস্ফুটতো নক্ষত্রনির্ণয়সারণী

সংখ্যা	নাম	রা	অং	ক	সংখ্যা	নাম	রা	অং	ক
১	অশ্বিনী		১৩	২০	১৫	স্বাতী	৬	২০	
২	ভরণী		২৬	৪০	১৬	বিশাখা	৭	৩	২০
৩	কৃত্তিকা	১	১০		১৭	অনুরাধা	৭	১৬	৪০
৪	রোহিণী	১	২৩	২০	১৮	জ্যেষ্ঠা	৮	০	
৫	মৃগশিরা	২	৬	৪০	১৯	মূলা	৮	১৩	২০
৬	আর্দ্রা	২	২০		২০	পূর্ব্বাষাঢ়া	৮	২৬	৪০
৭	পুনর্ব্বসু	৩	৩	২০	২১	উত্তরাষাঢ়া	৯	১০	
৮	পুষ্যা	৩	১৬	৪০	২২	শ্রবণা	৯	২৩	২০
৯	অশ্লেষা	৪	০		২৩	ধনিষ্ঠা	১০	৬	৪০
১০	মঘা	৪	১৩	২০	২৪	শতভিষা	১০	২০	
১১	পূর্ব্বফল্গুনী	৪	২৬	৪০	২৫	পূর্ব্বভাদ্রপদ	১১	৩	২০
১২	উত্তরফল্গুনী	৫	১০		২৬	উত্তরভাদ্রপদ	১১	১৬	৪০
১৩	হস্তা	৫	২৩	২০	২৭	রেবতী	০	০	০
১৪	চিত্রা	৬	৬	৪০					

নক্ষত্র পতয়ঃ

অশ্বী যমোঽগ্নির্ব্রহ্মেন্দূ শূলভৃচ্চাদিতির্গুরুঃ।
উরগঃ পিতরো যোনিরর্য্যমা দিবসাধিপঃ ॥১৫॥
ত্বষ্টা বায়ুশ্চ শক্রাগ্নী মিত্রো বজ্রধরস্তথা।
নির্ঋতিঃ সলিলং বিশ্ববিরিঞ্চী হরিরেবচ ॥১৬॥
বসুঃ সলিলনাথোঽজপাদোঽহিব্রধ্নকঃ পুনঃ।
পূষা চেতীশ্বরা ভানামুদিতাঃ ক্রমতো বুধৈঃ ॥১৭॥

অশ্বিনী নক্ষত্রের অধিপতি অশ্বী, ভরণীর যম, কৃত্তিকার অগ্নি, রোহিণীর ব্রহ্মা, মৃগশিরার চন্দ্র, আর্দ্রার শিব, পুনর্ব্বসুর অদিতি, পুষ্যার বৃহস্পতি, অশ্লেষার সর্প, মঘার পিতৃগণ, পূর্ব্বফল্গুনীর যোনি, উত্তর ফল্গুনীর অর্য্যমা, হস্তার দিনকর, চিত্রার বিশ্বকর্ম্মা, স্বাতীর বায়ু, বিশাখার শক্রাগ্নি, অনুরাধার মিত্র, জ্যেষ্ঠার ইন্দ্র, মূলার নির্ঋতি, পূর্ব্বাষাঢ়ার জল, উত্তরাষাঢ়ার বিশ্বদেব, অভিজিতের বিরিঞ্চি, শ্রবণার হরি, ধনিষ্ঠার বসু, শতভিষার বরুণ, পূর্ব্বভাদ্রপদের অজপাদ, উত্তরভাদ্রপদের অহিব্রধ্ন, রেবতীর অধিপতি পূষা।

নক্ষত্রাণাং গণকথনম্

দস্রাদিত্যহরীন্দুমিত্রপবনাঃ পূষাদিতীজ্যাঃ সুরা—
ভাদ্রাষাঢ়ক-ফল্গুনীদ্বয় যমা ব্রহ্মা শিবো মানুষাঃ।
মূলেন্দ্রাগ্নিফণীন্দ্রপাশিপিতরো বস্বগ্নিচিত্রাস্তথা
রক্ষাংসি প্রকৃতিং ব্রজন্তি মনুজা দেবাদিকানাঞ্চ ভৈঃ ॥১৮॥শা,বিঃ

অশ্বিনী, হস্তা, শ্রবণা, মৃগশিরা, অনুরাধা, স্বাতী, রেবতী, পুনর্ব্বসু, পুষ্যা নক্ষত্রে জন্মিলে দেবগণ; পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, ভরণী, রোহিণী, আর্দ্রা নক্ষত্রে নরগণ; মূলা, বিশাখা, অশ্লেষা, জ্যেষ্ঠা, শতভিষা, মঘা, ধনিষ্ঠা, কৃত্তিকা, চিত্রানক্ষত্রে রাক্ষসগণ। দেবাদি য গণে জন্মগ্রহণ করে মনুষ্যগণ সেই রূপ স্বভাব প্রাপ্ত হয়।

রাশিস্বরূপকথনম্

মেষো বৃষো নৃমিথুনং সগদং সবীণম্
কর্কি হরিস্তরিগতানলশস্যযুক্ স্ত্রী।

তৌলী চ বৃশ্চিকতনুর্হয়জঙ্ঘ ধন্বী
চৈনাননো ঘটধরো বিপরীত মৎস্যৌ ॥১৯॥ই,বঃ

মেষ রাশির আকৃতি মেষের ন্যায়; বৃষের আকৃতি বৃষের ন্যায়; মিথুনে গদাধারী একটি পুরুষ ও বীণাধারিণী একটি স্ত্রীলোক; কর্কটের আকৃতি কাঁকড়ার ন্যায়; সিংহের আকৃতি সিংহের ন্যায়; কন্যাতে নৌকারূঢ়া একটি স্ত্রীলোকের এক হস্তে অগ্নি, অপর হস্তে শস্য; তুলায় মানদণ্ড ধারী পুরুষ; বৃশ্চিকের আকৃতি বৃশ্চিকের ন্যায়; ধনুর শেষার্দ্ধ ঘোটকের ন্যায় চতুশ্চরণ বিশিষ্ট, প্রথমার্দ্ধ ধনুর্দ্ধারী পুরুষ; মকরের পূর্ব্বার্দ্ধ মৃগের ন্যায় মুখ বিশিষ্ট, শেষার্দ্ধ মকরের ন্যায়; কুম্ভে ঘটধারী পুরুষ, মীনে পরস্পর বিপরীত দিকে মুখ ও পুচ্ছবিশিষ্ট দুইটি মৎস্য।

মেষাদীনাং বিশেষসংজ্ঞাঃ

ক্রিয়স্তাবুরির্জিতুমঃ কুলীর-লেয়ৌ পাথোনো জূকঃ।
কৌর্প্য-তৌক্ষিকাকোকেরাশ্চ হৃদ্‌রোগোঽন্ত্যভমজাদৌ ॥২০॥আর্য্যা

মেষরাশির বিশেষ নামান্তর ক্রিয়, বৃষের তাবুরি, মিথুনের জিতুম, কর্কটের কুলীর, সিংহের লেয়, কন্যার পাথোন, তুলার জূক, বৃশ্চিকের কৌর্পা, ধনুর তৌক্ষিক, মকরের আকোকের, কুম্ভের হৃদ্‌রোগ, মীনের বিশেষ নামান্তর অন্ত্যভ।

রাশীনাং ক্রূরাদিসংজ্ঞাঃ

ক্রূরোঽথ সৌম্যঃ পুরুষোঽঙ্গনা চ
ওজোঽথ যুগ্মং বিষমঃ সমশ্চ।
চরস্থিরদ্ব্যাত্মকনামতঃ স্যু—
রাবৃত্যা চাবৃত্যাচ রাশিসংজ্ঞাঃ ॥২১॥উ,জা

মেষাদি দ্বাদশ রাশি আবর্ত্তন ক্রমে ক্রূর, সৌম্য, পুরুষ, অঙ্গনা, ওজ, যুগ্ম, বিষম, সম; চর, স্থির, দ্ব্যাত্মক নামে অভিহিত হয়।

রাশীনাং পৃষ্ঠোদয়াদি সংজ্ঞাঃ

বৃষাশ্বজঙ্ঘাবিকুলীরনক্রাঃ
পৃষ্ঠোদয়া রাত্রিবলাঃ সযুগ্মাঃ।

শীর্ষোদয়া ঘস্রবলাশ্চ শেষা-
উভোদয়ো নিত্যবলা চ মীনঃ ॥২২॥উ,জা

বৃষ, ধনু, মেষ, কর্কট ও মকর পৃষ্ঠোদয় রাশি। এই সকল রাশি ও মিথুন ইহারা রাত্রিতে বলবান্। পৃষ্ঠোদয়ের অবশিষ্ট রাশি শীর্ষোদয় এবং রাত্রিবলীর অবশিষ্ট রাশি দিনবলী কিন্তু মীনরাশি দিনরাত্রি সর্ব্বদাই বলবান্ এবং পৃষ্ঠোদয় ও শীর্ষোদয় উভয় সংজ্ঞাতেই অভিহিত হয়।

রাশীনাং দিগধিপত্বকথনম্।

প্রাগ্ দক্ষিণপ্রত্যগুদীচ্যনাথা-
মেষাদয়ো ঽমী ক্রমশঃ প্রদিষ্টাঃ।
নষ্টাদি বস্তু-প্রসবালয়াদি-
শীর্ষপ্রবিজ্ঞানমিতো বিচার্য্যম্ ॥২৩॥ই,বঃ

মেষাদি দ্বাদশ রাশি যথাক্রমে পূর্ব্ব, দক্ষিণ, পশ্চিম, উত্তর দিকের অধিপতি। প্রসব গৃহের কোনদিকে প্রসব হইবে, কোন দিকে প্রসূত সন্তানের মস্তক থাকিবে, অপহৃত বস্তু কোনদিকে আছে ইত্যাদি এই রাশিস্থিত লগ্নদ্বারা নিরূপিত হয়।

রাশীনাং বর্ণকথনম্

কর্কালিমীনাঃ কথিতাশ্চ বিপ্রাঃ
ক্ষত্রাস্তথা তৌলিধনুর্মৃগেন্দ্রাঃ।
যুগ্মাবিকুম্ভা গদিতা হি বৈশ্যাঃ
শূদ্রাঃ স্মৃতা গোমকরাঙ্গনাশ্চ ॥২৪॥ই,ব

কর্কট, বৃশ্চিক, মীন বিপ্রবর্ণ; সিংহ, তুলা, ধনু ক্ষত্রিয় বর্ণ; মিথুন, মেষ, কুম্ভ বৈশ্য বর্ণ; বৃষ, মকর, কন্যা শূদ্রবর্ণ।

মতান্তরে বর্ণ কথনম্

ক্ষত্রোঽথ-বৈশ্যোঽবরজোঽগ্রজাতঃ
ক্রমাদবের্দ্বাদশ রাশয়ঃ স্যুঃ।
যা শ্রেষ্ঠবর্ণা বনিতা কদাচিৎ
শ্রেয়োঽভিলিপ্সোর্ন বিবাহনীয়া ॥২৫॥উ,জা

মেষাদি দ্বাদশ রাশি যথাক্রমে ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ও বিপ্রবর্ণ নামে অভিহিত। বর্ণ শ্রেষ্ঠ কন্যাকে বিবাহ করা উচিত নহে।

রাশীনাং দ্বিপদাদিসংজ্ঞাঃ

চাপস্য পূর্ব্বং তুল-কুম্ভ-কন্যা-
স্তথা নৃযুগ্মং দ্বিপদাঃ প্রদিষ্টাঃ।
মৃগস্য পূর্ব্বং ধনুরন্তিমার্দ্ধং
বৃষাজসিংহাশ্চ চতুষ্পাদাখ্যাঃ ॥২৬॥উ,জা
কর্কালিমীনা মকরস্য শেষঃ
কীটা নিরুক্তাঃ ফলশাস্ত্রবিদ্ভিঃ।
সরীসৃপো বৃশ্চিকরাশিরুক্তো-
বশ্যত্বমেভিঃ পরিচিন্তনীয়ম্ ॥২৭॥উ,জা

ধনুর পূর্ব্বার্দ্ধ, তুলা, কুম্ভ, কন্যা, মিথুন, ইহারা দ্বিপদ রাশি। মকরের পূর্ব্বার্দ্ধ, ধনুর শেষার্দ্ধ, বৃষ, মেষ, সিংহ ইহারা চতুষ্পদ রাশি। কর্কট, বৃশ্চিক, মীন, মকরের শেষার্দ্ধ ইহারা কীট রাশি। বৃশ্চিক রাশি সরীসৃপ নামে ও অভিহিত হয়। দ্বিপদাদি সংজ্ঞাদ্বারা ভাবের বল ও বশ্যতার বিচার করিবে।

রাশিভিঃ কালপুরুষস্যাঙ্গবিভাগঃ

অঙ্গানি কালস্য শিরো মুখং ভুজৌ
হৃৎক্রোড়কশ্রোণিচ বস্তি গুহ্যম্।
উরুদ্বয়ং জানুযুগং ততোঽস্য বৈ
জঙ্ঘাদ্বয়ং পাদযুগং ক্রিয়াদয়ঃ ॥২৮॥ই,বং

মেষাদি দ্বাদশ রাশি যথাক্রমে কালপুরুষের শীর্ষ, মুখ, বাহুদ্বয়, হৃদয়, উদর, কটি, বস্তি, গুহ্য, উরুদ্বয়, জানুদ্বয়, জঙ্ঘাদ্বয়, পাদদ্বয় নামে অভিহিত।

গ্রহ কথনম্।

সূর্য্যঃ শশাঙ্কো ধরণী সুতশ্চ
বুধোঽঙ্গিরা দৈত্যগুরুশ্চ মন্দঃ।

রাহুশ্চ কেতুর্নবখেটসংজ্ঞা-
ইন্দ্রঃ প্রচেতা অপি নব্যসিদ্ধৌ ॥২৯॥উ,জা

সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু এই নয়টি গ্রহনামে অভিহিত। অধুনা ইন্দ্র (হর্শেল) বরুণ (নেপচুন) এই দুইটিও গ্রহনামে পরিচিত হইয়াছে।

গ্রহাণাং বিশেষসংজ্ঞাকথনম্।

হেলিঃ সূর্য্যঃ শীতরশ্মিঃ শশাঙ্ক-
আরোবক্রঃ ক্রূরদৃগ্ ভূমিপুত্রঃ।
হেম্না বিজ্ জ্ঞো বোধনশ্চন্দ্রসূনু-
রাচার্য্যো বাগীশ ইজ্যো গুরুশ্চ ॥৩০॥শা,নী
শ্বেতঃ কাব্যশ্চোশনা চাস্ফুজিচ্চ
কালঃ পঙ্গুশ্চার্কিমন্দৌ শনিশ্চ।
রাহুর্ধ্বান্তং সৈংহিকেয়স্তমোঽগুঃ
কেতূৎপাতৌ সধ্বজো বা শিখী চ ॥৩১॥শা,নী

হেলি ও সূর্য্য বোধক শব্দে সূর্য্যকে; শীতরশ্মি, শশাঙ্ক প্রভৃতি চন্দ্রবোধক শব্দে চন্দ্রকে; আর, বক্র, ক্রূর দৃক্, ভূমিপুত্র, প্রভৃতি মঙ্গলগ্রহবোধক শব্দে মঙ্গলকে; হেম্না, বিদ্, জ্ঞ, বোধন, চন্দ্রপুত্র প্রভৃতি বুধগ্রহ বোধক শব্দে বুধকে; আচার্য্য, বাগীশ, ইজ্য, গুরু প্রভৃতি বৃহস্পতিবোধকশব্দে বৃহস্পতিকে, শ্বেত, কাব্য, উশনা, আস্ফুজিৎ প্রভৃতি শুক্রগ্রহ বোধক শব্দে শুক্রকে; কাল, পঙ্গু, আর্কি, মন্দ, শনি প্রভৃতি শনিগ্রহবোধকশব্দে শনিকে; রাহু, ধ্বান্ত, সৈংহিকেয়, তমঃ, অগু প্রভৃতি শব্দে রাহুকে; কেতু, উৎপাত, ধ্বজ, শিখী প্রভৃতি শব্দে কেতু গ্রহকে বুঝায়।

শুভাশুভ গ্রহ কথনম্।

অর্দ্ধোনচন্দ্রাগুশিখীনভৌম-
সূর্য্যাত্মজাঃ পাপখগা নিরুক্তাঃ।

পাপেন যুক্তো বিধুজোঽপি পাপঃ
শেষা বুধৈঃ সৌম্যখগাঃ প্রদিষ্টাঃ ॥৩২॥ই,ব

অর্দ্ধোনচন্দ্র, রাহু, কেতু, সূর্য্য, মঙ্গল, শনি ইহারা পাপগ্রহ। পাপযুক্ত বুধও পাপগ্রহ মধ্যে পরিগণিত, শেষ গ্রহগণ শুভ গ্রহনামে কথিত। কৃষ্ণাষ্টমীর শেষার্দ্ধ হইতে শুক্লাষ্টমীর পূর্ব্বার্দ্ধ পর্য্যন্ত চন্দ্র অর্দ্ধোন থাকে।

গ্রহাণামাত্মাদি-কারকত্বকথনম্

আত্মা তিগ্মকরো মনোহিমকরঃ শৌর্য্যে দৃঢ়ত্বে কুজো-
বুদ্ধৌ বাচি বুধো বিবেক-সুখ-বিদ্যায়াং সুরেজ্যঃ পতিঃ।
উৎসাহে মদনে সিতো রবিসুতো দুঃখেঽস্থিরত্বে ভয়ে
চৈষামেব বলাবলৈঃ খলু নৃণা মাত্মাদি-বীর্য্যাদিকম্ ॥৩৩॥ শা,বি

সূর্য্য আত্মার অধিপতি; চন্দ্র মনের; মঙ্গল শৌর্য্য ও দৃঢ়তার; বুধ বুদ্ধি ও বাক্যের; বৃহস্পতি বিবেক, সুখ ও বিদ্যার। শুক্র উৎসাহ ও কামের। শনি দুঃখ, চঞ্চলতা ও ভয়ের অধিপতি। এই সকল গ্রহের বলাবল দ্বারা আত্মাদির বলাবল জানিবে।

গ্রহাণাং জাত্যধিপত্ব-বেদাধিপত্বয়োঃ কথনম্।

বিপ্রাণামধিপৌ সুরাসুরগুরূ ভাস্বৎকুজৌ ক্ষত্রিয়ে
বৈশ্যানাং হিমগুস্তথা চরণজে সৌম্যোঽন্ত্যজে মন্দগঃ।
জীবঃ স্যাদৃচি ভার্গবো যজুষি চাধীশঃ কুজঃ সামনি
সৌম্যোঽথর্ব্বণি নায়কো নিগদিতো মৌহূর্ত্তিকৈঃ প্রাক্তনৈঃ ॥৩৪॥
শা,বি

বৃহস্পতি ও শুক্র ব্রাহ্মণ জাতির, মঙ্গল ক্ষত্রিয়ের, চন্দ্র বৈশ্যের, বুধ শূদ্রের, শনি অন্ত্যজ জাতির অধিপতি।

বৃহস্পতি ঋগ্ বেদের, শুক্র যজুর্বেদের, মঙ্গল সামবেদের, বুধ অথর্ব্ববেদের অধিপতি।

গ্রহাণাংনৃপত্বাদীনাং ক্ষেত্রাণাঞ্চ কথনম্।

অর্কেন্দূ নৃপতী বুধো নৃপসুতঃ শুক্রো হ্যমাত্যঃ স্মৃতো-
ভৌমঃ সৈনিকনায়কঃ সুরগুরূ রাজ্ঞঃ পুরোধা বরঃ।
মন্দঃ প্রেষ্যতমো রবেশ্চ হিমগো রেকৈক-গেহং ভবে-
দন্যেষাং ক্রমতো গৃহদ্বয়মিদং চোর্দ্ধোর্দ্ধগং পার্শ্বয়োঃ॥৪১॥শা,বি

রবি ও চন্দ্র রাজা (রবি রাজা, চন্দ্র রাণী প্রশ্নোপনিষদ্) বুধ রাজ পুত্র, শুক্র মন্ত্রী, মঙ্গল সেনাপতি, বৃহস্পতি পুরোহিত, শনি ভৃত্যরূপে বর্ণিত। রবি ও চন্দ্রের এক একটি ক্ষেত্র, ভৌমাদি পঞ্চগ্রহের ক্রমশঃ উর্দ্ধোর্দ্ধ ভাবে অবস্থিত উভয় পার্শ্বের দুইটি করিয়া রাশি ক্ষেত্র নামে অভিহিত। রবির গৃহ সিংহ, চন্দ্রের গৃহ কর্কট। তাহাতে ইহারা রাজা ও রাণীরূপ বিরাজিত। চন্দ্রের উর্দ্ধে বুধ অবস্থিত। রবিও চন্দ্রের দুই পার্শ্বে মিথুন ও কন্যা রাশিদ্বয় রাজপুত্র বুধের ক্ষেত্র। বুধের উর্দ্ধে দুই পার্শ্বে বৃষ ও তুলা মন্ত্রী শুক্রের গৃহ। শুক্রের উপরে দুই পার্শ্বে মেষ ও বৃশ্চিক সেনাপতি মঙ্গলের গৃহ। তদূর্দ্ধে পার্শ্বদ্বয়ে মীন ও ধনু পুরোহিত বৃহস্পতির গৃহ। বৃহস্পতির উর্দ্ধে উভয় পার্শ্বে কুম্ভ ও মকর ভৃত্য শনির গৃহ নামে অভিহিত।

গ্রহাণাং রাশিপতিত্বকথনম্।

ভৌমঃ কবিজ্ঞৌ হিমগুর্দিনেশঃ
সৌম্যোভৃগুর্ভূমিসুতঃ সুরেজ্যঃ।
ছায়াসুতো মন্দগতির্গুরুশ্চ
মেষাদিকানামধিপাঃ ক্রমাৎ স্যুঃ ॥৪২॥ই,ব

মেষের অধিপতি মঙ্গল, বৃষের শুক্র, মিথুনের বুধ, কর্কটের চন্দ্র, সিংহের রবি, কন্যার বুধ, তুলার শুক্র, বৃশ্চিকের মঙ্গল, ধনুর বৃহস্পতি, মকরের শনি, কুম্ভের শনি, মীনের অধিপতি বৃহস্পতি।

গ্রহাণামুচ্চনীচরাশিকথনম্।

মেষো বৃষো মৃগমুখো যুবতী কুলীরো-
মীনস্তুলাধর ইনাৎ ক্রমতো হি তুঙ্গাঃ।

উচ্চাত্তু সপ্তমগৃহং গদিতোঽপি নীচো-
নীচে খগোঽশুভকরঃ শুভদস্তু তুঙ্গে ॥৪৩॥ই,ব

মেষ, বৃষ, মকর, কন্যা, কর্কট, মীন, তুলা এই সাতটি রাশি যথাক্রমে সূর্যাদি সপ্তগ্রহের উচ্চরাশি। ইহাদের সপ্তম রাশি যথাক্রমে এই সপ্তগ্রহের নীচরাশি। নীচস্থগ্রহ অশুভকর কিন্তু উচ্চস্থগ্রহ শুভদায়ক।

সূচ্চসুনীচাংশ কথনম্।

সূচ্চং রবের্মেষগৃহে দশাংশে
বৃষে তথা শীতরুচেস্তৃতীয়ে।
ভৌমস্য নক্রে বসুলোচনাংশে
তিথ্যংশকে জ্ঞস্য কুমারিকায়াম্ ॥৪৪॥উ,জা
সূচ্চং গুরোঃ কর্কটপঞ্চমাংশে
মীনেঽষ্টবিংশাংশতমে ভৃগোশ্চ।
শনেস্তুলাবিংশতিমে সুনীচং
তৎসপ্তমক্ষেত্রগতেষু তেষু ॥৪৫॥উ,জা

মেষের দশমাংশে রবির, বৃষের তৃতীয়াংশে চন্দ্রের, মকরের ২৮ অংশে মঙ্গলের, কন্যার ১৫ অশে বুধের, কর্কটের ৫ অংশে বৃহস্পতির, মীনের ২৭ অংশে শুক্রের, তুলার ২০ অংশে শনির সূচ্চস্থান। উচ্চ রাশির সপ্তমে নীচরাশি তাহাতে এই সকল অংশ যথাক্রমে গ্রহগণের সুনীচাংশ।

মূলত্রিকোণ রাশিকথনম্

পঞ্চাননো বৃষভকোঽজকুমারিকে চ
চাপস্তুলা ঘটইতি ক্রমতোঽপি সূর্য্যাৎ।
মূলত্রিকোণ উদিতো মুনিভিঃ ফলজ্ঞৈ-
র্মূলত্রিকোণগ-খগঃ শুভদো নিরুক্তঃ ॥৪৬॥ব,তিঃ

সিংহ, বৃষ, মেষ, কন্যা, ধনু, তুলা, কুম্ভ ইহারা যথাক্রমে সূর্য্যাদি সপ্তগ্রহের মূলত্রিকোণরাশি। মূলত্রিকোণস্থিত গ্রহ শুভফল দায়ক।

মুলত্রিকোণাংশকথনম্।

সিংহে নখা দিনেশস্য সূচ্চাদ্ ভাংশা বৃষে বিধোঃ।
মাসা অজেঽসৃজঃ সূচ্চাদ্ দশভাগা বিদঃ স্ত্রিয়াম্ ॥৪৭॥
চাপে দশ গুরোরংশা স্তুলায়াং তিথয়ো ভৃগোঃ।
বিংশত্যংশাঃ শনেঃ কুম্ভে মূলত্রিকোণভাগকাঃ ॥৪৮॥অ,নু

সিংহের প্রথম ২০ অংশ রবির মূলত্রিকোণ, শেষ ১০ অংশ রবির ক্ষেত্র। বৃষের প্রথম ৩ অংশ চন্দ্রের উচ্চ তৎপরে ২৭ অংশ মূলত্রিকোণ। মেষের প্রথম ১২ অংশ মঙ্গলের মূলত্রিকোণ পরে ১৮ অংশ ক্ষেত্র। কন্যার প্রথম ১৫ অংশ বুধের উচ্চ তৎপরে ১০ অংশ মূলত্রিকোণ শেষ ৫ অংশ ক্ষেত্র। ধনুর প্রথম ১০ অংশ বৃহস্পতির মূলত্রিকোণ, শেষ ২০ অংশ ক্ষেত্র। তুলার প্রথম ১৫ অংশ শুক্রের মূলত্রিকোণ, পরে ১৫ অংশ ক্ষেত্র। কুম্ভের প্রথম ২০ অংশ শনির মূলত্রিকোণ, শেষ ১০ অংশ শনির ক্ষেত্র নামে অভিহিত।

রাহোরুচ্চাদি কথনম্।

উচ্চং সুরারের্নৃযুগে পরস্তাদ্-
বিংশাংশকাস্তস্য গৃহং কুমারী।
কুম্ভস্ত্রিকোণঃ সুহৃদৌ সিতার্কী
সূর্য্যেন্দুভৌমা রিপবো ভবন্তি ॥৪৯॥ই,বঃ

মিথুনের শেষ ২০ অংশ (রাহুর বক্রগতি জন্য) রাহুর উচ্চ, কন্যা নিজগৃহ, কুম্ভ মূলত্রিকোণ, শুক্র ও শনি মিত্র, রবি, চন্দ্র ও মঙ্গল শত্রু।

কেতোরুচ্চাদিকথনম্।

স্যাৎ কার্ম্মুকে কেতুগণস্য শেষাঃ
ষড়ুচ্চসংজ্ঞা মৃগরাট্ ত্রিকোণম্।
মিত্রাণি সূর্য্যেন্দুকুজা রিপূ চ
শনিঃ সিতো দ্বৌ ভবনঞ্চ মীনঃ ॥৫০॥উ,জা

ধনুর শেষ ৬ অংশ কেতুর উচ্চ ; সিংহ মূলত্রিকোণ ; রবি, চন্দ্র ও মঙ্গল মিত্র ; শুক্র ও শনি শত্রু ; মীন নিজ গৃহ।

গ্রহাণাং স্বাভাবিকমিত্রকথনম্

মিত্রাণ্যর্কস্য চন্দ্র ক্ষিতিসুত-গুরবঃ শীতলাংশোরিনজ্ঞৌ
ভৌমস্যার্কেন্দুজীবা হিমকরতনয়স্যার্কশুক্রৌ হি মিত্রে।
জীবস্যেন্দ্বর্কভৌমা দিতিতনয়গুরোর্মন্দচন্দ্রাত্মজৌ তু
মন্দস্যাপ্তৌ সিতজ্ঞৌ গ্রহসখি-নিচয়ো বর্ণ্যতেঽয়ং প্রকৃত্যা ॥৫১॥স্র,ধ

রবির স্বাভাবিক মিত্র চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি ; চন্দ্রের সূর্য্য ও বুধ ; মঙ্গলের রবি, চন্দ্র, বৃহস্পতি ; বুধের রবি, শুক্র ; বৃহস্পতির রবি, চন্দ্র, মঙ্গল ; শুক্রের বুধ, শনি, শনির স্বাভাবিক মিত্র বুধ ও শুক্র।

স্বাভাবিক শত্রু কথনম্।

সূর্য্যস্য শত্রূ সিত সূর্য্যজৌ বিধো
র্নকোঽপি ভৌমস্য বুধো বিদোঽব্জঃ।
গুরোর্জ্ঞশুক্রৌ তু কবেরবীন্দূ
শনের্দ্বিষোঽর্কেন্দু-ধরাসুতাঃ স্যুঃ ॥৫২॥উ,জা

সূর্যের স্বাভাবিক শত্রু শুক্র ও শনি ; চন্দ্রের শত্রু কেহ নাই ; মঙ্গলের বুধ ; বুধের চন্দ্র ; বৃহস্পতির বুধ ও শুক্র ; শুক্রের রবি ও চন্দ্র ; শনির স্বাভাবিক শত্রু রবি, চন্দ্র ও মঙ্গল।

স্বাভাবিকসমকথনম্

সমো রবের্জ্ঞঃ শনি-শুক্র-ভূসুতা-
বিধোর্দিতীজ্যার্কসুতৌ তথাসৃজঃ।
জীবার্কিভৌমাস্তু বিদো গুরোঃ শনি-
র্ভৃগোঃ কুজেজ্যৌ চ শনের্বৃহস্পতিঃ ॥৫৩॥উ,জা

রবির সম বুধ ; চন্দ্রের শনি, শুক্র, মঙ্গল ; মঙ্গলের শুক্র ও শনি ; বুধের বৃহস্পতি, শনি ও মঙ্গল ; বৃহস্পতির শনি ; শুক্রের মঙ্গল ও বৃহস্পতি ; শনির বৃহস্পতি স্বাভাবিক সম।

তাৎকালিক মিত্রাদিকথনম্

ভ্রাত্রায়মিত্রাস্পদবিত্তরিপ্ফগা--
স্তৎকালমিত্রাণ্যপরে তু শত্রবঃ।
মৈত্রীদ্বয়াৎ স্যাদধিমিত্র-সংজ্ঞক-
শ্চৈকেন মধ্যোঽধিরিপূ রিপুদ্বয়াৎ ॥৫৪॥ই,বং
সমোরিপুত্বে রিপুরেব কালজে
তাৎকাল মৈত্রে গদিতং হি মিত্রকম্।
তথাধিমিত্রাপ্ত-সমারয়োঽধিক-
শত্রু নিরুক্তাঃ ফল শাস্ত্র বেত্তৃভিঃ ॥৫৫॥ উ,জা

যে গ্রহের মিত্রাদি জানিতে হইবে সেই অভীষ্ট গ্রহ হইতে তৃতীয়, একাদশ, চতুর্থ, দশম, দ্বিতীয় ও দ্বাদশস্থ গ্রহ সেই অভীষ্ট গ্রহের তাৎকালিক মিত্র, অন্যস্থান স্থিত গ্রহ তাৎকালিক শত্রু। যে গ্রহ স্বাভাবিক মিত্র ও তাৎকালিক মিত্র সেই গ্রহ মৈত্রীদ্বয় হেতু অধিমিত্র। যে গ্রহ স্বাভাবিক শত্রু ও তাৎকালিক শত্রু, দুই প্রকারে শত্রুতা হেতু সে অধিরিপু। যে গ্রহ এক প্রকারে শত্রু এক প্রকারে মিত্র, সে গ্রহ মধ্য বা সম নামে অভিহিত হইবে। স্বাভাবিক সমগ্রহ তৎকালে শত্রু হইলে শত্রু এবং তৎকালে মিত্র হইলে মিত্র হয়। এইরূপে তৎকালে অধিমিত্র, মিত্র, সম, শত্রু, অধিশত্রু জানিবে।

গ্রহ দৃষ্টি কথনম্

দৃষ্টিস্তৃতীয়ে দশমে চ পাদো-
দ্বিপাদদৃষ্টির্নবপঞ্চমে তু।
পাদত্রয়ং স্যাচ্চতুরস্রগেহে
পূর্ণা চ দৃষ্টির্মদনে গ্রহাণাম্ ॥৫৬॥উ,জা

তৃতীয়ে ও দশমে গ্রহগণের পাদদৃষ্টি ১৫ কলা, পঞ্চমে ও নবমে দ্বিপাদদৃষ্টি ৩০ কলা, চতুর্থে ও অষ্টমে ত্রিপাদদৃষ্টি ৪৫ কলা, সপ্তমে সকল গ্রহরই পূর্ণদৃষ্টি ৬০ কলা।

ভৌমাদীনাং বিশেষ কথনম্।

শনেস্তৃতীয়ে দশমেঽপি পূর্ণা
তথাষ্টমে বন্ধুগৃহে কুজস্য।
ইজ্যস্য পুত্রে নবমে চ পূর্ণা
সর্ব্বগ্রহাণামপি সপ্তমর্ক্ষে ॥৫৭॥উ,জা

শনির তৃতীয় ও দশম স্থানে, মঙ্গলের চতুর্থ ও অষ্টমে, বৃহস্পতির পঞ্চমে এবং নবমে ও পূর্ণ দৃষ্টি। সপ্তমে সকল গ্রহেরই পূর্ণদৃষ্টি।

রাহোর্দৃষ্টি কথনম্।

সুতাস্তধর্ম্মব্যয়ভেষু পূর্ণা
ত্রিপাদদৃষ্টির্দশমে দ্বিতীয়ে।
তৃতীয়-তুর্য্যাষ্টম-ষষ্ঠ গেহে
ত্বর্দ্ধং স্থিতৌ চায়গৃহে ন রাহোঃ ॥৫৮॥উ,জা

পঞ্চম, সপ্তম, নবম ও দ্বাদশ স্থানে রাহুর পূর্ণ দৃষ্টি। দ্বিতীয় ও দশমে ত্রিপাদ দৃষ্টি। তৃতীয়, চতুর্থ, অষ্টম ও ষষ্ঠ স্থানে অর্দ্ধদৃষ্টি। স্থিতি ভবনে ও একাদশে রাহুর দৃষ্টি নাই।

ইতি মৈমনসিংহ মণ্ডলস্থিত, টাঙ্গাইলান্তর্গত বড়বেলতাগ্রাম নিবাসি, সরযুতীরাগতশাকদ্বীপীয়ব্রাহ্মণবংশোদ্ভব, পাঠকোপাহ্ব, পণ্ডিতপ্রবর-কৃপানাথ-দেবশর্ম্মাত্মজ, কলিকাতাস্থ-রাজকীয়সংস্কৃত-পাঠশালায়াং (গবর্ণমেণ্ট সংস্কৃত-কলেজে) জ্যোতিষাদি-শাস্ত্রাধ্যাপক, স্মৃতি-ব্যাকরণ-জ্যোতিস্তীর্থোপাধিক, শ্রীরাধাবল্লভ দেবশর্ম্ম বিরচিতে জাতকবল্লভে সংজ্ঞাধ্যায়ঃ।

অথ ভাবাধ্যায়ঃ

তত্রাদৌ লগ্নসাধনম্।

তাৎকালিকার্কাদয়নাংশযুক্তা-
ল্লঙ্কেন কালেন সহেষ্টকালম্।
সংযোজ্য তস্মাৎ পরিলব্ধরাশি-
ভাগাদি লগ্নং হ্যয়নাংশহীনম্॥৫৯॥ই,ব

যে সময়ের লগ্ন সাধন করিতে হইবে সেই সময়ের স্ফুটসূর্য্যে অয়নাংশ যোগ করিলে সায়ন সূর্য্য হয়। স্বদেশের লগ্নসারণীহইতে সায়নসূর্য্যের কাল লইবে। এই কালের সহিত অভীষ্ট কাল যোগ করিয়া তাহা হইতে পুনর্ব্বার স্বদেশীয়লগ্ন সারণী হইতে রাশ্যাদি ফল সাধন করিবে ইহার নাম সায়নলগ্ন। এই সায়ন লগ্ন হইতে অয়নাংশ বিয়োগ করিলে নিরয়ণ লগ্ন হয়। নিরয়ণ লগ্ন ও নিরয়ণ গ্রহ হইতে ভাব ফলের বিচার করিবে। মৎপ্রণীত হোরাবল্লভনামকগ্রন্থে বিস্তৃত ভাবে লগ্নাদি ভাব, অংশাংশ, গ্রহবল, স্ফুট দৃষ্টি প্রভৃতি বর্ণিত হইয়াছে।

কর্ম্মভাবার্থং নতোন্নতকালসাধনম্।

অভীষ্টকাল-দ্যুদলান্তরং যৎ
প্রাক্-পশ্চিমার্কে হি নতৌ তদাখ্যৌ।
রাত্রৌ চ শেষো বিগতোঽপি কালো-
দিনার্দ্ধযুক্তো নতকাল এবং॥৬০॥উ,জা
ত্রিংশদ্‌ঘটী-শোধ্য নতাখ্য কালঃ
স্যাদুন্নতাখ্যো রজনৌ দিবা বা।
যুতৌ হি রাত্র্যর্দ্ধদিনার্দ্ধয়োঃ স্যাৎ
সদৈব ত্রিংশদ্ ঘটিকাঃ প্রমাণম্॥৬১॥উ,জা

দিনে মধ্যাহ্নের পূর্ব্বে সূর্য্য পূর্ব্বদিকে ও পরে পশ্চিমদিকে অবস্থান করে। দিনার্দ্ধের পূর্ব্বে দিনার্দ্ধকাল হইতে অভীষ্টকাল বিয়োগ করিলে প্রাঙ্‌নত কাল এবং

দিনার্দ্ধের পরে অভীষ্ট কাল হইতে দিনার্দ্ধ বিয়োগ করিলে পশ্চান্নত কাল পাওয়া যায়।

রাত্রিতে অর্দ্ধ রাত্রির পরে অভীষ্ট কাল হইলে অবশিষ্ট রাত্রিকালের সহিত দিনার্দ্ধ যোগ করিলে প্রাঙ্‌নত কাল এবং অর্দ্ধরাত্রির পূর্ব্বে রাত্রিগত দণ্ডাদির সহিত দিনার্দ্ধ যোগ করিলে পশ্চান্নত কাল জানা যায়।

দিনার্দ্ধ ও রাত্র্যর্দ্ধের যোগে সর্ব্বদা ৩০ দণ্ড হয় এজন্য ৩০ দণ্ড হইতে নত কাল বিয়োগ করিলে উন্নত কাল পাওয়া যায়।

কর্ম্মভাব সাধনম্

প্রাগ্‌বচ্চ লঙ্কোদয়তোঽর্ককালাৎ
পশ্চান্নতে তৎ সময়েন নিঘ্নাৎ।
পূর্ব্বে নতে চৈব সষড়্‌ভসূর্য্য-
কালাৎ তথা হ্যুন্নত-কাল-যুক্তাৎ ॥৬২॥ শ্রী,ব
লগ্নং স্ফুটাত্তং চলনাংশহীনং
কর্ম্মাখ্যমেতদ্ধি তভং সষড়্‌ভম্।
এবং চ ষড়্‌রাশিযুতং বিলগ্নং
পত্নী ভবেদ্ ভাবচতুষ্কমেবম্ ॥৬৩॥ শ্রী,ব

অভীষ্টদেশের লগ্নখণ্ডহইতে সায়ন সূর্য্যের কাল লইয়া যেরূপ লগ্নসাধন করা হয়, লঙ্কোদয় খণ্ড হইতেও সেইরূপ সায়ন সূর্য্যের কাল লইয়া কর্ম্মভাব সাধন করিবে। বিশেষ এই যে, পশ্চান্নত কাল হইলে লঙ্কোদয় খণ্ড হইতে সায়ন সূর্য্যের যে কাল পাওয়া যায় তাহাতে অভীষ্ট কাল যোগ না করিয়া পশ্চান্নতকাল যোগ করিবে এবং প্রাঙ্‌নত কাল হইলে ৬ রাশিযুক্ত সায়ন সূর্য্য হইতে যে কাল পাওয়া যায় তাহাতে উন্নত কাল যোগ করিবে। এইরূপে যে কাল পাওয়া যায় তাহাদ্বারা লঙ্কোদয়খণ্ডহইতে রাশ্যাদি সায়নকর্ম্মভাব এবং অয়নাংশ বিয়োগ করিয়া নিরয়ণ কর্ম্মভাব সাধন করিবে।

কর্ম্মভাবে ৬ রাশি যোগ করিলে বন্ধুভাব এবং তনুভাবে ৬ রাশি যোগ করিলে পত্নীভাব জানা যাইবে। লগ্ন, বন্ধু, পত্নী ও কর্ম্ম এই চারিটি ভাব হইতে দ্বাদশ ভাব সাধন করিবে।

নিরক্ষোদয় সারণী

উপকরণং সায়নার্কঃ ফলং দণ্ডাদি

অংশাঃ	মেষে রবি ০	বৃষে ১	মিথুনে ২	কর্কটে ৩	সিংহে ৪	কন্যায়াং ৫
০	০|০|০	৪|৩৯|৬	৯|৩৮|১০	১৫|০|০	২০|২১|৫০	২৫|২০|৫৪
১	০|৯|১০	৪|৪৮|৩৯	৯|৪৮|৩৫	১৫|১০|৫৪	২০|৩২|১৪	২৫|৩০|২৮
২	০|১৮|২১	৪|৫৮|১৪	৯|৫৯|২	১৫|২১|৪৮	২০|৪২|৩৬	২৫|৩৯|৫৯
৩	০|২৭|৩২	৫|৭|৫১	১০|৯|৩১	১৫|৩২|৪২	২০|৫২|৫৬	২৫|৪৯|৩০
৪	০|৩৬|৪২	৫|১৭|২৯	১০|২০|২	১৫|৪৩|৩৫	২১|৩|১৫	২৫|৫ |৫৭
৫	০|৪৫|৫৩	৫|২৭|৯	১০|৩০|৩৪	১৫|৫৪|২৯	২১|১৩|৩২	২৬|৮|২৪
৬	০|৫৫|৪	৫|৩৬|৫১	১০|৪১|৭	১৬|৫|২২	২১|২৩|৪৭	২৬|১৭|৫০
৭	১|৪|১৬	৫|৪৬|৩৪	১০|৫১|৪২	১৬|১৬|১৪	২১|৩৪|০	২৬|২৭|১৪
৮	১|১৩|২৮	৫|৫৬|১৯	১১|২|১৯	১৬|২৭|৬	২১|৪৪|১১	২৬|৩৬|৩৮
৯	১|২২|৪০	৬|৬|৫	১১|১২|৫৭	১৬|৩৭|৫৭	২১|৫৪|২১	২৬|৪৬|০
১০	১|৩১|৫৩	৬|১৫|৫৩	১১|২৩|৩৬	১৬|৪৮|৪৮	২২|৪|২৯	২৬|৫৫|২১
১১	১|৪১|৭	৬|২৫|৪৩	১১|৩৪|১৬	১৬|৫৯|৩৮	২২|১৪|৩৫	২৭|৪|৪২
১২	১|৫০|২০	৬|৩৫|৩৪	১১|৪৪|৫৮	১৭|১০|২৭	২২|২৪|৩৯	২৭|১৪|১
১৩	১|৫৯|৩৫	৬|৪৫|২৮	১১|৫৫|৪২	১৭|২১|১৫	২২|৩৪|৪১	২৭|২৩|২০
১৪	২|৮|৫০	৬|৫৫|২৩	১২|৬|২৬	১৭|৩২|৩	২২|৪৪|৪২	২৭|৩২|৩৭
১৫	২|১৮|৬	৭|৫|২০	১২|১৭|১১	১৭|৪২|৪৯	২২|৫৪|৪০	২৭|৪১|৫৪
১৬	২|২৭|২৩	৭|১৫|১৮	১২|২৭|৫৭	১৭|৫৩|৩৪	২৩|৪|৩৭	২৭|৫১|১০
১৭	২|৩৬|৪০	৭|২৫|১৯	১২|৩৮|৪৫	১৮|৪|১৮	২৩|১৪|৩২	২৮|০|২৫
১৮	২|৪৫|৫৯	৭|৩৫|২১	১২|৪৯|৩৩	১৮|১৫|২	২৩|২৪|২৬	২৮|৯|৪০
১৯	২|৫৫|১৮	৭|৪৫|২৫	১৩|০|২২	১৮|২৫|৪৪	২৩|৩৪|১৭	২৮|১৮|৫৩
২০	৩|৪|৩৯	৭|৫৫|৩১	১৩|১১|১২	১৮|৩৬|২৪	২৩|৪৪|৭	২৮|২৮|৭
২১	৩|১৪|০	৮|৫|৩৯	১৩|২২|৩	১৮|৪৭|৩	২৩|৫৩|৫৫	২৮|৩৭|২০
২২	৩|২৩|২২	৮|১৫|৪৯	১৩|৩২|৫৪	১৮|৫৭|৪১	২৪|৩|৪১	২৮|৪৬|৩২
২৩	৩|৩২|৪৬	৮|২৬|০	১৩|৪৩|৪৬	১৯|৮|১৮	২৪|১৩|২৬	২৮|৫৫|৪৪
২৪	৩|৪২|১০	৮|৩৬|১৩	১৩|৫৪|৩৮	১৯|১৮|৫৩	২৪|২৩|৯	২৯|৪|৫৬
২৫	৩|৫১|৩৬	৮|৪৬|২৮	১৪|৫|৩১	১৯|২৯|২৬	২৪|৩২|৫১	২৯|১৪|৭
২৬	৪|১|৩	৮|৫৬|৪৫	১৪|১৬|২৫	১৯|৩৯|৫৮	২৪|৪২|৩১	২৯|২৩|১
২৭	৪|১০|৩০	৯|৭|২	১৪|২৭|১৮	১৯|৫০|২৯	২৪|৫২|৯	২৯|৩২|২৮
২৮	৪|২০|১	৯|১৭|২৪	১৪|৩৮|১২	২০|০|৫৮	২৫|১|৪৬	২৯|৪১|৩৯
২৯	৪|২৯|৩২	৯|২৭|৪৬	১৪|৪৯|৬	২০|১১|২৫	২৫|১১|২১	২৯|৫০|৫০
৩০	৪|৩৯|৬	৯|৩৮|১০	১৫|০|০	২০|২১|৫০	২৫|২০|৫৪	৩০|০|০

নিরক্ষোদয় সারণী

উপকরণং সায়নার্কঃ ফলং দণ্ডাদি

অংশাঃ	তুলায়াং ৬	বৃশ্চিকে ৭	ধনুষি ৮	মকরে ৯	কুম্ভে ১০	মীনে ১১
০	৩০|০|০	৩৪|৩৯|৬	৩৯|৩৮|১০	৪৫|০|০	৫০|২১|৫০	৫৫|২০|৫
১	৩০|৯|১০	৩৪|৪৮|৩৯	৩৯|৪৮|৩৫	৪৫|১|৫৪	৫০|৩২|১৪	৫৫|৩০|১৮
২	৩০|১৮|২১	৩৪|৫৮|১৪	৩৯|৫৯|২	৪৫|২১|৪৮	৫০|৪২|৩৬	৫৫|৩৯|৫৯
৩	৩০|২৭|৩২	৩৫|৭|৫১	৪০|৯|৩১	৪৫|৩২|৪২	৫০|৫২|৫৬	৫৫|৪৯|১০
৪	৩০|৩৬|৪২	৩৫|১৭|২৯	৪০|২০|২	৪৫|৪৩|৩৫	৫১|৩|১৫	৫৫|৫৮|৫৭
৫	৩০|৪৫|৫৭	৩৫|২৭|৯	৪০|৩০|৩৪	৪৫|৫৪|২৯	৫১|১৩|৩২	৫৬|৮|২৪
৬	৩০|৫৫|৪	৩৫|৩৬|৫১	৪০|৪১|৭	৪৬|৫|২২	৫১|২৩|৪৭	৫৬|১৭|৫০
৭	৩১|৪|১৬	৩৫|৪৬|৩৪	৪০|৫১|৪২	৪৬|১৬|১৪	৫১|৩৪|০	৫৬|২৭|১৪
৮	৩১|১৩|২৮	৩৫|৫৬|১৯	৪১|২|১৯	৪৬|২৭|৬	৫১|৪৪|১১	৫৬|৩৬|৩৮
৯	৩১|২২|৪০	৩৬|৬|৫	৪১|১২|৫৭	৪৬|৩৭|৫৭	৫১|৫৪|২১	৫৬|৪৬|০
১০	৩১|৩১|৫৩	৩৬|১৫|৫৩	৪১|২৩|৩৬	৪৬|৪৮|৪৮	৫২|৪|২৯	৫৬|৫৫|২১
১১	৩১|৪১|৭	৩৬|২৫|৪৩	৪১|৩৪|১৬	৪৬|৫৯|৩৮	৫২|১৪|৩৫	৫৭|৪|৪২
১২	৩১|৫০|২০	৩৬|৩৫|৩৪	৪১|৪৪|৫৮	৪৭|১০|২৭	৫২|২৪|৩৯	৫৭|১৪|১
১৩	৩১|৫৯|৩৫	৩৬|৪৫|২৮	৪১|৫৫|৪২	৪৭|২১|১৫	৫২|৩৪|৪১	৫৭|২৩|২০
১৪	৩২|৮|৫০	৩৬|৫৫|২৩	৪২|৬|২৬	৪৭|৩২|৩	৫২|৪৪|৪২	৫৭|৩২|৩৭
১৫	৩২|১৮|৬	৩৭|৫|২০	৪২|১৭|১১	৪৭|৪২|৪৯	৫২|৫৪|৪০	৫৭|৪১|৫৪
১৬	৩২|২৭|২৩	৩৭|১৫|১৮	৪২|২৭|৫৭	৪৭|৫৩|৩৪	৫৩|৪|৩৭	৫৭|৫১|১০
১৭	৩২|৩৬|৪০	৩৭|২৫|১৯	৪২|৩৮|৪৫	৪৮|৪|১৮	৫৩|১৪|৩১	৫৮|০|২৫
১৮	৩২|৪৫|৫৯	৩৭|৩৫|২১	৪২|৪৯|৩৩	৪৮|১৫|২	৫৩|২৪|২৬	৫৮|৯|৪০
১৯	৩২|৫৫|১৮	৩৭|৪৫|২৫	৪৩|০|২২	৪৮|২৫|৪৪	৫৩|৩৪|১৭	৫৮|১৮|৫৩
২০	৩৩|৪|৩৯	৩৭|৫৫|৩১	৪৩|১১|১২	৪৮|৩৬|২৪	৫৩|৪৪|৭	৫৮|২৮|৭
২১	৩৩|১৪|০	৩৮|৫|৩৯	৪৩|২২|৩	৪৮|৪৭|৩	৫৩|৫৩|৫	৫৮|৩৭|২০
২২	৩৩|২৩|২২	৩৮|১৫|৪৯	৪৩|৩২|৫৪	৪৮|৫৭|৪১	৫৪|৩|৪১	৫৮|৪৬|৫২
২৩	৩৩|৩২|৪৬	৩৮|২৬|০	৪৩|৪৩|৪৬	৪৯|৮|১৮	৫৪|১৩|২৬	৫৮|৫৫|৪৪
২৪	৩৩|৪২|১০	৩৮|৩৬|১৩	৪৩|৫৪|৩৮	৪৯|১৮|৫৩	৫৪|২৩|১৯	৫৯|৪|৫৬
২৫	৩৩|৫১|৩৬	৩৮|৪৬|২৮	৪৪|৫|৩১	৪৯|২৯|২৬	৫৪|৩২|৫১	৫৯|১৪|৭
২৬	৩৪|১|৩	৩৮|৫৬|৪৫	৪৪|১৬|২৫	৪৯|৩৯|৫৮	৫৪|৪২|৩১	৫৯|২৩|১৮
২৭	৩৪|১০|৩০	৩৯|৭|৪	৪৪|২৭|১৮	৪৯|৫০|২৯	৫৪|৫২|৯	৫৯|৩২|২৮
২৮	৩৪|২০|১	৩৯|১৭|২৪	৪৪|৩৮|১২	৫০|০|৫৮	৫৫|১|৪৬	৫৯|৪১|৩৯
২৯	৩৪|২৯|৩২	৩৯|২৭|৪৬	৪৪|৪৯|৬	৫০|১১|২৫	৫৫|১১|২১	৫৯|৫০|৫০
৩০	৩৪|৩৯|৬	৩৯|৩৮|১০	৪৫|০|০	৫০|২১|৫০	৫৫|২০|৫৪	৬০|০|০

কলিকাতায়াং লগ্ন সারণী

উপকরণং সায়নার্কঃ ফলং দণ্ডাদি

অংশাঃ	মেষেরবি ০	বৃষে ১	মিথুনে ২	কর্কটে ৩	সিংহে ৪	কন্যায়াং ৫
০	০|০|০	৩|৫০|৪১	৮|১০|৩০	১৩|১৬|১০	১৮|৫৪|১০	২৪|৩২|২৯
১	০|৭|৩০	৩|৫৮|৪৫	৮|১৯|৫৫	১৩|২৬|৫৫	১৯|৫|৩৪	২৪|৪৩|৩৮
২	০|১৫|২	৪|৬|৪৯	৮|২৯|২২	১৩|৩৮|৮	১৯|১৬|৫৬	২৪|৫৪|৩৯
৩	০|২২|৩৩	৪|১৫|১	৮|৩৮|৫১	১৩|৪৯|২	১৯|২৮|২৬	২৫|৫|৪৫
৪	০|৩০|৩	৪|২৩|৪	৮|৪৮|১২	১৪|০|৫	১৯|৩৯|৫৫	২৫|১৬|৪৭
৫	০|৩৭|৩৮	৪|৩১|১৯	৮|৫৮|১৩	১৪|১১|৯	১৯|৫১|১২	২৫|২৭|৪৪
৬	০|৪৫|৯	৪|৩৯|৩১	*৯|৭|৪৭	১৪|২২|১২	২০|২|২৭	২৫|৩৮|৪৪
৭	০|৫২|৪১	৪|৪৭|৪৪	৯|১৭|৩২	১৪|৩৩|২৩	২০|১৪|০	২৫|৪৯|৪৪
৮	১|০|১৩	৪|৫৬|৯	৯|২৭|১৯	১৪|৪৪|২৬	২০|২৫|২১	২৬|০|৪৮
৯	১|৭|৫০	৫|৪|২৫	৯|৩৭|৭	১৪|৫৫|৩৭	২০|৩৬|৪১	২৬|১১|৪০
১০	১|১৫|২৩	৫|১২|৫৩	৯|৪৭|১৬	১৫|৬|৫৯	২০|৪৮|৯	২৬|২২|৩৬
১১	১|২২|৫৭	৫|২১|১৩	৯|৫৭|৬	১৫|১৮|৮	২০|৫৯|২৫	২৬|৩৩|৩৭
১২	১|৩০|৩৬	৫|২৯|৪৫	১০|৭|৮	১৫|২৯|১৭	২১|১০|৫৯	২৬|৪৪|৩১
১৩	১|৩৮|১৫	৫|৩৮|১৮	১০|১৭|১২	১৫|৪০|৩২	২১|২২|১১	২৬|৫৫|২৫
১৪	১|৪৫|৫০	৫|৪৬|৪৩	১০|২৭|২৬	১৫|৫১|৫৩	২১|৩৩|২২	২৭|৬|২২
১৫	১|৫৩|২৬	৫|৫৫|২০	১০|৩৭|৩১	১৬|৩|৯	২১|৪৫|০	২৭|১৭|১৪
১৬	২|১|৮	৬|৩|৫৮	১০|৪৭|৪৭	১৬|১৪|৩৪	২১|৫৫|৫৭	২৭|২৮|১০
১৭	২|৮|৪৫	৬|১২|৪৯	১০|৫৮|৫	১৬|২৫|৪৮	২২|৭|২২	২৭|৩৯|৫
১৮	২|১৬|৩০	৬|২১|২১	১১|৮|২৩	১৬|৩৭|১২	২২|১৮|৩৬	২৭|৪৯|৫৫
১৯	২|২৪|১৩	৬|৩০|১৫	১১|১৮|৫২	১৬|৪৮|৩৪	২২|২৯|৪৭	২৮|০|৪৩
২০	২|৩১|৫৪	৬|৩৯|১১	১১|২৯|২৩	১৭|০|৫	২২|৪১|৭	২৮|১১|৩৭
২১	২|৩৯|৪০	৬|৪৭|৫৯	১১|৩৯|৫৩	১৭|১১|২৩	২২|৫২|১৫	২৮|২২|৩০
২২	২|৪৭|৩২	৬|৫৬|৫৯	১১|৫০|১৪	১৭|২২|৪১	২৩|৩|৩১	২৮|৩৩|১৭
২৩	২|৫৫|১৬	৭|৬|০	১২|০|৫৬	১৭|৩৪|৮	২৩|১৪|৩৬	২৮|৪৪|৯
২৪	৩|৩|৫	৭|১৫|৩	১২|১১|২৮	১৭|৪৫|৩৩	২৩|২৫|৪৯	২৮|৫৫|২
২৫	৩|১০|৫৬	৭|২৪|৮	১২|২২|১১	১৭|৫৭|৬	২৩|৩৭|১	২৯|৫|৫২
২৬	৩|১৮|৫৪	৭|৩৩|২৫	১২|৩২|৫৫	১৮|৮|২৮	২৩|৪৮|৬	২৯|১৬|৩৮
২৭	৩|২৬|৪৫	৭|৪২|৩৪	১২|৪৩|৩৮	১৮|১৯|৪৯	২৩|৫৯|১৯	২৯|২৭|২৮
২৮	৩|৩৪|৪১	৭|৫১|৪৪	১২|৫৪|৩২	১৮|৩১|১৮	২৪|১০|২১	২৯|৩৮|১৯
২৯	৩|৪২|৪২	৮|১|৬	১৩|৫|১৬	১৮|৪২|৪৫	২৪|২১|২৬	২৯|৪৯|১১
৩০	৩|৫০|৪১	৮|১০|৩০	১৩|১৬|১০	১৮|৫৪|১০	২৪|৩২|২৯	৩০|০|০

কলিকাতায়াং লগ্ন সারণী

উপকরণং সায়নার্কঃ ফলং দণ্ডাদি ।

অংশাঃ	তুলায়াং ৬	বৃশ্চিকে ৭	ধনুষি ৮	মকরে ৯	কুম্ভে ১০	মীনে ১১
০	৩০	০	০	৩৫	২৭	৩১	৪১	৫	৫০	৪৬	৪৩	৫০	৫১	৪৯	৩০	৫৬	৯	১৯
১	৩০	১০	৪৯	৩৫	৩৮	৩৪	৪১	১৭	১৫	৪৬	৫৪	৪৪	৫১	৫৮	৫৪	৫৬	১৭	১৮
২	৩০	২১	৪১	৩৫	৪৯	৩৯	৪১	২৮	৪২	৪৭	৫	২৮	৫২	৮	১৬	৫৬	২৫	১৯
৩	৩০	৩২	৩২	৩৬	০	৪১	৪১	৪০	১১	৪৭	১৬	২২	৫২	১৭	২৬	৫৬	৩৩	১৫
৪	৩০	৪৩	২২	৩৬	১১	৫৪	৪১	৫১	৩২	৪৭	২৭	৫	৫২	২৬	৩৫	৫৬	৪১	৬
৫	৩০	৫৪	৮	৩৬	২২	৫৯	৪২	২	৫৪	৪৭	৩৭	৪৯	৫২	৩৫	৫২	৫৬ ৪৯ ৪
৬	৩১	৪	৫৮	৩৬	৩৪	১১	৪২	১৪	২৭	৪৭	৪৮	৩২	৫২	৪৪	৫৭	৫৬	৫৬	৫৫
৭	৩১	১৫	৫১	৩৬	৪৫	২৪	৪২	২৫	৫২	৪৭	৫৯	৪	৫২	৫৪	০	৫৭	৪ ৪৪
৮	৩১	২৬	৪১	৩৬	৫৬	২৯	৪২	৩৭	১৯	৪৮	৯	৪৬	৫৩	৩	১	৫৭	১২	২৮
৯	৩১	৩৭	৩০	৩৭	৭	৪৫	৪২	৪৮	৩৭	৪৮	২০	১৭	৫৩	১২	১	৫৭	২০	২
১০	৩১	৪৮	২৩	৩৭	১৮	৫৩	৪২	৫৯	৫৫	৪৮	৩০	৩৭	৫৩	২০	৪৯	৫৭	২৮	৬
১১	৩১	৫৯	১৭	৩৭	৩০	১৩	৪৩	১১	২৬	৪৮	৪১	৮	৫৩	২৯	৪৫	৫৭	৩৫	৪৭
১২	৩২	১০	৫	৩৭	৪১	২৪	৪৩	২২	৪৮	৪৮	৫১	৩৭	৫৩	৩৮	৩৯	৫৭	৪৩	৩০
১৩	৩২	২০	৫৫	৩৭	৫২	৩৮	৪৩	৩৪	১২	৪৯	১	৫৫	৫৩	৪৭	১১	৫৭	৫১	১৫
১৪	৩২	৩১	৫০	৩৮	৪	৩	৪৩	৪৫	২৬	৪৯	১২	৩	৫৩	৫৬	২	৫৭	৫৮	৫২
১৫	৩২	৪২	৪৬	৩৮	১৫	২০	৪৩	৫৬	৫১	৪৯	২২	২৯	৫৪	৪	৪০	৫৮	৬	৩৪
১৬	৩২	৫৩	৩৮	৩৮	২৬	৩৮	৪৪	৮	৭	৪৯	৩২	৩৪	৫৪	১৩	১৭	৫৮	১৪	১০
১৭	৩৩	৪	৩৫	৩৮	৩৭	৪৯	৪৪	১৯	২৫	৪৯	৪২	৪৮	৫৪	২১	৪২	৫৮	২১	৪৫
১৮	৩৩	১৫	২৯	৩৮	৪৯	২১	৪৪	৩০	৪৩	৪৯	৫২	৫২	৫৪	৩০	১৫	৫৮	২৯	২৪
১৯	৩৩	২৬	২৩	৩৯	০	৩৫	৪৪	৪১	৫২	৫০	২	৫৪	৫৪	৩৮	৪৭	৫৮	৩৭	৩
২০	৩৩	৩৭	২৪	৩৯	১১	৫১	৪৪	৫৩	১	৫০	১২	৪৪	৫৪	৪৭	৭	৫৮	৪৪	৩৭
২১	৩৩	৪৮	২০	৩৯	২৩	১৯	৪৫	৪	২৩	৫০	২২	৪৩	৫৪	৫৫	৩৫	৫৮	৫২	১০
২২	৩৩	৫৯	১২	৩৯	৩৪	৩৯	৪৫	১৫	৩৪	৫০	৩২	৪১	৫৫	৩	৫১	৫৮	৫৯	৪৭
২৩	৩৪	১০	১৬	৩৯	৪৬	০	৪৫	২৬	৩৬	৫০	৪২	২৮	৫৫	১২	১৬	৫৯	৭	১৯
২৪	৩৪	২১	১৫	৩৯	৫৭	২৩	৪৫	৩৭	৪৮	৫০	৫২	১৩	৫৫	২০	২৯	৫৯	১৪	৫৫
২৫	৩৪	৩২	১৬	৪০	৮	৪৮	৪৫	৪৮	৫১	৫১	১	৪৭	৫৫	২৮	৪১	৫৯	২২	২২
২৬	৩৪	৪৩	১৩	৪০	২০	৫	৪৫	৫৯	৫৫	৫১	১১	২৮	৫৫	৩৬	৫৬	৫৯	২৯	৫৭
২৭	৩৪	৫৪	১৫	৪০	৩১	৩৪	৪৬	১০	৫৮	৫১	২১	৯	৫৫	৪৪	৫৯	৫৯	৩৭	২৮
২৮	৩৫	৫	২১	৪০	৪৩	৪	৪৬	২১	৫২	৫১	৩০	৩৮	৫৫	৫৩	১১	৫৯	৪৪	৫৯
২৯	৩৫	১৬	২২	৪০	৫৪	২৬	৪৬	৩২	৫৬	৫১	৪০	৫	৫৬	১	১৫	৫৯	৫২	৩০
৩০	৩৫	২৭	৩১	৪১	৫	৫০	৪৬	৪৩	৫০	৫১	৪৯	৩০	৫৬	৯	১৯	৬০	০	০

ঢাকাসন্নে ২৩।৩০ অক্ষাংশদেশে লগ্ন সারণী

উপকরণং সায়নার্কঃ ফলং দণ্ডাদি

অংশাঃ	মেষে রবি ০	বৃষে ১	মিথুনে ২	কর্কটে ৩	সিংহে ৪	কন্যায়াং ৫
০	০।০।০	৩।৪৮।২৫	৮।৬।১৯	১৩।১১।১৭	১৮।৪৯।৫৫	২৪।৩০।১৩
১	০।৭।২৫	৩।৫৬।২৩	৮।১৫।৪২	১৩।২২।১১	১৯।১।২৬	২৪।৪১।২৭
২	০।১৪।৫২	৪।৪।২৪	৮।২৫।৩	১৩।৩৩।১০	১৯।১২।৫২	২৪।৫২।৩৩
৩	০।২২।১৯	৪।১২।২৮	৮।৩৪।৩১	১৩।৪৪।১০	১৯।২৪।২২	২৫।৩।৪৫
৪	০।২৯।৪৩	৪।২০।২৯	৮।৪৪।৭	১৩।৫৫।৮	১৯।৩৫।৫০	২৫।১৪।৪৫
৫	০।৩৭।১৫	৪।২৮।৩৭	৮।৫৩।৪৪	১৪।৬।১২	১৯।৪৭।১৬	২৫।২৫।৫১
৬	০।৪৪।৪৪	৪।৩৬।৪৭	৯।৩।২৫	১৪।১৭।২১	১৯।৫৮।৪৪	২৫।৩৬।৫৬
৭	০।৫২।৯	৪।৪৪।৫৭	৯।১৩।২	১৪।২৮।৩৪	২০।১০।১১	২৫।৪৭।৫৮
৮	০।৫৯।৩৭	৪।৫৩।১৪	৯।২২।৪৯	১৪।৩৯।৩৬	২০।২১।৩৫	২৫।৫৯।৫
৯	১।৭।৮	৫।১।৩১	৯।৩২।৩৩	১৪।৪।১৪৯	২০।৩৩।৩	২৬।১০।৫
১০	১।১৪।৩৬	৫।৯।৫০	৯।৪২।৫১	১৫।২।০	২০।৪৪।২৯	২৬।২১।৩
১১	১।২২।১০	৫।১৮।১১	৯।৫২।২৯	১৫।১৩।১৭	২০।৫৫।৫২	২৬।৩২।৬
১২	১।২৯।৩৮	৫।২৬।৩৩	১০।২।৩০	১৫।২৪।৩২	২১।৭।১৮	২৬।৪৩।৭
১৩	১।৩৭।১২	৫।৩৪।৫৮	১০।১২।৩২	১৫।৩৫।৫১	২১।১৭।৪১	২৬।৫৪।৮
১৪	১।৪৪।৪৪	৫।৪৩।৩১	১০।২২।৪১	১৫।৪৭।১০	২১।২৯।৫৭	২৭।৫।৬
১৫	১।৫২।১৬	৫।৫২।৩	১০।৩২।৪৯	১৫।৫৮।২৭	২১।৪১।২০	২৭।১৬।৪
১৬	১।৫৯।৫২	৬।০।৩৫	১০।৪৩।৪	১৬।৯।৪৯	২১।৫২।৪৫	২৭।২৭।৪
১৭	২।৭।২৮	৬।৯।১৫	১০।৫৩।২১	১৬।২১।৯	২২।৪।৩	২৭।৩৮।২
১৮	২।১৫।৫	৬।১৮।০	১১।৩।৩৮	১৬।৩২।৩৪	২২।১৫।২৫	২৭।৪৮।৫৮
১৯	২।২২।৪২	৬।২৬।৪২	১১।১৪।১	১৬।৪৩।৫৭	২২।২৬।৪৫	২৭।৫৯।৫৬
২০	২।৩০।২১	৬।৩৫ ৩১	১১।২৪।২৪	১৬।৫৫।২৪	২২।৩৮।৭	২৮।১০।৫০
২১	২।৩৮।৫	৬।৪৪।২১	১১।৩৪।৫৫	১৭।৬।৩৯	২২।৪৯।২১	২৮।২১।৪
২২	২।৪৫।৪৯	৬।৫৩।১৩	১১।৪৫।২১	১৭।১৮।১৩	২৩।০।৩৬	২৮।৩২।৪১
২৩	২।৫৩।৩০	৭।২।১১	১১।৫৬।১	১৭।২৯।৪১	২৩।১১।৪৯	২৮।৪৩।৪৭
২৪	৩।১।১৬	৭।১১।১১	১২।৬।৩৭	১৭।৪১।১২	২৩।২৩।৫	২৮।৫৪।৩৪
২৫	৩।৯।৩	৭।২০।১২	১২।১৭।১৪	১৭।৫২।৩৬	২৩।৩৪।১৯	২৯।৫।২৯
২৬	৩।১৬।৫১	৭।২৯।২০	১২।২৭।৫৮	১৮।৪।৩	২৩।৪৫।৩১	২৯।১৬।২৯
২৭	৩।২৪।৪৪	৭।৩৮।৩০	১২।৩৮।৪৬	১৮।১৫।৩১	২৩।৫৬।৫৬	২৯।২৭।১৫
২৮	৩।৩২।৩৫	৭।৪৭।৪০	১২।৪৯।৩৪	১৮।২৬।৫৯	২৪।৭।৫৪	২৯।৩৮।১০
২৯	৩।৪০।৩১	৭।৫৬।৫৮	১৩।০।২৩	১৮।৩৮।৩২	২৪।১৯।২	২৯।৫৯।৩৬
৩০	৩।৪৮।২৫	৮।৬।১৯	১৩।১১।১৭	১৮।৪৯।৫৫	২৪।৩০।১৩	৩০।০।০

ঢাকাসন্নে ২৩।৩০ অক্ষাংশদেশে লগ্ন সারণী

উপকরণং সায়নার্কঃ ফলং দণ্ডাদি

অংশাঃ	তুলায়াং ৬	বৃশ্চিকে ৭	ধনুষি ৮	মকরে ৯	কুম্ভে ১০	মীনে ১১
০	৩০।০।০	৩৫।২৯।৪৭	৪১।১০।৫	৪৬।৪৮।৪৩	৫১।৫৩।৪১	৫৬।১১।৩৫
১	৩০।১০।৫৪	৩৫।৪০।৫৫	৪১।২১।২৮	৪৬।৫৯।৩৭	৫২।৩।২	৫৬।১৯।২৯
২	৩০।২১।৫০	৩৫।৫২।৬	৪১।৩৩।১	৪৭।১০।২৬	৫২।১২।২০	৫৬।২৭।২৫
৩	৩০।৩২।৪৫	৩৬।৩।১৪	৪১।৪৪।২৫	৪৭।২১।১৪	৫২।২১।৩০	৫৬।৩৫।১৬
৪	৩০।৪৩।৪১	৩৬।১৪।২৯	৪১।৫৫।৫৭	৪৭।৩২।২	৫২।৩০।৪০	৫৬।৪৩।৯
৫	৩০।৫৪।৩১	৩৬।২৫।৪১	৪২।৭।২৪	৪৭।৪২।৪৬	৫২।৩৯।৪৮	৫৬।৫০।৫৭
৬	৩১।৫।২৬	৩৬।৩৬।৫৫	৪২।১৮।৪৮	৪৭।৫৩।২৩	৫২।৪৮।৪৯	৫৬।৫৮।৪৪
৭	৩১।১৬।২৩	৩৬।৪৮।১১	৪২।৩০।১৯	৪৮।৩।৫৯	৫২।৫৭।৪৯	৫৭।৬।৩০
৮	৩১।২৭।১৯	৩৬।৫৯।২৪	৪২।৪১।৪৭	৪৮।১৪।৩৫	৫৩।৬।৪৭	৫৭।১৪।১১
৯	৩১।৩৮।১২	৩৭।১০।৩৯	৪২।৫৩।২১	৪৮।২৫।৫	৫৩।১৫।৩৯	৫৭।২১।৫৫
১০	৩১।৪৯।১০	৩৭।২১।৫৩	৪৩।৪।৩৬	৪৮।৩৫।৩৬	৫৩।২৪।২৯	৫৭।২৯।৩৯
১১	৩২।০।৪	৩৭।৩৩।১৫	৪৩।১৬।৩	৪৮।৪৫।৫৯	৫৩।৩৩।১৮	৫৭।৩৭।১৮
১২	৩২।১১।২	৩৭।৪৪।৩৫	৪৩।২৭।২৬	৪৮।৫৬।২২	৫৩।৪২।০	৫৭।৪৪।৫৫
১৩	৩২।২১।৫৮	৩৭।৫৫।৫৭	৪৩।৩৮।৫১	৪৯।৬।৩৯	৫৩।৫০।৪৫	৫৭।৫২।৩২
১৪	৩২।৩২।৫৬	৩৮।৭।১৫	৪৩।৫০।১১	৪৯।১৬।৫৬	৫৩।৫৯।২৫	৫৮।০।৮
১৫	৩২।৪৩।৫৬	৩৮।১৮।৪০	৪৪।১।৩৩	৪৯।২৭।১১	৫৪।৭।৫৭	৫৮।৭।৪৪
১৬	৩২।৫৪।৫৪	৩৮।৩০।৩	৪৪।১২।৫১	৪৯।৩৭।১৯	৫৪।১৬।২৯	৫৮।১৫।১৬
১৭	৩৩।৫।৫২	৩৮।৪১।১৯	৪৪।২৪।৯	৪৯।৪৭।২৮	৫৪।২৫।২	৫৮।২২।৪৮
১৮	৩৩।১৬।৫৩	৩৮।৫২।৪২	৪৪।৩৫।২৮	৪৯।৫৭।৩০	৫৪।৩৩।২৭	৫৮।৩০।২২
১৯	৩৩।২৭।৫৪	৩৯।৪।৮	৪৪।৪৬।৪৩	৫০।৭।৩১	৫৪।৪১।৪৯	৫৮।৩৭।৫০
২০	৩৩।৩৮।৫৭	৩৯।১৫।৩১	৪৪।৫৮।০	৫০।১৭।৯	৫৪।৫০।১০	৫৮।৪৫।২৪
২১	৩৩।৪৯।৫৫	৩৯।২৬।৫৭	৪৫।৯।১১	৫০।২৭।২৭	৫৪।৫৮।২৯	৫৮।৫২।৫২
২২	৩৪।০।৫৫	৩৯।৩৮।২৫	৪৫।২০।২৪	৫০।৩৭।১১	৫৫।৬।৪৬	৫৯।০।২৩
২৩	৩৪।১২।২	৩৯।৪৯।৪৯	৪৫।৩১।২৬	৫০।৪৬।৫৮	৫৫।১৫।৩	৫৯।৭।৫১
২৪	৩৪।২৩।৪	৪০।১।১৫	৪৫।৪২।৩৯	৫০।৫৬।৩৫	৫৫।২৩।১৩	৫৯।১৫।১৬
২৫	৩৪।৩৪।৯	৪০।১২।৪৪	৪৫।৫৩।৪৮	৫১।৬।১৬	৫৫।৩১।২৩	৫৯।২২।৪৫
২৬	৩৪।৪৫।১৫	৪০।২৪।১০	৪৬।৪।৫২	৫১।১৫।৫৩	৫৫।৩৯।৩১	৫৯।৩০।১৭
২৭	৩৪।৫৬।১৫	৪০।৩৫।৩৮	৪৬।১৫।৫০	৫১।২৫।২৯	৫৫।৪৭।৩২	৫৯।৩৭।৪১
২৮	৩৫।৭।২৭	৪০।৪৭।৮	৪৬।২৬।৫০	৫১।৩৪।৫৭	৫৫।৫৫।৩৬	৫৯।৪৫।৮
২৯	৩৫।১৮।৩৩	৪০।৫৮।৩৪	৪৬।৩৭।৪৯	৫১।৪৪।১৮	৫৬।৩।৩৭	৫৯।৫২।৩৫
৩০	৩৫।২৯।৪৭	৪১।১০।৫	৪৬।৪৮।৪৩	৫১।৫৩।৪১	৫৬।১১।৩৫	৬০।০।০

কাশ্যাং লগ্নসারণী

উপকরণং সায়নার্কঃ ফলং দণ্ডাদি

অংশাঃ	মেষেরবি ০	বৃষে ১	মিথুনে ২	কর্কটে ৩	সিংহে ৪	কন্যায়াং ৫
০	০।০।০	৩।৪৩।৫৬	৭।৫৮।১০	১৩।১।৪০	১৮।৪১।৫০	২৪।২৫।৪৪
১	০।৭।১৫	৩।৫১।৪৯	৮।৭।২৮	১৩।১২।৩৪	১৮।৫৩।২৪	২৪।৩৭।১৩
২	০।১৪।৩৩	৩।৫৯।৪৪	৮।১৬।৪৪	১৩।২৩।৩৩	১৯।৪।৫৬	২৪।৪৮।২৯
৩	০।২১।৫২	৪।৭।৪১	৮।২৬।১৬	১৩।৩৪।৩২	১৯।১৬।৩৬	২৪।৫৯।৪০
৪	০।২৯।৬	৪।১৫।২৯	৮।৩৫।৩৭	১৩।৪৫।৩৫	১৯।২৮।৫	২৫।১০।৪২
৫	০।৩৬।২৮	৪।২৩।২৯	৮।৪৫।৬	১৩।৫৬।৩৯	১৯।৩৯।৪২	২৫।২২।৯
৬	০।৪৩।৪৭	৪।৩১।৩১	৮।৫৪।৫২	১৪।৭।৫২	১৯।৫১।১৭	২৫।৩৩।২০
৭	০।৫১।৬	৪।৩৯।৩৪	৯।৪।২২	১৪।১৮।৫৩	২০।২।৫০	২৫।৪৪।৩৪
৮	০।৫৮।২৫	৪।৪৭।৩৯	৯।১৪।৯	১৪।৩০।৬	২০।১৪।২১	২৫।৫৫।৪৮
৯	১।৫।৪৭	৪।৫৫।৪৫	৯।২৩।৫২	১৪।৪১।২২	২০।২৫।৫৪	২৬।৭।৫৫
১০	১।১৩।৫	৫।৪।৩	৯।৩৩।৪১	১৪।৫২।৩৩	২০।৩৭।২৯	২৬।১৮।১
১১	১।২০।৩২	৫।১২।১৩	৯।৪৩।৩১	১৫।৩।৫৩	২০।৪৯।০	২৬।২৯।১২
১২	১।২৭।৪৭	৫।২০।২৪	৯।৫৩।২৮	১৫।১৫।১২	২১।০।২৯	২৬।৪০।২৬
১৩	১।৩৫।১৩	৫।২৮।৫৩	১০।৩।২২	১৫।২৬।৩৫	২১।১১।৫১	২৬।৫১।৩৫
১৪	১।৪২।৪০	৫।৭৭।১৩	১০।১৩।৩৩	১৫।৩৭।৫০	২১।২৩।২৭	২৭।২।৪২
১৫	১।৫০।১	৫।৪৫।৪০	১০।২৩।৩৬	১৫।৪৯।১৪	২১।৩৫।০	২৭।১৩।৪৯
১৬	১।৫৭।২৮	৫।৫৪।৩	১০।৩৩।৪৪	১৬।০।৪১	২১।৪৬।২৭	২৭।২৫।০
১৭	২।৪।৫৫	৬।২।২৯	১০।৪৪।৫	১৬।১১।৫৮	২১।৫৭।৫৭	২৭।৩৬।৩
১৮	২।১২।২৪	৬।১১।১১	১০।৫৪।১৮	১৬।২৩।৩২	২২।৯।১৬	২৭।৪৭।৭
১৯	২।১৯।৪৮	৬।১৯।৫০	১১।৪।৩৭	১৬।৩৪।৫৯	২২।২০।৪৭	২৭।৫৮।১৮
২০	২।২৭।১৯	৬।২৮।৩১	১১।১৪।৫৭	১৬।৪৬।২৯	২২।৩২।১৭	২৮।৯।১৯
২১	২।৩৪।৫৫	৬।৩৭।১২	১১।২৫।৪৮	১৬।৫৭।৫৮	২২।৪৩।৩৫	২৮।২০।২৭
২২	২।৪২।৩২	৬।৪৫।৫৯	১১।৩৫।৫৪	১৭।৯।৩১	২২।৫৫।১	২৮।৩১।২৯
২৩	২।৫০।৬	৬।৫৪।৫০	১১।৪৬।২৬	১৭।২০।৫৮	২৩।৬।২৬	২৮।৪২।৩৪
২৪	২।৫৭।৪০	৭।৩।৪৩	১১।৫৭।৮	১৭।৩২।৩৮	২৩।১৭।৪৯	২৮।৫৩।৩৯
২৫	৩।৫।২১	৭।১২।৩৮	১২।৭।৪১	১৭।৪৩।৫৮	২৩।২৯।১১	২৯।৪।৪২
২৬	৩।১২।৪৮	৭।২১।৩৫	১২।১৮।২৫	১৭।৫৫।৩৩	২৩।৪০।৩১	২৯।১৫।৪২
২৭	৩।২০।৪০	৭।৩০।৪৪	১২।২৯।৮	১৮।৭।১৪	২৩।৫১।৫৯	২৯।২৬।৪৮
২৮	৩।২৮।৩১	৭।৩৯।৪৪	১২।৩৯।৫৭	১৮।১৮।৪০	২৪।৩।১৬	২৯।৩৭।৫১
২৯	৩।৩৬।১৭	৭।৪৮।৫৬	১২।৫০।৪৬	১৮।৩০।১৮	২৪।১৪।৩১	২৯।৮।৫৫
৩০	৩।৪৩।৫৬	৭।৫৮।১০	১৩।১।৪০	১৮।৪১।৫০	২৪।২৫।৪৪	৩০।০।০

কাশ্যাং লগ্ন সারণী

উপকরণং সায়নার্কঃ দণ্ডাদি

অংশঃ	তুলায়াং ৬	বৃশ্চিকে ৭	ধনুষি ৮	মকরে ৯	কুম্ভে ১০	মীনে ১১
০	৩০|০|০	৩৫|৩৪|১৬	৪১|১৮|১০	৪৬|৫৮|২০	৫২|১|৫০	৫৬|১৬|৪
১	৩০|১১|৫	৩৫|৪৫|২৯	৪১|২৯|৪২	৪৭|৯|১৪	৫২|১১|৪	৫৫|২৩|৪৩
২	৩০|২২|৯	৩৫|৫৬|৪৪	৪১|৪১|২০	৪৭|২০|৩	৫২|২০|১৬	৫৬|৩১|২৯
৩	৩০|৩৩|১২	৩৬|৮|১	৪১|৫২|৪৬	৪৭|৩০|৫২	৫২|২৯|১৬.	৫৬|৩৯|২০
৪	৩০|৪৪|১৮	৩৬|১৯|২৯	৪২|৪|২৭	৪৭|৪১|৩৫	৫২|৩৮|২৫	৫৬|৪৭|১২
৫	৩০|৫৫|১৮	৩৬|৩০|৪৯	৪২|১৬|২	৪৭|৫২|১৯	৫২|৪৭|২২	৫৬|৫৪|৩৯
৬	৩১|৬|২১	৩৬|৪২|১১	৪২|২৭|২২	৪৮|২|৫২	৫২|৫৬|১৭	৫৭|২|২০
৭	৩১|১৭|৩৬	৩৬|৫৩|৩৪	৪২|৩৯|২	৪৮|১৩|৩৪	৫৩|৫|১০	৫৭|৯|৫৪
৮	৩১|২৮|৩১	৩৭|৪|৫৯	৪২|৫০|২৯	৪৮|২৪|৬	৫৩|১৪|১	৫৭|১৭|২৮
৯	৩১|৩৯|৩৩	৩৭|১৬|২৫	৪৩|২|২	৪৮|৩৪|৩২	৫৩|২২|৪৮	৫৭|২৫|৫
১০	৩১|৫০|৪১	৩৭|২৭|৪৩	৪৩|১৩|৩১	৪৮|৪৪|৩	৫৩|৩১|২৯	৫৭|৩২|৪১
১১	৩২|১|৪২	৩৭|৩৯|১৩	৪৩|২৫|১	৪৮|৫৫|২৩	৫৩|৪০|১০	৫৭|৪০|১২
১২	৩২|১২|৫৩	৩৭|৫০|৪৪	৪৩|৩৬|২৮	৪৯|৭|৪২	৫৩|৪৮|৪৯	৫৭|৪৭|৩৬
১৩	৩২|২৩|৫৭	৩৮|২|৩	৪৩|৪৮|২	৪৯|১৫|৫৫	৫৩|৫৭|৩১	৫৭|৫৫|৫
১৪	৩২|৩৫|০	৩৮|১৩|৩৩	৪৩|৫৯|১৯	৪৯|২৬|১৬	৫৪|৫|৫৭	৫৮|২|৩২
১৫	৩২|৪৬|১১	৩৮|২৫|০	৪৪|১০|৪৬	৪৯|৩৬|২	৫৪|১৪|২০	৫৮|৯|৫৯
১৬	৩২|৫৭|১৮	৩৮|৩৬|৩৩	৪৪|২২|১০	৪৯|৪৬|২৭	৫৪|২১|৪৭	৫৮|১৭|২০
১৭	৩৩|৮|২৫	৩৮|৪৮|৯	৪৪|৩৩|২৫	৪৯|৫৬|৩৮	৫৪|৩১|৭	৫৮|২৪|৪৭
১৮	৩৩|১৯|৩৪	৩৮|৫৯|৩১	৪৪|৪৪|৪৮	৫০|৬|৩২	৫৪|৩৯|৩৬	৫৮|৩২|১৩
১৯	৩৩|৩০|৪৮	৩৯|১১|০	৪৪|৫৬|৭	৫০|১৬|২৯	৫৪|৪৭|৪৭	৫৮|৩৯|২৮
২০	৩৩|৪১|৫৯	৩৯|২২|৩১	৪৫|৭|২৭	৫০|২৬|১৯	৫৪|৫৫|৫৭	৫৮|৪৬|৫৫
২১	৩৩|৫৩|৫	৩৯|৩৪|৬	৪৫|১৮|৩৮	৫০|৩৬|৮	৫৫|৪|১৫	৫৮|৫৪|১৩
২২	৩৪|৪|১২	৩৯|৪৫|৩০	৪৫|২৯|৫৪	৫০|৪৫|৫১	৫৫|১২|২১	৫৯|১|৩৫
২৩	৩৪|১৫|২৬	৩৯|৫৭|১০	৪৫|৪১|৬	৫০|৫৫|৩৮	৫৫|২০|২৬	৫৯|৮|৫৪
২৪	৩৪|২৬|৪০	৪০|৮|৪৩	৪৫|৫২|৮	৫১|৫|৮	৫৫|২৮|২৯	৫৯|১৬|১৩
২৫	৩৪|৩৭|৫১	৪০|২০|১৮	৪৬|৩|২১	৫১|১৪|৫৪	৫৫|৩৬|৩১	৫৯|২৩|৩২
২৬	৩৪|৪৯|১৮	৪০|৩১|৫৫	৪৬|১৪|২৫	৫১|২৪|২৩	৫৫|৪৪|৩১	৫০|৩০|৫৪
২৭	৩৫|০|২০	৪০|৪৩|২৪	৪৬|২৫|১৮	৫১|৩৩|৪৪	৫৫|৫২|১৯	৫৯|৩৮|৮
২৮	৩৫|১১|৩১	৪০|৫৫|৪	৪৬|৩৬|২৭	৫১|৪৩|১৬	৫৬|০|১৬	৫৯|৪৫|২৭
২৯	৩৫|২২|৪৭	৪১|৬|৩৪	৪৬|৪৭|২৬	৫১|৫২|৩২	৫৬|৮|১১	৫৯|৫২|৪৫
৩০	৩৫|৩৪|১৬	৪১|১৮|১০	৪৬|৫৮|২০	৫২|১|৫০	৫৬|১৬|৪	৬০|০|০

ধনাদিভাব-সাধনম্

যদন্তরং বন্ধু-বিলগ্নয়োস্তৎ
ত্রিভির্বিভক্তং ফলমেকনিঘ্নম্।
তনৌ যুতং বিত্তমথ দ্বিনিঘ্নং
তনৌ বিমিশ্রং সহজো ভবেচ্চ ॥৬৪॥ উ,ব
কলত্র-মিত্রান্তরতোঽপি চৈবং
সুতো রিপুশ্চাপি ভবেত্তু ভাবঃ।
তন্বাদি-ষট্‌কেষু ভষট্‌ক-যোগে
পত্ন্যাদয়ঃ স্যুঃ ক্রমশোঽথ ভাবাঃ ॥৬৫॥ উ,জা

বন্ধু ও লগ্ন ভাবের অন্তরকে ৩ দ্বারা ভাগ করিলে যে ফল হয়, তাহার একগুণ তনুতে যোগ করিলে ধন ভাব এবং ২ গুণ তনুতে যোগ করিলে সহজ ভাব পাওয়া যায়।

এইরূপে বন্ধু ও পত্নী ভাবের অন্তরকে ৩ ভাগ করিয়া তাহার ১ ভাগ বন্ধুতে যোগ করিলে পুত্র এবং ২ ভাগ বন্ধুতে যোগ করিলে রিপু ভাব হয়। এই তন্বাদি ৬ ভাবে ৬ রাশি যোগ করিলে ক্রমশঃ পত্নী প্রভৃতি ভাব জানা যায়।

দ্বাদশ ভাব নামানি

তনুর্ধনং সোদর-বন্ধু-পুত্রাঃ
শত্রুঃ কলত্রং মরণং চ ধর্ম্মঃ।
কর্ম্মাথ লাভো ব্যয় এব ভাবান্
তন্বাদিকানাহুরিতি প্রবীণাঃ ॥৬৬॥ উ,জা

তনু, ধন, সহজ, বন্ধু, পুত্র, শত্রু, পত্নী, মৃত্যু, ধর্ম্ম, কর্ম্ম, আয়, ব্যয় এই দ্বাদশ ভাব।

ভাবসন্ধি-ভাবফল-পরিমাণসাধনম্

ভাবদ্বয়স্য যোগার্দ্ধং সন্ধিস্তত্রাফলো গ্রহঃ।
ভাবতুল্যে গ্রহে পূর্ণং ফলং মধ্যেঽনুপাততঃ ॥৬৭॥ অ,নু

ভাবদ্বয়ের যোগার্দ্ধ তুল্য ভাবসন্ধি। ইহাই পূর্ব্বভাবের গম্যসন্ধি ও পর ভাবের গত সন্ধি। গত সন্ধি হইতে গম্যসন্ধি পর্য্যন্ত একটি ভাব। সন্ধিস্থ গ্রহ

কিছুই ফল প্রদান করে না। ভাবস্ফুট তুল্য গ্রহস্ফুট হইলে সেই গ্রহ, ভাবের সম্পূর্ণ ৬০ কলা ফল প্রদান করিয়া থাকে। যদি সন্ধি ও ভাবস্ফুটের অন্তরে ৬০ কলা ফল তবে সন্ধি ও ভাবস্থ গ্রহের স্ফুটের অন্তরে কত? এই অনুপাতে ভাবে দেয় ফলের পরিমাণ জানা যায়।

ভাবানাং বিশেষসংজ্ঞাঃ

তনু-মিত্রাস্ত-খং কেন্দ্রং কণ্টকঞ্চ চতুষ্টয়ম্।
কেন্দ্রাৎ পরং পণফরং বিদ্যাদাপোক্লিমং ততঃ ॥৬৮॥ অ,মু
দুশ্চিক্যং বিক্রমশ্চৈব তৃতীয়ং স্থানমুচ্যতে।
পাতালং হিবুকং বেশ্ম সুখমম্বুশ্চতুর্থকম্ ॥৬৯॥
পঞ্চমং নবমং কোণো মন্ত্রোবিদ্যাথ পঞ্চমম্।
ষট্‌কোণোঽথ রিপোর্গেহং রোগস্থানঞ্চ ষষ্ঠভম্ ॥৭০॥
অস্তং জায়া দ্যুনং দ্যূনং যামিত্রং সপ্তমং স্মৃতম্।
চতুরস্রং মৃত্যুবন্ধ্রং রন্ধ্রং মৃত্যু স্তথাষ্টমম্ ॥৭১॥
তপো ভাগ্যং ত্রিত্রিকোণং শুভং চ নবমং বিদুঃ।
মেযূরণঞ্চ দশমং কর্ম্ম খাজ্ঞাস্পদানি চ ॥৭২॥
উপান্ত্যমায়ো লাভশ্চ জ্ঞেয়মেকাদশং গৃহম্।
রিপ্‌ফমন্ত্যং ব্যয়ঃ সদ্ভিশ্চিন্ত্যং দ্বাদশভাবকে ॥৭৩॥
উপচয়শ্চাপচিতি স্ত্রি-ষষ্ঠ-লাভ-কর্ম্মসু।
ষষ্ঠাষ্টম-ব্যয়স্থানং ত্রিকং দুঃস্থঞ্চ কথ্যতে ॥৭৪॥ অ,মু

লগ্ন, চতুর্থ, সপ্তম, দশম এই চারিটি স্থানকে কেন্দ্র বলে। কেন্দ্রের নামান্তর কণ্টক ও চতুষ্টয়। কেন্দ্রের পরবর্ত্তী রাশি পণফর, তাহার পরবর্ত্তী রাশি আপোক্লিম নামে পরিচিত। তৃতীয় স্থানকে দুশ্চিক্য ও বিক্রম স্থান বলে। চতুর্থ স্থান পাতাল, হিবুক, বেশ্ম (গেহ) বাচক শব্দ, সুখ, অম্বু (জল বোধক) নামে অভিহিত। পঞ্চম ও নবম স্থানকে কোণ বা ত্রিকোণ বলে। পঞ্চম স্থানকে মন্ত্র ও বিদ্যাস্থান বলে। ষট্‌কোণ, রিপুস্থান, রোগস্থান, ষষ্ঠ স্থানের নামান্তর। অস্ত, জায়া, দ্যুন, দ্যূন, যামিত্র শব্দে সপ্তম স্থানকে বুঝায়। চতুর্থ ও অষ্টম স্থানকে চতুরস্র বলে। রন্ধ্র ও মৃত্যু শব্দে অষ্টম স্থানকে বুঝায়। তপঃ, ভাগ্য, ত্রিত্রিকোণ, শুভ শব্দে নবম স্থান বুঝায়। মেযূরণ, কর্ম্ম, আজ্ঞা, খ, আস্পদ শব্দে দশম স্থান বুঝায়।

উপান্ত্য, আয়, লাভ শব্দে একাদশ স্থান বুঝায়। রিপ্‌ফ অন্ত্য, ব্যয় শব্দে দ্বাদশ ভাবকে বুঝায়। তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ ভাবকে উপচিতি ও উপচয় বলে। ষষ্ঠ, অষ্টম, দ্বাদশ স্থানের নাম ত্রিক বা দুঃস্থ।

ভাবে চিন্তনীয়ানি।

লগ্নে মূর্ত্তি-শিরো-বলানি ধনভে বিত্তং কুটুম্বং মুখম্
বিক্রান্তিং সহজং ভুজৌ সহজভে সেনাদি বা চিন্তয়েৎ।
বন্ধুং বাহনমালয়ং সুখমথো হৃন্মাতরং বন্ধুভে
বিদ্যা-বুদ্ধি-সুতোদরাণি জনকং মন্ত্রং চ ভোজ্যং সুতে ॥৭৫॥ শা,বি
ষষ্ঠে চৌর-কটি-ক্ষত-ব্রণ-রিপূন্ বস্তি-স্ত্রিয়ং কামভে
পাপায়ুর্ম্মৃতি-গুহ্যকানি মৃতিভে স্থানং চ মৃত্যোঃ পুনঃ।
ধর্ম্মে চোরুযুগং তপো গুরুমথো ভাগ্যং চ ধর্ম্মং মনো-
মানাজ্ঞাস্পদ-কর্ম্ম-জানুযুগলং তাতং চ কর্ম্মাখ্যভে ॥৭৬॥ শা,বি
জঙ্ঘাযুগ্ম-ধনাগমং ভবগৃহে জ্যেষ্ঠং তথা সোদরম্
রিপ্‌ফে পাদযুগং বিদেশগমনং মন্ত্রিব্যয়ৌ চিন্তয়েৎ।
ভাবস্বামিনি কেন্দ্র-মূল-নিজ-মিত্রোচ্চ ত্রি-কোণেষু বা
দৃষ্টঃ স্বামি-শুভৈর্যুতশ্চ শুভদো ভাবোঽন্যথা দুঃখদঃ ॥৭৭॥ শা,বি

লগ্নে আকৃতি, মস্তক ও সামর্থ্যের বিচার করিবে। ধনস্থানে ধন, কুটুম্ব ও মুখের; ভ্রাতৃস্থানে বিক্রম, ভ্রাতা, ভুজদ্বয় ও তন্মধ্যবর্ত্তী বক্ষের উপরিভাগ, সৈন্যাদির; বন্ধুস্থানে বন্ধু, বাহন, আলয়, সুখ, হৃদয়, মাতার; পুত্রস্থানে বিদ্যা, বুদ্ধি, সন্তান, উদর, পিতা, মন্ত্র, ভোজ্যদ্রব্যের; শত্রুস্থানে চৌর, কটিদেশ, ক্ষত, ব্রণ, শত্রুর; পত্নীস্থানে বস্তিদেশ, পত্নীর; মৃত্যুস্থানে পাপ, আয়ু, মৃত্যু, গুহ্যদেশ, মৃত্যুস্থানের; ধর্ম্মস্থানে উরুদ্বয়, তপস্যা, গুরু, ভাগ্য, ধর্ম্ম, মনের; কর্ম্মস্থানে মান, আজ্ঞা, পদ, কর্ম্ম, জানুদ্বয়, পিতা, কর্ম্মের; আয়স্থানে জঙ্ঘাদ্বয়, ধনাগম, জ্যেষ্ঠভ্রাতার; ব্যয়স্থানে পাদদ্বয়, বিদেশ গমন, মন্ত্রী, ব্যয়ের বিচার করিবে।

ভাবাধিপতি কেন্দ্রে, মূলত্রিকোণে, নিজগৃহে, মিত্রগৃহে, উচ্চগৃহে, বা ত্রিকোণে থাকিলে অথবা ভাবস্থানে ভাবাধিপতি বা শুভগ্রহের যোগ বা দৃষ্টি থাকিলে ভাবফল শুভ হয় অন্যথা ভাবফল দুঃখকর হয়।

অশুভভাবফল কথনম্

নীচেঽরিভে লুপ্তকরে ত্রিকে বা
নাথেঽ থ ভাবে খলযোগ-দৃষ্টৌ ॥
দুঃস্থানপে ভাবগতেঽ থবা স্যাদ্-
দুঃখপ্রদং ভাবফলং নরাণাম্ ॥৭৮॥ ই,ব

ভাবপতি নীচগৃহে, শক্রগৃহে, দুঃস্থানে থাকিলে অথবা অস্তমিত হইলে কিং বা ভাবে পাপগ্রহের অবস্থান বা দৃষ্টি থাকিলে অথবা দুঃস্থানপতি ভাবগত হইলে ভাবফল (যে ভাবে যে ফল বিচার্য্য) দুঃখ প্রদ হয়।

জন্মকাল নির্ণয়ার্থং প্রাণপদলগ্ন-সাধনম্

ইষ্টকাল-পলেভ্যশ্চ তিথ্যাপ্তং ভাদিকং চ যৎ।
তদংশ-ভাস্করাংশানাং যোগে লগ্নাংশ-তুল্যতা ॥৭৯॥ অ,নু

জন্মকালের দণ্ড পলাদিকে পল করিবে। এই পলকে ১৫ দ্বারা ভাগ করিলে যে রাশ্যাদি ফল হইবে, তাহার রাশি পরিত্যাগ করিয়া অংশাদি ফল, স্ফুট সূর্য্যের অংশাদিতে যোগ করিবে এই যোগ ফল লগ্নস্ফুটের অংশাদির সমান হইলে জন্মকাল ঠিক নির্ণীত হইয়াছে জানিবে। সমান না হইলে কিছু পূর্ব্বে বা পরে ইষ্টকাল লইয়া যাহাতে লগ্নাংশের তুল্যতা হয় সেইরূপ বিধান করিবে।

জন্ম রাশিতো লগ্ননির্ণয়ঃ।

রাশীশ্বরো যত্র হিমদ্যুতির্বা
তয়োস্ত্রিকোণেঽ প্যথবা দ্যূনে চ।
দ্যূনাৎ ত্রিকোণেঽ প্যথবাপি লগ্নং
প্রায়ো ভবেদাহুরিদং মুনীন্দ্রাঃ ॥৮০॥ উ,জা

রাশিপতি বা চন্দ্র যে রাশিতে অবস্থিত সেই রাশিতে, তাহাদের পঞ্চমে নবমে বা সপ্তমে অথবা সপ্তমের ত্রিকোণে প্রায়ই লগ্ন হইয়া থাকে।

লগ্নতো জন্মকাল কথনম্

রাশীশ্বরাদ্বাপি সুধাকরাদ্বা
প্যযুগ্মগেহেষু ভবেদ্ বিলগ্নম্।

লগ্নস্য ভুক্তঃ সময়োঽর্ক ভোগ্যো-
মধ্যোদয়াঢ্য স্তনুতোঽপি কালঃ ॥৮১॥ উ,জা

যে রাশিতে জন্মরাশিপতি বা চন্দ্র অবস্থিত তাহার অযুগ্ম রাশিতে প্রায়ই লগ্ন হয়। এই লগ্ন দ্বারা জন্মকাল নিশ্চিত হইয়া থাকে। লগ্নের ভুক্ত কাল, সূর্য্যের ভোগ্য কাল, এবং ইহাদের মধ্যবর্ত্তী রাশি সমূহের উদয়কাল যোগ করিলে জন্মকাল জানা যায়।

গুলিক-লগ্ন-সাধনম্

দ্যুমানমষ্টধা কৃত্বা বারেশাদ্ গণয়েৎ ক্রমাৎ।
অষ্টমাংশো নিরীশঃ স্যাৎ শন্যংশো গুলিকঃ স্মৃতঃ ॥৮২॥ অ মু
রাত্রিমপ্যষ্টধা ভক্ত্বা বারেশাৎ পঞ্চমাদিতঃ।
গণয়েদ্ গুলিকোঽত্রাপি শন্যংশঃ পরিকীর্ত্তিতঃ ॥৮৩॥
দ্যুমানং রাত্রিমানং বাপ্যষ্টাভির্বিভজেৎ ফলম্।
মান্দ্যখণ্ড-বিনিঘ্নং যৎ তেন কালেন লগ্নকম্ ॥৮৪॥
সংপ্রোক্তং গুলিকং লগ্নং তেন লগ্নং পরীক্ষয়েৎ।
গুলিকলগ্নে তদ্ দ্যূনে তয়োর্নবাংশ-বেশ্মনোঃ ॥৮৫॥
তাভ্যাং ত্রিকোণরাশ্যোর্বা জন্মলগ্নং সমাদিশেৎ।
এবং প্রাণপদাচ্চন্দ্রাদ্ গুলিকাদ্বাপি লগ্নকম্ ॥৮৬॥ অ,মু

দিনমানকে ৮ ভাগ করিলে প্রতিভাগের নাম যামার্দ্ধ। বারাধিপতি গ্রহ হইতে ক্রমশঃ যামার্দ্ধপতি নির্ণয় করিবে। রাহু ও কেতু বর্জ্জিত সাতটি গ্রহ। এজন্য অষ্টম যামার্দ্ধের কোনও অধিপতি নাই। শনির যামার্দ্ধকে গুলিক বলে।

রাত্রিমানকে ৮ ভাগ করিলে ইহার ও প্রতিভাগের নাম যামার্দ্ধ। ইহার ও অষ্টম যামার্দ্ধের অধিপতি নাই। বারাধিপতির পঞ্চম হইতে গণনা করিলে শনির যামার্দ্ধে গুলিক হইবে।

দিনের বা রাত্রির যামার্দ্ধপরিমাণকে গুলিকখণ্ডের সংখ্যাদ্বারা গুণ করিলে যে কাল পাওয়া যায় সেই কাল দ্বারা লগ্ন সাধনের নিয়মে লগ্ন সাধন করিলে তাহার নাম গুলিক লগ্ন।

গুলিক লগ্নে, তাহার সপ্তম রাশিতে, এই দুই রাশির নবাংশরাশিতে বা ত্রিকোণরাশিতে লগ্ন হইবে। এইরূপে প্রাণপদ লগ্ন, চন্দ্রযুক্তরাশি, চন্দ্রযুক্তরাশি পতি বা গুলিকলগ্নহইতে জন্ম লগ্ন ও জন্ম কাল স্থির করিবে।

প্রসঙ্গাদ্ধূমাদ্যপ্রকাশিত গ্রহস্পষ্টীকরণম্।

সত্র্যংশ-বিশ্বাংশ-যুতৈ শ্চতুর্ভি-
র্গেহৈঃ সমেতঃ স্ফুটতিগ্মরশ্মিঃ।
ধূমঃ স্মৃতো মণ্ডলতঃ স শুদ্ধো-
ভবেদ্ ব্যতীপাত ইহাবগম্যঃ ॥৮৭॥ উ,জা
এষ ব্যতীপাত-সমাখ্যখেটঃ
ষড়্‌রাশিযুক্তঃ পরিবেষসংজ্ঞঃ।
স মণ্ডলাচ্ছোধিত ইন্দ্র চাপো-
বিত্র্যংশ-মেঘাংশ-যুতো ধ্বজঃ স্যাৎ ॥৮৭॥ উ,জা

সূর্য্যস্ফুটে রাশ্যাদি ৪।১৩।২০ যোগ করিলে ধূম, ১২ রাশি হইতে ধূম বিয়োগ করিলে ব্যতীপাত, ব্যতীপাতে ৬ রাশি যোগ করিলে পরিধি, ১২ রাশি হইতে পরিধি বিয়োগ করিলে ইন্দ্র চাপ, ইন্দ্র চাপে অংশাদি ১৬।৪০ যোগ করিলে ধ্বজ জানা যায়। ধ্বজে ১ রাশি যোগ করিলে পূর্ব্বোক্ত স্ফুটসূর্য্য তুল্য হয়।

সুখ-দুঃখ-প্রসব জ্ঞানম্

সৌম্যেন যুক্তে শুভবীক্ষিতে বা
শীতদ্যুতৌ স্যাচ্চ সুখপ্রসূতিঃ।
পাপেন দৃষ্টে খলসংযুতে বা
দুঃখং জনন্যাঃ প্রসবে ভবেচ্চ ॥৮৮॥ ই,ব

জন্মকালে চন্দ্র শুভ যুক্ত বা শুভ দৃষ্ট হইলে সুখে প্রসব এবং পাপযুক্ত বা পাপ দৃষ্ট হইলে দুঃখে প্রসব হয়।

কারাগৃহে নৌকায়াং বা প্রসবজ্ঞানম্

লগ্নে শশাঙ্কে ব্যয়গে চ মন্দে
কারাপ্রসূতিঃ খলখেটদৃষ্টে।
জ্ঞে লগ্নযাতে হিবুকে সুরেজ্যে
কর্কৌ চ চন্দ্রে তরণৌ প্রসূতিঃ ॥৮৯॥ ই,ব

লগ্নস্থ চন্দ্র ও দ্বাদশস্থ শনি উভয়েই পাপ দৃষ্ট হইলে কারাগৃহে প্রসব হয়। লগ্নে বুধ, চতুর্থে বৃহস্পতি ও কর্কটে যে কোন ভাবে চন্দ্র থাকিলে নৌকায় প্রসব হয়।

জলসমীপে পোতাদিষ বা প্রসবজ্ঞানম্।

জলর্ক্ষগঃ শীতকরস্তনৌ বা
কামেঽথ বন্ধৌ দশমে স্থিতঃ স্যাৎ।
অপাং সমীপেঽপ্যথবা তরণ্যাং
পোতেঽপি নারী প্রসবং করোতি ॥৯০॥ উ,জা

কেন্দ্রস্থ চন্দ্র জল রাশিতে অর্থাৎ কর্কট, মীন, মকরের শেষার্দ্ধে (কোন কোন মতে কুম্ভ ও জলরাশি) থাকিলে জলসমীপে, নৌকায় বা পোতে বালক প্রসূত হয়।

যমল-নাল বেষ্টিত-প্রসব জ্ঞানম্

চতুষ্পদর্ক্ষে দিনপে পরেষু চ
বলান্বিতদ্ব্যাত্মকভাশ্রিতেষু হি।
যুগ্মৌ তথা নালচয়ৈশ্চ বেষ্টিতৌ
বালৌ ভবেতামিতি দৈববিদ্ বচঃ ॥৯১॥ উ জা

চতুষ্পদ রাশিতে অর্থাৎ মেষ, বৃষ, সিংহ, ধনুর শেষার্দ্ধ বা মকরের পূর্ব্বার্দ্ধে রবি এবং অপর গ্রহগণ বলবান্ হইয়া দ্ব্যাত্মক রাশিতে থাকিলে নাল বেষ্টিত হইয়া যমজ সন্তান প্রসূত হয়।

কেবল নালবেষ্টিত-জন্মজ্ঞানম্

সিংহে বৃষে মেষগৃহেঽপি লগ্নে
তৎস্থে মহীজেঽপ্যথবার্কসূনৌ।
লগ্নাংশ-গেহাবগতে শরীরে
নালেন জাতঃ পরিবেষ্টিতঃ স্যাৎ ॥৯২॥ ই,ব

সিংহ, বৃষ বা মেষলগ্নে মঙ্গল বা শনি থাকিলে নালবেষ্টিত হইয়া বালকের জন্ম হয়। লগ্ন যে রাশির নবাংশ গত সেই রাশি শীর্ষ, মুখ, বাহু ইত্যাদি ক্রমে যে অঙ্গে পতিত সেই অঙ্গে নাল বেষ্টিত জানিবে।

জাতস্য শরীরগত-চিহ্ন জ্ঞানম্।

দ্যূনে গুরৌ বা ভৃগুজেঽথ ভৌমে
চিহ্নং প্রসূতস্য ভবেচ্চ মূর্দ্ধ্নি।

চন্দ্রে কুজে বা ভৃগুজেঽথ লগ্নে
শীর্ষে তথা দ্বাদশ বর্ষকালে ॥৯৩॥ ই,ব

সপ্তমে মঙ্গল, বৃহস্পতি বা শুক্র থাকিলে মস্তকে চিহ্ন থাকে। লগ্নে চন্দ্র, মঙ্গল বা শুক্র থাকিলে ১২ বৎসর বয়সে মস্তকে চিহ্ন হয়।

লগ্নে দ্বিতীজ্যে মৃতিগে চ দৈত্যে
বালস্য বাম-শ্রবণেঽপি চিহ্নম্।
লগ্নে সুরেজ্যে দ্যুনগে সুরারৌ
চিহ্নং তথা সব্যভুজে শিশোঃ স্যাৎ ॥৯৪॥ ই,ব

লগ্নে শুক্র, অষ্টমে রাহু থাকিলে বাম কর্ণে, লগ্নে বৃহস্পতি সপ্তমে রাহু থাকিলে বাম ভুজে চিহ্ন হয়।

রিপ্‌ফেঽথবা নাশগতে দ্বিতীজ্যে
লগ্নে চ ভানৌ ভুজয়োস্তু চিহ্নম্।
ভৌমে ভৃগৌ বা ত্রিষড়ায়সংস্থে
সব্যেঽথ পার্শ্বে ভবতীহ চিহ্নম্ ॥৯৫॥ ই,ব

ব্যয়ে অথবা অষ্টমে শুক্র, লগ্নে রবি থাকিলে উভয় ভুজে চিহ্ন, মঙ্গল বা শুক্র তৃতীয়, ষষ্ঠ বা একাদশে থাকিলে বাম পার্শ্বে চিহ্ন লক্ষিত হয়।

কাব্যস্ত্রিকোণে মৃতিগৌ বুধেজ্যৌ
মন্দশ্চতুর্থেঽপ্যুদরেঽথ চিহ্নম্।
সভৌম-মন্দে তনুকোণগেঽপি
দৈত্যেক্ষিতে লক্ষ্ম গুদেঽথ লিঙ্গে ॥৯৬॥ উ,জা

ত্রিকোণে শুক্র, অষ্টমে বুধ ও বৃহস্পতি এবং চতুর্থে শনি থাকিলে উদরে চিহ্ন হয়। শনি ও মঙ্গল লগ্নে বা কোণে থাকিয়া রাহুদ্বারা দৃষ্ট হইলে গুহ্য দেশে বা লিঙ্গে চিহ্ন হইয়া থাকে।

বিত্তে কবৌ মৃত্যুগতে দিনেশে
সরাহু-মন্দে দশমে চ নাভৌ।
বিত্তে বিধুর্ভ্রাতরি ভৌমশুক্রৌ
মানে শনিশ্চেৎ কটিগং চ লক্ষ্ম ॥৯৭॥ উ,জা

দ্বিতীয়ে শুক্র, অষ্টমে রবি, দশমে রাহু ও শনি থাকিলে নাভি দেশে চিহ্ন হয়। দ্বিতীয়ে চন্দ্র, তৃতীয়ে শুক্র ও মঙ্গল এবং দশমে শনি থাকিলে কটিদেশে চিহ্ন হইয়া থাকে।

ব্যয়ে সুরেজ্যে সহজে দিতীজ্যে
বুধে ত্রিষড়্লাভগতে হৃদিস্থম্।
সুরাসুরেজ্যৌ ব্যয়গৌ বধেঽজো-
মদে বুধার্কী ভুজয়োশ্চ চিহ্নম্ ॥৯৮॥ উ,ব

দ্বাদশে বৃহস্পতি, তৃতীয়ে শুক্র, তৃতীয়, ষষ্ঠ বা একাদশে বুধ থাকিলে হৃদয়ে চিহ্ন দর্শন হয়। দ্বাদশে বৃহস্পতি ও শুক্র, অস্টমে চন্দ্র, সপ্তমে বুধ ও শনি থাকিলে ভুজদ্বয়ে চিহ্ন লক্ষিত হয়।

সমন্দ-ভৌমে তনুভাবমাপ্তে
সরাহুশুক্রে চ রসাতলস্থে।
গুল্ফাঙ্ঘ্রি জঙ্ঘা-ভুজ-জানুষু স্যাৎ
জাতস্য চিহ্নং মুনয়ো বদন্তি ॥৯৯॥ উ,জা

লগ্নে শনি ও মঙ্গল, চতুর্থে রাহু ও শুক্র থাকিলে গুল্ফ, চরণ, জঙ্ঘা, ভুজদ্বয় বা জানুদেশে চিহ্ন দৃস্ট হয়।

হিমকরে নবমে সহজে কবৌ
সুরগুরৌ রিপু-সোদর-লাভগে।
ভবতি গোলকলক্ষ্ম শিশোর্গুদ-
ইতি মুনিপ্রবরা নিগদন্তি হি ॥১০০॥ দ্রু,বি

নবমে চন্দ্র, তৃতীয়ে শুক্র, তৃতীয়, ষষ্ঠ বা একাদশে বৃহস্পতি থাকিলে গুহ্যদেশে গোলাকার চিহ্ন হয়।

তনুপ-যুক্ত-গৃহেঽপ্যহিতালয়ে
রিপুপ-সংযুতভে তনুবেশ্মনি।
অমৃতরশ্মি-সমাযুত-মন্দিরে
খলখগে স্ফুটলক্ষ্ম সমাদিশেৎ ॥১০১॥ দ্রু,বি

লগ্নপতিযুক্ত রাশিতে, ষষ্ঠ ভাবে, ষষ্ঠ পতিযুক্ত রাশিতে, তনুভাবে বা চন্দ্রা-

ক্রান্ত রাশিতে পাপগ্রহ থাকিলে সেই পাপগ্রহ যুক্তরাশি শীর্ষ মুখাদি বিভাগে যে অঙ্গে পতিত হয় সেই অঙ্গে স্পষ্ট চিহ্ন আদেশ করিবে।

চিহ্ন প্রকার জ্ঞানম্

সূর্য্যো জটা তিলকমোষধিনায়কে স্যাৎ
স্ফোটঞ্চ ভূমিতনয়েঽগ্নিসমুদ্ভবং বা।
আঘাতচিহ্নমথবা খলুরক্তবর্ণং
কৃষ্ণং চ ধূম্রমিতি লক্ষণ মর্কসূনৌ ॥১০২॥ ব,তি

রবি চিহ্ন কারক হইলে জটুল চিহ্ন, চন্দ্রে তিল বা আব, মঙ্গলে স্ফোটক, অগ্নি দাহ বা আঘাত জন্যচিহ্ন বা রক্ত বর্ণ চিহ্ন, শনিতে কৃষ্ণ বা ধূম্রবর্ণ চিহ্ন হয়।

বাম দক্ষিণাঙ্গগত চিহ্ন জ্ঞানম্

চিহ্নকরঃ পুরুষো যদি খেটো-
দক্ষতনৌ জনয়েৎ খলু চিহ্নম্।
স্ত্রীত্ব্যচরো যদি বা ব্রণকারো-
বামতনৌ রমতে খলু লক্ষ্ম ॥১০৩॥ দো,ক

চিহ্নকারক পুরুষগ্রহ হইলে শরীরের দক্ষিণ ভাবে এবং স্ত্রীগ্রহ হইলে বাম ভাবে চিহ্ন লক্ষিত হয়।

শরীরস্থ সম্মুখ পশ্চাদ্ ভাগস্থিত চিহ্ন জ্ঞানম্

দৃশ্যেঽথ ষড়্ভে যদি লক্ষ্মকর্ত্তা
দৃশ্যে চ কায়ে ভবতীহ লক্ষ্ম।
অদৃশ্যষড়্ভে দ্যুচরো যদি স্যাৎ
পশ্চাদ্ বিভাগে বপুষো হি চিহ্নম্ ॥১০৪॥ উ,জা

লগ্ন হইতে প্রথম ৬ রাশি ক্ষিতিজের নীচস্থ জন্য অদৃশ্য, দ্বিতীয় ৬রাশি উপরিস্থ জন্য দৃশ্য, চিহ্ন কারকগ্রহ দৃশ্য ৬ রাশিতে থাকিলে সম্মুখভাগে, অদৃশ্য ৬ রাশিতে থাকিলে পশ্চাদ্ ভাগে চিহ্ন জানিবে।

পিতুঃ পরোক্ষে জন্ম জ্ঞানম্

চন্দ্রেণ লগ্নং ন সমীক্ষিতং তদা
পিতুঃ পরোক্ষং জননং শিশোর্ভবেৎ।

ধর্ম্মেঽষ্টমেঽর্কে চরগে হিমাংশুনা

চাদৃষ্টলগ্নে জনকো বিদেশগঃ ॥১০৫॥ উ,জা

জন্ম সময়ে লগ্নে চন্দ্রের দৃষ্টি না থাকিলে স্বদেশস্থ পিতার অসন্নিধানে বালকের জন্ম জানিবে। লগ্নে চন্দ্রের দৃষ্টি না থাকিলে এবং রবি চররাশিতে থাকিয়া অষ্টম বা নবম ভাবে থাকিলে বিদেশস্থ পিতার অসন্নিধানে জন্ম জানিবে।

লগ্নে শনৌ কামগতে মহীজে

বুধাস্ফুজিন্মধ্যগতে মৃগাঙ্কে।

চন্দ্রেঽথবা ভানু-ধরাজ মধ্যে

বিদেশসংস্থে জনকে জনিঃ স্যাৎ ॥১০৬॥ উ,জা

লগ্নে শনি, সপ্তমে মঙ্গল এবং বুধ ও শুক্রের বা রবি ও মঙ্গলের মধ্যবর্ত্তী চন্দ্র হইলে বিদেশে পিতার অবস্থান কালে বালকের জন্ম জানিবে।

মাত্রা শিশোঃ পরিত্যাগ জ্ঞানম্

লগ্নস্থিতেন্দৌ খলখেট-দৃষ্টে

দ্যূনে কুজে হীয়ত এব মাত্রা।

চন্দ্রেতু দৃষ্টে গুরুণা খলস্য

দ্রষ্টুশ্চ জাত্যা পরিরক্ষিতঃ স্যাৎ ॥১০৭॥ ই,ব

লগ্নস্থচন্দ্র পাপদৃষ্ট হইলে এবং সপ্তমে মঙ্গল থাকিলে শিশু মাতৃপরিত্যক্ত হইয়া বিনষ্ট হয় কিন্তু উক্ত চন্দ্রের প্রতি বৃহস্পতির দৃষ্টি থাকিলে মঙ্গল ভিন্ন অন্য যে পাপদ্বারা চন্দ্র দৃষ্ট হইবে সেই পাপগ্রহ যে জাতির অধিপতি সেই জাতীয় লোক দ্বারা শিশু রক্ষিত হইয়া থাকে।

লগ্নস্থচন্দ্রে রবিণা প্রদৃষ্টে

লাভে সমন্দে চ কুজে জনন্যা।

ত্যক্তোঽপি জাতঃ শুভদৃষ্টচন্দ্রে

দ্রষ্টুশ্চ জাত্যা পরিরক্ষিতঃ স্যাৎ ॥১০৮॥ ই,ব

লগ্নস্থচন্দ্র, রবিদ্বারা দৃষ্ট এবং একাদশে শনি ও মঙ্গল থাকিলে বালক মাতৃ দ্বারা পরিত্যক্ত হয় কিন্তু চন্দ্রের প্রতি শুভ গ্রহের দৃষ্টি থাকিলে দর্শক গ্রহ যে জাতির অধিপতি সেই জাতীয় লোক দ্বারা বালক রক্ষিত হয়।

সসৌরি-ভৌমাদ্ দ্যূনগেহথ কোণে
বিধৌ শিশোস্ত্যাগইতি প্রদিষ্টম্ ।
চন্দ্রং যদা পশ্যতি দেবপূজ্য-
স্ত্যক্তোহপি মাত্রা পরিরক্ষিতঃ স্যাৎ ॥১০৭॥ উ,জা

শনিযুক্ত মঙ্গল হইতে সপ্তমে, নবমে বা পঞ্চমে চন্দ্র থাকিলে মাতা শিশুকে পরিত্যাগ করিয়া থাকে কিন্তু চন্দ্রের প্রতি বৃহস্পতির দৃষ্টি থাকিলে বালক অন্যদ্বারা রক্ষিত হয় ।

ইতি মৈমনসিংহ মণ্ডলস্থিত, টাঙ্গাইলান্তর্গত বড়বেলতাগ্রাম নিবাসি, সরযূতীরাগতশাকদ্বীপীয়ব্রাহ্মণবংশোদ্ভব, পাঠকোপাহ্ব, পণ্ডিতপ্রবর-কৃপানাথ-দেবশর্ম্মাত্মজ, কলিকাতাস্থ-রাজকীয়সংস্কৃত-পাঠশালায়াং (গবর্ণমেণ্ট সংস্কৃত-কলেজে) জ্যোতিষাদি-শাস্ত্রাধ্যাপক, স্মৃতি-ব্যাকরণ-জ্যোতিস্তীর্থোপাধিক, শ্রীরাধাবল্লভ দেবশর্ম্ম বিরচিতে জাতকবল্লভে ভাবাধ্যায়ঃ ।

অথ নিষেকাধ্যায়ঃ

রজোযোগকথনম্

শীতাংশুঃ সলিলং কুজশ্চ রুধিরং পিত্তং হুতাশোঽপি বা
পিত্তেন ক্ষুভিতং প্রবর্ত্তত ইহ স্ত্রীণাং রজোমাসিকম্।
পত্ন্যানোপচয়ে কুজেক্ষিতবিধৌ পুংসোঽমরেজ্যেক্ষিতে
চন্দ্রে চোপচয়ে ভবেচ্চ যুবতী গর্ভান্বিতা নাতুরা ॥১॥ শা,বি

চন্দ্র জলের, মঙ্গল রক্ত, পিত্ত ও অগ্নির অধিপতি। পিত্তদ্বারা রক্ত ক্ষুভিত হওয়ায় স্ত্রীজনের মাসিক রজোনির্গত হইয়া থাকে। এজন্য চন্দ্র ও মঙ্গল মাসিক ঋতুর কারণ। রজোবিরতির (ঋতুর ৪ দিন) পর পত্নীর জন্মরাশি হইতে উপচয় ভিন্ন রাশিতে অর্থাৎ ১।২।৪।৫।৭।৮।৯।১২। রাশিতে চন্দ্র থাকিয়া মঙ্গল কর্তৃক দৃষ্ট হইলে এবং স্বামীর জন্মরাশি হইতে উপচয় স্থানে অর্থাৎ ৩।৬।১০।১১। রাশিতে চন্দ্র থাকিয়া বৃহস্পতি কর্তৃক দৃষ্ট হইলে এবং পতি বা পত্নীর বন্ধ্যাত্বাদি দোষ না থাকিলে তাহাদের সংযোগে পত্নী গর্ভ ধারণ করিয়া থাকে।

গর্ভধারণ-যোগকথনম্

সূর্য্যারেন্দুসিতা নিজাংশকগতা বা স্বাংশগৌ ভৃগ্বিনৌ
পুংসস্তূপচয়ে স্ত্রিয়া উপচয়ে বারোডুপৌ স্বাংশগৌ।
জীবো বা তনুকোণগো যদি তদা পুংসা স্ত্রিয়াঃ সংযুতৌ
যুনী সা ধৃতগর্ভিকা ভবতি চেদ্ বন্ধ্যৌ ন তৌ দম্পতী॥২॥ শা,বি

স্ত্রী ও স্বামীর সংযোগ সময়ে সূর্য্য, চন্দ্র, মঙ্গল, শুক্র ইহারা নিজ নিজ নবাংশে থাকিলে অথবা রবি ও শুক্র স্বামীর জন্ম রাশিহইতে উপচয়স্থানে থাকিয়া নিজ নিজ নবাংশগত হইলে অথবা চন্দ্র ও মঙ্গল স্ত্রীর জন্মরাশি হইতে উপচয় স্থানে নিজ নিজ নবাংশে থাকিলে অথবা সংযোগসময়ের লগ্নে বা লগ্নের পঞ্চমে বা নবমে বৃহস্পতি থাকিলে যুবতী গর্ভ ধারণ করিয়া থাকে। কিন্তু তাহাদের কেহ বন্ধ্যা থাকিলে, রজো ঘটিতপীড়া বা জরায়ুজ পীড়াদি থাকিলে গর্ভ হইবে না।

আধানকালাৎ প্রসব-কালজ্ঞানম্

আধানকালে চরভে বিলগ্নে
নারী-প্রসূতে নবমেঽথ মাসে।
লগ্নে স্থিরে বা দশমে চ মাসে
প্যেকাদশে দ্ব্যঙ্গগতে তু লগ্নে ॥৩॥ ই,ব

চররাশিতে আধানলগ্ন হইলে নবমমাসে, স্থিরলগ্নে দশমমাসে, দ্ব্যাত্মকলগ্নে একাদশমাসে নারী গর্ভপ্রসব করিয়া থাকে।

আধান রাশিতঃ প্রসব কালজ্ঞানম্

আধানকালে চরগে হিমাংশৌ
সপ্তাষ্টদোর্ভি র্দিবসৈঃ স্থিরে তু।
দ্বিনন্দনেত্রৈ র্দ্বিতনৌ চ ষড়্ভৈঃ
প্রসূয়তে রূপগজাক্ষিমৈর্বা ॥ ৪ ॥ উ,জা

আধানকালে চর রাশিতে চন্দ্র থাকিলে ২৮৭ দিনে, স্থির রাশিতে ২৯২ দিনে, দ্ব্যাত্মক রাশিতে চন্দ্র থাকিলে ২৭৬ দিনে ২৮১ দিনে গর্ভ প্রসব হয়।

প্রসবমাস নির্ণয়ঃ

নিষেক-লগ্নান্নবমে তৃতীয়ে
সুতেঽথবা বেশ্মনি সংস্থিতেঽর্কে।
প্রসূয়তে সা প্রমদা চ গর্ভং
জগুস্ত্বিদং দৈববিদঃ প্রবীণাঃ ॥ ৫ ॥ উ,ব

নিষেক লগ্ন হইতে তৃতীয়ে, পঞ্চমে বা নবমরাশিতে সূর্য্যের অবস্থান কালে গর্ভ প্রসব হয়।

প্রসব কালীন রাশি-লগ্নাদি জ্ঞানম্

শীতাংশো রবিভাগসম্মিতগৃহে শীতদ্যুতৌ সংস্থিতে
গর্ভস্থ প্রসবস্তথা তনুগতার্কাংশ-প্রমর্ক্ষে তনৌ।
আধানক্ষণত স্তনো র্দিননিশা দৈর্ঘ্যাদ্ দিবা বা নিশি
চেন্দো র্দ্বাদশভাগত স্তনুরথো লগ্নস্থ বা চন্দ্রমাঃ॥ ৬॥ শা,বি

আধানকালে রাশির যত দ্বাদশাংশে চন্দ্র অবস্থিত, রাশির তত সংখ্যা অন্তরে যে রাশি, দশম মাসে তাহাতে চন্দ্রের অবস্থান কালে গর্ভের প্রসব হয়। এইরূপে রাশির যত দ্বাদশাংশে আধানলগ্ন স্থিত, লগ্ন হইতে ততসংখ্যা অন্তরস্থিতরাশিতে প্রসবকালে লগ্ন হইবে। আধানলগ্ন দিনবলী অর্থাৎ শীর্ষোদয়লগ্ন হইলে দিবসে এবং রাত্রিবলী অর্থাৎ পৃষ্ঠোদয়লগ্ন হইলে রাত্রিতে প্রসব জানিবে। অথবা আধান কালের চন্দ্রের দ্বাদশাংশ ভাগ দ্বারা প্রসব কালীন লগ্নের এবং লগ্নের দ্বাদশাংশ ভাগ হইতে প্রসব কালীন চন্দ্রের অবস্থান জানিবে।

প্রসবকালাদাধান-কালজ্ঞানম্

আধানঘস্রাৎ খমহীধ্রনেত্রৈঃ প্রায়ো ভবেৎ সৌরদিনপ্রমাণৈঃ।
সূতিঃ শিশূনাং প্রসবাচ্চ পূর্ব্বং তাবদ্ভিরাধানমতঃ প্রকল্প্যম্॥ ৭॥ই,ব

নিষেকদিন হইতে ২৭০ সৌরদিন পরে গর্ভের প্রসব হয়। এজন্য প্রসব দিবস হইতে ২৭০ সৌরদিন পূর্ব্বে আধান দিন কল্পনা করিবে।

মতান্তরে নিষেক কালজ্ঞানম্

শুক্লোদ্ভবে স্পষ্টশশিপ্রমাণং কৃষ্ণে সষড়্ভেন্দু-সমানমেব।
আধানলগ্নং তনুতোঽপি চৈবং জ্ঞেয়ো হিমাংশুশ্চ নিষেককালঃ॥
৮॥ ই,ব

শুক্লপক্ষে প্রসব হইলে প্রসবকালীন স্ফুট চন্দ্রতুল্য এবং কৃষ্ণপক্ষে ৬ রাশি যুক্ত স্ফুট চন্দ্র তুল্য আধান লগ্ন হইবে। এইরূপে শুক্লপক্ষে জন্মলগ্ন তুল্য এবং কৃষ্ণপক্ষে ৬ রাশিযুক্ত জন্মলগ্নতুল্য আধান কালে চন্দ্র হইবে।

নিষেক চন্দ্রাজ্জন্মলগ্ন জ্ঞানম্

শুক্লে নিষেকে স্ফুটচন্দ্রতুল্যং
কৃষ্ণে তথা ভার্দ্ধযুতেন্দুতুল্যং।
ভবেৎ প্রসূতৌ স্ফুটলগ্নমেবং
লগ্নাদ্বিধুর্জ্ঞেয় ইতোঽপি কালঃ॥ ৯॥ উ,জা

শুক্লপক্ষে নিষেকহইলে তৎকালীনস্ফুটচন্দ্রতুল্য এবং কৃষ্ণপক্ষে নিষেক হইলে ৬রাশি যুক্ত তৎকালীন স্ফুট চন্দ্র তুল্য প্রসব কালের স্ফুটলগ্ন হইবে। এই

রূপে শুক্লে নিষেক সময়ের স্ফুটলগ্ন তুল্য এবং কৃষ্ণপক্ষে ৬ রাশি যুক্ত নিষেককালীন লগ্নতুল্য স্ফুট চন্দ্র হইবে। এই লগ্ন বা চন্দ্র হইতেও জন্ম সময় নির্ণীত হইতে পারে।

আধান কালাৎ প্রসব কালাদ্বা পুং স্ত্রী জন্ম জ্ঞানম্

আধানেঽপ্যথবা বিমুক্তিসময়েঽপ্যোজাংশগেশ্চোজগৈ-
বীর্য্যাঢ্যৈ স্তনু-চন্দ্র-জীব-দিনপৈঃ পুংজন্ম সন্তো জগুঃ।
যুগ্মর্ক্ষাংশগতৈ র্ভবেচ্চ রমণী জীবোষ্ণগূ বীর্য্যগা-
বোজে চেৎ পুরুষঃ কুজেন্দু-ভৃগুজা যুগ্মে সবীর্য্যাঃ স্মৃতাঃ॥ ১০॥ শা,বি

আধান কালে অথবা প্রসব কালে লগ্ন, চন্দ্র, সূর্য্য, বৃহস্পতি ইহারা বলবান হইয়া বিষম রাশিতে ও বিষম রাশির নবাংশে থাকিলে পুরুষ এবং সমরাশিতে ও সম রাশির নবাংশে থাকিলে কন্যা জন্মে। অথবা যে কোন নবাংশে থাকিয়া বলবান্ বৃহস্পতি ও রবি বিষম রাশিগত হইলে পুত্র এবং বলবান চন্দ্র, মঙ্গল, শুক্র ইহারা যে কোন নবাংশে থাকিয়া সম রাশি গত হইলে কন্যা জন্মে।

প্রকারান্তরেণ পুং স্ত্রী জন্ম জ্ঞানম্

ত্যক্ত্বা লগ্নগৃহং তনো র্বিষমগো মন্দঃ পুমাংসং তথা
যুগ্মে স্ত্রীং জনয়েদ্ বিলগ্নভবনাদ্‌যোগদ্বয়ে সম্ভবে।
বীর্য্যাদ্ যো দ্যুচরোঽধিকো ভবতি তদ্‌যোগাৎ পুমান্ বাঙ্গনা
সংবাচ্যঃ ফলদেশনাগমবিধৌ প্রাজ্ঞৈঃ সুধীকোবিদৈঃ॥ ১১॥ শা,বি

শনি লগ্ন ব্যতীত লগ্ন হইতে বিষম ভাব গত ৩। ৫। ৭। ৯। ১১। হইলে পুরুষ এবং সম ২। ৪। ৬। ৮। ১০। ১২। ভাবগত হইলে কন্যা জন্মে। যোগদ্বয়ে পুত্র ও কন্যা উভয়ের জন্ম সম্ভব হইলে যোগ কারক গ্রহদিগের মধ্যে যে অধিক বলবান্ তাহার নির্দিষ্ট পুত্র বা কন্যার জন্ম জানিবে।

প্রকারান্তরেণ পুংস্ত্রী জন্মজ্ঞানম্

আধানকালে পতিজন্মরাশে-
স্ত্বযুগ্মরাশিং প্রগতে খরাংশৌ।
পুত্রং তথা যুগ্মগতে চ কন্যাং
হোরাগমজ্ঞাঃ প্রজগুর্মুনীন্দ্রাঃ॥ ১৪॥ উ,জা

আধানকালে স্বামির জন্মরাশি হইতে বিষম রাশিতে রবি থাকিলে পুত্র এবং সম রাশিতে রবি থাকিলে কন্যা জন্মে। গর্ভিণীর জন্মরাশি হইতেও এইরূপে পুত্র কন্যা জানা যায়। বিভিন্ন মতস্থলে উভয়ের রবির বলাবল অনুসারে ফল জানিবে।

যমল-সন্তান-জন্ম কথনম্

জীবার্কেন্দু-ধরাজ-দৈত্যগুরবো দ্ব্যঙ্গেষথাংশেষু বা
জ্ঞেনাথ প্রবিলোকিতাশ্চ যমলৌ সূতে প্রসূতিস্তদা।
জীবার্কৌ বিষমাংশগৌ তু পুরুষৌ শেষাঃ সমাংশে স্ত্রিয়ৌ
নোচেৎ স্ত্রীপুরুষাবুভৌ নিগদিতৌ হোরাগমজ্ঞৈর্বুধৈঃ ॥১২॥ শা,বি

বৃহস্পতি, রবি, চন্দ্র, মঙ্গল, শুক্র, ইহারা দ্ব্যাত্মক রাশিতে বা দ্ব্যাত্মক রাশির নবাংশে থাকিয়া যে কোন রাশিতে অবস্থিত বুধদ্বারা দৃষ্ট হইলে যমল সন্তান জন্মে। তন্মধ্যে বিশেষ এই যে বৃহস্পতি ও রবি উভয়েই বিষমরাশির নবাংশে থাকিলে উভয় সন্তানই পুরুষ হইবে। শেষ গ্রহ অর্থাৎ, চন্দ্র, মঙ্গল, বুধ, শুক্র ইহারা সম রাশির নবাংশে থাকিলে উভয় সন্তানই কন্যা হইবে। কেহ বিষমনবাংশে কেহ সম নবাংশে থাকিলে ১ পুত্র ১ কন্যা জন্মে।

ষড়্বিধ ক্লীব জন্ম কথনম্

যুগ্মাযুগ্মগতৌ ক্রমাচ্ছশি-রবী চান্যোন্যদৃষ্টৌ তথা
মন্দজ্ঞৌ রবিভূমিজৌ যদিচ বা যুগ্মস্থ-বক্রেক্ষিতৌ।
লগ্নেন্দূ বিষমে সমাসমগতৌ ক্ষ্মাজেক্ষিতৌ গ্লৌবুধৌ
লগ্নেন্দুশনসোঽপ্যযুগ্মলবগাঃ ষট্ ক্লীবযোগা স্মৃতাঃ ॥১৩॥ শা,বি

আধানকালে বা জন্মসময়ে যুগ্মরাশিতে চন্দ্র, অযুগ্মরাশিতে রবি থাকিয়া পরস্পর দৃষ্ট হইলে অথবা যুগ্ম রাশিতে শনি, অযুগ্মরাশিতে বুধ থাকিয়া পরস্পর দৃষ্ট হইলে অথবা যুগ্ম রাশিতে রবি, অযুগ্মরাশিতে মঙ্গল থাকিয়া পরস্পর দৃষ্ট হইলে অথবা লগ্ন ও চন্দ্র বিষম রাশিগত হইয়া যুগ্মরাশিস্থ মঙ্গলদ্বারা দৃষ্ট হইলে অথবা যুগ্ম রাশিতে চন্দ্র, অযুগ্ম রাশিতে বুধ থাকিয়া যে কোন রাশিস্থ মঙ্গলদ্বারা দৃষ্ট হইলে অথবা লগ্ন, চন্দ্র ও শুক্র ইহারা যে কোন রাশিতে থাকিয়া বিষমরাশির নবাংশ গত হইলে এইছয় প্রকারে ক্লীব জন্মগ্রহণ করে।

দ্বিত্রি-সন্তান-জন্ম জ্ঞানম্।

ওজে লগ্ন-গুরু-জ্ঞ-ভূমিতনয়া যুগ্মে হিমাংশু ভৃগু-
যুর্গ্মে বা তনুশীতগূ নরখগৈর্দৃষ্টৌ সবীর্য্যাঃ সমে।
লগ্নেজ্যেন্দুজ-ভূমিজা হি মিথুনং কুর্য্যু দ্বিদেহাংশগা-
স্তে খেটাশ্চ তনুর্নিজাংশগ-বিদা দৃষ্টাস্তদা তু ত্রয়ম্॥ ১৫॥ শা,বি

লগ্ন, বৃহস্পতি, বুধ, মঙ্গল ইহারা বিষম রাশিতে এবং চন্দ্র ও শুক্রসম রাশিতে থাকিলে অথবা লগ্ন ও চন্দ্র সমরাশিতে থাকিয়া পুরুষ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে অথবা লগ্ন, বৃহস্পতি, বুধ, মঙ্গল ইহারা বলবান হইয়া সম রাশিতে থাকিলে যমজ সন্তান হয়। লগ্ন ও পূর্ব্বোক্ত বৃহস্পতি, বুধ, মঙ্গল ইহারা দ্ব্যাত্মকরাশির নবাংশগত হইয়া নিজ নবাংশগত বুধ দ্বারা দৃষ্ট হইলে তিনটি সন্তান জন্মে। বিশেষ এই যে ইহারা সকলেই দ্ব্যাত্মক রাশির পুরুষ নবাংশে (ধনু বা মীনের নবাংশে) থাকিলে তিনটি পুত্র, স্ত্রীনবাংশে (মিথুন ও কন্যার নবাংশে) থাকিলে তিনটি কন্যা, মিশ্রিত নবাংশে থাকিলে আধিক্যানুসারে ২ পুত্র ১ কন্যা বা ২ কন্যা ১ পুত্র জন্মে।

গর্ভস্থ মাসাধিপৈঃ পিত্রোরিষ্ট কথনম্

সূর্য্যেন্দ্বোঃ স্মরগৌ ধরাজ-রবিজৌ স্ত্রীপুংসয়োরোগদা-
বর্থদ্বাদশগৌ ক্রমান্মৃতিকরৌ বৈকেন দৃষ্টৌ তয়োঃ।
যোগেঽন্যেন পুনঃ স্বমাসি বলিনো মৃত্যুস্তয়ো র্মাসপাঃ
শুক্রারেজ্য-রবীন্দু-মন্দ-বিধুজা লগ্নেশ ইন্দূরবিঃ॥ ১৬॥ শা,বি

আধানকালে সূর্য্য হইতে সপ্তমে মঙ্গল ও শনি থাকিলে অথবা ইহাদের কেহ সূর্য্যের দ্বাদশে অপরে দ্বিতীয়ে থাকিলে অথবা শনি ও মঙ্গলের মধ্যে একটি দ্বারা সূর্য্য যুক্ত অপরটি দ্বারা দৃষ্ট হইলে, শনি ও মঙ্গলের মধ্যে যে বলবান্ সে যে মাসের অধিপতি সেই মাসে পিতার মৃত্যু হইবে। এইরূপ চন্দ্র হইতে সপ্তমাদিস্থানে শনি ও মঙ্গলের যোগাদি দ্বারা মাতার মৃত্যু জানিবে। শুক্র, মঙ্গল, বৃহস্পতি, রবি, চন্দ্র, শনি, বুধ, আধানলগ্নপতি, চন্দ্র, রবি, ইহারা প্রথম মাস হইতে দশম মাস পর্য্যন্ত যথাক্রমে মাসাধিপতি হইয়া থাকে।

গর্ভিণী মরণ জ্ঞানম্

রিপুফস্থেঽপ্যশুভে তনৌ চ শুভদৈশ্চাবীক্ষিতে স্ত্রীমৃতি-
র্লগ্নে মন্দচরে বলোন-বিধুনা দৃষ্টে ধরাজেন চ।

লগ্নেন্দ্বোঃ খলমধ্যয়ো শুভখগৈশ্চাদৃষ্টয়োর্বা ভবেদ্-
গর্ভিণ্যা মরণং শিশোরপি তথা জ্যোতির্বিদাং সম্মতম্ ॥ ১৭ ॥ শা,বি

আধানলগ্নের দ্বাদশস্থ পাপগ্রহ ও আধানলগ্ন শুভগ্রহদ্বারা দৃষ্ট না হইলে গর্ভিণীর মৃত্যু হয়। লগ্নস্থ শনি, ক্ষীণ চন্দ্র ও মঙ্গল দ্বারা দৃষ্ট হইলে অথবা লগ্ন ও চন্দ্র উভয়েই পাপমধ্যগত হইয়া শুভগ্রহকর্তৃক অদৃষ্ট হইলে গর্ভিণী ও শিশু উভয়েরই মৃত্যু হয়।

গর্ভিণী মৃত্যু-গর্ভস্রাব-যোগ কথনম্।

লগ্নাদ্বা হিমগোঃ খলে হিবুকগে মৃত্যৌ চ ভূনন্দনে
লগ্নাদম্বুগতে কুজেঽথ তরণৌ রিপ্ফে বিধৌ দুর্ব্বলে।
নারী গর্ভযুতা ম্রিয়েত যদি বা লগ্নে কুজেঽস্তে রবৌ
শস্ত্রান্মৃত্যুমিয়াম্নিপীড়ন-গতে মাসাধিপে বিচ্যুতিঃ ॥ ১৮ ॥ শা,বি

আধানলগ্নের বা চন্দ্রের চতুর্থে পাপগ্রহ ও অষ্টমে মঙ্গল থাকিলে অথবা লগ্নের চতুর্থে মঙ্গল, দ্বাদশে রবি ও চন্দ্র দুর্ব্বল হইলে গর্ভিণীর মৃত্যু হয়। মাসাধিপতি পরাজিত, ধূম কেতু প্রভৃতি দ্বারা আক্রান্ত হইলে মাসাধিপতির মাসে গর্ভস্রাব হয়।

বাহু হীনাদি যোগ কথনম্

দ্রেক্কাণে সুতভস্য গর্ভসময়ে যুক্তে ধরাজেন চেদ্-
দৃষ্টে চাপি দিনেশ-চন্দ্র-শনিভিঃ স্যাদ্ধীন-বাহুঃ শিশুঃ
দ্রেক্কাণে নবমস্য ভস্য তু তথা বালোঽপ্যনঙ্ঘ্রি ভবেৎ
স্বীয়াংশে মকরোদয়েঽজ-রবিজার্কৈ রীক্ষিতে বামনঃ ॥ ১৯ ॥ শা,বি

দ্বিতীয় দ্রেক্কাণে আধান লগ্ন, তাহাতে মঙ্গলের যোগ এবং রবি, চন্দ্র ও শনির দৃষ্টি থাকিলে জাত শিশু বাহুহীন হয়। তৃতীয়দ্রেক্কাণে আধান হইলে আধান লগ্নে মঙ্গলের যোগ এবং রবি, চন্দ্র ও শনির দৃষ্টি থাকিলে পদহীন হয়। মকরের নবাংশে মকর লগ্নে আধান এবং তাহাতে রবি, চন্দ্র ও শনির দৃষ্টি থাকিলে খর্ব্বাকৃতি হয়।

বৈকল্যাদি-যোগকথনম্

পঞ্চাস্যোদয়গে রবৌ চ হিমগৌ মন্দাবনীজেক্ষিতে
অন্ধঃ স্যাদ্বুদ্ভূপে উভাক্ষি-বিকলং বামং রবৌ দক্ষিণম্।

রিপ্ফে কেবল-পাপ-বীক্ষিত ইনে দক্ষং চ বামং বিধৌ
সিংহর্ক্ষে শুভপাপ-দৃষ্টি-গমিতে স্যাদ্ বুদ্বুদাক্ষো নরঃ॥ ২০ ॥ শা,বি

রবি ও চন্দ্র উভয়ে সিংহ লগ্নে থাকিয়া শনি ও মঙ্গল দ্বারা দৃষ্ট হইলে উভয় চক্ষু বিকল হয়। কেবল রবি সিংহে থাকিয়া শনি ও মঙ্গল দ্বারা দৃষ্ট হইলে দক্ষিণচক্ষু এবং কেবল সিংহস্থ চন্দ্র এইরূপ হইলে বাম চক্ষু বিকল হয়। শুভগ্রহের দৃষ্টি রহিত কেবল পাপদ্বারা দৃষ্ট রবি যে কোন লগ্নের দ্বাদশে থাকিলে দক্ষিণ চক্ষু এবং এইরূপ চন্দ্র থাকিলে বাম চক্ষু বিকল হয়। শুভাশুভ উভয় বিধ গ্রহের দৃষ্টিতে বুদ্বুদাক্ষি বিশিষ্ট হয়।

সদন্ত-কুব্জাদি জন্ম জ্ঞানম্।

মন্দারৌ বুধভাগগাবথ বুধর্ক্ষস্থৌ সদন্তো ভবেৎ
কুব্জঃ স্বীয়গৃহে তনৌ শনি-মহীসূনুপ্রদৃষ্টে বিধৌ।
পঙ্গুর্মীনগতে শনৈশ্চর-কুজেন্দু-প্রেক্ষিতে বোদয়ে
পাপাঃ শীতকরশ্চ কর্ক্যলিঝষান্ত্যাংশস্থিতাশ্চেজ্জড়ঃ॥ ২১ ॥শা,বি

আধানকালে শনি ও মঙ্গল উভয়ে বুধের ক্ষেত্রে বা নবাংশে থাকিলে দন্তের সহিত বালকের জন্ম হয়। কর্কটলগ্নে চন্দ্র থাকিয়া শনি ও মঙ্গল দ্বারা দৃষ্ট লইলে জাতশিশু কুব্জ হয়। মীন লগ্নে আধান হইলে এবং তাহাতে শনি, চন্দ্র ও মঙ্গলের দৃষ্টি থাকিলে পঙ্গু হয়। কর্কট বৃশ্চিক বা মীন লগ্নের শেষনবাংশে চন্দ্র ও পাপগ্রহগণ থাকিলে জড় বুদ্ধি হয়।

অথ শিশুরিষ্টাধ্যায়ঃ।

তত্রাদৌ রবিরিষ্টম্।

খলখগা নবপঞ্চমকেন্দ্রগাঃ
শুভখগা অপি চেৎ ত্রিকসংস্থিতাঃ।
দিনমণৌ তনুগেহপ্যথবোদ্যতি
দিনপতেস্তনয়স্য গৃহং ব্রজেৎ ॥ ১ ॥ দ্রু,বি

পাপগ্রহগণ পঞ্চম, নবম বা কেন্দ্রে ও শুভগ্রহগণ ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশে থাকিলে, সূর্য্যের উদয়কালে বা সূর্য্যাবস্থিতরাশিতে লগ্ন হইলে জাতবালক যমালয় গমন করে।

চন্দ্র রিষ্টম্

রিপৌ মৃতৌ বা হিমগুঃ খলেক্ষিতঃ
সদ্যোবিনষ্টং প্রকরোতি জাতকম্।
বর্ষাষ্টকৈঃ সদ্ভিরথেক্ষিতো যুতো-
র্মিশ্রৈস্তথা বর্ষচতুষ্টয়েন চ ॥ ২ ॥ উ,জ্রা

ষষ্ঠে বা অষ্টমে পাপদৃষ্ট চন্দ্র থাকিলে সদ্যই বালকের মৃত্যুহয়। উক্ত চন্দ্রে কেবল শুভগ্রহের যোগ বা দৃষ্টিতে ৮ বর্ষে এবং শুভাশুভগ্রহের যোগ বা দৃষ্টিতে ৪ বর্ষে বালকের মৃত্যু হয়।

পাপযুক্ত চন্দ্র রিষ্টম্

কোণান্ত্য-কামাষ্টম-লগ্নগেন্দুঃ
পাপেন যুক্তঃ শুভদৈরদৃষ্টঃ।
কেন্দ্রং যদা সৌম্যবিবর্জ্জিতং স্যাৎ
সদ্যস্তদা নাশমুপৈতি বালঃ ॥ ৩ ॥ ই,ব

চন্দ্র পাপযুক্ত হইয়া নবম, পঞ্চম, দ্বাদশ, সপ্তম, অষ্টম বা লগ্নে থাকিলে এবং চন্দ্রের প্রতি শুভগ্রহের দৃষ্টি বা কেন্দ্রে শুভগ্রহ না থাকিলে বালক শীঘ্র বিনষ্ট হয়।

ক্ষীণ-চন্দ্র-পাপমধ্যগ-চন্দ্ররিষ্টম্।

ক্ষীণঃ শশাঙ্ক স্তনুগোঽপি মৃত্যৌ
কেন্দ্রেঽথ পাপেষুচ বালমৃত্যুঃ।
পাপান্তরালে হিমগৌ হ্যনস্থে
বন্ধৌ মৃতৌ বা মরণং শিশোঃ স্যাৎ॥ ৪॥ ই,ব

ক্ষীণচন্দ্র লগ্নগত এবং অষ্টমে বা কেন্দ্রে পাপগ্রহ গণ অবস্থিত হইলে অথবা চন্দ্র পাপ মধ্যগত হইয়া সপ্তম, চতুর্থ বা অষ্টমস্থ হইলে বালকের মৃত্যু হয়।

মেষাদ্যংশগ-চন্দ্র রিষ্টম্।

নাগৈর্গোভিঃ সিদ্ধৈকৈর্বাহুনেত্রৈ-
র্বাণৈশ্চন্দ্রেণৈব বেদৈস্ত্রিপক্ষৈঃ।
ব্যাল-ক্ষ্মাভিঃ শূন্যপক্ষৈঃ কুনেত্রৈ-
র্দিগ্‌ভির্বর্ষৈ মৃত্যুরিন্দোশ্চ ভাগৈঃ॥ ৫॥ ই,ব

মেষের ৮ অংশে, বৃষের ৯ মিথুনের ২৪ কর্কটের ২২ সিংহের ৫ কন্যার ১ তুলার ৪ বৃশ্চিকের ২৩ ধনুর ১৮ মকরের ২০ কুম্ভের ২১ বা মীনের ১০ অংশে চন্দ্র থাকিলে অংশমিত বর্ষে বালকের মৃত্যু হয়।

বিবিধ ক্ষীণ চন্দ্র রিষ্টম্

ক্ষীণতনৌ শীতকরে ভার্গব-সংপ্রেক্ষিতকে।
পাপযুতে স্বল্পদিনৈ-র্মৃত্যুমিয়ান্মানবকঃ॥ ৬॥ মা,ব

ক্ষীণচন্দ্র যে কোনভাবে থাকিয়া শুক্র দৃষ্ট ও পাপযুক্ত হইলে শীঘ্র বালকের মৃত্যু হয়।

কর্কি-বৃষাজেতরগে লগ্নগতে ক্ষীণবিধৌ।
ঈক্ষিতকে পাপখগৈ-রাশু শিশু র্মৃত্যুমিয়াৎ॥ ৭॥ মা,ব

মেষ, বৃষ, কর্কট ভিন্ন অন্য লগ্নে অবস্থিত ক্ষীণ চন্দ্র পাপদৃষ্ট হইলে শীঘ্র বালকের মৃত্যু ঘটে।

তনুগতে ধরণীতনয়ে তথা
হিমকরে বিবলে কুজবাসরে।

যদি জনিস্তনুপো নতু কেন্দ্রগো-

মরণমাশু লভেত হি বালকঃ ॥ ৮ ॥ দ্রু,বি

মঙ্গলবারে জন্ম, লগ্নে মঙ্গল, যে কোন ভাবে অবস্থিত চন্দ্রক্ষীণ, লগ্নপতি কেন্দ্র গত নহে ইহাতে বালক শীঘ্র মৃত্যু মুখে পতিত হয়।

ব্যয়গতো বিবলঃ শশলাঞ্ছনো-

নতু চতুষ্টয়গঃ শুভখেচরঃ।

তনুগতৈরপি চেন্মৃতিগৈঃ খলৈ-

র্মৃতিমিয়াদচিরং সচ বালকঃ ॥ ৯ ॥ দ্রু,বি

ক্ষীণচন্দ্র দ্বাদশে, কেন্দ্রস্থান শুভগ্রহহীন, লগ্ন ও অষ্টমে পাপগ্রহ থাকিলে বালক শীঘ্র বিনষ্ট হয়।

তনুগেহে রবিজো বিবলো বিধু-

র্নতু কেন্দ্রগতস্তনুনায়কঃ।

অপি দেবগণৈঃ পরিরক্ষিতঃ

শনিবাসরজোম্রিয়তে শিশুঃ ॥ ১০ ॥ উ,চি

লগ্নে শনি, চন্দ্র দুর্ব্বল, লগ্নপতি কেন্দ্রে অবস্থিত নহে, শনিবাসরে জন্ম ইহাতে জাতকের মৃত্যু হয়।

সমন্দগঃ কুজো মদে রিপৌ বধেঽপি বা তনৌ।

স্থিতো নবীক্ষিতঃ শুভৈঃ করোতি বালকং ব্যসুম্ ॥ ১১ ॥ প্র,নি

শনি যুক্ত মঙ্গল লগ্নে, ষষ্ঠে, সপ্তমে বা অষ্টমে থাকিয়া শুভদৃষ্ট না হইলে শিশুর মৃত্যু হয়।

বুধরিষ্টম্।

কুলীরগে বিধোঃ সুতে বিনাশভেঽথবা রিপৌ।

হিমাংশুনেক্ষিতে মৃতি- শ্চতুর্ভিরেব বৎসরৈঃ ॥ ১২ ॥ প্র,নি

বুধ কর্কটে থাকিয়া ষষ্ঠ বা অষ্টম ভাবগত এবং চন্দ্র দ্বারা দৃষ্ট হইলে ৪ বৎসরে মৃত্যু হয়।

গুরুরিষ্টম্

রবীন্দু-ভৌম-মন্দগেক্ষিতে ন ভার্গবেক্ষিতে

মৃতৌ কুজর্ক্ষগে গুরৌ শিশো র্মৃতি স্ত্রিহায়নৈঃ ॥ ১৩ ॥ প্র,ণি

বৃহস্পতি অষ্টম ভাবে মঙ্গলের ক্ষেত্রে অবস্থিত হইয়া রবি, চন্দ্র, মঙ্গল ও শনি দ্বারা দৃষ্ট কিন্তু শুক্রদ্বারা দৃষ্ট না হইলে ৩ বৎসরে শিশুর মৃত্যু হয়।

শুক্র রিষ্টম

রবীন্দুধামগে ভৃগৌ-ত্রিকস্থিতে খলেক্ষিতে।

রসৈশ্চ হায়নৈঃ শিশু-র্যমালয়ং গতো ভবেৎ ॥ ১ ॥ প্র,ণি

রবি বা চন্দ্রের ক্ষেত্রে ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশ ভাবস্থ শুক্র পাপদৃষ্ট হইলে ৬ বৎসরে বালকের মৃত্যু ঘটে।

শনিরিষ্টম্

শুক্র-জ্ঞ-জীব স্বগৃহেতরত্র

বর্ষেণ মৃত্যুস্তনুগে শনৌ স্যাৎ।

মাসেন চেৎ পাপসমন্বিতে তু

পাপেক্ষিতে ষোড়শভি র্দিনৈশ্চ ॥ ১৫ ॥ ই,ব

শুক্র, বুধ, বৃহস্পতির ক্ষেত্র বা নিজ ক্ষেত্র ব্যতীত অন্যত্র লগ্নে শনি থাকিলে ১ বর্ষ মধ্যে বালকের মৃত্যু হয়। তথাবিধ লগ্নস্থ শনি পাপযুক্ত হইলে ১ মাসে এবং পাপদৃষ্ট হইলে ১৬ দিন মধ্যে বালকের মৃত্যু হয়।

রাহু রিষ্টম্।

চতুষ্টয়স্থো যদি জন্মকালে

দৈত্যাধিপঃ পাপখগ-প্রদৃষ্টঃ।

শিশোঃ সমানাং দশকৈঃ প্রণাশং

কেচিৎ তথা ষোড়শকৈ র্বদন্তি ॥ ১৬ ॥ উ,জা

জন্মকালে রাহু পাপদৃষ্ট হইয়া কেন্দ্র গত হইলে কেহ বলেন ১০ বর্ষে কেহ বলেন ১৬ বর্ষে বালকের মৃত্যু ঘটে।

কেতুরিষ্টম্।

কেতুস্থিতর্ক্ষে জননং যদি স্যাৎ
রৌদ্রে তথা সর্পমুহূর্ত্তকালে।
বাল-প্রণাশো ভবতীতি শীঘ্রম্
হোরাগমজ্ঞা ব্রুবতে মুনীন্দ্রাঃ॥ ১৭॥ ই,ব

যে নক্ষত্রে কেতু অবস্থিত সেই নক্ষত্রে, রৌদ্র মুহূর্ত্ত বা সর্পমুহূর্ত্ত সময়ে জাত বালকের শীঘ্র মৃত্যু হয়।

বিবিধ শিশু রিষ্টম্

রাহুঃ কুলীরে শশিনা সমেতঃ
সিংহেঽথবা ভাস্কর সংযুতশ্চেৎ।
লগ্নঞ্চ মন্দাবনিজ-প্রদৃষ্টং
পক্ষেণ বালো মরণং প্রয়াতি॥ ১৮॥ ই,ব

রাহু কর্কটে থাকিয়া চন্দ্র যুক্ত বা সিংহে থাকিয়া রবিযুক্ত হইলে এবং লগ্নে শনি ও মঙ্গলের দৃষ্টি থাকিলে ১৫ দিন মধ্যে বালকের মৃত্যু হয়।

লগ্নে শনৌ মৃত্যুগতে শশাঙ্কে
জীবে তৃতীয়ে মরণং শিশোঃ স্যাৎ।
শত্রৌ হিমাংশৌ দ্যূনগে মহীজে
ধর্ম্মেঽর্কসূনৌ ম্রিয়তে জনন্যা॥ ১৯॥ ই,ব

লগ্নে শনি, অষ্টমে চন্দ্র, তৃতীয়ে বৃহস্পতি থাকিলে বালকের মৃত্যু হয়। ষষ্ঠে চন্দ্র, সপ্তমে মঙ্গল, নবমে শনি থাকিলে মাতার সহিত বালকেব মৃত্যু হয়।

ধর্ম্মে খরাংশুর্ম্মদনে শনিশ্চে-
ন্মাসেন মৃত্যুঃ সচিবৌ ভবস্থৌ।
লগ্নে যমারৌ সুতগো হিমাংশু-
র্মাসং ন জীবেদ্ ব্যয়গো বুধশ্চেৎ॥ ২০॥ ই,ব

নবমে সূর্য্য, সপ্তমে শনি, একাদশে বৃহস্পতি ও শুক্র থাকিলে অথবা লগ্নে শনি ও মঙ্গল, পঞ্চমে চন্দ্র, দ্বাদশে বুধ থাকিলে ১ মাস মধ্যে বালকের মৃত্যু হয়।

লগ্নে যমারৌ মৃতিগো নিশাকরো-
জীবোঽষ্টমে বা রিপুগো বাস্নুস্তদা।
শত্রৌ যদা বা সবিধু র্দিবাকরো-
মাসেন বালো ম্রিয়তে নচান্যথা ॥ ২১ ॥ ই,বং

লগ্নে শনি ও মঙ্গল, অষ্টমে চন্দ্র, ষষ্ঠে বা অষ্টমে বৃহস্পতি থাকিলে শীঘ্র বালকের মৃত্যু হয়। ষষ্ঠে রবি ও চন্দ্র থাকিলে ১ মাসে বালকের মৃত্যু হয় ॥

পাপো মৃতৌ সোমসুতশ্চ রিপ্ফে
শীঘ্রং তদা যাতি শিশু র্যমাস্যম্।
ষষ্ঠেঽষ্টমেঽজো মদনে চ মন্দঃ
পিত্রো র্বিনাশো ম্রিয়তে শিশুশ্চ ॥ ২২ ॥ ই,ব

অষ্টমে পাপ, দ্বাদশে বুধ থাকিলে শীঘ্র শিশুর মৃত্যু হয়। ষষ্ঠে বা অষ্টমে চন্দ্র, সপ্তমে শনি থাকিলে পিতা মাতা ও বালকের মৃত্যু হয়।

লগ্নং যদি স্যাৎ শুভখেচরর্ক্ষে
মৃতৌ হিমাংশু র্হিবুকে শনিশ্চ।
মাসদ্বয়েনৈব কৃতান্তগেহং
প্রয়াতি বালো নতু সংশয়োঽত্র ॥ ২৩ ॥ উ,জা

যদি শুভগ্রহের ক্ষেত্রে লগ্ন হয় তথাপি অষ্টমে চন্দ্র ও চতুর্থে শনি থাকিলে মাসের মধ্যে শিশুর মৃত্যু হয়।

মন্দার্ক-শুক্রা যদি লগ্নসংস্থা-
রিপ্ফস্থিতো দেবপুরোহিতশ্চ।
মাসৈস্তদা পঞ্চভিরেব বালো-
মৃত্যুং প্রয়াতীতি গদন্তি তজ্জ্ঞাঃ ॥ ২৪ ॥ ই,ব

লগ্নে রবি, শুক্র ও শনি; দ্বাদশে বৃহস্পতি থাকিলে ৫ মাসমধ্যে শিশুর মৃত্যু হয়।

লগ্নে দিনেশে মদনে ধরাজে
কেন্দ্রে শনৌ জীবতি নৈব মাসম্।

লগ্নে শনৌ বা নিধনে মৃগাঙ্কে
রিপ্ফে সুরেজ্যে ম্রিয়তেঽচ শীঘ্রম্॥ ২৫ ॥ ই,ব

লগ্নে রবি, সপ্তমে মঙ্গল ও কেন্দ্রে শনি থাকিলে ১ মাসও জীবিত থাকে না। লগ্নে শনি, অষ্টমে চন্দ্র, দ্বাদশে বৃহস্পতি থাকিলে শীঘ্র বালকের মৃত্যু হয়।

বিলগ্নগৌ মন্দগ-শীতরশ্মী
রিপ্ফস্থিতৌ ভানু-ধরাপ্রসূতৌ।
শুভৈর্ন লগ্নং প্রবিলোকিতং চেদ্-
যমালয়ং গচ্ছতি চাশুবালঃ॥ ২৬ ॥ উ,জা

লগ্নে চন্দ্র ও শনি, দ্বাদশে সূর্য্য ও মঙ্গল এবং লগ্নে শুভগ্রহের দৃষ্টি না থাকিলে শীঘ্র মৃত্যু হয়।

রিপ্ফে শনৌ লগ্নগতে চ ভৌমে
রাহৌ চতুর্থে মৃতিরষ্টমাসৈঃ।
লগ্নে খলা রিপ্ফগতাশ্চ সৌম্যাঃ
কুর্ব্বন্তি বালস্য বিনাশ মাশু॥ ২৭ ॥ ই,ব

দ্বাদশে শনি, লগ্নে মঙ্গল, চতুর্থে রাহু থাকিলে ৮ মাসে মৃত্যু হয়। লগ্নে বহু পাপ, দ্বাদশে বহুশুভ গ্রহ থাকিলে শীঘ্র মৃত্যু হয়।

চতুর্ষু কেন্দ্রেষু গতা হি পাপাঃ
সর্ব্বে খলা শেষ-নবাংশ-সংস্থাঃ।
সন্ধ্যাদ্বয়ে স্যাদ্ যদি চন্দ্রহোরা
জাতস্তদা যাতি কৃতান্তগেহম্॥ ২৮ ॥ উ,জা

উভয়সন্ধ্যাকাল, সকল পাপগ্রহ অবস্থিতরাশির শেষনবাংশগত, চন্দ্রের হোরা, চারিটি কেন্দ্রেই পাপগ্রহ, এরূপ সময়ে জাত বালক শীঘ্র মৃত্যুমুখে পতিত হয়।

কীটাদ্ বিলগ্নাদ্ যদি পূর্ব্বষট্‌স্থ
পাপেষু সৌম্যেষ্বপরেষু ভেষু।
পাপান্তরে দ্যূন গৃহে তনৌ চ
জাতস্তদা নাশ মুপৈতি শীঘ্রম্॥ ২৯ ॥ ই,ব

কর্কট বা বৃশ্চিক লগ্নে জন্ম, লগ্ন হইতে প্রথম ৬ রাশিতে পাপগ্রহ, দ্বিতীয় ৬ রাশিতে শুভগ্রহ, লগ্ন ও সপ্তম পাপমধ্য গত হইলে শীঘ্র বালকের বিনাশ ঘটে।

বিলগ্নকামৌ যদি পাপযুক্তৌ
পাপেন যুক্তোঽপি চ শীতরশ্মিঃ।
ন বীক্ষিতো যদ্যপি সৌম্যখেটৈ-
র্জাতস্তদা শীঘ্রমুপৈতি মৃত্যুম্ ॥ ৩০ ॥ উ,জা

লগ্নে ও সপ্তমে পাপগ্রহ, চন্দ্র পাপযুক্ত হইয়া শুভদৃষ্ট না হইলে শীঘ্র শিশুর মৃত্যু হয়।

লগ্নস্থ-চন্দ্রাৎ সবলৈঃ শুভগ্রহৈ-
রবীক্ষিতাচ্চেন্নিধনে দ্যুনেঽপি চ।
খলেষু সংস্থেষু সমাতৃবালকঃ
সদ্যঃ কৃতান্তস্য গৃহং প্রয়াতি সঃ ॥ ৩১ ॥ উ,জা

শুভগ্রহের দৃষ্টিবর্জ্জিতলগ্নস্থচন্দ্রহইতে সপ্তমে ও অষ্টমে পাপগ্রহগণের অবস্থিতি হইলে শীঘ্র মাতা ও বালকের বিনাশ হয়।

অন্ত্যে নবাংশে শুভদৈরদৃষ্টে
চন্দ্রে তথা কোণগতৈশ্চ পাপৈঃ।
শীতাংশু-লগ্ন-দ্যুনগৈশ্চ পাপৈ-
র্মৃত্যুঃ শিশোঃ বাবিহিতো বিধিজ্ঞৈঃ ॥ ৩২ ॥ ই,ব

চন্দ্র শুভগ্রহ দৃষ্ট না হইয়া শেষনবাংশে এবং পাপগ্রহগণ কোণগত হইলে অথবা লগ্নে, চন্দ্রে ও সপ্তমে পাপগ্রহ থাকিলে শিশুর মৃত্যু হয়।

গ্রস্তে চন্দ্রে মন্দেনাঢ্যে মৃত্যৌ ভৌমে সাম্বোবালঃ।
মৃত্যুং যায়াল্লগ্নে ভানৌ শস্ত্রাত্তু স্যান্মৃত্যুঃ শীঘ্রম্॥ ৩৩ ॥ বি,মা

শনিযুক্ত মঙ্গল অষ্টমে থাকিলে, চন্দ্রগ্রহণ সময়ে জাত শিশু মাতার সহিত মৃত্যু মুখে পতিত হয়। এই সময়ে রবি লগ্নগত হইলে শস্ত্রাঘাতে প্রসবকালে মাতা ও বালকের মৃত্যু হয়।

পাপাঃ কোণে মৃত্যৌ বা চেল্লগ্নে সূর্য্যশ্চন্দ্রো বা স্যাৎ।
নো দৃষ্টো বা যুক্তঃ সৌম্যৈ-বীর্য্যোপেতৈ নশ্যেদ্বালঃ ॥ ৩৪ ॥ বি,মা

লগ্নস্থিত সূর্য্য বা চন্দ্র বলবান্ শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হইলে এবং পাপগ্রহ গণ নবমে পঞ্চমে বা অষ্টমে অবস্থিত হইলে বালকের বিনাশ হয়।

লগ্নে চন্দ্রো মৃত্যৌ ভৌমো রিপ্ফে মন্দো ধর্ম্মে সূর্য্যঃ।
বীর্য্যাঢ্যোনেজ্যোনাদৃষ্টা স্তে চেন্মৃত্যুং গচ্ছেদ্বালঃ॥ ৩৫ ॥ বি,মা

লগ্নে চন্দ্র, অষ্টমে মঙ্গল, দ্বাদশে শনি, নবমে সূর্য্য থাকিয়া তাহারা বলবান্ বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট না হইলে বালক বিনষ্ট হয়।

খলখগান্তরগে মদনেঽথবা
তনুগৃহেঽপ্যথবা ত্রিক-বিত্তগৈঃ।
খলখগৈরুত বা তনুপে জিতে
স্মরগতে মরণং লভতে শিশুঃ॥ ৩৬ ॥ ক্রু,বি

লগ্ন বা সপ্তম স্থান পাপমধ্যগত হইলে অথবা ষষ্ঠ, অষ্টম, দ্বাদশ ও দ্বিতীয়ে পাপ-গ্রহ থাকিলে অথবা লগ্নপতি পাপগ্রহ কর্ত্তৃক পরাজিত হইয়া সপ্তমে থাকিলে বালকের মৃত্যু ঘটে।

মন্দার-চন্দ্রাস্তনুগাঃ শুভে রবি-
র্লগ্নং নদৃষ্টং গুরুণা মৃতি স্তদা।
মন্দাগু-চন্দ্রাস্তনুগা ব্যয়স্থিতৌ
সূর্য্যাবনীজৌ যদি বা মৃতিঃ শিশোঃ॥ ৩৭ ॥ ই,বং

লগ্নে শনি, মঙ্গল ও চন্দ্র; নবমে রবি; লগ্ন গুরুদৃষ্টিবর্জ্জিত হইলে অথবা লগ্নে শনি, রাহু ও চন্দ্র; দ্বাদশে রবি ও মঙ্গল থাকিলে শিশুর মৃত্যু হয়।

প্রতিপদ্যুত্তরাষাঢ়া নবমাং যদি কৃত্তিকা।
পূর্ব্বভাদ্রপদাষ্টম্যামেকাদশ্যাঞ্চ রোহিণী॥
দ্বাদশ্যাঞ্চ যদাশ্লেষা ত্রয়োদশ্যাং তথা মঘা।
এষামেকতমে যোগে জাতো মৃত্যুমবাপ্নুয়াৎ॥ ৩৮ ॥ অনু

প্রতিপদে উত্তরাষাঢ়া, নবমীতে কৃত্তিকা, অষ্টমীতে পূর্ব্বভাদ্রপদ, একাদশীতে রোহিণী, দ্বাদশীতে অশ্লেষা, ত্রয়োদশীতে মঘা, এই ৬ প্রকার যোগের কোন যোগে জন্মিলে বালকের মৃত্যু হয়।

ষষ্ঠে কিংবা মৃত্যৌ চন্দ্রে বন্ধৌ রাহুশ্চন্মৃত্যুঃ স্যাৎ।
কর্কে বালৌ খস্থে ভানৌ পাপৈ র্দৃষ্টে মৃত্যুঃ শীঘ্রম্ ॥৩৯॥ বি,মা

ষষ্ঠে বা অষ্টমে চন্দ্র ও চতুর্থে রাহু থাকিলে অথবা কর্কট বা বৃশ্চিকে দশমস্থ সূর্য্য বহু পাপদ্বারা দৃষ্ট হইলে শীঘ্র মৃত্যু হয়।

লগ্নাস্ত-রন্ধ্রেষু খলা মৃগাঙ্কঃ
ক্ষীণো ব্যয়স্থঃ শুভহীনকেন্দ্রম্।
ধর্ম্মেঽথবার্কোঽষ্টমগো দিতীজ্যঃ
কামে চ ভৌমো মরণং তদা স্যাৎ॥৪০॥ ই,ব

লগ্ন, সপ্তম ও অষ্টমে পাপ; ক্ষীণ চন্দ্র ব্যয়স্থ, কেন্দ্র শুভ হীন হইলে অথবা নবমে রবি, অষ্টমে শুক্র, সপ্তমে মঙ্গল থাকিলে বালকের মৃত্যু হয়।

স্মরগতস্তনুপঃ খলসংযুতঃ
খলখগা মৃতিগা অথ কেন্দ্রগাঃ।
উদয়গো হিমগু র্যদি দুর্ব্বলো-
বিনশনং লভতে শিশুরেব বৈ ॥৪১॥ দ্রু,বি

লগ্নপতি পাপযুক্ত হইয়া সপ্তমে, পাপগ্রহগণ কেন্দ্রে বা অষ্টমে, দুর্ব্বলচন্দ্র লগ্নে থাকিলে শিশুর মৃত্যু হয়।

পাপক্ষেত্রে লগ্নং পাপঃ পাতালস্থঃ খস্থোঽপি স্যাৎ।
মৃত্যৌ বাগুঃ কেন্দ্রে চন্দ্রো নীচর্ক্ষস্থো মৃত্যুঃ সদ্যঃ ॥৪২॥ বি,মা

পাপক্ষেত্রে লগ্ন, চতুর্থ ও দশমে পাপগ্রহ থাকিলে অথবা অষ্টমে রাহু ও নীচস্থ চন্দ্র কেন্দ্রে থাকিলে শীঘ্র বালকের মৃত্যু হয়।

মৃত্যুস্থিতজ্ঞঃ ক্ষিতিসূনুরাশৌ
সূর্য্যেন্দু-ভৌমার্কজ-সংপ্রদৃষ্টঃ।
ন প্রেক্ষিতো দৈত্যপুরোধসা চেদ্-
বালঃ কৃতান্তস্য গৃহং প্রয়াতি ॥ ৪৩ ॥ ই,ব

মঙ্গলের ক্ষেত্রে অষ্টমে বুধ থাকিয়া রবি, চন্দ্র, মঙ্গল ও শনিদ্বারা দৃষ্ট কিন্তু শুক্রদ্বারা দৃষ্ট না হইলে শিশুর মৃত্যু ঘটে।

দশমগো দিনপঃ কুজধামগো-
মৃত্যুগতেরথবা ভবনং গতঃ।
যদি সমীক্ষিত এব খলৈঃ খগৈ-
রচিরমেতি মৃতিং সহি বালকঃ॥ ৪৪ ॥ ক্র,বি

মঙ্গল বা শনির ক্ষেত্রে দশমস্থ রবি বহুপাপ কর্ত্তৃক দৃষ্ট হইলে শীঘ্র বালকের মৃত্যু হয়।

পাপা লগ্নে মৃত্যৌ বা চেৎ ক্ষীণোঽপীন্দূ রিপ্ ফং যাতঃ।
নোচেৎ সৌম্যঃ কেন্দ্রস্থঃ স্যান্নূনং বালো মৃত্যুং গচ্ছেৎ ॥৪৫॥ বি,মা

পাপগ্রহগণ লগ্নে বা অষ্টমে, ক্ষীণ চন্দ্র দ্বাদশে, কেন্দ্র শুভ হীন হইলে বালকের মৃত্যু হয়।

অলিগতো হ্যুদয়োঽপ্যথ কর্কিগঃ
প্রথমকে ভদলে খলখেচরাঃ।
ভদলকে চরমে শুভদাস্তনো-
র্মৃতিমুপৈতি শিশু র্ধ্রুবমেবহি ॥ ৪৬॥ ক্র,বি

বৃশ্চিক বা কর্কট জন্মলগ্ন হইতে প্রথম ৬ রাশিতে পাপগ্রহ ও দ্বিতীয় ৬ রাশিতে শুভগ্রহের অবস্থান হইলে শিশুর মৃত্যু হয়।

রবিসুতে সকুজে তনুগেহগে
স্মরগতে দিনপে মরণং শিশোঃ।
শনি-কুজান্যতরেণ যুতে বিধৌ
তনুগতে মদগে চ রবৌ মৃতিঃ ॥ ৪৭ ॥ ক্র,বি

মঙ্গল যুক্ত শনি লগ্নস্থ, সূর্য্য সপ্তমস্থ হইলে অথবা শনি বা মঙ্গলের সহিত সংযুক্ত চন্দ্র লগ্ন গত, এবং সপ্তমে রবি থাকিলে বালকের মৃত্যু হয়।

দ্যূনগতা অথবা মৃতিগাঃ খলাঃ
খগগণানবলোকিন এবহি।
মৃতিমিয়াজ্জননী পুনরর্ভকো-
যদি সুরৈরপি সংপরিরক্ষিতৌ ॥ ৪৮ ॥ ক্র,বি

পাপগ্রহগণ সপ্তমে বা অষ্টমে থাকিয়া কোন গ্রহদ্বারা দৃষ্ট না হইলে মাতা ও শিশুর মৃত্যু হয়।

খরকর-গ্রহণে সখলো রবি-
স্তনুগতো যদি নাশগতঃ কুজঃ।
হিমকর-গ্রহণে হিমগৌ তথা
মরণমেতি শিশুঃ সহমাতৃকঃ ॥ ৪৯ ॥ দ্রু,বি

সূর্য্যগ্রহণ সময়ে পাপযুক্ত সূর্য্য লগ্নস্থ ও মঙ্গল অষ্টমস্থ হইলে অথবা চন্দ্রগ্রহণ সময়ে পাপযুক্ত চন্দ্র লগ্নস্থ এবং মঙ্গল অষ্টমস্থ হইলে মাতা ও বালকের মৃত্যু হয়।

দিনকরেঽপ্যথবা রজনীকরে
তনুগতে চ তদা খলখেচরাঃ।
নবম-পঞ্চমগা অথ কেন্দ্রগা-
মৃতিকরা যদি তে ন শুভেক্ষিতাঃ ॥ ৫০ ॥ দ্রু,বি

চন্দ্র বা সূর্য্য লগ্নগত এবং পাপগ্রহগণ কেন্দ্রে বা কোণগত হইয়া শুভ দৃষ্টি বর্জ্জিত হইলে বালকের বিনাশ হয়।

লগ্নে নীচে মৃত্যো র্নাথে
ষষ্ঠে বা চেন্মৃত্যৌ সৌম্যাঃ।
পাপাঃ কোণে স্যুর্বা কেন্দ্রে
মৃত্যুং যায়াৎ শীঘ্রং বালঃ ॥ ৫১ ॥ বি,মা

অষ্টমপতি নীচরাশিতে লগ্নে, শুভগ্রহগণ ষষ্ঠে বা অষ্টমে, পাপগ্রহগণ কেন্দ্রে বা কোণে থাকিলে শীঘ্র বালকের মৃত্যু হয়।

অরিগতেঽপ্যথবাষ্টমসংস্থিতে
হিমকরে সবুধে গরলান্মৃতিঃ।
অশুযুতে হিমগৌ তনুগেঽথবা
মৃতিগতে দশভির্দিবসৈ র্মৃতিঃ ॥ ৫২ ॥ দ্রু,বি

বুধযুক্ত চন্দ্র ষষ্ঠে বা অষ্টমে থাকিলে বিষ দ্বারা শিশুর মৃত্যু হয়। রাহুযুক্ত চন্দ্র লগ্নে বা অষ্টমে থাকিলে ১০ দিনে বালকের বিনাশ ঘটে।

মৃত্যুস্থিতে বা ব্যয়গে মৃগাঙ্কে
ভানৌ ব্যয়স্থে ম্রিয়তে ত্র্যহেণ।
মৃত্যৌ হিমাংশৌ তনুগে খরাংশৌ
খস্থে শনৌ দিক্‌প্রমমাসজীবী॥ ৫৩॥ ই,ব

অষ্টমে বা দ্বাদশে চন্দ্র, দ্বাদশে রবি থাকিলে ৩ দিনে বালকের মৃত্যু হয়। অষ্টমে চন্দ্র, লগ্নে সূর্য্য, দশমে শনি থাকিলে ১০ মাস আয়ু হয়।

লগ্নং শুভর্ক্ষে মৃতিগো যদীন্দু-
র্মন্দো মদে ত্রীণি দিনানি জীবেৎ।
সূর্য্যারমন্দা ব্যয়গা মৃগাঙ্কো-
নাশে দিনৈঃ যড়্‌ভিরসূন্ জহাতি॥ ৫৪॥ ই,ব

শুভগ্রহের ক্ষেত্রে লগ্ন, অষ্টমে চন্দ্র, সপ্তমে শনি থাকিলে ৩ দিন আয়ু হয়। সূর্য্য, মঙ্গল, শনি দ্বাদশে, চন্দ্র অষ্টমে থাকিলে ৬ দিন আয়ু হয়।

উদয়গো হিমগু র্ভৃগুসংযুতো-
রবিসুতেন যুতোঽপ্যগুনাথবা।
তিথিমিতৈ র্দিবসৈ র্ম্রিয়তে শিশু-
র্যদি তদা সুররক্ষিত এব সঃ॥ ৫৫॥ ক্র,বি

লগ্নগত চন্দ্র, শুক্র, শনি বা রাহুর সহিত যুক্ত হইলে দেবগণ কর্ত্তৃক রক্ষিত বালকও ১৫ দিন মধ্যে মৃত্যুমুখে পতিত হয়।

নাশে সুধাংশৌ দ্যুনগে খরাংশৌ
মাসেন মৃত্যুশ্চ ধনস্য নাশঃ।
অন্যোন্যকামালয়গৌ কবীজ্যৌ
লগ্নে কুজে জীবতি নাষ্টমাসান্॥ ৫৬॥ ই,ব

অষ্টমে চন্দ্র, সপ্তমে রবি থাকিলে ১ মাস মধ্যে ধন নাশ ও প্রাণ নাশ হয়। বৃহস্পতি ও শুক্র পরস্পর সপ্তমস্থ হইলে ৮ মাস মধ্যে বালকের মৃত্যু হয়।

লগ্নে-বুধেঽগৌ হিবুকে তথান্ত্যে
মন্দে মৃতিশ্চাষ্টভিরেব মাসৈঃ।

ধর্ম্মে খরাংশৌ মদনেঽথ মন্দে
লাভে গুরৌ জীবতি ন ত্রিমাসান্ ॥ ৫৭ ॥ ই,ব

লগ্নে বুধ, চতুর্থে রাহু, দ্বাদশে শনি থাকিলে ৮ মাস মধ্যে এবং ধর্ম্মে রবি, সপ্তমে শনি, একাদশে বৃহস্পতি থাকিলে ৩ মাস মধ্যে শিশুর মৃত্যু হয়।

রবে র্বিধোর্বা স্মরগেহসংস্থে
মৃতিস্থিতে বাপ্যসুরাধিনাথে।
লগ্নে চ দৃষ্টে শনিমঙ্গলাভ্যাং
পক্ষেণ বালো মরণং প্রয়াতি ॥ ৫৮ ॥ উ,জা

রবি বা চন্দ্র হইতে সপ্তম বা অষ্টমে রাহু থাকিলে এবং শনি ও মঙ্গল কর্তৃক লগ্ন দৃষ্ট হইলে ১৫ দিন মধ্যে শিশুর মৃত্যু হয়।

চন্দ্রাগু-মন্দা উদয়েঽষ্টমেঽর্কঃ
ষষ্ঠে ভৃগুঃ কর্ম্মণি দেবপূজ্যঃ।
মাসৈস্তদা পঞ্চভিরেব বালো-
নূনং কৃতান্তস্য পুরং প্রয়াতি ॥ ৫৯ ॥ ই,ব

চন্দ্র, রাহু ও শনি লগ্নে, রবি অষ্টমে, শুক্র ষষ্ঠে, বৃহস্পতি দশমস্থ হইলে ৫ মাস মধ্যে বালকের বিনাশ হয়।

স্বর্ভানু-চন্দ্রার-শনৈশ্চরা শ্চেদ্-
দ্যূনেঽথবা ভাগ্যগতা ভবেয়ুঃ।
মাসৈর্দিনৈরেব চ সপ্তভির্বা
জাতঃ কৃতান্তস্য গৃহং প্রয়াতি ॥ ৬০ ॥ ই,ব

রাহু, চন্দ্র, মঙ্গল, শনি ইহারা একত্রে সপ্তমে বা নবমে থাকিলে ৭ দিনে বা ৭ মাসে শিশু যমালয়ে গমন করে।

মৃতিপতি স্তনুগো মৃদুগেক্ষিতো-
মদনবেশ্মগতোঽপি নিশাকরঃ।
নবভিরেব চ মাভি রথার্ভকো-
যমপুরং ব্রজতীতি জগুস্তদা ॥ ৬১ ॥ দ্রু,বি

শনিদৃষ্ট অষ্টমপতি লগ্নগত ও চন্দ্র সপ্তমস্থ হইলে ৯ মাসে বালক মৃত্যুমুখে পতিত হয়।

দ্রেক্কাণনাথেঽপ্যথ লগ্ননাথে
নবাংশপে বা রিপুভাবযাতে ॥
রাশিপ্রমৈর্মাস-সমা-দিনৈশ্চ
ক্রমেণ বালো মরণং প্রয়াতি ॥ ৬২ ॥ উ,জা

দ্রেক্কাণপতি ষষ্ঠভাবে থাকিলে ষষ্ঠভাবের রাশি সংখ্যক মাসে, লগ্নপতি ষষ্ঠে থাকিলে রাশি তুল্য বর্ষে, নবাংশ পতি ষষ্ঠে থাকিলে রাশি তুল্য দিনে শিশুর মৃত্যু হয়।

তনুপতি মূর্তিগঃ খলবীক্ষিতঃ
শ্রুতিমিতৈর্মরণং খলু মাসকৈঃ।
উদয়পঃ সখলো দ্যুনগোঽথবা
মৃতিগতো যদি মাসমৃতির্ভবেৎ ॥ ৬৩ ॥ দ্রু,বি

লগ্নপতি পাপদৃষ্ট হইয়া অষ্টমস্থ হইলে ৪ মাসে, লগ্নপতি পাপযুক্ত হইয়া সপ্তমে বা অষ্টমে থাকিলে ১ মাসে বালকের মৃত্যু হয়।

ধনব্যয়স্থিতৈঃ খলৈর্বারিগৈঃ ষড়ন্ত্যগৈঃ।
ধনাষ্টগৈ রথো মৃতী-রসৈশ্চ মাভিরষ্টভিঃ ॥ ৬৪ ॥ প্র,ণি

সকল পাপগ্রহ দ্বিতীয় ও দ্বাদশে অথবা ষষ্ঠ বা অষ্টমে অথবা ষষ্ঠ ও দ্বাদশে অথবা দ্বিতীয় ও অষ্টমস্থ হইলে ৬ মাস বা ৮ মাস মধ্যে বালকের মৃত্যু হয়।

রিপ্ফে চন্দ্রো মৃত্যৌ পাপা মাসেনৈকেন স্যান্মৃত্যুঃ।
মৃত্যৌ ত্বিন্দুঃ কেন্দ্রে পাপোঽগুশ্চেদ্ বন্ধৌ বর্ষান্মৃত্যুঃ ॥ ৬৫ ॥ বি,মা

দ্বাদশে চন্দ্র, অষ্টমে বহু পাপ থাকিলে ১ মাসে, অষ্টমে চন্দ্র, কেন্দ্রে পাপ, চতুর্থে রাহু থাকিলে ১ বর্ষে বালকের মৃত্যু হয়।

সৌম্যার্কচন্দ্রা ব্যয়গা রিপৌ গুরু-
র্বর্ষেণ বালো মরণং ব্রজেৎ তদা।
লগ্নে যমারৌ নিধনে চ গীষ্পতি-
র্ভাগ্যে তদার্কো মৃতিরব্দকেন বৈ ॥ ৬৬ ॥ ই,বং

দ্বাদশে রবি, চন্দ্র, বুধ এবং ষষ্ঠে বৃহস্পতি থাকিলে অথবা লগ্নে শনি ও মঙ্গল অষ্টমে বৃহস্পতি, নবমে রবি থাকিলে ১ বর্ষ মধ্যে মৃত্যু হয়।

মন্দোগুরুর্বা ভৃগুজো মৃতিস্থো-
বাহৌ কুজার্কৌ মরণঞ্চ বর্ষাৎ।
মন্দাগুসৌম্যা মদনে দিতীজ্যঃ
শত্রৌ বিনাশঃ খলু হায়নেন ॥ ৬৭ ॥ ই,ব

অষ্টমে শনি, বৃহস্পতি বা শুক্র এবং তৃতীয়ে রবি ও মঙ্গল থাকিলে অথবা সপ্তমে শনি, রাহু ও বুধ এবং ষষ্ঠে শুক্র থাকিলে ১ বর্ষ মধ্যে মৃত্যু হয়।

দুঃস্থাঃ শুভা বক্রগতৈস্তু পাপৈ-
দৃষ্টা ন সদ্ভি র্মরণঞ্চ মাসাৎ।
শত্রোর্গৃহী শত্রুসমীক্ষিতশ্চেৎ
পাপোঽষ্টমস্থো মৃতিদো হি বর্ষাৎ ॥ ৬৮ ॥ ই,ব

শুভগ্রহগণ ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশস্থ হইয়া বক্রগামী পাপগ্রহ দ্বারা দৃষ্ট হইলে কিন্তু শুভগ্রহ দ্বারা দৃষ্ট না হইলে ১ মাসে মৃত্যু হয়। পাপগ্রহ শত্রু গ্রহের ক্ষেত্রে অবস্থিত ও শত্রু দৃষ্ট হইয়া অষ্টমস্থ হইলে ১ বর্ষ মধ্যে মৃত্যু হয়।

বক্রী শনি র্ভৌম গৃহেঽপি কেন্দ্রে
ষষ্ঠেঽষ্টমে বা বলি-ভৌমদৃষ্টঃ।
সৌম্যো ন কোণে ন চ কণ্টকে বা
বর্ষদ্বয়াদ্ যাতি তদা বিনাশম্ ॥৬৯॥ ই,ব

বক্রীশনি মঙ্গলের ক্ষেত্রে থাকিয়া ও মঙ্গলদ্বারা দৃষ্ট হইয়া ষষ্ঠে বা অষ্টমে থাকিলে এবং শুভগ্রহ কোণে বা কেন্দ্রে না থাকিলে ২ বর্ষে বালকের বিনাশ হয়।

লগ্নে ষষ্ঠে রন্ধ্রে বা চেৎ শত্রোঃ ক্ষেত্রে সৌম্যঃ সংস্থঃ।
বেদৈ র্বর্ষৈঃ কালগ্রাসং গচ্ছেদ্ বালশ্চাত্যৈ রুক্তম্ ॥ ৭০ ॥ বি,মা

বুধশত্রুগৃহ গত হইয়া লগ্নে, ষষ্ঠে বা অষ্টমে থাকিলে ৪ বর্ষ মধ্যে বালকের নাশ হয়।

নিধনগো যদি বারিগতো বিধুঃ
কুজগৃহে সুরপূজিত আস্থিতঃ।
গজমিতৈ র্মরণং খলু বৎসরৈ-
র্যদি শিশুঃ সুররক্ষিত এববা ॥৭১॥ দ্র,বি

ষষ্ঠে বা অষ্টমে চন্দ্র, মঙ্গলের ক্ষেত্রে যে কোন ভাবে বৃহস্পতি থাকিলে ৮ বর্ষ মধ্যে শিশুর মৃত্যু ঘটে।

বিলোমগঃ শনৈশ্চরঃ কুজর্ক্ষগঃ কুজেক্ষিতঃ।
বধারিকণ্টকস্থিতঃ সমা-ত্রিকান্মৃতিঃ শিশোঃ ॥ ৭২ ॥ প্র,ণি

শনি বক্রগামী এবং মঙ্গলের ক্ষেত্রস্থ ও মঙ্গলের দ্বারা দৃষ্ট হইয়া ষষ্ঠ, অষ্টম বা কেন্দ্রে অবস্থিত হইলে ৩ বর্ষে মৃত্যু হয়।

ভৌমার্কিশুক্রাঃ কুজসূর্য্যমন্দা-
দেবেজ্যসূর্য্যাবপি বেন্দুযুক্তাঃ।
বর্ষৈস্তদা পঞ্চভিরেব বালো-
মৃত্যুং প্রয়াতীতি বদন্তি তজ্জ্ঞাঃ ॥ ৭৩ ॥ ই,ব

মঙ্গল, শনি ও শুক্র অথবা মঙ্গল, রবি ও শনি অথবা রবি ও বৃহস্পতি ইহারা চন্দ্রযুক্ত হইলে ৫ বর্ষে বালকের মৃত্যু হয়।

যদি দিবাকর-চন্দ্র-গৃহ-স্থিত-
স্ত্রিকগতৈঃ শুভদৈঃ সমবেক্ষিতঃ।
ভৃগুসুতোঽঙ্গমিতৈঃ খলু বৎসরৈ-
র্যমগৃহং গময়েদপি বালকম্ ॥ ৭৪ ॥ দ্রু,বি

রবি বা চন্দ্রের গৃহস্থিত শুক্র ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশস্থ বহুশুভগ্রহদ্বারা দৃষ্টহইলে ৬ বর্ষে মৃত্যু হয়।

সূর্য্যার-মন্দা উদয়ে ক্ষশেন্দৌ
কামে মৃতিঃ স্যান্মুনিষণ্মিতাব্দৈঃ।
কাব্যার-মন্দা ন সুরেজ্যদৃষ্টা-
লগ্নং গতাঃ কামগৃহে তথেন্দুঃ ॥ ৭৫ ॥ ই,ব

সূর্য্য, মঙ্গল ও শনি লগ্নস্থ এবং ক্ষীণচন্দ্র সপ্তমস্থ হইলে ৬ বর্ষ বা ৭ বর্ষ মধ্যে মৃত্যু হয়।

অথবা শুক্র, মঙ্গল ও শনি লগ্নস্থ হইয়া বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট না হইলে এবং ক্ষীণ চন্দ্র সপ্তমস্থ হইলে ৬ বর্ষ বা ৭ বর্ষ মধ্যে মৃত্যু হয়।

বিহঙ্গমঃ পাশধরোঽথ সর্পো-
দ্রেক্কাণ এবাশুভযুক্ তনুস্থঃ।
দ্রেক্কাণনাথৈ রনিরীক্ষিতশ্চেদ্-
বর্ষৈ র্নগৈ মৃত্যুমুপৈতি বালঃ ॥ ৭৬ ॥ উ,জা

লগ্নস্থিত বিহঙ্গম, পাশধর বা সর্প দ্রেক্কাণে পাপগ্রহ থাকিয়া দ্রেক্কাণ পতি দ্বারা দৃষ্ট না হইলে ৭ বর্ষে বালকের মৃত্যু হয়।

পঞ্চাস্যে বা বৃশ্চিকে বাপি কুম্ভে
সিংহীসূনৌ পাপখেটৈঃ প্রদৃষ্টে।
লগ্নে তিষ্ঠেদ্ধায়নৈঃ সপ্তভিঃ স-
নূনং মৃত্যুং সংপ্রয়াতি প্রসূতঃ ॥ ৭৭ ॥ শা,নী

সিংহ, বৃশ্চিক বা কুম্ভ লগ্নে রাহু থাকিয়া বহু পাপগ্রহ দ্বারা দৃষ্ট হইলে ৭ বর্ষে মৃত্যু হয়।

অদৃশ্যমানে ভদলে চ সৌম্যা-
বিলোক্যমানে ভদলে তু পাপাঃ।
লগ্নে দিতীজ্যো যদি বালকোঽসৌ
গচ্ছেন্মৃতিং সপ্তভিরেব বর্ষৈঃ ॥ ৭৮ ॥ উ,জা

লগ্ন হইতে প্রথম ৬ রাশি ক্ষিতিজ বৃত্তের নিম্নে থাকায় অদৃশ্য ও দ্বিতীয় ৬ রাশি উর্দ্ধে অবস্থিত জন্য দৃশ্য। অদৃশ্য ৬ রাশিতে শুভগ্রহ, দৃশ্য ৬ রাশিতে পাপগ্রহ এবং লগ্নে শুক্র থাকিলে ৭ বর্ষে বালকের মৃত্যু হয়।

লগ্নে দিতীজ্যঃ সহসূর্য্যমন্দো-
জীবপ্রদৃষ্টো রজনীকরশ্চ।
বর্ষৈস্তদা নন্দমিতৈঃ প্রসূতো-
নূনং কৃতান্তস্য গৃহং প্রয়াতি ॥ ৭৯ ॥ ই,ব

লগ্নে শুক্র, শনি ও রবির যোগ এবং বৃহস্পতি কর্তৃক চন্দ্র দৃষ্ট হইলে ৯ বর্ষে বালকের মৃত্যু হয়।

খলখগে তনুপে খলবীক্ষিতে
হিমকরাংশগতে ব্যয়গে বিধোঃ।
নবমিতৈ র্ধ্রুবমেতি হি হায়নৈ-
র্বিনশনং শিশুরেষ বিনিশ্চয়ঃ॥ ৮০ ॥ দ্রু,বি

পাপগ্রহ লগ্নপতি ও পাপদৃষ্ট হইয়া চন্দ্রের নবাংশগত ও চন্দ্রহইতে দ্বাদশস্থ হইলে ৯ বর্ষে বালকের মৃত্যু হয়।

তনুগতো মৃদুগো রবিচন্দ্র-যুগ্-
বধকরঃ শরদাং নবকেন সঃ।
নিধন-লাভ-রিপু-স্থিত-মন্দগো-
দিনপ-ভৌমযুতো নবমেঽব্দকে॥ ৮১ ॥ দ্রু,বি

রবি ও চন্দ্রের সহিত যুক্ত শনি লগ্নগত হইলে অথবা রবিও মঙ্গলের সহিত যুক্ত শনি ষষ্ঠ, অষ্টম বা একাদশস্থ হইলে ৯ বর্ষে মৃত্যু হয়।

শুভখগৈরসমীক্ষিত ঋক্ষপো-
মৃদুগতের্ভবনে সকুজারুণঃ।
যমপুরং শরদাং নবকেন স-
গময়তি ধ্রুবমেবচ বালকম্॥ ৮২ ॥ দ্রু,বি

শনির ক্ষেত্রস্থ এবং রবি ও মঙ্গলের সহিত যুক্ত চন্দ্র শুভগ্রহদ্বারা দৃষ্ট না হইলে ৯ বর্ষে বালকের মৃত্যু ঘটে।

বিধোঃ সুতে খলেক্ষিতে দিবাকরেন্দু-সংযুতে।
ভবপ্রমে চ হায়নে শিশু র্বিনাশমাব্রজেৎ॥ ৮৩ ॥ প্র,নি

বুধ পাপদৃষ্ট এবং সূর্য্য ও চন্দ্রের সহিত যুক্ত হইয়া যে কোন ভাবে থাকিলে ১১ বর্ষে মৃত্যু হয়।

রিপুগতে তনুপেঽষ্টমগো রবি-
চ্ছ্যশনসা সমবেক্ষিত এব চ।
ভৃগুযুতর্ক্ষমিতৈঃ খলু হায়নৈ-
র্যমপুরং গময়েদপি বালকম্॥ ৮৪ ॥ দ্রু,বি

লগ্নপতি ষষ্ঠে এবং রবি অষ্টমস্থ হইয়া শুক্র দ্বারা দৃষ্ট হইলে শুক্র যে রাশিতে অবস্থিত সেই রাশির সংখ্যাতুল্য বর্ষে মৃত্যু হয়।

বিলগ্ননাথোঽষ্টমনাথ-দৃষ্টঃ
সহস্ররশ্মি-প্রবিলুপ্ত ধামা।
লগ্নাধিপাক্রান্ত-গৃহ-প্রমাণৈ
র্বর্ষৈঃ প্রসূতস্য তদা মৃতিঃ স্যাৎ ॥৮৫॥ উ,জা

লগ্নপতি, অষ্টমপতি দ্বারা দৃষ্ট ও অস্তমিত হইলে লগ্ন রাশির সংখ্যাতুল্য বর্ষে শিশুর বিনাশ হয়।

মদনগো দিতিজঃ শনিনা তথা
খরকরেণ চ সংপ্রবিলোকিতঃ।
শুভখগৈ র্ন ভবেদ্ যদি বীক্ষিতো-
দিনকর-প্রমিতৈ র্মৃতিরব্দকৈঃ ॥৮৬॥ দ্রু,বি

শনি ও সূর্য্য দ্বারা দৃষ্ট সপ্তমস্থ রাহু শুভগ্রহ দ্বারা দৃষ্ট না হইলে ১২ বর্ষে মৃত্যু হয়।

বিনিময়ে-ভবনে রবিমন্দগৌ-
বিধুরিপু র্যদি বা দশমে স্থিতঃ।
বলযুতঃ শুভদো নতু কেন্দ্রগো-
রবিমিতৈ র্মৃতিমেতি চ হায়নৈঃ ॥৮৭॥ দ্রু,বি

রবি ও শনি পরস্পরের ক্ষেত্রস্থ ও রাহু দশমস্থ হইলে এবং বলবান্ কোন শুভ-গ্রহ কেন্দ্রে না থাকিলে ১২ বৎসরে মৃত্যু হয়।

লগ্নে ভৌমো মৃত্যৌ জীবঃ কিংবান্যোন্য-ক্ষেত্রং যাতৌ।
তৌ চেৎ সৌম্যৈ র্দৃষ্টৌ ন স্তঃ সূর্য্যৈর্বর্ষৈর্মৃত্যুং গচ্ছেৎ ॥৮৮॥ বি,মা

লগ্নে মঙ্গল, অষ্টমে বৃহস্পতি থাকিয়া অথবা যে কোন ভাবে মঙ্গল ও বৃহস্পতি পরস্পরের ক্ষেত্রস্থ হইয়া শুভগ্রহ দ্বারা দৃষ্ট না হইলে ১২ বর্ষে মৃত্যু হয়।

বিধুরিপৌ রিপুভে দশমেঽথবা
মদনভেঽপ্যথবোদয়ভে স্থিতে।

নৃপমিতৈরবিমৈরথবান্ধকৈ-
র্জনকয়োরপি বা মরণং শিশোঃ ॥৮৯॥ জ্র,বি

রাহু শত্রু গৃহগত হইয়া দশমে, সপ্তমে বা লগ্নে থাকিলে ১২ বর্ষে বা ১৬ বর্ষে পিতা, মাতাও বালকের মৃত্যু হয়।

শিশু রিষ্টে মৃত্যু কাল জ্ঞানম্।

অরিষ্টকারক-গ্রহাশ্রিতে স্বজন্মভে তনৌ।
যুতঃ খলেন বেক্ষিতো বিধুর্যদা তদা মৃতিঃ ॥৯০॥ প্র,নি

অরিষ্টকারকগ্রহ যে রাশিতে অবস্থিত সেই রাশিতে, জন্মরাশিতে বা জন্ম লগ্নে চন্দ্র থাকিয়া যে সময় পাপযুক্ত বা পাপদৃষ্ট হইবে ১ বর্ষ মধ্যে সেই সময়ে বালকের মৃত্যু হইবে।

রিষ্ট ভঙ্গ যোগ কথনম্।

একঃ শুভো নবম-পঞ্চম-কেন্দ্রগশ্চে-
দেকঃ খলো যদি চ বা ত্রিষড়ায়-সংস্থঃ।
নিঃশেষরিষ্ট-নিচয়ং বিনিহত্য বালং
কুর্য্যাদরোগ-বপুষং খলু দীর্ঘজীবম্ ॥৯১॥ ব,তি

একটি শুভগ্রহ ও কেন্দ্রে বা কোণে থাকিলে অথবা একটি পাপগ্রহও তৃতীয় ষষ্ঠ বা একাদশে থাকিলে বালকের সর্ব্ব রিষ্ট নাশ হয় এবং সেই বালক নীরোগ শরীর ও দীর্ঘজীবী হয়।

কোণেঽথবা কেন্দ্রগতে শুভে বা
সৌম্যৈর্ব লাঢ্যৈ রশুভৈর্বলোনৈঃ।
লগ্নে শুভর্ক্ষে সুযুতে যদা বা
সৌম্যেক্ষিতে নশ্যতি রিষ্ট জাতম্ ॥৯২॥ ই,ব

শুভগ্রহ কোণে বা কেন্দ্রে থাকিলে অথবা শুভগ্রহগণ সবল ও পাপগ্রহগণ দুর্ব্বল হইলে অথবা শুভগ্রহের ক্ষেত্রে লগ্ন তাহাতে শুভ গ্রহের যোগ বা দৃষ্টি থাকিলে সকল রিষ্ট নাশ হয়।

পূর্ণঃ ক্ষপেশোঽখিলখেটদৃষ্টঃ
সৌম্যান্বিতো বা শুভবীক্ষিতো বা ।
সৌম্যান্তরে সৌম্য-সুহৃৎ-স্ববর্গ-
সংস্থোঽপিবা রিষ্টচয়ং নিহন্যাৎ ॥৯৩॥ ই,ব

পূর্ণ চন্দ্র সকল গ্রহ দ্বারা দৃষ্ট, শুভযুক্ত, শুভ দৃষ্ট, শুভমধ্যস্থ হইলে অথবা শুভ গ্রহের, মিত্র গ্রহের বা নিজের বর্গস্থিত হইলে সকল রিষ্ট নাশ হয় ।

সৌম্যা অসৌম্যৈ র্বিযুতাঃ শশাঙ্কাৎ
ষষ্ঠাষ্টমদ্যূনগতা যদা বা ।
নিঘ্নন্তি রিষ্টপ্রচয়ং বিরোগং
কুর্ব্বন্তি দীর্ঘায়ুষ মেব জাতম্ ॥৯৪॥ ই,ব

শুভ গ্রহগণ পাপযুক্ত না হইয়া চন্দ্র হইতে ষষ্ঠ, সপ্তম বা অষ্টমে থাকিলে রিষ্ট নাশ পূর্ব্বক বালককে নীরোগ ও দীর্ঘজীবী করে ।

শুক্লে রজন্যাং দিবসেঽপি কৃষ্ণে
সৌম্যৈরসৌম্যৈরবলোকিতো বা ।
রক্ষেন্মৃগাঙ্কো রিপু-নাশগোঽপি
জাতং চ শশ্বদ্ বিপদঃ পিতেব ॥৯৫॥ ই,ব

শুক্লপক্ষে রাত্রিতে কৃষ্ণপক্ষে দিবসে জন্ম হইলে শুভ বা অশুভ গ্রহ দ্বারা দৃষ্ট, ষষ্ঠ বা অষ্টমস্থ হইলেও চন্দ্র সর্ব্বদা বিপদ হইতে পিতার ন্যায় বালককে রক্ষা করে ।

শুভত্রিভাগগঃ শশী মৃতৌ স্থিতোঽপিবা রিপৌ ।
নিহন্তি রিষ্টসঞ্চয়ং দদাতি দীর্ঘজীবনম্ ॥৯৬॥ প্র,নি

শুভ গ্রহের দ্রেক্কাণস্থ চন্দ্র ষষ্ঠ বা অষ্টমস্থ হইলে ও রিষ্ট নাশ পূর্ব্বক দীর্ঘজীবন দান করে ।

ঘস্রে খরাংশুরজনৌ হিমাংশু-
র্লাভ স্থিতো দোষচয়ং নিহন্যাৎ ।

কোণে তৃতীয়ে ভবনেঽপি শুক্রে
দ্যূনেঽথ জীবে মনুজঃ শতায়ুঃ ॥৯৭॥ ই,ব

দিবসে জন্ম হইলে রবি একাদশে এবং রাত্রিতে জন্ম হইলে চন্দ্র একাদশ থাকিলে রিষ্ট নাশ হয়। কোণে অথবা তৃতীয়ে শুক্র এবং সপ্তমে বৃহস্পতি থাকিলে জাতক শতবর্ষজীবী হয়।

জীবস্য কাব্যস্য বিদোগৃহে বা
শনৈশ্চরো লগ্নগতো যদা বা।
নিহন্তি রিষ্টং হ্যবশেষ রাশৌ
সচেৎ সরোগং নিহতং চ কুর্য্যাৎ ॥৯৮॥ উ,জা

লগ্নগত শনি, বৃহস্পতি, বুধ বা শুক্রের ক্ষেত্রস্থ হইলে রিষ্ট নাশক অন্যত্র থাকিলে বালককে বিনষ্ট বা চিররোগী করিয়া থাকে।

সিংহেঽপি লগ্নে সশনৈশ্চরোঽগু-
র্ব্বষাজ-কর্কোদয়গোঽসুরো বা।
নিহন্তি রিষ্টং সকলং জনানাং
নৃপঃ প্রসন্নো হি যথাপরাধম্ ॥৯৯॥ উ,জা

রাজা সন্তুষ্ট হইলে যেমন মনুষ্যের সকল অপরাধ নাশকরে সেইরূপ সিংহ লগ্নে শনি যুক্ত রাহু এবং মেষ, বৃষ বা কর্কট লগ্নে অবস্থিত রাহু সকল রিষ্ট নাশ করিয়া থাকে।

সর্ব্বে সৌম্যাঃ সৌম্যক্ষেত্রে
সৌম্যদ্রেক্কাণে বা স্বংশে।
সর্ব্বং রিষ্টং হত্বা নূনং
যচ্ছন্ত্যস্মৈ দীর্ঘায়ুষ্যম্ ॥১০০॥ বি,মা

শুভগ্রহগণ শুভক্ষেত্রে, শুভদ্রেক্কাণে বা শুভনবাংশে থাকিলে রিষ্ট নাশ পূর্ব্বক দীর্ঘজীবন-দান করে।

স্ববর্গসংস্থৈঃ শুভদৈঃ প্রদৃষ্টাঃ
স্ববর্গসংস্থাঃ খলখেচরাশ্চ।
নিঘ্নন্তি রিষ্টপ্রচয়ং শিশূনাং
বিষ্ণুস্মৃতিঃ পাপচয়ং যথৈব ॥ ১০১ ॥ উ,জা

পাপ গ্রহগণ ও শুভগ্রহের বর্গস্থ হইয়া শুভবর্গস্থিত শুভগ্রহগণ দ্বারা দৃষ্ট হইলে বিষ্ণু স্মরণে পাপরাশির ন্যায় সকল রিষ্ট বিনষ্ট হয়।

চন্দ্রান্বিতর্ক্ষাধিপতিঃ শুভা বা
লগ্নাদ্ভবেয়ুর্যদি কেন্দ্রসংস্থাঃ।
সদ্যো বিনিঘ্নন্তি চ রিষ্টসংঘং
ধ্বান্তং যথা সূর্য্যময়ূখমালাঃ ॥ ১০২ ॥ ই,ব

যে রাশিতে চন্দ্র অবস্থিত সেই রাশির অধিপতি বা শুভগ্রহগণ লগ্নের কেন্দ্রগত হইলে সূর্য্যকিরণে অন্ধকারের ন্যায় সকল রিষ্ট বিনষ্ট হয়।

হীনবলো লগ্নপতিঃ সৌম্য-সুহৃদ্দীক্ষিতকঃ।
লগ্নগতো রিষ্টচয়ং নাশয়তীত্যেষ বিধিঃ ॥ ১০৩ ॥ মা,ব

লগ্নপতি হীনবল হইয়া ও লগ্নে থাকিয়া শুভগ্রহ ও মিত্র গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে রিষ্ট নাশ হয়।

যং পাপখেটেন যুতঃ শশাঙ্ক-
স্তৎপাপগেহাদিকবর্গগোঽপি।
তদ্রাশিপ-ক্রূরখগেন দৃষ্টো-
নিঃসংশয়ং রিষ্টচয়ং নিহন্যাৎ ॥ ১০৪ ॥ ই,ব

চন্দ্র যে পাপের সহিত যুক্ত হইয়া রিষ্ট সূচক হইয়াছে সেই পাপের ক্ষেত্রাদি ষড়বর্গের একতমবর্গ গত হইয়া সেই অধিষ্ঠিতরাশির অধিপতি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে রিষ্ট নাশ হয়।

স্বমিত্র-বর্গস্থিত উচ্চগো বা
বলী শশী সদ্‌গ্রহলোকিতাঽপি।
ন পাপখেটেন বিলোকিতশ্চে-
দশেষরিষ্টানি নিহন্তি নূনম্ ॥ ১০৫ ॥ উ,জা

বলবান্ চন্দ্র, নিজের বা মিত্রগ্রহের বর্গগত বা উচ্চস্থ হইলে অথবা পাপ দৃষ্ট না হইয়া কেবল শুভ দৃষ্ট হইলে সকল রিষ্ট নাশক হয়।

সৌম্যেক্ষিতেন্দোর্দশমে সুরেজ্যো-
লাভে খলোঽন্ত্যে রবি-দৈত্যপূজ্যৌ।
জায়াম্বু-লাভাস্পদ-রিপ্‌ফভে চেদ্-
লগ্নাধিপো নাশমুপৈতি রিষ্টম্ ॥ ১০৬ ॥ ই,ব

শুভ দৃষ্ট চন্দ্র হইতে দশমে বৃহস্পতি, একাদশে পাপগ্রহ, দ্বাদশে রবি ও শুক্র এবং লগ্নপতি চতুর্থ, সপ্তম, দশম, একাদশ বা দ্বাদশে থাকিলে রিষ্ট নাশ হয়।

অলুপ্ত-রশ্মিভিঃ শুভৈঃ সমীক্ষিতো বলান্বিতঃ।
তনূপতির্বিধূদ্ভবং নিহন্তি রিষ্ট সঞ্চয়ম্ ॥ ১০৭ ॥ প্র,ণি

অনস্তমিত শুভগ্রহকর্ত্তৃক পরিদৃষ্ট ও বলশালী লগ্নপতি, চন্দ্র জনিত রিষ্ট সকল নাশ করিয়া থাকে।

গ্রস্তশরীরোঽপি বিধুঃ কর্কটগো বাজগতঃ।
কেন্দ্রগতো যদা ভবেদ্ রিষ্টচয়ো নাশমিয়াৎ ॥ ১০৮ ॥ মা,ব

চন্দ্র, রাহু গ্রস্ত হইয়াও কর্কট বা মেষে থাকিয়া কেন্দ্রগত হইলে রিষ্ট নাশক হয়।

শীর্ষোদয়স্থাঃ সকলা নভোগা-
রক্ষন্তি বালং বিনিহত্য রিষ্টম্।
মীনে মৃগে বা কলসে ত্রিষষ্ঠ-
লাভে শিখী রিষ্টচয়ং নিহন্যাৎ ॥ ১০৯ ॥ ই

সকল গ্রহ শীর্ষোদয় রাশিস্থ হইলে অথবা কেতু, মীন, মকর বা কুম্ভরাশিতে থাকিয়া তৃতীয়, ষষ্ঠ বা একাদশ ভাবস্থ হইলে রিষ্ট নাশ হয়।

পরস্পর ত্রিকোণগাঃ সিতজ্ঞ-দেবপূজিতাঃ।
শুভাংশগা অপি গ্রহা ভবন্তি রিষ্টনাশকাঃ ॥ ১১০ ॥ প্র,দি

বুধ, বৃহস্পতি ও শুক্র ইহারা পরস্পর ত্রিকোণ গত হইলে অথবা সকল গ্রহই শুভ গ্রহের নবাংশ গত হইলে রিষ্ট নাশক হয়।

কফানিলাত্মা রিপুহা দয়ালুঃ
কর্কোদ্ভবো মিষ্টরুচিঃ সুমেধাঃ ॥ ২৫ ॥ উ,জা

কর্কট লগ্নে লোকপ্রিয়, গুপ্তধনযুক্ত, শীঘ্রগামী, স্ত্রীবশ, সুকর্ম্মা, দেব ব্রাহ্মণে ভক্তিমান্, বাতশ্লেষ্মপ্রকৃতি, শত্রুঘাতী, দয়ালু, মিষ্টপ্রিয়, মেধাবী হয়।

স্বল্পেক্ষণৈশ্বর্য্যবচাঃ ক্ষুধার্ত্তঃ
প্রিয়ামিষঃ সাহসিকোঽতিকোপী।
শীঘ্রক্রিয়োঽক্ষুন্নমনা নৃমান্যঃ
স্ত্রীবিদ্বিষঃ সিংহভবঃ সহিষ্ণুঃ ॥ ২৬ ॥ উ,জা

সিংহ লগ্নেজাত অল্পবুদ্ধি, অল্পধন, অল্পভাষী, ক্ষুধার্ত্ত, মাংসপ্রিয়, সাহসী, ক্রোধী, শীঘ্রকর্ম্মা, দৃঢ়চিত্ত, মাননীয়, স্ত্রীবিরোধী হয়।

সঙ্গীতশিল্পাদিপটূ রসজ্ঞঃ
কৃত্যেষু দক্ষঃ প্রিয়বাক্ সুদেহঃ।
কামী বিনীতঃ সুতবিত্তযুক্তো-
ভোগী সধর্ম্মা যুবতী প্রজাতঃ ॥ ২৭ ॥ ই,ব

কন্যালগ্নজাত সঙ্গীতশিল্পাদিকার্য্যে পটু, রসিক, কার্য্যদক্ষ, প্রিয়ভাষী, সুগঠন, কামী, বিনয়ী, ধনী, পুত্রযুক্ত, ভোগী, ধার্ম্মিক হয়।

শ্লেষ্মানিলাত্মা সুতনুঃ প্রলুব্ধঃ
পূজ্যঃ সুমেধাঃ কৃপণঃ সধর্ম্মা।

ক্রূরশ্চলার্থো ব্যবসায়িবুদ্ধি-
দেশানুচারী চ তুলাপ্রসূতঃ ॥ ২৮ ॥ ই,ব

তুলালগ্নে জন্মিলে বাতশ্লেষ্মপ্রকৃতি, সুগঠন, লোভী, পূজ্য, মেধাবী, কৃপণ, ধার্ম্মিক, ক্রূরপ্রকৃতি, চঞ্চলধন, ব্যবসায় বুদ্ধিসম্পন্ন, দেশাচারপ্রতিপালক হয়।

পিত্তানিলাত্মা কৃতিবিজ্জরার্ত্তো-
রাজানুগস্ত্যক্ত-সুহৃচ্চলাত্মা।
শূরোঽসহিষ্ণুঃ সুতবিত্তযুক্তঃ
কীটপ্রজাতো হি বিলাসহীনঃ ॥ ২৯ ॥ ই,ব

বৃশ্চিকে জাতব্যক্তি বাতপিত্তপ্রকৃতি, কার্য্যদক্ষ, জরাগ্রস্ত, রাজানুগত, বন্ধুহীন, চঞ্চল, শৌর্য্যশালী, অসহিষ্ণু, ধনপুত্রযুক্ত, বিলাসহীন হয়।

শ্লেষ্মানিলাত্মা বহুবিত্তপুত্রো-
নরেশপূজ্যঃ সুতনুঃ সুবিদ্বঃ।
শিল্পপ্রিয়ো ধর্ম্মরতো জিতারিঃ
শূরো গুণী চাপভবো দয়ালুঃ ॥ ৩০ ॥ উ,জা

ধনুলগ্নে জন্মিলে বাতশ্লেষ্মপ্রকৃতি, বহুধন ও বহুপুত্রযুক্ত, রাজপূজ্য, সুদেহ বিদ্বান্, শিল্পপ্রিয়, ধার্ম্মিক, শত্রুজয়ী, শৌর্য্যশালী, গুণী, দয়ালু হয়।

অধীনবাৎসল্যযুতোঽনিলাত্মা
গর্ব্বান্বিতঃ সত্যবচাঃ ক্ষুধার্ত্তঃ।
আচারহীনোঽপি বিশুদ্ধচিত্তঃ
কৃশো ব্যয়ী নক্রভবঃ ক্রিয়াজ্ঞঃ ॥ ৩১ ॥ উ,জা

মকর লগ্নে জন্মিলে আশ্রিত বৎসল, বাতপ্রকৃতি, গর্ব্বিত, সত্যবাদী, ক্ষুধার্ত্ত, আচারহীন কিন্তু বিশুদ্ধচিত্ত, কৃশ, ব্যয়শীল, ক্রিয়াপটু হয়।

বিরুদ্ধ-ভার্য্যাসহজাত্মবন্ধুঃ
স্থূলো বলিষ্ঠঃ কৃপণোঽলসশ্চ।

কামী পিপাসুর্ল ঘুবুদ্ধিযুক্তঃ
কফানিলাত্মা ঘটলগ্নজাতঃ ॥ ৩২ ॥ উ,জা

কুম্ভলগ্নে জন্মিলে পত্নী ভ্রাতা ও বন্ধুগণ বিরুদ্ধবাদী হয়। জাতক পুষ্ট, বলিষ্ঠ, কৃপণ, অলস, কামী, পিপাসু, স্থূলবুদ্ধি, বাতশ্লেষ্মপ্রকৃতি হয়।

বিজ্ঞানবুদ্ধির্বিবৃতাননশ্চ
কামী সুবৃত্তির্ধনযুক্ সুনাসঃ।
গীতপ্রিয়ঃ শাস্ত্ররতোঽল্পরোমা
শ্লেষ্মানিলাত্মা ঝষজো বলিষ্ঠঃ ॥ ৩৩ ॥ ই,ব

মীন লগ্নে জাতব্যক্তি বিজ্ঞান বুদ্ধিসম্পন্ন, বিস্তৃতবদন, কামী, সুকর্ম্মা, ধনবান্, সুনাসিক, গীতপ্রিয়, শাস্ত্রানুরক্ত, অল্পলোমা, বাতশ্লেষ্মপ্রকৃতি, বলিষ্ঠ হয়।

হোরা ফল কথনম্।

হোরায়াং দিননায়কস্য মুখরো ধূর্ত্তঃ পরস্ত্রীরতঃ
কোপী-শীঘ্রগতিঃ খলশ্চলমতির্দ্রোহী সুরে ব্রাহ্মণে।
শীতাংশোঃ সুতনুঃ শুচিঃ স্থিরমতির্মান্যো দয়ালুর্গুণী
দেবব্রাহ্মণভক্তিমান্ সুত-সুহৃদ্ বিত্তান্বিতো মানবঃ ॥ ৩৪ ॥ শা,বি

সূর্য্যের হোরায় মুখর, ধূর্ত্ত, পরাঙ্গনারত, ক্রোধী, শীঘ্রগতি, খল, চঞ্চল, দেবতা ও ব্রাহ্মণের হিংসাকারী হয়।

চন্দ্রের হোরায় সুগঠন, শুচি, স্থিরবুদ্ধি, মাননীয়, দাতা, গুণী, দেবব্রাহ্মণে ভক্তিমান্, পুত্র, বন্ধু ও ধন যুক্ত হয়।

দ্রেক্কাণ ফল কথনম্

দ্রেক্কাণে প্রথমে নৃযুগ্মবৃষয়োর্নারী সুদেহা ভবে-
দাদ্যে মধ্যভবেঽবলাপ্যলিগৃহে সিংহে তুলায়াং চ না।
কন্যায়াং প্রথমে তথান্তিমগতে দ্রেক্কাণকে কন্যকা
নক্রাজাম্বুজ-চাপ-মীন-ঘটভেষ্বাহুঃ স্ত্রিয়ং মধ্যমে ॥ ৩৫ ॥ শা,বি

বৃষ ও মিথুনের প্রথম দ্রেক্কাণে সুদেহা কন্যা জন্মে। বৃশ্চিকের প্রথম ও দ্বিতীয় দ্রেক্কাণে, কন্যা লগ্নের প্রথম ও তৃতীয় দ্রেক্কাণে এবং মকর, মেষ, কর্কট, ধনু, মীন ও কুম্ভলগ্নের দ্বিতীয় দ্রেক্কাণে কন্যা জন্মে। সিংহ ও তুলা লগ্নের সকল দ্রেক্কাণেই পুরুষ জন্মে।

পুং ভাগে পুরুষোভবেৎ কৃতিপরস্তেজোবলৈরন্বিতো-
দ্রেক্কাণে যুবতেস্তথাহি যুবতী লজ্জান্বিতা সদ্‌গুণা।
পুংখেটস্থিতি-দৃষ্টিতো ভবতি না ভীরুঃ স্ত্রিয়াভাগকে
স্ত্রীখেটস্থিতি-দৃষ্টিতোঽপি যুবতী পুংসো বিভাগে চলা ॥৩৬॥ শা,বি

পুরুষদ্রেক্কাণে তেজস্বী, কার্য্যদক্ষ, বলবান্ পুরুষ জন্মে। স্ত্রীদ্রেক্কাণে লজ্জাশীলা, সদ্‌গুণান্বিতা স্ত্রী জন্মে। কদাচিৎ পুরুষগ্রহের অবস্থিতি ও দৃষ্টিবশতঃ স্ত্রী দ্রেক্কাণেও ভীরু পুরুষ জন্মে এবং স্ত্রীগ্রহের অবস্থান ও দর্শন হেতু পুরুষদ্রেক্কাণেও চঞ্চলা কন্যা জন্মে।

জল-দহন-মিশ্র-দ্রেক্কাণ কথনম্

দ্রেক্কাণঃ শুভখেটস্য সলিলাখ্যঃ প্রকীর্ত্তিতঃ।
তথৈব পাপখেটস্য দহনশ্চাভিধীয়তে ॥ ৩৭ ॥
সুদ্রেক্কাণে যদা পাপঃ পাপদ্রেক্কাণকে শুভঃ
মিশ্রদ্রেক্কাণ ইত্যাহু র্হোরাশাস্ত্র বিশারদাঃ ॥৩৮॥ অনু

শুভগ্রহের দ্রেক্কাণের নাম সলিলদ্রেক্কাণ, পাপগ্রহের দ্রেক্কাণের নাম দহন দ্রেক্কাণ। শুভগ্রহের দ্রেক্কাণে পাপগ্রহ থাকিলে বা পাপগ্রহের দ্রেক্কাণে শুভগ্রহ থাকিলে সেই দ্রেক্কাণকে মিশ্রদ্রেক্কাণ বলে।

সৌম্যরূপ দ্রেক্কাণ কথনম্

মীনমিথুনয়ো রাদ্যৌ মধ্যৌ চাপকুলীরয়োঃ।
কন্যায়াশ্চরমশ্চৈতে দ্রেক্কাণাঃ সৌম্যরূপকাঃ ॥৩৯॥ অনু

মীন ও মিথুনের প্রথমদ্রেক্কাণ, ধনু ও কর্কটের মধ্যদ্রেক্কাণ, কন্যার শেষ দ্রেক্কাণকে সৌম্যরূপ দ্রেক্কাণ বলে।

রৌদ্র দ্রেক্কাণ কথনম্

রৌদ্রা মেষমৃগালীনাং মধ্যাশ্চান্ত্যা ঘটে ত্রয়ঃ।
সিংহাদ্যমধ্যমৌ মীনে মধ্যো যুগ্মতুলান্তিমৌ ॥৪০॥অনু

মেষ, বৃশ্চিক ও মকরের মধ্য ও শেষ দ্রেক্কাণ, কুম্ভের সকল দ্রেক্কাণ, সিংহের প্রথম ও দ্বিতীয় দ্রেক্কাণ, মীনের দ্বিতীয় দ্রেক্কাণ, মিথুন ও তুলার শেষ দ্রেক্কাণকে রৌদ্র দ্রেক্কাণ বলে।

ফলপুষ্পযুত-রত্নভাণ্ডান্বিত দ্রেক্কাণ কথনম্

কর্কটস্যাদ্যদ্রেক্কাণঃ ফলপুষ্প-যুতাহ্বয়ঃ।
ধনুর্মধ্যস্তুলাদিশ্চ রত্নভাণ্ডান্বিতৌ স্মৃতৌ ॥৪১॥ অনু

কর্কটের প্রথম দ্রেক্কাণের নাম ফলপুষ্পযুতদ্রেক্কাণ, ধনুর দ্বিতীয় ও তুলার প্রথম দ্রেক্কাণের নাম রত্নভাণ্ডান্বিত-দ্রেক্কাণ।

উদ্যতাস্ত্র দ্রেক্কাণ কথনম্

উদ্যতাস্ত্রাস্তুলে শেষো মধ্যৌ কেশরি-কন্যয়োঃ।
যুগ্মাজ-মৃগ-কুম্ভানাং সর্ব্বে চাপাদ্যশেষকৌ ॥৪২॥ অনু

তুলার শেষ; সিংহ ও কন্যার মধ্য; মিথুন, মেষ, মকর ও কুম্ভের সকল; ধনুর প্রথম ও শেষ দ্রেক্কাণকে উদ্যতাস্ত্র দ্রেক্কাণ বলে।

সর্প-নিগড়-দ্রেক্কাণ কথনম্

মীন কুলীরয়োরন্ত্যৌ মধ্যাদ্যৌ বৃশ্চিকস্যতু।
সর্পাশ্চ নিগড়া এতে দ্রেক্কাণা পরিকীর্ত্তিতাঃ ॥৪৩॥ অনু

মীন ও কর্কটের তৃতীয়, বৃশ্চিকের প্রথমও দ্বিতীয় দ্রেক্কাণকে সর্প বা নিগড় দ্রেক্কাণ বলে।

ব্যাড় দ্রেক্কাণ কথনম্

ব্যাড়াস্তুলান্ত্যমধ্যৌ চ মধ্যাদ্যাবলিকুম্ভয়োঃ।
মৃগ-কর্কট-মীনানামন্ত্যাঃ সিংহাদ্যশেষকৌ ॥৪৪॥ অনু

তুলার দ্বিতীয় ও তৃতীয়; বৃশ্চিক ও কুম্ভের প্রথম ও দ্বিতীয়; মকর, কর্কট ও মীনের তৃতীয়; সিংহের প্রথম ও তৃতীয় দ্রেক্কাণকে ব্যাড় দ্রেক্কাণ বলে।

পাশধারি-পক্ষি-দ্রেক্কাণ কথনম্

বৃষস্যাদ্যো মৃগাদ্যান্ত্যৌ দ্রেক্কাণাঃ পাশধারিণঃ।
তুলান্ত্যমধ্যমৌ সিংহকুম্ভাদ্যৌ পক্ষিণস্তথা ॥৪৫॥ অনু

বৃষের প্রথম, মকরের প্রথম ও তৃতীয়দ্রেক্কাণের নাম পাশধারিদ্রেক্কাণ। তুলার দ্বিতীয় ও তৃতীয়, সিংহ ও কুম্ভের প্রথমদ্রেক্কাণকে পক্ষিদ্রেক্কাণ বলে।

সলিলাদি দ্রেক্কাণ ফলানি

সৌম্যরূপে সুখী চৈব রত্নভাণ্ডান্বিতে ধনী।
নামতুল্যেষু শেষেষু দুঃখভোগী ভবেন্নরঃ ॥৪৬॥ অনু

সৌম্যরূপদ্রেক্কাণে সুখী, রত্নভাণ্ডান্বিতে ধনাঢ্য, অন্যদ্রেক্কাণে নামানুরূপ দুঃখভোগী হয়। সলিলদ্রেক্কাণে জলভীতি, দহনে অগ্নিভয়, উদ্যতাস্ত্রে অগ্নিভয়, সর্প বা নিগড়ে সর্পভীতি বা কারাভীতি, ব্যাড়ে হিংস্রজন্তুহইতে ভয়, পাশধারীতে অস্ত্রাঘাত, পক্ষীতে পক্ষিভীতি, রৌদ্রদ্রেক্কাণে উগ্রস্বভাব হয়।

দ্রেক্কাণাদি বর্গফলানি।

বর্গেষু দ্যুমণেঃ খলোঽতি মুখরস্তেজোঽন্বিতো গর্ব্বিতঃ
ক্রুদ্ধঃ সাহসিকস্তথাশ্রিতসুহৃৎ স্ত্রীনির্জ্জিতশ্চঞ্চলঃ।
ইন্দো ধর্ম্মযুতঃ ক্ষমী বিধিরতো বিদ্যা-সুতার্থান্বিতঃ
সদ্বন্ধুর্বহুভাষণঃ শুভতনুর্মান্যঃ সুশীলঃ সুখী ॥৪৭॥ শা,বি

সূর্য্যের বহুবর্গে জন্মিলে খল, অতি মুখর, তেজস্বী, গর্ব্বিত, ক্রোধী, সাহসী, আশ্রিতবৎসল, স্ত্রীজিত, চঞ্চল হয়।

চন্দ্রের বহুবর্গে ধার্ম্মিক, ক্ষমাবান্, শাস্ত্রানুরক্ত, বিদ্বান্, পুত্রবান্, ধনাঢ্য, সম্বন্ধ যুক্ত, বহুভাষী, সুগঠন, মাননীয়, সুশীল, সুখী হয়।

ভূসূনোর্বহুবর্গজো গতধনঃ কোপী রুজার্ত্তশ্চলো-
দুঃশীলঃ পরসেবকো বহুবচাশ্চাত্মম্ভরির্নির্দয়ঃ।
জ্ঞস্ত স্যাৎ সুবচাঃ সুধীঃ সুতসুখী বাগ্মী নৃপূজ্যঃ শুচি-
র্ধর্ম্মাত্মার্থযুতো বলী সুগঠনঃ ক্ষেমে রতঃ সৎসুহৃৎ ॥৪৮॥ শা,বি

মঙ্গলের বহুবর্গে জাতব্যক্তি ধনহীন, ক্রোধী, রোগী, চঞ্চল, দুঃশীল, পরসেবক, বহুভাষী, আত্মম্ভরি, নির্দয় হয়।

বুধের বহুবর্গজাত সুভাষী, বিদ্বান্, পুত্রদ্বারা সুখী, বাগ্মী, মাননীয়, পবিত্র, ধার্ম্মিক, ধনবান্, বলিষ্ঠ, সুগঠন, পরোপকারী, সম্বন্ধযুক্ত হয়।

বর্গেম্বঙ্গিরসো গুণী বলযুতো দীর্ঘায়ুরর্থান্বিতঃ
শাস্ত্রজ্ঞঃ সুতদারমান-সহিতো দাতা বিবেকী শুচিঃ।
শুক্রস্যাত্মজ-দার-বিত্তজ-সুখী ভূপালপূজ্যঃ সুধী-
র্মন্দস্যার্থ সুতোজ্ঝিতোঽতিপিশুনঃ ক্রোধী খলো দুর্ব্বচাঃ ॥৪৯॥ শা,বি

বৃহস্পতির বহুবর্গে গুণী, বলবান্, দীর্ঘায়ু, ধনাঢ্য; শাস্ত্রজ্ঞ, স্ত্রীসুখী, পুত্রবান্, সম্মানী, দাতা, বিবেকী ও পবিত্র হয়।

শুক্রের বহুবর্গে স্ত্রী, পুত্র, বিত্ত জনিত সুখী ; রাজপূজ্য বিদ্বান্ হয়। শনির বহুবর্গে ধনহীন, পুত্রহীন, অতিনির্দয়, ক্রোধী, খল, অপ্রিয়ভাষী হয়।

ভাব ফলাধ্যায়ঃ

তনুস্থ গ্রহ ফলানি।

লগ্নেঽর্কে নেত্ররোগী স্খলিততরবচাঃ পিত্তজার্ত্তিঃ প্রচণ্ডঃ
ক্ষীণে চন্দ্রে বলোনঃ সবলশশধরে গর্ব্বিতো বীর্য্যশালী।
ভৌমে ব্যঙ্গোঽর্শআদ্যাময়-সহিততনুঃ ক্রোধনো দারদুঃখী
সৌম্যে শান্তঃ সুমূর্ত্তিঃ খলযুত-বিধুজে মন্দমেধা হ্যবুদ্ধিঃ ॥১॥ স্র,র

লগ্নে রবি থাকিলে নেত্ররোগী, প্রতিরুদ্ধবাক্য, পিত্তরোগী, ক্রোধী হয়। ক্ষীণচন্দ্রে দুর্ব্বল, সবল চন্দ্রে গর্ব্বিত, বীর্য্যশালী হয়। লগ্নস্থ মঙ্গলে হীনাঙ্গ, অর্শ আদি রোগযুক্ত, ক্রোধী, পত্নীহীন হয়। শুভবুধ থাকিলে শান্ত, সুগঠন, পাপবুধে অল্পমেধা ও অল্পবুদ্ধি হয়।

দেবাচার্য্যে তনুস্থে দ্বিজসুরভজনঃ সৌম্যমূর্ত্তিঃ সুবিদ্যঃ
শিল্পজ্ঞো নীতিদক্ষঃ কবিরতিচতুরস্তেজসেদ্ধো দিতীজ্যে।
মন্দে চাল্পাধিকাঙ্গো হ্যনিলজ-গদযুক্ চঞ্চলো মন্দবীর্য্যো-
রাহৌ কেতৌ চ মর্ত্ত্যোঽনুচিত কৃতিকরো বাতরোগান্বিতঃ স্যাৎ॥২॥ স্র,র

লগ্নে বৃহস্পতি থাকিলে দেবব্রাহ্মণে ভক্তিমান্, সৌম্যমূর্ত্তি, বিদ্বান্ হয়। শুক্রে শিল্পজ্ঞ, নীতিপটু, কবি, অতি চতুর, তেজস্বী হয়। শনিতে হীনাঙ্গ বা অধিকাঙ্গ, বাতরোগী, চঞ্চল, অল্পবীর্য্য হয়। লগ্নে রাহু বা কেতু থাকিলে অন্যায় কার্য্যকারী ও বাতরোগী হয়।

ইন্দ্রে চ লগ্নে চপলো ভ্রমার্ত্তো-
দীর্ঘো কৃশঃ স্নায়ুগদোঽল্পকেশঃ।
যাদঃপতৌ বারিভয়ং কফার্ত্তো-
দেশাটনঃ শক্রযুতশ্চজায়া ॥৩॥ ই,ব

লগ্নে ইন্দ্র থাকিলে চঞ্চল, ভ্রমযুক্ত, দীর্ঘ, কৃশকায়, স্নায়বীয় রোগ ও [illegible] বিশিষ্ট হয়। লগ্নে বরুণ থাকিলে জলভয়, শ্লেষ্মরোগী, ভ্রমণশীল, শত্রুযুক্ত ও চঞ্চল হয়

ধনস্থ গ্রহ ফলানি।

বিত্তেঽর্কে পিত্তরোগী বিরলবসুরথো শন্যদৃষ্টে ধনাঢ্যঃ
পূর্ণে চন্দ্রে ধনাঢ্যঃ প্রহসিতবদনো দুর্ব্বলে বিত্তহীনঃ।
ভৌমে বৈদ্যঃ কৃষিজ্ঞোঽহবনিদহন-ধনঃ সৈনিকো বর্ণদাতা
সৌম্যে শিল্পৈশ্চ লেখ্যৈর্ধনমথ যুতিজং জ্ঞে খলে স্বল্পবিত্তঃ॥ ৪॥ স্র,রা

ধনস্থানে রবি থাকিলে পিত্তরোগী, অল্পবিত্ত হয় কিন্তু ধনস্থ রবির প্রতি শনির দৃষ্টি না থাকিলে ধনাঢ্য হয়। সবল চন্দ্র থাকিলে ধনাঢ্য ও হাস্যমুখ, দুর্ব্বলচন্দ্রে বিত্তহীন হয়। মঙ্গলে চিকিৎসক, কৃষিজীবী, অগ্নি বা ভূমি লব্ধধন, সৈনিক বা ঋণ দাতা হয়। বুধ ধনস্থানে থাকিলে শিল্প চিত্রাঙ্কন, বস্তুসমূহের সংমিশ্রনকার্য্য (রসায়নবিদ্যা) দ্বারা ধন লাভ কিন্তু পাপ বুধে অল্পধন হয়।

আচার্য্যে যাজনাধ্যাপনসুলভধনো নীতিবেত্তা ধনস্থে
নীত্যা চাধ্যাপনেন ক্ষিতি-পতিভৃতকাৎ স্বং কবৌ স্ত্রীধনঞ্চ।
কাষ্ঠাঙ্গারায়সাদ্যাটন-ধনজ-ধনং মন্দগে বিত্তসংস্থে
পাষাণাঙ্গার-কাষ্ঠায়স-পশুজ-ধনং তত্র রাহৌ চ কেতৌ॥ ৫॥ স্র,রা

ধনস্থানে বৃহস্পতি থাকিলে যাজন, অধ্যাপনা, বা নীতিবিদ্যা দ্বারা ধনলাভ; শুক্র থাকিলে নীতিবিদ্যা বা অধ্যাপনাদ্বারা ও স্ত্রীসম্পর্কীয় ধনলাভ হয়। শনি থাকিলে কাষ্ঠ, অঙ্গার, লোহাদি দ্বারা, ঋণদান, দালালি সেয়ারাদি দ্বারা ধনলাভ; রাহু বা কেতু থাকিলে প্রস্তর, অঙ্গার, কাষ্ঠ, লৌহ, পশুপালন দ্বারা ধনলাভ হয়।

ইন্দ্রে ধনস্থে চলবিত্তশালী
ব্যাপারসংঘ-ক্ষয়বৃদ্ধিহেতোঃ।
যাদঃপতৌ সঞ্চয়কৃত্তু মর্ত্ত্যঃ
প্রতারণা শত্রুকৃতব্যয়ী স্যাৎ॥৬॥ উ,জা

ধনস্থানে ইন্দ্র থাকিলে নানা ব্যবসায়ের লাভহানিজনিত চঞ্চলধন হয়। বরুণ থাকিলে সঞ্চয়শীল কিন্তু খলকৃতপ্রতারণা ও শত্রুর সহিত বিবাদে বহুধন নাশ হয়।

সহজস্থ গ্রহ ফলানি।

ভ্রাতর্য্যর্কে সুভার্য্যো বহুজন ধনবানগ্রজাতস্য মৃত্যুঃ
ক্ষীণো হন্তি স্বসারং হিমকিরণময়শ্চান্যথা তৎসুখং স্যাৎ।
হন্তি ভ্রাতৄন্ ধরাজোঽবনি-ধন-তনয়ান্ দীর্ঘমায়ুশ্চ দত্তে
হন্তি স্বসৄশ্চ সৌম্যো যদি খলসহিতো নোতথা স্বস্বসৌখ্যম্॥৭॥ স্র,রা

ভ্রাতৃস্থানে রবি থাকিলে মনোরমভার্য্যা, বহুজন ও বহুধন হয় কিন্তু অগ্রজাত ভ্রাতার বিনাশ ঘটে। ক্ষীণচন্দ্র থাকিলে ভগিনীবিনাশ, শুভচন্দ্র থাকিলে ভগিনীসুখী হয়। মঙ্গল থাকিলে অগ্রজাত ও পৃষ্ঠজাত ভ্রাতৃনাশ কিন্তু জাতক স্বয়ং ভূমি, ধন, পুত্র ও দীর্ঘায়ুযুক্ত হয়। পাপবুধ থাকিলে ভগিনীনাশ, শুভবুধ থাকিলে ভগিনী সুখ হয়।

জীবে স্যাদ্ ভ্রাতৃসৌখ্যং সুতনু-ধনমিতো ভার্গবে শং স্বসৄণাম্
হন্ত্যার্কিঃ পৃষ্ঠজাতং নৃপতিসমধনং ভ্রাতৃসংস্থো বিধত্তে।
রাহুঃ কেতুশ্চ তস্মিন্ সহজমৃতিকরৌ বিত্ততেজপ্রদৌ স্তঃ
পাশীবেন্দ্রঃ প্রকুর্য্যাৎ চপলমতিগতিং ভ্রাতৃবিদ্বেষকঞ্চ॥৮॥ স্র,রা

ভ্রাতৃস্থানে বৃহস্পতি থাকিলে ভ্রাতৃসুখ, সুদেহ ও ধনাঢ্য; শুক্র থাকিলে ভগিনী সুখ; শনি থাকিলে পৃষ্ঠজাত ভ্রাতৃনাশ স্বয়ং রাজতুল্যধনশালী; রাহু বা কেতু থাকিলে ভ্রাতৃ নাশ, স্বয়ং ধনী, তেজস্বী; ইন্দ্র বা বরুণ থাকিলে চঞ্চল, ভ্রাতৃ দ্বেষী হয়।

অর্কে বন্ধৌ কুমিত্রং প্রিয়জনমরণং বিগ্রহো বন্ধুভির্বা
শুদ্ধে চন্দ্রে চ যানালয়-মনুজসুখং হৃদ্রুজার্ত্তিশ্চ পাপে

জীর্ণং যানালয়াস্তং ভবতি ধরণিজে দারহানিঃ কুবন্ধুঃ
সন্মিত্রং শোভনাধীঃ সুবচনপটুতা জ্ঞে শুভে নৈব পাপে ॥৯॥ স্র,রা।

বন্ধুস্থানে রবি থাকিলে কুবন্ধু. বন্ধুজনের মরণ বা বন্ধুবিচ্ছেদ হয়। শুভচন্দ্রে যান, আলয়, বন্ধু জনিত সুখ, পাপ চন্দ্রে হৃদ্-রোগ হয়। মঙ্গলে জীর্ণ যান, আলয়, পত্নী হানি, কুবন্ধু হয়। শুভবুধ থাকিলে সদ্বন্ধু, সুবুদ্ধি, সুবাগ্মী কিন্তু পাপ বুধে ইহার বিপরীত হয়।

ধীমিত্রাবাস-সৌখ্যং সুখগ-সুরগুরাবুচ্চহৃদ্ধার্ম্মিকশ্চ
তেজস্বী রাজপূজ্যো বরযুবতি-রতির্ভার্গবে বন্ধুসংস্থে।
মন্দে বন্ধৌ কুবন্ধুর্বিকলতনুযুতঃ পীড়িতো বন্ধুবর্গৈ-
রাহৌ মিত্রেঽথ কেতৌ কুজনপরিবৃতস্তামসাচারযুক্তঃ ॥১০॥ স্র,বা

বন্ধুস্থ বৃহস্পতিতে সুবুদ্ধি, সুবন্ধু, মনোরম গৃহ, সুখাদিযুক্ত, উচ্চচেতা, ধার্ম্মি, হয়। শুক্রে তেজস্বী, রাজপূজ্য, সুন্দরস্ত্রীযুক্ত; শনিতে কুবন্ধু, বিকলশরীরক বন্ধুদ্বারাপীড়িত; রাহু বা কেতু থকিলে কুসঙ্গী, কদাচারী হয।

ইন্দ্রে বন্ধাবনিয়তবাসো-
বাতেনার্ত্তঃ স চরমকালে।
যাদোনাথে চ বিজনবাসী
হানিং প্রাপ্তো নিজধনাত্তোঽপি ॥১১॥ মত্তা

বন্ধুস্থানে ইন্দ্রথাকিলে বাসস্থানের অস্থিরতা, শেষবয়সে বাতরোগার্ত্ত হয়। বরুণ থাকিলে নির্জনবাস ও ধনহানি হয়।

পুত্রস্থ গ্রহ ফলানি

পুত্রে ভানৌ যদি স্যাৎ প্রথমসুতহতির্গর্ভপাতেঽথবা স্যাৎ
শুদ্ধে চন্দ্রে চ কন্যা-সুত-সুতজ-যুতঃ কন্যকৈকা তু পাপে।
ভৌমে পাপেঽথ সৌম্যে সচ হৃতনয়ো জ্ঞে শুভে ধীসুতাঢ্যো-
জীবে পুত্রে সধর্ম্মা সসুতবলধনো নীতিবিৎ খ্যাতবিত্তঃ ॥১২॥ স্র,রা।

পুত্রস্থানে রবি থাকিলে প্রথম সন্তানের মৃত্যু বা গর্ভপাত হয়। শুক্ল চন্দ্র থাকিলে কন্যা, পুত্র, পৌত্রাদিযুক্ত কিন্তু পাপচন্দ্রে একটিমাত্র কন্যা জন্মে। মঙ্গল বা পাপবুধ থাকিলে পুত্রনাশ, শুভবুধে বুদ্ধি ও সন্তানযুক্ত; বৃহস্পতিতে ধার্ম্মিক, সন্তান, বল ও ধনযুক্ত, নীতিবিৎ, প্রসিদ্ধবিদ্বান্ হয়।

কন্যাধিক্যঞ্চ শুক্রে তনয়গৃহগতেঽল্পাত্মজো দীপ্তবিদ্যঃ
সর্ব্বঃ পুত্রো বিনশ্যেৎ তনয়গ-রবিজে তুঙ্গগে তূগ্রপুত্রঃ।
রাহৌ রুগ্নাত্মজোঽসৌ শিখিনি হতসুতস্তুঙ্গগৌ চেৎ সুপুত্র-
ইন্দ্রে বিদ্যাপ্রবাধা প্রথমসুতহতির্বারিপে চণ্ডবুদ্ধিঃ ॥১৩॥ স্র,রা

পঞ্চমে শুক্রথাকিলে অধিক কন্যা, অল্পপুত্র, খ্যাতবিদ্য হয়। শনি থাকিলে সকল পুত্র বিনষ্ট হয় কিন্তু উচ্চস্থ শনি পঞ্চমে থাকিলে পুত্র উগ্রবুদ্ধিসম্পন্ন হয়। রাহু থাকিলে রুগ্নপুত্র, কেতু থাকিলে পুত্রনাশ কিন্তু রাহু ও কেতু উচ্চস্থ হইলে সুপুত্র জন্মে। ইন্দ্র থাকিলে বিদ্যাব্যাঘাত ও প্রথম পুত্রের নাশ, বরুণ থাকিলে উগ্রবুদ্ধি হয়।

শত্রুস্থ গ্রহ ফলানি

শত্রোর্নাশঃ স্বতুঙ্গে নিজহিতভবনেঽর্কেঽন্যথা শত্রুবৃদ্ধি-
শ্চন্দ্রে পাপে রিপুস্থে রিপুনিচয়ভয়ং সদ্বিধৌ শত্রুনাশঃ।
শত্রৌ ভৌমে বিবাদো নিজহিতভবনে তুঙ্গগে শত্রুহানিঃ
সৌম্যৈর্দৃষ্টেঽথ শুদ্ধে রিপুজয়জ-ধনং জ্ঞে খলে শত্রুপীড়া॥১৪॥স্র,রা।

শত্রুভাবে রবি উচ্চে, স্বগৃহে বা মিত্রগৃহে থাকিলে শত্রু নাশ অন্যথা শত্রুবৃদ্ধি হয়। পাপচন্দ্রে শত্রুভীতি, শুভচন্দ্রে শত্রু নাশ; মঙ্গলে বিবাদ কিন্তু নিজগৃহ, মিত্র-গৃহ বা উচ্চে থাকিলে শত্রুহানি; শুদ্ধ ও শুভদৃষ্ট বুধ থাকিলে শত্রুজয়জনিতধন-লাভ, পাপবুধে শত্রুপীড়া হইয়া থাকে।

ষষ্ঠে জীবে প্রতাপো রিপুহতিররিভী স্বস্তগে বা সপাপে
শুক্রে নীচেঽস্তগে বা গদরিপুজভয়ং চান্যথা শত্রুহানিঃ।
মন্দে তুঙ্গে স্বগেহে প্রবলরিপুজয়ঃ শত্রুভীরন্যথা স্যাদ্
রাহৌ জায়াবিনাশো রিপুজয়জধনং শত্রুঘাতশ্চ পুচ্ছে॥১৫ স্র, রা॥

ষষ্ঠে বৃহস্পতি থাকিলে প্রতাপী, শত্রুঘাতী কিন্তু অস্তমিত বা পাপযুক্ত হইলে শত্রুভীতি জন্মে। নীচস্থ বা অস্তমিত শুক্র থাকিলে রোগ ও শত্রুভয় অন্যথা শত্রু নাশ হয়। শনি উচ্চে বা নিজগৃহে ষষ্ঠে থাকিলে প্রবলশত্রুর ও জয়কারী অন্যথা শত্রুভয়। রাহু থাকিলে পত্নী নাশ কিন্তু রিপুজয়জনিত ধনলাভ, কেতু থাকিলে শত্রু নাশ হইয়া থাকে।

শিরোমনো হৃদ্‌গত দুর্ব্বলত্বং
বৃদ্ধিক্ষয়ৈ দুঃখসুখৈর্যুতঃ স্যাৎ।
ভবেচ্চ ভৃত্যাদি-কৃতার্থ-নাশ-
ইন্দ্রে রিপৌ গুপ্তরুজার্দিতাঙ্গঃ ॥১৬॥ উ, জা

ষষ্ঠভাবে ইন্দ্র থাকিলে মস্তক, মন ও হৃদয়েব দুর্ব্বলতা, দুঃখ সুখের হ্রাসবৃদ্ধিরূপে পুনঃ পুনঃ পরিবর্ত্তন, ভৃত্যাদিদ্বাবা অর্থক্ষতি এবং গুপ্তরোগযুক্ত হয়।

অপাং পতৌ শত্রুগতে মনুষ্যো-
ভবেৎ সদা ভৃত্যজনৈঃ প্রতপ্তঃ।
বিলাসভোগ-প্রভবার্থনাশঃ
কফোদ্ভব-শ্বাস-গদাদিযুক্তঃ ॥১৭॥ উ,ব

ষষ্ঠে বরুণ থাকিলে সর্ব্বদা ভৃত্যাদির দ্বারা উত্তপ্ত, বিলাসভোগাদিদ্বারা ধননাশ, শ্বাসাদি কফজপীড়া জন্মে।

পত্নীস্থ গ্রহ ফলানি

দ্যূনেঽর্কে স্ত্রী রুজার্ত্তা সতত চলমতির্নীচগে সা বিনশ্যেৎ
সন্দিগ্ধা ক্ষীণচন্দ্রে সবলশশধরে ধর্ম্মচিত্তা সুরূপা।
ভৌমে নীচেঽস্তগে স্ত্রীক্ষতিরথ হিতগে বা স্বভে যোনিরোগা
শুদ্ধে সৌম্যে সুবুদ্ধির্হিতমধুর-কথা স্ত্রী খলে বুদ্ধিহীনা ॥১৮॥স্র,রা

সপ্তমে রবি থাকিলে স্ত্রীরোগিণী ও চঞ্চলা কিন্তু নীচস্থ হইলে স্ত্রীনাশ হয়। ক্ষীণ চন্দ্রে পত্নী সন্দিগ্ধচিত্তা, সবলচন্দ্রে ধর্ম্মানুরক্তা ও সুরূপা হয়। নীচস্থ বা অস্তমিত মঙ্গলে পত্নী নাশ, নিজগৃহ বা মিত্র গৃহস্থ মঙ্গলে যোনিরোগযুক্তা। শুভ বুধে পত্নী সুবুদ্ধি, হিত ও মধুর ভাষিণী, পাপবুধে বুদ্ধিহীনা হয়।

জীবে দ্যূনে সুরূপা পতিমতি-রমণী মানবো দীর্ঘজীবঃ
শুক্রে বীরা গুণাঢ্যাস্তমিতবপুষি তু স্যাৎ প্রতীপাপি নীচে।
স্বর্ক্ষে তুঙ্গে রুজার্ত্তা দিনকরতনয়েঽপ্যন্যথা দারনাশো-
রাহৌ দ্যূনে ধ্বজে বা বিহতরতিসুখা তুঙ্গগে চঞ্চলা স্ত্রী ॥১৯॥ স্র, রা

সপ্তমে বৃহস্পতি থাকিলে স্ত্রী সুরূপা, পতিব্রতা স্বয়ং দীর্ঘজীবী হয়। শুক্র থাকিলে তেজস্বিনী, গুণশালিনী কিন্তু শুক্র অস্তমিত বা নীচস্থ হইলে স্বামীর বিরুদ্ধাচারিণী হয়। নিজগৃহে বা উচ্চে শনি থাকিলে রোগার্ত্তা অন্যত্র থাকিলে বিনষ্টা হয়। রাহু বা কেতু উচ্চে থাকিলে স্ত্রী চঞ্চলা অন্যত্র মানব পত্নী সুখে বঞ্চিত হয়।

ইন্দ্রে পত্ন্যা বিনাশোঽনুপযম উতবা ত্যাগ এব দ্যূনস্থে
প্রৌঢ়ত্বে দারলাভঃ কলুষিত-রতিকশ্চঞ্চলা রুগ্‌যুতা স্ত্রী।
যাদোনাথেঽথ পত্ন্যাং যুবতিকলহকৃৎ স্নায়ুদৌর্ব্বল্যযুক্ত-
শ্চানূঢ়া চঞ্চলা স্ত্রী হ্যবিহিত-রতিকো মানবশ্চঞ্চলঃ স্যাৎ ॥২০॥স্র, রা

সপ্তমে ইন্দ্র থাকিলে পত্নী নাশ হয়, অবিবাহিত, পত্নীত্যাগী বা পৌঢ়ে বিবাহিত, কলুষিতপ্রণয়াবদ্ধ, চঞ্চলা বা রুগ্না স্ত্রীযুক্ত হয়। বরুণ থাকিলে পত্নীর সহিত বিবাদকারী, স্নায়বিকদৌর্ব্বল্যযুক্ত, অবিবাহিত স্ত্রী, বা চঞ্চলা স্ত্রী হয় স্বয়ং অবিহিত প্রণয়াবদ্ধ ও চঞ্চল হয়।

মৃত্যুস্থ গ্রহ ফলানি

রোগার্ত্তো মৃত্যুগেহে স্থিতদিবসকরে স্বর্ক্ষতুঙ্গে বলাঢ্যঃ
পাপে চন্দ্রে ক্ষয়ার্ত্তঃকফবিকলতনুঃ সদ্‌বিধৌ দীর্ঘমায়ুঃ।
ভৌমে শস্ত্রাদ্যঘাতো হতযুবতিরসৌ পিত্তরক্তাদ্যরোগী
শুদ্ধে সৌম্যেঽষ্টমস্থে সুখমৃতিরথ চেৎ পাপযুক্তেঽন্যথা স্যাৎ ॥২১॥স্র,রা

অষ্টমস্থ রবিতে রোগার্ত্ত কিন্তু রবি উচ্চে বা নিজগৃহে থাকিলে বলবান্ হয়। পাপচন্দ্রে ক্ষয় বা শ্বাসাদিকফরোগযুক্ত, শুভচন্দ্রে দীর্ঘায়ু হয়। মঙ্গলে শস্ত্রাদিঘাত, পিত্তজ বা রক্তজপীড়া ও পত্নী নাশ হয়। শুভবুধে সুখমৃত্যু পাপবুধে দুঃখমৃত্যু হয়।

জীবে মৃত্যৌ সুতীর্থে স্মৃতহরিচরণো জ্ঞানতো মৃত্যুমারা-
দর্শো। মূত্রাদিরোগৈঃ প্রমৃতিরথ কবৌ তুঙ্গগে তীর্থমৃত্যুঃ।
মন্দে হৃদ্‌রোগ-কাশাদিভিরথ মরণং জীর্ণরোগৈর্মৃতিঃস্থে-
রাহৌ দংষ্ট্রা গরাদ্যৈঃ শিখিনি চ মরণং কুক্ষিগুহ্যাদিরোগৈঃ॥২২॥স্র,রা

অষ্টমে বৃহস্পতি থাকিলে সুতীর্থে হরিচরণ স্মরণ করিতে করিতে জ্ঞানে মৃত্যু হয়। শুক্র থাকিলে অর্শ, মূত্ররোগ, গুহ্য, অণ্ডকোষাদিগত রোগদ্বারা মৃত্যু, শুক্র উচ্চস্থ হইলে তীর্থে মৃত্যু হয়। শনি থাকিলে হৃদ্‌রোগ, কাশাদিরোগ বা জীর্ণ রোগদ্বারা; রাহু থাকিলে সর্পশৃগালাদির দংশন বা বিষাদির দ্বারা; কেতু থাকিলে উদর পীড়া, গুহ্যাদিস্থ অর্শ, ভগন্দরাদি দ্বারা মৃত্যু হয়।

পক্ষাঘাতোঽথ সন্ন্যাসঃ শোনিতপ্রগতিস্তথা।
কারণং মরণস্য স্যাদিন্দ্রে মৃত্যুগৃহং গতে॥২৩॥
বিত্তার্জ্জনে হ্যুদাসী স্যাদ্ বিলাসপ্রবণোঽপিচ।
সম্মোহবিদ্যয়া খ্যাতো যস্য পাশী মৃতৌ স্থিতঃ॥২৪॥অনু

অষ্টমে ইন্দ্র থাকিলে পক্ষাঘাত, সন্ন্যাস বা রক্তের গতি (ব্লাড্ প্রেসার) দ্বারা মৃত্যু হয়। বরুণ থাকিলে বিত্তোপার্জনে উদাসীন, ইন্দ্রজাল বিদ্যায় পটু হয়।

ভাগ্যস্থ গ্রহ ফলানি।

ভানৌ ভাগ্যেঽল্পভাগ্যঃ সুরনুতি-বিমুখ স্তুঙ্গগে স্যাৎ সুভাগ্য-
শ্চন্দ্রে ভোগী চ যাজী বিবলশশধরে ভাগ্যহীনোঽপ্যধর্ম্মা।
ভৌমে কাষায়বস্ত্রো নররতি-জনকো মন্দভাগ্যঃ প্রচণ্ডো-
জ্ঞানেচ্ছুর্ভাগ্যবান্ জ্ঞে খলখগরহিতে হ্যন্যথা পাপযুক্তে॥২৫॥স্র,রা

নবমস্থ রবিতে অল্প ভাগ্য, দেবভজনবিমুখ, কিন্তু উচ্চস্থ রবিতে ভাগ্যশীল, শুদ্ধ চন্দ্রে ভোগী, দেবপূজক, পাপচন্দ্রে ভাগ্যহীন ও ধর্ম্মহীন; মঙ্গলে মনুষ্যদিগকে প্রলুব্ধ করিবার জন্য কাষায় বস্ত্রপরিধায়ী, অল্পভাগ্য, ক্রোধী; শুদ্ধবুধে জ্ঞানেচ্ছুক, ভাগ্যবান্ কিন্তু পাপবুধে ইহার বিপরীত হয়।

ভাগ্যে জীবে গুণাঢ্যো ধনজনসহিতো দেবভক্তঃ সধর্ম্মা
শুক্রে তীর্থী সুভক্তঃ সুর-গুরু-সুজন-ব্রাহ্মণানাং ধনাঢ্যঃ।
স্বর্ক্ষে তুঙ্গে চ মন্দে সুকৃত-ধনযুতো হ্যন্যথা ক্ষীণভাগ্যো-
রাহৌ ধর্ম্মেঽথ কেতৌ সুজন-কলহকৃদ্ ভাগ্যহীনো বিধর্ম্মা ॥২৬॥ স্র,রা

নবমস্থ বৃহস্পতিতে গুণী, ধনাঢ্য, অনুচরযুক্ত, দেবভক্ত, ধার্ম্মিক; শুক্রে তীর্থাসক্ত, দেবতা, গুরু, সজ্জন, ব্রাহ্মণে ভক্তিমান্, ধনবান্; নিজগৃহস্থ বা উচ্চস্থ শনিতে ধার্ম্মিক, ধনাঢ্য কিন্তু অন্য স্থানস্থিত শনিতে অল্প ভাগ্য; রাহু বা কেতুতে ভাগ্যহীন ও ধর্ম্মহীন হয়।

পুরন্দরে ভাগ্যগতে মনুষ্যো-
বাদানুরক্তো বহুলব্যয়ী স্যাৎ।
ভাবিপ্রবক্তা পরদেশবাসী
প্রত্নানুরক্তশ্চ চলস্বভাবঃ ॥২৭॥ উ,জা

ভাগ্যস্থানে ইন্দ্র থাকিলে বিবাদপ্রিয়, বহুব্যয়ী, ভবিষ্যদ্‌বক্তা, বিদেশবাসী, প্রত্নতত্ত্বানুরক্ত, চঞ্চল হয়।

অপাং পতৌ ধর্ম্মগতে চ মর্ত্ত্যো-
হ্যতীন্দ্রিয়জ্ঞো দৃঢ়সংস্কৃতিশ্চ।
অধ্যাত্মবিদ্যো জনসেবকোঽপি
ধূর্ত্তেন বাদে খলু বঞ্চিতঃ স্যাৎ ॥২৮॥ উ, জা

ভাগ্যস্থানে বরুণ থাকিলে অতীন্দ্রিয়জ্ঞ, দৃঢ়সংস্কারযুক্ত, অধ্যাত্মবিদ্যাপটু, জনসেবক কিন্তু বিবাদে ধূর্ত্তদ্বারা প্রতারিত হয়।

কর্ম্মস্থ গ্রহ ফলানি।

ভানৌ খে রাজসেবী পিতৃধন-ধনবান্ ক্ষিপ্রগামী প্রচণ্ড-
শ্চান্দ্রে স্ত্রীবিত্তসৌখ্যং দ্বিজসুরভজনং পাপকে শ্লেষ্মরোগঃ।
ভৌমে ক্রুদ্ধোঽস্ত্রবেত্তাবনি-দহন-ধনঃ সাহসী শত্রুহন্তা
সৌম্যে মেষূরণে স্যান্নৃপতিধনযশা বুদ্ধিজীবী সুকর্ম্মা ॥২৯॥ স্র,রা

দশমে রবি থাকিলে রাজসেবী, পিতৃধনে ধনবান্, শীঘ্রগামী, ক্রোধী হয়। শুভ চন্দ্রে স্ত্রীধনে সুখী, দেবতা ও ব্রাহ্মণে ভক্তিমান্ পাপচন্দ্রে শ্লেষ্মরোগী হয়। মঙ্গলে ক্রোধী, অস্ত্রবিৎ, মৃত্তিকা বা অগ্নিদ্বারা ধনবান, সাহসী, শত্রুঘাতী; বুধে নরপতি হইতে ধন ও যশো লাভকারী, বুদ্ধিজীবী, সুকর্ম্মা হয়।

মানে জীবে নয়জ্ঞঃ স্থিরমতিধনযুক্ কর্ম্মধর্ম্মানুরক্তঃ
কাব্যে খে নেত্ররোগী নয়হৃত-ধনভাক্ স্ত্রীধনী রাজপূজ্যঃ।
মন্দে কর্ম্মাস্থিরত্বং জনভজনধনং নীচগে পাদরোগো-
রাহৌ খে ম্লেচ্ছবৃত্তির্মদনবশগতিশ্চঞ্চলং কর্ম্ম কেতৌ॥৩০॥স্র,রা

দশমে বৃহস্পতি থাকিলে নীতিজ্ঞ, স্থিরবুদ্ধি, ধনবান্, কর্ম্মোৎসাহী, ধাম্মিক হয়। শুক্র থাকিলে নেত্ররোগী, নীতিবিদ্যা দ্বারা ধনশালী, স্ত্রীধনযুক্ত, রাজ পূজ্য হয়। শনি থাকিলে অস্থিরকর্ম্মা, সেবালব্ধধন, নীচস্থশনিতে পাদরোগী হয়। রাহু থাকিলে ম্লেচ্ছ বৃত্তি, কামাতুর; কেতু থাকিলে অস্থির কর্ম্মা হয়।

শতক্রতৌ কর্ম্মগতে মনুষ্যঃ
কৃত্যেষভিজ্ঞো বিদিতো নৃপূজ্যঃ।
প্রভৌ সরোষো বহুজীবিকঃ স্যাৎ
শশীববৃদ্ধিক্ষয়ি-বৈভবশ্চ॥৩১॥ উ,জা

দশমে ইন্দ্র থাকিলে কর্ম্মদক্ষ, খ্যাত, মানী, প্রভুর প্রতি রুষ্ট, বহুকার্য্যজীবী, চন্দ্রের ন্যায় হ্রাসবৃদ্ধি যুক্ত ধনশালী হয়।

যাদোনাথে মানসংস্থে হি শিল্পী
প্রজ্ঞাখ্যাতো নূত্নকৃত্যশ্চ মানী।
বিত্তেনাঢ্যো গর্ব্বশীলোঽল্পধর্ম্মা
শ্রেষ্ঠত্বাশা সর্ব্বদা চোন্মুখী স্যাৎ॥৩২॥ শা,নী।

দশমে বরুণ থাকিলে শিল্পী, প্রজ্ঞাখ্যাত, নূতনকার্য্যকারী, মানী, ধনাঢ্য, গর্ব্বিত, অল্পধর্ম্মা, নিজের শ্রেষ্ঠত্ব প্রতিপাদনের আশা সর্ব্বদা মনে জাগরুক থাকে।

লাভস্থগ্রহফলানি

লাভে ভানৌ কলাজ্ঞো নৃপতিকৃতিকরঃ শীতগৌ স্যাৎ পণায়ো-
ভৌমে ভূধাতুজীবী শশধরতনয়ে শিল্পবিল্লেখ্যবৃত্তিঃ।
জীবে বিদ্যাপ্রদাতা নয়-যজন-ধনো ভার্গবে স্ত্রীধনং স্যা-
ন্মন্দেঽয়ঃসেবতোঽর্থঃ শিখিনি চ দনুজে সেবয়াপ্তির্ধনানাম্ ॥৩৩॥ স্র,রা

একাদশস্থ রবিতে কলাবিদ্যা বা রাজকার্য্য দ্বারা; চন্দ্রে বাণিজ্যদ্বারা; মঙ্গলে ভূমি বা ধাতুদ্রব্য দ্বারা; বুধে শিল্পকার্য্য বা লেখ্যবৃত্তিদ্বারা, বৃহস্পতিতে অধ্যাপনা, নীতিবিদ্যা বা যাজনদ্বারা; শুক্রে স্ত্রীসম্পর্কিতধন; শনিতে লৌহ বা সেবা দ্বারা; রাহু বা কেতুতে সেবাবৃত্তিদ্বারা ধনাগম হইয়াথাকে।

আয়ে জলেশেঽথ পুরন্দরেঽপি বা
বিবাদতো ভূরিধনব্যয়ো ভবেৎ।
বিশ্বস্তবন্ধুপ্রচয়ৈঃ প্রবঞ্চিতো-
ঽপ্যশান্তিভোগী মনুজো হি বার্দ্ধকে ॥৩৪॥ উ,জা

একাদশে ইন্দ্র বা বরুণ থাকিলে বিবাদে বহুধনব্যয়, জাতক বিশ্বস্তবন্ধু দ্বারা প্রবঞ্চিত এবং বার্দ্ধক্যে অশান্তিভোগী হয়।

ব্যয়স্থগ্রহফলানি।

চণ্ডাংশৌ রিপ্‌ফসংস্থে ব্যসন-হতধনো দানকুণ্ঠো হিমাংশৌ
বিদ্বেষাৎ ক্ষৌণিপুত্রে হিমকরতনুজে রাজতোঽর্থব্যয়ঃ স্যাৎ।
জীবে ন্যায্যো ব্যয়ঃ স্যাদ্দিতিসুতসচিবে রোগতো ভোগতো বা
মন্দে পাপক্রিয়াতঃ শিখিনি চ দিতিজে দ্যূত-দারার্ত্ত্যমিত্রৈঃ ॥৩৫॥ স্র,রা

দ্বাদশস্থ রবিতে ব্যসন দ্বারা ধনব্যয়, চন্দ্রে কৃপণ, মঙ্গলে বিবাদদ্বারা, বুধে রাজদ্বারা, বৃহস্পতিতে উচিতকার্য্য দ্বারা, শুক্রে রোগ বা ভোগদ্বারা, শনিতে পাপকার্য্যদ্বারা, দ্বাদশস্থ রাহু বা কেতুতে দ্যূতক্রিয়া, পত্নীপীড়া বা শত্রুদ্বারা ধনব্যয় হয়।

ইন্দ্রে রিপ্‌ফে দেশতস্তাড়িতো বা
কারারুদ্ধো বাহনেভ্যঃ প্রপাতঃ।
বন্ধুদ্বেষী পীড্যতে শত্রুবর্গৈঃ
স্বল্পো লাভো ভূরিবিত্তব্যয়ঃ স্যাৎ ॥৩৬॥ শা,নী

দ্বাদশে ইন্দ্র থাকিলে রাজকর্ত্তৃক দেশ হইতে বিতাড়িত, কারারুদ্ধ বা নির্দিষ্ট স্থানে আবদ্ধ (অন্তরীণ) বাহনহইতে পতন, বন্ধুদ্বিষ্ট বা শত্রুকর্ত্তৃক পীড়িত, তাহার অল্পলাভ ও ব্যয়বাহুল্য ঘটে।

প্রচেতসি দ্বাদশভাবসংস্থে
গুপ্তৈরমিত্রৈর্ব্বহুধার্দ্দ্যতে না।
ভীতঃ সদা কর্ম্মসু শান্তিহীনো-
ব্যয়প্রবৃদ্ধিশ্চ রুজান্বিতঃ স্যাৎ ॥৩৭॥ উ,জা

দ্বাদশে বরুণ থাকিলে গুপ্ত শত্রু দ্বারা পীড়িত, সর্ব্বদা কার্য্যে ভীত, শান্তি হীন, ব্যয়বৃদ্ধি, রোগান্বিত হয়।

ভাবফলে বিশেষঃ।

মিত্রর্ক্ষগো নিজগৃহাশ্রিত উচ্চসংস্থো-
ভাবেঽশুভোঽপ্যশুভনাশক এব ভাবে।
নীচর্ক্ষ শত্রুগৃহগোঽরিযুতোঽরিদৃষ্টঃ
সৌখ্যপ্রদোঽপ্যশুভদায়ক এব খেটঃ ॥৩৮॥ ব,তি

যে গ্রহ যে যে স্থানে অশুভদায়ক বলা হইল সেই গ্রহ মিত্রক্ষেত্র, নিজগৃহ বা উচ্চগৃহে থাকিলে অশুভনাশক হয়। এইরূপ যে গ্রহ যে ভাবে সুখপ্রদ কথিত হইল সেই গ্রহ নীচস্থ, শত্রুগৃহগত, শত্রুযুক্ত বা শত্রু দৃষ্ট হইলে অশুভ দায়ক হয়।

কেন্দ্রত্রিকোণেষু শুভাঃ সুশোভনা-
স্তত্রাশুভা দুঃখকরা প্রকীর্ত্তিতাঃ।
সর্ব্বে খগাশ্চোপচয়েষু বীর্য্যদা-
লাভে তথা কর্ম্মণি বিত্তদাঃ স্মৃতাঃ ॥৩৯॥ ব,তি

কেন্দ্র বা ত্রিকোণস্থ শুভগ্রহ গণ শুভদায়ক এবং পাপগ্রহগণ দুঃখদায়ক হয়। তৃতীয়, ষষ্ঠ, দশম বা একাদশে সকল গ্রহই বলদায়ক এবং একাদশ ও দশমে বিত্ত দায়ক হয়।

নীচোঽস্তংগো ভাবপোঽথো সপাপো-
দুঃস্থানস্থঃ শত্রুপাপর্ক্ষগো বা।
দুঃস্থানেশো বাপি পাপশ্চ ভাবে
ভাবস্যৈবং দুঃখদাতা নিরুক্তঃ ॥৪০॥ শা,নী

ভাবপতি নীচস্থ, অস্তমিত, পাপযুক্ত, ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশস্থ, শত্রুগৃহগত বা পাপগৃহগত হইলে অথবা দুঃস্থানপতি ভাবগত হইলে কিংবা ভাবে পাপগ্রহ থাকিলে ভাবফল দুঃখকর হয়।

ষড়াদিগোঽপি খেচরঃ স্বতুঙ্গভে স্বভেঽথবা।
নদোষদোঽন্যভে স্থিতো ভবেদসৌখ্যদঃ সদা ॥৪১॥ প্র,নি

ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশস্থ গ্রহও নিজগৃহে বা উচ্চস্থানে থাকিলে দোষদায়ক হয় না। অন্যত্র দুঃখদায়ক হয়।

ভাবাধীশ স্তুঙ্গগো মিত্রভে বা
স্বেগেহে বা কোণগো বাপি কেন্দ্রী।
সৌম্যর্ক্ষে বা সৌম্যদৃষ্টঃ সসৌম্যো-
ভাবে সৌম্যো বা তদা ভাবসৌখ্যম্ ॥৪২॥ শা, নী

ভাবপতি তুঙ্গস্থ, মিত্রগৃহস্থ, কেন্দ্রস্থ, ত্রিকোণগত, নিজগৃহগত, শুভক্ষেত্রগত, শুভদৃষ্ট বা শুভযুক্ত হইলে অথবা শুভগ্রহ ভাবস্থ হইলে ভাবফল সুখকর হয়।

ধূমাদিগ্রহফলানি।

ধর্ম্মে তথোপচয়ভে শুভদোঽথ ধূমঃ
পাতস্তথৈব ধনধর্ম্মবলাদিদাতা।

দ্যূনে ব্যয়ে ধনসুখাদিক-হানিকারী
চান্যত্রগস্তু পরিধিঃ সুখধর্ম্মদঃ স্যাৎ ॥৪৩॥
চাপং ব্যয়েচ মৃতিভে ন শুভপ্রদং স্যাদ্-
বিদ্যার্থধর্ম্মসুখদস্তু ভবেৎ পরত্র।
রিপ্ ফ-দ্যূনাষ্ট-সহজেষু শিখী শুভায়
ভিন্নেষু ভেষ্বশুভদো ভবতি ধ্বজঃ সঃ ॥৪৪॥
বাহৌ রিপৌ চ দশমে শুভদোঽথ মান্দিঃ
শন্যাত্মজো ন শুভদস্তু গৃহান্তরেষু।
পুত্রার্থ-বন্ধু-নবমাস্পদ-লাভভেষু
প্রাণপ্রদং শুভকরং নতু ভিন্নভেষু ॥৪৫॥ ব, তি

তৃতীয়, ষষ্ঠ, দশম, একাদশ ও নবমে ধূম শুভদায়ক। পাত এই সকল ভাবে ধন, ধর্ম্ম, বলাদি দাতা। অন্য ভাবে অশুভ দায়ক। পরিধি সপ্তমে ও দ্বাদশে দুঃখদায়ক অন্যত্র সুখ ও ধর্ম্মদায়ক। চাপ দ্বাদশে ও অষ্টমে অশুভপ্রদ, অপর ভাবে বিদ্যা, ধন, ধর্ম্ম ও সুখদায়ক। ধ্বজ সপ্তম, অষ্টম, তৃতীয়, ও দ্বাদশে শুভ-কর অন্যত্র অশুভকর। গুলিক তৃতীয়, ষষ্ঠ ও দশমে শুভদায়ক অন্যত্র অশুভকর। প্রাণপ্রদ দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম, নবম, দশম, একাদশে শুভকর অন্যভাবে অশুভকর।

জীবিকা নির্ণয়ঃ

লগ্নেন্দ্বোর্বলবত্তরাদ্ দশমগৈঃ খেটৈশ্চ বীর্য্যান্বিতৈ-
র্আজীবং কথয়েদ্ যদা নতু খগো বা দুর্ব্বলাঃ খস্থিতাঃ।
লগ্নেন্দ্বর্য্যমমধ্যতো ভবতি যো বীর্য্যাধিকঃ খেচর-
এতস্মাদ্ দশমস্থিতাংশপতিনা বৃত্তিং ফলজ্ঞা জগুঃ ॥৪৬॥শা,বি

লগ্ন ও চন্দ্রের মধ্যে যে [illegible]তে দশমস্থানে অবস্থিত গ্রহগণের মধ্যে যে বলবান্ তাহার নির্দিষ্ট বৃত্তিদ্বারা জাতক জীবিকা নির্বাহ করিবে। দশমে

গ্রহ না থাকিলে বা দশমস্থ সকল গ্রহই দুর্ব্বল হইলে লগ্ন, চন্দ্র ও সূর্য্যের মধ্যে যে বলবত্তম তাহা হইতে দশম রাশিস্থ নবাংশের অধিপতির বৃত্তিই জাতকের জীবিকা হইবে।

ভৈষজ্যং মণিতাম্র-পণ্যকরণং শাস্ত্রোপদেশঃ কৃষি-
দৌ্ত্যং সৈনিকবৃত্তিরধ্বগমনং বৃত্তির্বিবাদো রবেঃ।
বাসঃ স্নেহ-সুগন্ধ-ভূষণ-জলোদ্ভূতৌষধীবিক্রয়ো-
নারীসংশ্রয়-গীতবাদ্য-নিরতির্বৃত্তির্হিমাংশোঃ স্মৃতা ॥৪৭॥শা,বি

চিকিৎসা বা ঔষধবিক্রয়, মণি বা তাম্রের ক্রয়বিক্রয়, শাস্ত্রোপদেশ, কৃষি, দৌত্যকার্য্য, সৈনিকবৃত্তি, অধ্বগমন (দালালি প্রভৃতি) বিবাদ এইসকল রবির বৃত্তি।

বস্ত্র বা তুলা, ঘৃতাদি স্নেহদ্রব্য, সুগন্ধদ্রব্য, অলঙ্কার, জলজাতবস্তু বা ঔষধের ক্রয়বিক্রয়, স্ত্রীজনাশ্রয়, গীত, বাদ্য এই সকল চন্দ্রের বৃত্তি।

ভৌমে সৈন্য-খনীজ-ভূমিজ-পণ্যায়াগ্নিক্রিয়াশ্চৌষধং
বৃত্তিঃ কর্ষণকর্ম্ম-বাদজ ধনং স্যাদ্ বৃদ্ধিবৃত্ত্যার্জনম্।
সংগীতাদিক-লেখ্যকাব্যগণিতং শিল্পক্রিয়া জ্যোতিষং
বৈদ্যত্বঞ্চ পুন র্বিমিশ্রকরণং বৃত্তির্বিদঃ শান্তিকম্ ॥৪৮॥শা,বি

সৈনিকবৃত্তি (অস্ত্রপ্রয়োগ পুলিশাদির কার্য্য), খনিজাত বা ভূমিজাত দ্রব্যের ক্রয় বিক্রয়, অগ্নি, বিদ্যুৎ প্রভৃতির কার্য্য, ঔষধপ্রস্তুত, চিকিৎসা, কৃষিকার্য্য, বিবাদ, ঋণদান, এই সকল মঙ্গলের বৃত্তি।

সংগীত, বাদ্য, চিত্রাঙ্কন, কাব্য, গণিত, শিল্পকার্য্য, জ্যোতিষ, চিকিৎসা, বিভিন্ন দ্রব্যের মিশ্রীকরণ (রসায়ন বিদ্যা), শান্তি কার্য্য এই সকল বুধের বৃত্তি।

দেবোপাস্ত্যুপদেশ-নীতিপরতাধ্যাপ্যং তথর্ণার্পণং
মন্ত্রিত্বাদিক-রাজকার্য্যকরণং জীবস্য বৃত্তিং জগুঃ।
গোহশ্বার্য্যশ্ব-গুড়োদনাদিক-পণিং স্ত্রীসেবনাধ্যাপনে
রাজ্ঞঃ কর্ম্ম নয়প্রয়োগমুশনোবৃত্তিং বিদুর্যাজনম্ ॥৪৯॥শা,বি

দেবপূজা, উপদেশ, নীতিপ্রয়োগ (আইন ব্যবসায়) অধ্যাপনা, ঋণদান, মন্ত্রিত্ব প্রভৃতি রাজকার্য্য বৃহস্পতির বৃত্তি। গো, মহিষ, অশ্ব, গুড়, তণ্ডুলাদির ক্রয়বিক্রয় স্ত্রীসেবা, অধ্যাপনা, রাজকার্য্য, নীতিপ্রয়োগ (আইন ব্যবসায়) যাজন এই সকল শুক্রের বৃত্তি।

সেবা লৌহতিলাদি-পণ্য মথবা পণ্যস্য সম্পাদনম্
যন্ত্রাণাং পরিচালনঞ্চ শকটং বৃত্তিঃ শনের্ব্দ্ধিকা।
পশ্বঙ্গার-শিলায়সঞ্চ সতৃণং পণ্যং বিধোঃ পাতয়ো-
র্যন্ত্রাণাং ক্রয়বিক্রয়ৌ মঘবতি প্রাহুঃ পণির্বারুণে ॥৫০শা,বি

সেবাবৃত্তি (চাকরী) লৌহতিলাদির ক্রয়বিক্রয়, পণ্যসম্পাদন (দালালী) যন্ত্র চালনা, যানপরিচালন, ঋণদান এই সকল শনির বৃত্তি।

পশু, অঙ্গার, প্রস্তর, লৌহ, তৃণ কাষ্ঠাদির ক্রয়বিক্রয় রাহু ও কেতুর বৃত্তি। যন্ত্রেরক্রয় বিক্রয় ইন্দ্রের এবং ক্রয়বিক্রয়কার্য্য বরুণের বৃত্তি।

শয়নাদিভাবাধ্যায়ঃ

শয়নাদিদ্বাদশভাবাঃ

শয়নঞ্চোপবেশশ্চ নেত্রপাণিঃ প্রকাশনম্ ।
গমনেচ্ছাচ গমনং সভায়াং বসতিস্তথা ॥১॥
আগমো ভোজনঞ্চৈব নৃত্যলিপ্সাচ কৌতুকম্
নিদ্রেতি ক্রমতো ভাবা দৈবজ্ঞৈর্দ্বাদশ স্মৃতাঃ ॥২॥অন্নু

শয়ন, উপবেশন, নেত্রপাণি (মুখ প্রক্ষালন) প্রকাশন (বেশভূষা পরিধান) গমনেচ্ছা, গমন, সভা বসতি, আগমন, ভোজন, নৃত্যলিপ্সা, কৌতুক, নিদ্রা এই দ্বাদশ ভাব শয়নাদি দ্বাদশভাব নামে অভিহিত।

শয়নাদি ভাব সাধনম্।

গ্রহস্থিতর্ক্ষেণ হতো গ্রহাঙ্কো-
নবাংশসংখ্যাভিহতঃ পুনশ্চ।
জাতস্য ভং জন্মঘটীং চ লগ্নং
সংযুজ্য ভাবো রবিশেষতঃ স্যাৎ ॥৩॥উ,জা

যে নক্ষত্রে গ্রহ অবস্থিত সেই নক্ষত্র সংখ্যাকে গ্রহের সংখ্যা দ্বারা গুণ করিয়া তাহাকে পুনর্ব্বার যে নবাংশে গ্রহ অবস্থিত সেই নবাংশসংখ্যাদ্বারা গুণ করিবে। গুণ ফলের সহিত জাতকের জন্মনক্ষত্র, জন্মদণ্ড পরিমাণ ও জন্মলগ্নের মেষাদিক্রমে সংখ্যা যোগ করিয়া ১২ দ্বারা ভাগকরিলে যে ভাগশেষ থাকিবে তদ্দ্বারা শয়নাদি দ্বাদশ ভাব জানিবে।

দৃষ্ট্যাদি ভাবাবস্থা সাধনম্।

শেষঃ স্বনিঘ্নঃ স্বরসংখ্যয়াঢ্যঃ
সূর্য্যেণ তষ্টো ধ্রুবসংযুতোঽর্ধো।

রামেণ তষ্টঃ ক্রমতো গ্রহাণাম্
দৃষ্টিশ্চ চেষ্টাপি বিচেষ্টনঞ্চ ॥৪॥ই,ব
দৃষ্টেঃ ফলং স্বল্পতরং প্রদিষ্টং
ফলন্তু পূর্ণং খলু চেষ্টনেচ।
বিচেষ্টনে নৈব ফলপ্রদঃ স্যাদ্
গ্রহোঽপি ভাবে শয়নাদিকেচ ॥৫॥উ,জা

শয়নাদিভাব সাধনে ১২ দ্বারা ভাগকরিয়া যে ভাগশেষদ্বারা শয়নাদিভাব নির্ণীত হইয়াছে সেই শেষাঙ্কের বর্গ করিবে। ইহার সহিত শতপদ চক্রানুসারে নির্ণীত অক্ষর দ্বারা প্রথম স্বর, দ্বিতীয় স্বর ইত্যাদিক্রমে যে এক, দুই ইত্যাদি স্বর সংখ্যা পাওয়া যায় সেই স্বর সংখ্যা যোগকরিয়া ১২ দ্বারা ভাগ করিলে যে ভাগশেষ থাকে তাহার সহিত গ্রহগণের নির্দিষ্ট দৃষ্ট্যাদির ধ্রুবাঙ্ক যোগ করিয়া ৩ দ্বারা ভাগ করিবে। ভাগশেষ ১ থাকিলে দৃষ্টি, ২ থাকিলে চেষ্টা, ৩ থাকিলে বিচেষ্টা জানিবে।

দৃষ্টাদি ধ্রুবাঃ

রবেঃ শরাঃ শীতকরস্য পক্ষৌ
দ্বয়ং কুজস্যেন্দুসুতস্য রামাঃ।
বাণা গুরোশ্চোশনসো হুতাশাঃ
শনে স্ত্রয়োঽ গোর্নিগমাশ্চ কেতোঃ ॥৬॥উ,জা

রবির ধ্রুব ৫ চন্দ্রের ২ মঙ্গলের ২ বুধের ৩ বৃহস্পতির ৫ শুক্রের ৩ শনির ৩ রাহুর ৪ কেতুর ৪।

শয়নাদিভাবফলানি

মন্দাগ্নি-পিত্ত-ব্রণ-গুহ্যশূলা-
নীতে রবৌ স্যুঃ শয়নীয় ভাবম্।

যাতোপবেশে দিনপেঽর্থ হীনো-
দয়াবিহীনঃ কলহপ্রিয়ঃ স্যাৎ ॥৭॥উ,জা

জন্মসময়ে রবি শয়নভাবে থাকিলে মন্দাগ্নি, পিত্তরোগ, ব্রণ, গুহ্যস্থানে অর্শাদি রোগ, শূলরোগ জন্মে। উপবেশভাবে থাকিলে ধনহীন, নির্দয়, বিবাদপ্রিয় হয়।

কোণেচ খেঽস্তে দিনপেঽক্ষিপাণৌ
ধর্ম্মার্থযুক্তঃ পরতোঽক্ষিরোগী।
ভানোঃ প্রকাশে ধনধর্ম্মযুক্তো-
বলী সুরূপঃ সুযশাঃ সুবক্তা ॥৮॥উ,জা

অক্ষিপাণিভাবে নবম, পঞ্চম, সপ্তম বা দশম স্থানে রবি থাকিলে ধর্ম্মার্থযুক্ত হয় অন্যত্র চক্ষূরোগী হয়। প্রকাশনভাবে ধনধর্ম্মযুক্ত, বলবান্, সুরূপ, যশস্বী, সুবক্তা হয়।

গতীচ্ছুকে তিগ্মরুচৌ সকোপঃ
কামাতুরঃ ক্রূরমতিশ্চলাত্মা।
প্রবাসবাসী গমনে চ ভানোঃ
সদালসঃ পাদরুজান্বিতঃ স্যাৎ ॥৯॥উ,জা

গমনেচ্ছাভাবে ক্রোধী, কামী, ক্রূর, চঞ্চল হয়। গমনভাবে প্রবাসী, অলস, পাদরোগযুক্ত হয়।

সভাগতেঽর্কে ধনধর্ম্মযুক্তো-
বাগ্মী বদান্যো বলবান্ সুবিজ্ঞঃ।
সূর্য্যাগতৌ চঞ্চলধীঃ সশত্রু-
র্গর্ব্বী কুরূপো ধনধর্ম্ম হীনঃ ॥১০উ,জা

সভাস্থ রবিতে ধনী, ধার্ম্মিক, বাগ্মী, দাতা, বলবান্, সুবিজ্ঞ হয়। আগমনে চঞ্চল, শত্রুযুক্ত, গর্ব্বিত, কুরূপ, দরিদ্র, ধর্ম্মহীন হয়।

শিরোঽক্ষিসন্ধিবেদনা দিবাকরে ভুজিস্থিতে।
পরাঙ্গনারুচিঃ সদা ধনব্যয়ীচ দুর্ব্বলঃ ॥১১॥প্র,বি

রবির ভোজনভাবে শির, নেত্র ও সন্ধিস্থানের বেদনা, পরস্ত্রীরুচি, ব্যয়শীল, দুর্ব্বল হয়।

স্যান্নৃত্যলিপ্সা প্রগতে দিনেশে
নরেন্দ্রপূজ্যঃ সুরুচিঃ সুবিজ্ঞঃ।
স্যাৎ কৌতুকে তীক্ষ্ণরুচে নৃপার্চ্চ্যো-
মিত্রার্থ দারাত্মজ-সৌখ্যযুক্তঃ ॥১২॥উ,জা

নৃত্যলিপ্সায় রাজপূজ্য, সুরুচি, সুবিজ্ঞ হয়। কৌতুকে রাজপূজ্য, মিত্র, ধন, স্ত্রী ও পুত্র জনিত সুখভোগী হয়।

নিদ্রাং যাতে ঘস্রনাথে প্রবাসী
নিদ্রালস্যক্রোধযুক্তোঽর্থহন্তা।
পত্ন্যাহানী রক্তনেত্রো নিযোজ্যো-
নিত্যং দুঃখী ব্যঙ্গদেহো নরঃ স্যাৎ ॥১৩॥শা,নী

রবির নিদ্রাভাবে জন্মিলে প্রবাসী, নিদ্রালু, অলস, ক্রোধী, ব্যয়শীল, পত্নীহীন, রক্তনেত্র, প্রেষক, দুঃখী, বিকলাঙ্গ হয়।

চন্দ্রস্য ভাব ফলানি।

কামাতুরোঽর্থব্যয়কৃচ্ছশাঙ্কে
শীতার্দ্দিতঃ ক্রোধপরঃ শয়ানে।
অথোপবেশে হিমগৌ রুজার্ত্তঃ
ক্রূরঃ কঠোরঃ কৃপণঃ কুকর্ম্মা ॥১৪॥উ,জা

চন্দ্রের শয়নভাবে কামী, ধনব্যয়ী, শীতার্ত্ত, ক্রোধী হয়। উপবেশনে রোগী, ক্রূর, নির্দয়, কৃপণ, কুকর্ম্মা হয়।

রাকানাথে নেত্রপাণৌ কুকর্ম্মা
রোগী ধূর্ত্তোঽনল্পজল্পোঽক্ষিরোগী।

বিত্তেনাঢ্যঃ কর্ম্মদক্ষঃ প্রকাশং
যাতে চন্দ্রে কামুকস্তীর্থগামী ॥১৫॥শা,নী

নেত্রপাণি ভাবে কুকর্ম্মা, রোগী, ধূর্ত্ত, বহুভাষী, নেত্র রোগী হয়। প্রকাশ ভাবে ধনী, কর্ম্মপটু, কামুক, তীর্থগামী হয়।

যাতেচ্ছায়াং শীতরশ্মেশ্চ মানী
কামাসক্তঃ পাদরোগী চলাত্মা।
যাতাবিন্দোঃ শীর্ষদন্তাক্ষিরোগী
ভীতঃ ক্রূরো বিত্তহীনঃ প্রবাসী ॥১৬॥শা,নী

চন্দ্রের গমনেচ্ছাভাবে মানী, কামী, পাদরোগী, চঞ্চল হয়। গমনভাবে শিরোরোগী, দন্তরোগী, নেত্ররোগী, ভীরু, ক্রূর, ধনহীন, প্রবাসী হয়।

কামার্ত্তানাং শান্তিকারী সভাস্থে
চন্দ্রে ভূপৈঃ পূজ্যমানো বদান্যঃ।
আয়াতৌ স্যাচ্ছীতলাংশোর্দ্বিভার্য্যো-
ধর্ম্মাসক্তোঽল্পাত্মজোঽনল্পজল্পী ॥১৭॥শা,নী

চন্দ্রের সভাস্থভাবে কামকুশল, নৃপপূজ্য, দাতা হয়। আগমনভাবে দ্বিভার্য্য, ধার্ম্মিক, অল্পপুত্র, বহুভাষী হয়।

শুক্লে চন্দ্রে ভোজনস্থেঽতিমানী
পুত্রৈর্দারৈঃ সৌখ্যমেতন্ন কৃষ্ণে।
ধর্ম্মখ্যাতো নৃত্যলিপ্সৌ শশাঙ্কে
গীতাভিজ্ঞঃ স্যাত্তু কৃষ্ণে কুকর্ম্মা ॥১৮॥শা,নী

শুক্লপক্ষে চন্দ্রের ভোজন ভাবে মানী, পুত্র ও পত্নী হইতে সুখী কিন্তু কৃষ্ণপক্ষে ইহার বিপরীত। শুক্লপক্ষে নৃত্যলিপ্সাভাবে ধর্ম্মনিষ্ঠ, গীতদক্ষ, কিন্তু কৃষ্ণপক্ষে কুকর্ম্মা হয়।

নিশাকরে কৌতুকভাবসংস্থে
কামী ধনেশো নৃপপূজিতঃ স্যাৎ।
নিদ্রাং গতে বিত্তবিনাশদুঃখী
কামাতুরঃ কৃত্যলসঃ কুসঙ্গঃ ॥১৯॥ উ,জা

চন্দ্রের কৌতুকভাবে কামী, ধনী, রাজপূজ্য হয়। নিদ্রাভাবে বিত্তনাশ জন্য দুঃখী, কামী, কার্য্যে অলস, কুসঙ্গী হয়।

কুজস্য ভাব ফলানি।

ভৌমে শয়ানে ব্রণ দদ্রু কণ্ডূ
রোগান্বিতঃ শোনিত-পিত্তরোগী।
পৃথ্বীসুতে স্যাদুপবেশনস্থে
ধর্ম্মেণ হীনো বলবিত্তযুক্তঃ ॥২০॥ ই,ব

মঙ্গলের শয়নভাবে ব্রণ, দদ্রু, কণ্ডূরোগ, রক্ত ও পিত্তজনিত রোগ হয়। উপবেশন ভাবে বলবান্, ধনাঢ্য, ধর্ম্মহীন হয়।

স্যান্নেত্রপাণৌ ধনপো ধরাজে
খ-ধর্ম্ম-লগ্নেষু তু বিত্তহীনঃ।
প্রকাশগে ভূমিসুতে সুবিজ্ঞঃ
সুতার্থদারেষু সুতাদিনাশঃ ॥২১॥ উ,জা

মঙ্গলের নেত্রপাণিতে ধনশালী কিন্তু মঙ্গল দশম, নবম বা লগ্নে থাকিলে ধনহীন হয়। প্রকাশনভাবে সুবিজ্ঞ কিন্তু পঞ্চম, দ্বিতীয় বা সপ্তমে থাকিলে যথাক্রমে সন্তান, ধন ও পত্নীনাশ হয়।

গতীচ্ছুকে ধরাসুতে হৃপানরুক্ প্রবাসকৃৎ।
গতে কুজেঽর্থনাশনং বিচর্চ্চিকাদিকঃ সদা ॥২২॥ প্র,শি

মঙ্গলের গমনেচ্ছায় গুহ্যদেশে রোগযুক্ত, প্রবাসী হয়। গমনভাবে অর্থনাশ, বিচর্চ্চিকাদি রোগ হয়।

সভাগতে ধরাসুতে গুণার্থ ধর্ম্মসংযুতঃ।
সুতে শুভে ব্যয়ে কুজে হতার্থধর্ম্মদারকঃ ॥২৩॥প্র,নি

মঙ্গলের সভাবসতিভাবে গুণবান্, ধনাঢ্য, ধার্ম্মিক হয়। কিন্তু মঙ্গল পঞ্চমে, নবমে বা দ্বাদশে থাকিলে ধন, ধর্ম্ম ও পত্নীর নাশ হয়।

ভূমীসূনোরাগমে ধর্ম্মহীনো-
রোগাক্রান্তো ভীতিযুক্তঃ কুসঙ্গঃ।
নিত্যোৎসাহী ভোজনে মাংসলুব্ধো-
মৃত্যৌ ভৌমে ভোজনে চাপমৃত্যুঃ ॥২৪॥শা,নী

মঙ্গলের আগমনে ধর্ম্মহীন, রোগী, ভীরু, কুসঙ্গ হয়। ভোজনে উৎসাহী, মাংসলুব্ধ কিন্তু মঙ্গল ভোজনভাবে অষ্টমে থাকিলে অপমৃত্যু হয়।

ভূমীপুত্রে নৃত্যলিপ্সাং প্রযাতে
দাতা মানী রাজমন্ত্রী ধনাঢ্যঃ।
মৃত্যৌ ধর্ম্মে সংস্থিতে দুঃখভোগঃ
কার্য্যে বাধা নৃত্যলিপ্সাস্থভৌমে ॥২৫॥শা,নী

মঙ্গলের নৃত্যলিপ্সা ভাবে দাতা, মানী, রাজমন্ত্রী, ধনাঢ্য হয় কিন্তু মঙ্গল অষ্টমে বা নবমে থাকিলে দুঃখ ও কার্য্যেবিঘ্ন হয়।

কৌতুকগে ভূমিসুতে বিত্তসুতামোদযুতঃ।
সপ্তমগে কোণগতে নষ্টসুতো দারহতিঃ ॥২৬॥মা,ব

মঙ্গলের কৌতুকভাবে ধনী, পুত্রবান্, আমোদী হয় কিন্তু মঙ্গল নবম, পঞ্চম বা সপ্তমে থাকিলে স্ত্রী ও পুত্রের বিনাশ হয়।

নিদ্রাবস্থে ভূমিজে রোগযুক্তঃ
ক্রোধী ধূর্ত্তঃ পণ্ডিতো ধর্ম্মহীনঃ।
উচ্চে রাশৌ সংস্থিতো ভূমিপুত্রো-
দোষান্ সর্ব্বান্ নাশয়ত্যেতদাহুঃ ॥২৭॥শা,নী

মঙ্গল নিদ্রাভাবে থাকিলে রোগী, ক্রোধী, ধূর্ত্ত, পণ্ডিত, ধর্ম্মহীন হয়। মঙ্গল উচ্চ রাশিতে থাকিলে শয়নাদিভাব গত সকল দোষ নষ্ট হইয়া থাকে।

বুধস্য ভাব ফলানি।

বিলগ্নসংস্থে শয়নেতু সৌম্যে
খঞ্জোহন্যভে লম্পট এব ধূর্ত্তঃ।
প্রাপ্তোপবেশে গুণযুক্ সুবাগ্মী
পাপেক্ষিতে বা সখলেঽর্থহীনঃ ॥২৮॥উ,জা

বুধ শয়নভাবে লগ্নে থাকিলে খঞ্জ অন্যত্র থাকিলে লম্পট ও ধূর্ত্ত হয়। উপবেশনভাবে গুণী, সুবাগ্মী হয় কিন্তু বুধ পাপদৃষ্ট বা পাপযুক্ত হইলে ধনহীন হইয়া থাকে।

বিদোঽক্ষিপাণৌ সগদোঽক্ষিপীড়া
জ্যেষ্ঠস্য নাশশ্চ সুতস্য বিদ্যাৎ।
প্রকাশনে দানমতি র্ধনাঢ্যঃ
সুবোধ-বিদ্যো রিপুবর্গহন্তা ॥২৯॥উ,জা

বুধের নেত্রপাণিতে রোগ, নেত্রপীড়া, প্রথম পুত্রের নাশ হয়। প্রকাশনে দাতা, ধনবান্, সুবুদ্ধি, সুবিদ্য ও শত্রুঘাতী হয়।

গতীচ্ছায়াং যাতেঽপিচ বচনশীলো বিধুসুতে
পটুর্বাদে ভার্য্যানবরত-রতো নিত্যগদযুক্।
সভাসংস্থে তস্মিন্ নরপতিসমঃ পূতচরিতো-
মতো জ্ঞানে খ্যাতোঽনিশ-হরিকথাসক্ত-হৃদয়ঃ ॥৩০॥শি,রি

বুধের গমনেচ্ছা বা গমনভাবে জন্মিলে বহুভাষী, বিবাদদক্ষ, ভার্য্যারত, নিত্য-রোগী হয়। সভাবসতিভাবে রাজতুল্য, পবিত্রস্বভাব, বিদ্যা বুদ্ধিতে খ্যাত, সর্ব্বদা হরিকথা সক্ত হয়।

আগমে ধনযুতো বিধুসূনো-
শ্চার্শ আদিগদযুক্ খলসঙ্গী।
ভোজনে গতধনো হতবুদ্ধী-
রাজভীঃ কৃশতনুশ্চলচিত্তঃ ॥৩১॥ স্ব,গ।

বুধের আগমনে ধনাঢ্য, অর্শআদি রোগযুক্ত, খলসঙ্গী হয়। ভোজন ভাবে ধনহীন, বুদ্ধিহীন, রাজভয়, কৃশাঙ্গ, চঞ্চল হইয়া থাকে।

নৃত্যলিপ্সাগতে চন্দ্রপুত্রে ধনী
হৃষ্টচিত্তোগুণী সর্ব্বদা লম্পটঃ।
কৌতুকে সংস্থিতে গীতবিদ্যামতি-
র্দারগে বা মৃতৌ বারবধ্বাং রতিঃ ॥৩২স্র,বি

বুধের নৃত্যলিপ্সায় ধনী, হৃষ্টচিত্ত, গুণী, লম্পট হয়। কৌতুকভাবে গীত বিদ্যারত উক্ত বুধ সপ্তমে বা অষ্টমে থাকিলে বেশ্যাসক্ত হয়।

নিদ্রাসংস্থে ভাগ্যগে লগ্নগে বা
নানাক্লেশা রোগশোকৌ চ সৌম্যে।
শেষে রাশৌ বর্ত্তমানে বুধে স্যাদ্-
বিত্তেনাঢ্যঃ পুত্রসৌভাগ্যযুক্তঃ ॥৩৩॥শা,নী

বুধ নিদ্রাগত হইয়া ভাগ্যে বা লগ্নে থাকিলে নানাক্লেশ, রোগ, শোক হয় অন্যত্র থাকিলে বিত্তবান্ ও পুত্র সৌভাগ্য যুক্ত হয়।

গুরোর্ভাব ফলানি।

তেজোবিহীনশ্চ গুরৌ শয়ানে
চামিত্রভীতিঃ সগুণঃ সরোগঃ।
যাতোপবেশে বচসামধীশে
বাচালকো গর্ব্বযুতঃ সশত্রুঃ ॥৩৪॥ই,ব

বৃহস্পতি শয়নস্থ হইলে নিস্তেজ, শত্রুভীতি, গুণবান্, রোগী হয়। উপবেশন ভাবে থাকিলে বাচাল, গর্ব্বিত, শত্রুযুক্ত হয়।

জীবেঽক্ষিপাণৌ বিবসূ রুজার্ত্তো-
গীতপ্রিয়ঃ কামবশঃ শিরোরুক্।
যাতে প্রকাশন্তু গুরৌ ধনাঢ্যো-
ভূপার্চ্চিতো দেবরতঃ সশৌর্য্যঃ ॥৩৫॥ই,ব

বৃহস্পতির নেত্রপাণিতে ধনহীন, রোগী, গীতপ্রিয়, কামাতুর, শিরোরোগী হয়। প্রকাশভাবে ধনী, রাজপূজ্য, দেবভক্ত, শৌর্য্যশালী হয়।

গতীচ্ছুকে দেবগুরৌ বদান্যো-
বাগ্মী বরেণ্যো নৃপপূজিতশ্চ।
গুরোর্গতৌ দার্ঢ্যযুতঃ প্রবাসী
সেবাপরঃ সাহসিকঃ সবিদ্যঃ ॥৩৬॥উ,জা

বৃহস্পতির গমনেচ্ছায় বদান্য, বাগ্মী, বরেণ্য, রাজপূজ্য হয়। গমনভাবে দৃঢ়তাযুক্ত, প্রবাসী, সেবাতৎপর, সাহসী, বিদ্বান্ হয়।

বাগ্মী দাতা রাজপূজ্যঃ সভায়াং
দেবাচার্য্যে রূপবিদ্যাভিরামঃ।
আয়াতিস্থে গীষ্পতৌ তীর্থগামী
ভুঙ্ক্তে সৌখ্যং দানশীলশ্চ বিদ্বান্ ॥৩৭॥শা,নী

বৃহস্পতির সভা বসতিভাবে বাগ্মী, দাতা, রাজপূজ্য, সুরূপ, বিদ্বান্ হয়। আগমনে তীর্থগামী, সুখী, দাতা, বিদ্বান্ হয়।

কামাতুরঃ প্রীতিবশঃ পলাশী
শৌর্য্যান্বিতো ভোজনগে সুরেজ্যে।
নৃত্যস্পৃহে দেবগুরৌ সধর্ম্মা
রাজপ্রিয়ো বিত্তযুতঃ সুবিদ্যঃ ॥৩৮॥ই,ব

বৃহস্পতির ভোজনভাবে কামাতুর, প্রীতিবশ, মাংসভোজী, শৌর্য্যযুক্ত হয়। নৃত্যলিপ্সা ভাবে ধার্ম্মিক, রাজপ্রিয়, ধনী, সুবিজ্ঞ হয়।

কুতূহলী কৃপাপরঃ সকৌতুকে গিরাং পতৌ
মহাধনঃ সধর্ম্মকঃ সুধীবরঃ সুতৈর্যুতঃ ॥৩৯॥প্র,নি

বৃহস্পতির কৌতুকভাবে কৌতুকপ্রিয়, কৃপালু, ধনাঢ্য, ধার্ম্মিক, সুধীশ্রেষ্ঠ বহুপুত্রযুক্ত হয়।

নিদ্রাং গতে দেবগুরৌ সদুঃখো-
বাচালকো নেত্ররুজান্বিতশ্চ।
বিদ্যাবিহীনো ধনধর্ম্মহীনো-
নিদ্রাতুরশ্চঞ্চলধীর্মনুষ্যঃ ॥৪০॥ই,ব

বৃহস্পতির নিদ্রাভাবে দুঃখী, বাচাল, নেত্ররোগী, বিদ্যাহীন, দরিদ্র, ধর্ম্মহীন, নিদ্রাতুর, চঞ্চল হয়।

শুক্রস্য ভাব ফলানি

শুক্রে শয়ানে রদরোগযুক্তঃ
কামাতুরঃ ক্রোধবশো দরিদ্রঃ।
কাব্যোপবেশে ধনবান্ সদম্ভো-
রাজপ্রিয়ঃ সন্ধিষু বেদনার্ত্তঃ ॥৪১॥ই,ব

শুক্রের শয়নভাবে দন্তরোগী, কামী, ক্রোধী, দরিদ্র হয়। উপবেশনে ধনী, দাম্ভিক, রাজপ্রিয়, সন্ধিস্থানে বেদনাযুক্ত হয়।

নেত্রপাণৌ ভৃগোঃ খে মদে বা তনৌ
বিত্তনাশোভবেদন্যভে বিত্তযুক্।
স্যাৎপ্রকাশে কবের্গীতবিদ্যারতী-
রাজকর্ম্মী ধনী শিল্পবিৎ কৌতুকী ॥৪২॥প্র,নী

শুক্র নেত্রপাণিভাবে দশমে সপ্তমে বা লগ্নে থাকিলে মানব বিত্তহীন, অন্যত্র থাকিলে ধনাঢ্য হয়। প্রকাশভাবে গীতপ্রিয়, রাজকর্ম্মচারী, ধনী, শিল্পজ্ঞ, কৌতুকী হয়।

গতাবিচ্ছৌ শুক্রে সহজমরণং মাতৃনিধনং
সদা রোগাক্রান্তো রিপুজনিতভীর্বন্ধুবিরতিঃ।
ভৃগোর্যাতৌ শূলী বহুলধনযুঙ্ মানসহিতঃ
সদোৎসাহী শিল্পী করচরণরুজাক্রান্ত ইতিচ ॥৪৩॥ শি,নী

শুক্রের গমনেচ্ছাভাবে ভ্রাতৃনাশ, নিত্যরোগী, শক্রভয়, বন্ধুবিচ্ছেদ হয়। গমনভাবে শূলরোগী, ধনাঢ্য, মানী, সর্ব্বদা উৎসাহী, শিল্পজ্ঞ, হস্তে ও পাদদেশে রোগযুক্ত হয়।

সভাসংস্থে শুক্রে নরপতিসমো মানধনযুঙ্-
মহাদক্ষঃ কৃত্যে রিপুনিচয়হন্তা বলযুতঃ।
কবেরায়াতৌ স্যাদ্ ধনতনয়-জায়াদি-বিযুতি-
র্ধনেবন্ধৌ মৃত্যৌ ব্যয়ভবনগে বাপি কুশলম্ ॥৪৪॥ শি,নী

শুক্রের সভাবসতি ভাবে রাজতুল্য, মানী, ধনী, কার্য্যদক্ষ, শক্রঘাতী, বলবান্ হয়। আগমনে ধনহীন, পুত্রহীন, জায়াহীন, কিন্তু শুক্র দ্বিতীয়ে, চতুর্থে, অষ্টমে বা দ্বাদশে থাকিলে এই সকল বিষয়ে শুভ হয়।

ভোজনভাবে সংস্থিতকাব্যে
পণ্ডিতমান্যো বিত্তসমৃদ্ধঃ।
নর্ত্তনলিপ্সে ধান্যধনাঢ্যো-
গীতগরিষ্ঠঃ সজ্জনবন্দ্যঃ ॥৪৫॥ রু,ব

শুক্রের ভোজনভাবে পণ্ডিতগণের মাননীয়, ধনসমৃদ্ধ হয়। নৃত্যলিপ্সাভাবে ধান্যধনযুক্ত, গীতকুশল, সজ্জনকর্তৃক বন্দনীয় হয়।

কৌতুকসংস্থে দানবপূজ্যে
ধর্ম্মধনাঢ্যৈঃ সন্তত পূজ্যঃ।

নিদ্রিতশুক্রে সেবনকামো-
বিত্তবিহীনো নিন্দনদক্ষঃ ॥৪৬॥রু,ব

শুক্রের কৌতুক ভাবে ধর্ম্ম ও ধনাদি দ্বারা সর্ব্বদা পূজনীয় হয়। নিদ্রাভাবে সেবাপর, ধনহীন, পরনিন্দক হয়।

শনের্ভাব ফলানি

গুহ্যে রোগঃ কোষবৃদ্ধিঃ শয়ানে
মন্দে কোণে খে ভবে বা সুখী স্যাৎ।
ভূপক্লেশশ্চোপবেশেঽর্কসূনো-
র্বিত্তধ্বংসঃ শত্রুবৃদ্ধী রুজার্ত্তিঃ ॥৪৭॥শা,নী

শনির শয়নভাবে জন্মিলে গুহ্যদেশে রোগ, কোষবৃদ্ধিরোগ হয় উক্ত শনি পঞ্চম, নবম, দশম বা একাদশে থাকিলে সুখী হয়। উপবেশনভাবে নৃপ হইতে ক্লেশ, বিত্তনাশ. শত্রুবৃদ্ধি ও রোগ হয়।

লগ্নাস্ত-পুত্রাস্পদগেঽক্ষিপাণৌ
সূর্য্যাত্মজে দারসুতার্থনাশঃ।
অন্যেষু দারাত্মজ-বিত্তসৌখ্যং
ধর্ম্মে রতো জল্পপটুর্দ্বিভার্য্যঃ ॥৪৮॥ই,ব

নেত্রপাণি ভাবে লগ্ন, সপ্তম, পঞ্চম বা দশমে শনি থাকিলে পত্নী, পুত্র, ও ধনের নাশ হয়। অন্যস্থানে থাকিলে পত্নীসুখ, সন্তানসুখ, ধনসুখ হয় এবং জাতক ধার্ম্মিক, বাক্‌পটু, দ্বিভার্য্য হয়।

শনেঃ প্রকাশে সধনঃ কৃপালুঃ
পত্ন্যাং তনৌ বা ধনধর্ম্মনাশঃ।
গতীপ্সিতে জ্ঞানসুতার্থযুক্তো-
দাতা গুণী শত্রুজয়ী বরেণ্যঃ ॥৪৯॥উ,জা

শনির প্রকাশভাবে ধনী ও দয়ালু হয় উক্ত শনি লগ্ন বা সপ্তমে থাকিলে ধন ও ধর্ম্মের নাশ হয়। গমনেচ্ছাভাবে জ্ঞানী, পুত্রবান্, ধনাঢ্য, দাতা, গুণী, শত্রুজয়ী ও লোকপূজ্য হয়।

গতৌ শনেঃ পাদগদঃ সকোপো-
রদার্ত্তিযুক্ পুত্রকলত্রদুঃখী।
সভাগতে ভানুসুতে গুণজ্ঞঃ
সুতার্থভার্য্যাসহিতো মহৌজাঃ ॥৫০॥উ,ব

শনির গমনভাবে পাদরোগী, ক্রোধী, দন্তরোগী, পুত্র ও পত্নীজনিত দুঃখভোগী হয়। সভাবসতিভাবে গুণজ্ঞ, পুত্রবান্, ধনী, পত্নীযুক্ত, তেজস্বী হয়।

পাতাল-বিত্তাত্মজ-দারভেষু
মন্দাগতৌ ভ্রাতৃসুতার্থ যুক্তঃ।
অন্যেষু নানাগদপীড়িতাঙ্গো-
ভ্রাতৃপ্রণাশো নৃপ-হিংস্রভীতিঃ ॥৫১॥ই,ব

আগমনভাবে চতুর্থ, দ্বিতীয়, পঞ্চম বা সপ্তমে শনি থাকিলে ভ্রাতৃযুক্ত, পুত্রবান্, ধনাঢ্য হয়, অন্যত্র থাকিলে নানারোগ, ভ্রাতৃনাশ, রাজভীতি ও হিংস্র-জন্তু হইতে ভয় জন্মে।

ভোজনস্থেঽর্কপুত্রেঽর্শ আগ্নাময়ো-
নেত্রপীড়াল্পবহ্নিশ্চ মন্দা মতিঃ।
নৃত্যলিপ্সাগতে বিত্তধর্ম্মান্বিতঃ
কোণকর্ম্মাস্তগে বিত্তপুত্রক্ষয়ঃ ॥৫১॥স্র,ণী

শনির ভোজনভাবে অর্শ আদি গুহ্যদেশজপীড়া, নেত্ররোগ, মন্দাগ্নি, মন্দবুদ্ধি হয়। নৃত্যলিপ্সাভাবে ধনাঢ্য, ধার্ম্মিক কিন্তু শনি পঞ্চম, নবম, দশম বা সপ্তমে থাকিলে পুত্রনাশ ও ধননাশ হয়।

কৌতুকসংস্থেসূর্য্যসুতে
ভূমিপপূজ্যো দানরতঃ।

নিদ্রিতমন্দে বিত্তযুতঃ
শক্রচয়ঘ্নঃ কুক্ষিগদঃ ॥৫৩॥ম,ম

শনির কৌতুকভাবে রাজপূজ্য ও দানশীল হয়। নিদ্রাভাবে বিত্তশালী, শত্রুঘাতী, উদররোগাক্রান্ত হয়।

রাহোর্ভাব ফলানি

সিংহে নৃযুগ্মে বৃষভে যুবত্যাং
রাহৌ শয়ানে ধনসৌখ্যভোগী।
অন্যেষু কোপী চলচিত্তবিত্তঃ
ক্লেশৌঘযুক্তো রিপুভিঃ প্রতপ্তঃ ॥৫৪॥ই,ব

শয়নভাবে সিংহ, মিথুন, বৃষ বা কন্যায় রাহু থাকিলে ধনী ও সুখী হয় অন্যত্র থাকিলে ক্রোধী, চঞ্চল, অস্থিরবিত্ত, ক্লেশভোগী, শত্রু কর্তৃক উত্তপ্ত হয়।

উপবেশনগে চ বিধুন্তুদে
নৃপভীতিযুতশ্চরণার্ত্তিমান্।
ধনধান্যযুতো ব্যয়কুণ্ঠিতোঽ
প্যথ দদ্রুচয়ৈঃ পরিতাপিতঃ ॥৫৫॥উ,চি

রাহুর উপবেশনভাবে নৃপভীতি, পাদরোগী, ধনধান্যযুক্ত, কৃপণ, দদ্রুরোগযুক্ত হয়।

নেত্রপাণাবগো নেত্ররোগান্বিতঃ
শক্রচৌরাদিভিস্তস্য বিত্তক্ষয়ঃ।
বিত্তবৃদ্ধিঃ প্রকাশং গতে চাসুরে
সত্যবাদী মহোৎসাহিতো ধার্ম্মিকঃ ॥৫৬॥প্র,ণী

রাহুর নেত্রপাণিভাবে নেত্ররোগী, শত্রুভীতি, চৌরভীতি, বিত্তনাশ হয়। প্রকাশভাবে ধনাঢ্য, সত্যবাদী, উৎসাহী, ধার্ম্মিক হয়।

গতীচ্ছায়াং রাহো বহুধনসুতো দাননিরতো-
গুণৈঃ খ্যাতঃ প্রাজ্ঞো নৃপতিবরপূজ্যঃ শুভকৃতিঃ।
অগোর্যাতৌ হিংস্রো যুবতিরসিকো নিন্দনপরো-
রদাঘাতী দুঃখী পিশুনমতিকো হীনবিভবঃ ॥৫৭॥শি,ণী

রাহুর গমনেচ্ছাভাবে বহুধন, বহুপুত্র, দাতা, গুণী, প্রাজ্ঞ, বিখ্যাত, রাজপূজ্য, সুকর্ম্মা হয়। গমনভাবে হিংসুক, যুবতিপ্রিয়, নিন্দুক, দন্তাঘাতী, দুঃখী, নিষ্ঠুর, ধনহীন হয়।

সভাস্থে স্বর্ভানৌ বহুলধনযুক্তোঽপি কৃপণঃ
সুবিজ্ঞঃ সদ্বুদ্ধির্গুণনিচয়শালী রতিমতিঃ।
অগোরায়াতৌ স্যাদ্ রিপুনিবহভীতির্বহুবচাঃ
সুহৃদ্‌দ্বেষী কামী বহুরিপুনিপাতৈর্গতধনঃ ॥৫৮॥শি,ণী

রাহুর সভাবসতিভাবে বহুধনযুক্ত তথাপি কৃপণ, বিদ্বান্, সুবুদ্ধি, গুণশালী, রতিপ্রিয় হয়। আগমন ভাবে শত্রুভীত, বহুভাষী, বন্ধুদ্বেষী, কামী, শত্রুনিপাত কার্য্যে ধনহীন হয়।

ভোজনস্থেঽপ্যগৌ মন্দবহ্নিঃ খলো-
বাদমত্তোঽলসো দানকুণ্ঠো নরঃ।
নৃত্যলিপ্সাগতে নেত্ররোগান্বিতো-
দারপুত্রোজ্ঝিতো বিত্তধর্ম্মক্ষয়ঃ ॥৫৯॥স্র,ণী

রাহুর ভোজনভাবে মন্দাগ্নি, খল, বিবাদমত্ত, অলস, দানবিমুখ হয়। নৃত্য-লিপ্সাভাবে নেত্ররোগী, স্ত্রীদ্বেষী, পুত্রদ্বেষী, ধনহীন, ধর্ম্মহীন হয়।

কৌতুকে বিধুরিপোর্ধনলুব্ধোঽ
পান্যদারনিরতো নৃপভীতঃ।
নিদ্রিতে দিতিসুতে গুণযুক্তো-
গর্ব্বিতো বহুধনঃ স্থিরবুদ্ধিঃ ॥৬০॥স্বা,গ

রাহুর কৌতুক ভাবে ধনলুব্ধ, পরদাররত, নৃপভীত হয়। নিদ্রাভাবে গুণী, গর্ব্বিত, ধনাঢ্য, স্থিরবুদ্ধি হয়।

কেতোর্ভাব ফলানি

মেষে বৃষে বা যুবতৌ নৃযুগ্মে
কেতৌ শয়ানে সুখবিত্তযুক্তঃ।
অন্যেষু রোগী ধনধর্ম্মহীনঃ
কোপস্বভাবো নৃপশত্রুভীতঃ ॥৬১॥ ই,ব

শয়নভাবে মেষ, বৃষ, মিথুন বা কন্যায় কেতু থাকিলে সুখী, বিত্তবান্ হয় অন্যত্র থাকিলে রোগী, ধনহীন, ধর্ম্মহীন, কোপী, নৃপভীত, শত্রুভীত হয়।

যদোপবেশস্তু শিখী প্রযাতো-
নৃপারিভীতিঃ খলু বাতকোপঃ।
ধ্বজেঽক্ষিপাণৌ লভতেঽক্ষিরোগং
চৌরারিপৃথ্বীশভুজঙ্গভীতিম্ ॥৬২॥ উ,জা

কেতুর উপবেশনভাবে রাজভীতি, শত্রুভয়, বাতরোগ হয়। নেত্রপাণি ভাবে নেত্ররোগ, চৌর, শত্রু, নৃপ ও সর্প হইতে ভয় জন্মে।

কেতৌ গতীচ্ছৌ ধনবান্ সুপুত্রঃ
খ্যাতঃ সুবিদ্যো গুণরাশিযুক্তঃ।
যাতৌ তু কেতোঃ পিশুনোঽল্পবিত্তো-
নিন্দাপরো দন্তরুজো গদার্ত্তঃ ॥৬৩॥ ই,ব

কেতুর গমনেচ্ছা ভাবে ধনী, সুপুত্র, খ্যাত, সুবিদ্য, গুণী হয়। গমনভাবে নির্দয়, অল্পবিত্ত, নিন্দুক, দন্তরোগী, রোগী হয়।

কেতৌ গর্ব্বী কামসক্তঃ সভায়াং
বাচালঃ স্যাদ্ ধূর্ত্তকো দানকুণ্ঠঃ।
তস্যায়াতৌ পাপকর্ম্মা বিবাদী
শত্রুক্লিষ্টো রোগযুক্তশ্চ দুঃখী ॥৬৪॥ শা,নী

কেতুর সভাবসতিভাবে গর্ব্বিত, কামী, বাচাল, ধূর্ত্ত, দানবিরত হয়। আগমন ভাবে পাপকর্ম্মা, বিবাদরত, শত্রুক্লিষ্ট, রোগী, দুঃখী হয়।

ভোজনস্থে ধ্বজে হীনবিত্তঃ সদা
রোগতাপান্বিতঃ ক্লেশভীরুর্জনঃ।
নৃত্যলিপ্সৌ ধ্বজে ব্যাধিতপ্তোনর-
শ্চণ্ডশীলঃ সদা ধূর্ত্তচূড়ামণিঃ ॥৬৫॥স্র,গী

কেতুর ভোজনভাবে বিত্তহীন, রোগতপ্ত, ক্লেশভীরু হয়। নৃত্যলিপ্সাভাবে ব্যাধিগ্রস্ত, ক্রোধী, অতিধূর্ত্ত হয়।

কৌতুকস্থে ধ্বজে কামকেলিপ্রিয়ো-
নষ্টবিত্তঃ সুহৃদ্‌দ্বেষকারী খলঃ।
নিদ্রিতস্থে তথা মানবিত্তান্বিতো-
রাজপূজ্যো গুণী ধর্ম্মচিত্তঃ সুখী ॥ ৬৬॥স্র,গী

কেতুর কৌতুক ভাবে কামপ্রিয়, বিত্তহীন, বন্ধুদ্বেষী, খল হয়। নিদ্রাভাবে মানী, ধনাঢ্য, রাজপূজ্য, গুণবান্, ধার্ম্মিক, সুখী হয়।

সর্ব্বভাব ফলানি

তুল্যে ভাবে সৌম্যখেটাঃ সমস্তা-
স্তিষ্ঠন্তশ্চেৎ সর্ব্বদা সৌখ্যদাঃ স্যুঃ।
পাপা এবং ভোজনাদ্যেকভাবে
নানাদুঃখপ্রাপকাঃ সংপ্রদিষ্টাঃ ॥৬৭॥শা,নী

সকল শুভগ্রহ শয়নাদির একভাবে থাকিলে সুখদায়ক হয়। পাপগ্রহগণ ভোজনাদি তিনভাবের মধ্যে একভাবে থাকিলে দুঃখদায়ক হয়।

জায়াস্থানে নিদ্রিতঃ পাপখেটো-
জায়াসৌখ্যং সংপ্রদাতা নিরুক্তঃ।
পাপৈর্দৃষ্টঃ সোঽপি চেদ্ দুঃখদঃ স্যা-
জ্জোরাশাস্ত্রে পারগা এবমাহুঃ ॥৬৮॥শা,নী

সপ্তমে নিদ্রিতপাপগ্রহ থাকিলে জায়াসুখদায়ক কিন্তু সেই পাপগ্রহ বহুপাপগ্রহ দ্বারা দৃষ্ট হইলে দুঃখদায়ক হয়।

নিদ্রাং যাতে বাপি পাপে শয়ানে
পুত্রস্থানে পুত্রসৌখ্যস্য লাভঃ।
এবং পাপো মৃত্যুসংস্থো যদা বা
ভূপাচ্ছত্রোঃ পঙ্কতো বাপমৃত্যুঃ ॥৬৯॥শা,নী

পাপগ্রহ নিদ্রা বা শয়নভাবে পুত্র স্থানে থাকিলে পুত্র সুখ, মৃত্যুস্থানে থাকিলে রাজা বা শত্রু দ্বারা অপমৃত্যু ঘটে।

কর্ম্মস্থানে ভোজনে বা শয়ানে
পাপে নানা দুঃখবিঘ্নার্দ্দিতঃ স্যাৎ।
চন্দ্রে যাতে কৌতুকং বা প্রকাশং
কর্ম্মস্থে স্যাদ্ রাজযোগপ্রদিষ্টঃ ॥৭০॥শা,নী

পাপগ্রহ ভোজন বা শয়নভাবে কর্ম্ম স্থানে থাকিলে নানা দুঃখ ও বিঘ্নদায়ক হয়। চন্দ্র কৌতুক বা প্রকাশভাবে কর্ম্মস্থানে থাকিলে রাজযোগ কারক হয়।

অথ দীপ্তাদিভাবকথনম্।

দীপ্তোঽথ সুস্থো মুদিতশ্চ শান্তো-
দীনোঽতিদুঃখী বিকলঃ খলশ্চ।
কোপীতি ভাবা নবধা গ্রহাণা-
মেতান্ বিচিন্ত্যৈব ফলং প্রদেশ্যম্ ॥৭১॥ই,ব

দীপ্ত, সুস্থ, মুদিত, শান্ত, দীন, অতিদুঃখী, বিকল, খল, কোপী দশাকালে এই নববিধভাব বিচারপূর্ব্বক ফলাদেশ করিবে।

দীপ্তঃ স্বতস্তুঙ্গগতো গ্রহো যঃ
সুস্থঃ স্বভেঽতিপ্রিয়ভে প্রমোদী।

শান্তঃ প্রিয়র্ক্ষে সমভেহপি দীন-
শ্চাতীবদুঃখী রিপুভে স্থিতঃ স্যাৎ ॥ ।.॥ই,ব
পাপেন যুক্তো বিকলঃ প্রদিষ্ট-
স্তথা খলঃ পাপগৃহে স্থিতো যঃ।
কোপী নিরুক্তো হ্যচরোহর্কযুক্তো-
দশাবিপাকে ফলদাঃ স্যুরেতে ॥৭:॥উ,জা

উচ্চগতগ্রহের নাম দীপ্ত, নিজ গৃহে সুস্থ, অধিমিত্রগৃহে প্রমোদী, মিত্রগৃহে শান্ত, সমগৃহে দীন, শত্রুগৃহে অতিদুঃখী, পাপযুক্ত হইলে বিকল, পাপক্ষেত্রে খল, রবিযুক্ত গ্রহকোপী নামে অভিহিত। দশাকালে গ্রহগণ এই নববিধভাবানুসারে দশাফল প্রদান করিয়া থাকে।

দীপ্তস্য সুস্থস্য মুদান্বিতস্য
শান্তস্য বা ব্যোমচরস্য পাকে।
দারাত্মজার্থান্ সুখবন্ধুধর্ম্মা-
নুৎসাহমানে চ লভেত মর্ত্ত্যঃ ॥৭৪॥ই,ব

দীপ্ত, সুস্থ, মুদিত, শান্তগ্রহের দশায় পত্নী, পুত্র, ধন, সুখ, বন্ধু, ধর্ম্ম, উৎসাহ, সম্মান লাভ হয়।

দীনস্য বা দুঃখিতখেচরস্য বা.
বৈকল্যযুক্তস্য খলস্য কোপিনঃ।
দশাবিপাকে ধনধর্ম্মবিচ্যুতি-
শ্চৌরারিভূপাময়-ভীতি রাপ্যতে ॥৭৫॥উ,জা

দীন, দুঃখী, বিকল, খল,, কোপী গ্রহের দশায় ধননাশ, ধর্ম্মনাশ, চৌর, শত্রু, নৃপ ও রোগ জনিত ভয় জন্মে।

লজ্জিতাদিভাবকথনম্।

লজ্জাযুক্তো গর্ব্বিতোহথ ক্ষুধার্ত্ত-
স্তৃষ্ণাযুক্তো মোদিতঃ ক্ষোভিতশ্চ।

এবং ভাবাঃ ষড়্বিধাঃ খেচরাণাং
ভাবস্থানাং চিন্তনীয়াঃ সুধীভিঃ ॥৭৬॥শা,নী

লজ্জিত, গর্ব্বিত, ক্ষুধিত, তৃষিত, মোদিত, ক্ষোভিত তন্বাদি ভাবস্থিত গ্রহগণের এই ষড়্বিধ ভাব বিচার করিয়া ভাব ফলের আদেশ করিবে।

তুঙ্গে গেহে বাপি মূলত্রিকোণে
খেটো গর্ব্বী পাপযুক্তঃ সলজ্জঃ।
শত্রোঃ স্থানে শত্রুযুক্তেক্ষিতো বা
মন্দেনাঢ্যো বা ক্ষুধার্ত্তঃ প্রদিষ্টঃ ॥৭৭॥শা,নী

উচ্চস্থ বা মূলত্রিকোণস্থ গ্রহ গর্ব্বিত, পাপযুক্তগ্রহ লজ্জিত, শত্রুগৃহস্থ হইয়া শত্রুযুক্ত, শত্রুদৃষ্ট অথবা যে কোন রাশিতে শনিযুক্ত হইলে ক্ষুধিত নামে অভিহিত হয়।

সৌম্যৈঃ খেটৈরপ্রদৃষ্টো জলর্ক্ষে
তৃষ্ণার্ত্তোঽয়ং শত্রুদৃষ্টো যদি স্যাৎ।
আদিত্যাঢ্যোঽনিষ্টদৃষ্টঃ খলৈর্বা
দৃষ্টঃ খেটঃ ক্ষোভিতোঽসৌ নিরুক্তঃ ॥৭৮॥শা,নী।

জলরাশিতে থাকিয়া শত্রু দৃষ্ট কিন্তু শুভ গ্রহের দৃষ্টিবর্জ্জিত হইলে তৃষিত, সূর্য্যযুক্ত হইয়া শত্রু দৃষ্ট বা পাপ দৃষ্ট ইইলে ক্ষোভিত হইয়া থাকে।

মিত্রর্ক্ষস্থো মিত্রযুক্তেক্ষিতো বা
গীষ্পত্যাঢ্যো মোদিতঃ স প্রদিষ্টঃ।
স্বীয়ে পাকে গর্ব্বিতো মোদিতো বা
সৌখ্যং দায়ী চাপরে দুঃখদাঃ স্যুঃ ॥৭৯॥শা,নী

মিত্রগৃহস্থ, মিত্রযুক্ত, মিত্রদৃষ্ট বা বৃহস্পতিযুক্ত গ্রহ মোদিত। গর্ব্বিত ও মোদিত গ্রহ তন্বাদি যে ভাবে থাকে সে ভাব জনিত সুখ, অপর ভাবস্থ গ্রহ তন্বাদি যে ভাবে থাকে সে ভাব জনিত দুঃখ হয়।

বাল্যাদি ভাব কথনম্।

বালঃ কুমারো যুবকোঽথ বৃদ্ধো-
মৃতঃ ক্রমাৎ ষড়্ লবতো হি ভাবাঃ।
অল্পং দলং পূর্ণ মশর্ম্ম মৃত্যু-
রোজে ক্রমাদুৎক্রমতো হি যুগ্মে ॥৮০॥উ,জা

অংশাঃ	৬	১২	১৮	২৪	৩০		৬	১২	১৮	২৪	৩০
বিষমে	বালঃ	কুমারঃ	যুবকঃ	বৃদ্ধঃ	মৃতঃ	সমে	মৃতঃ	বৃদ্ধঃ	যুবকঃ	কুমারঃ	বালঃ
ফলম্	অল্পফলং	অর্দ্ধং	পূর্ণং	দুঃখং	মৃত্যুঃ	ফলম্	মৃত্যুঃ	দুঃখং	পূর্ণং	অর্দ্ধং	অল্পং

জাগ্রতাদি ভাব কথনম্

জাগ্রৎ স্বপ্নশ্চাপরা স্যাৎ সুষুপ্তি-
র্ভাবা এবং কল্পনীয়া গ্রহাণাম্।
ওজে রাশৌ দিগ্ভিরংশৈঃ ক্রমাৎ তে
যুগ্মে রাশাবুৎক্রমাদ্ দিগ্ভিরেবম্ ॥৮১॥শা,নী

জাগ্রদ্ভাবঃ কার্য্যসিদ্ধিপ্রদাতা
দেয়স্যার্দ্ধং যচ্ছতি স্বপ্নভাবঃ।
শেষাবস্থা নিষ্ফলা স্যাৎ সুষুপ্তি-
র্জ্ঞেয়া এবং জাগ্রদাদ্যা হ্যবস্থাঃ ॥৮২॥শা,নী

বিষম রাশিতে প্রথম ১০ অংশ জাগ্রৎ, দ্বিতীয় ১০ অংশ স্বপ্ন, তৃতীয় ১০ অংশ সুষুপ্তি। সম রাশিতে প্রথম ১০ অংশ সুষুপ্তি, দ্বিতীয় ১০ অংশ স্বপ্ন, তৃতীয় ১০ অংশ জাগ্রৎ। জাগ্রদ্ গ্রহ কার্য্যসিদ্ধিকারক, স্বপ্নভাবস্থগ্রহ ভাবে দেয়ফলের অর্দ্ধফল দায়ক। সুষুপ্তিভাবস্থগ্রহ নিষ্ফল।

অথ প্রবাসাদিভাব কথনম্।

গ্রহস্থতারকা-ভুক্তকলা স্ত্রিঘ্নাঃ খসাগরৈঃ।
হৃতা গ্রহস্থনক্ষত্র-ভুক্তঘট্যাদিকং ভবেৎ ॥৮৩॥

ষষ্টিঘ্নং গতভং ভুক্তঘটীযুক্তং যুগাহতং।
শরাব্ধি-লব্ধিতঃ সূর্য্যৈঃ শেষো ভাবো গ্রহস্য চ ॥৮৪॥

প্রবাসো নষ্টা চ মৃতা জয়া হাস্যা রতির্মুদা।
সুপ্তা ভুক্তা জরা কম্পা সুস্থিতির্নামতঃ ফলম্ ॥৮৫॥

প্রবাসে চ প্রবাসী স্যান্নষ্টায়ামর্থসংক্ষয়ঃ।
মৃতৌ মৃত্যুভয়ং বিদ্যাজ্জয়ায়াং জয় এবচ ॥৮৬॥
হাস্যায়াস্তু বিলাসঃ স্যাদ্রতিঃ সৌখ্যপ্রদায়িনী।
মুদা সৌখ্যপ্রদাত্রী চ সুপ্তা শত্রুবিবর্দ্ধিনী ॥৮৭॥

ভুক্তায়াং দেহপীড়া স্যাদ্ জরায়াং চ ভয়ং ভবেৎ।
কম্পায়াস্তু তাপহানিঃ সুস্থিতৌ সুখমেবচ ॥৮৮॥ অনু

যে নক্ষত্রে গ্রহ অবস্থিত সেই নক্ষত্রের ভুক্ত অংশ কলাকে কলা করিয়া তাহাকে ৩ দ্বারা গু। ৪০ দ্বারা ভাগ করিলে সেই নক্ষত্রের ভুক্তদণ্ডাদি হইবে। গ্রহ অশ্বিনী হইতে যে কয়টি নক্ষত্র ভোগ করিয়াছে সেই ভুক্ত নক্ষত্র সংখ্যাকে ৬০ গুণ করিবে এবং তাহার সহিত বর্ত্তমান নক্ষত্রের ভুক্তদণ্ডাদি যোগ করিবে। এই যোগ দণ্ডাদিকে ৪ গুণ ৪৫ দ্বারা ভাগ করিলে যে ভাগফল পাওয়া যায় তাহা ১২ হইতে অধিক হইলে ১২ দ্বারা ভাগ করিলে যে ভাগশেষ থাকে তাহাতে ১ থাকিলে প্রবাস ২ থাকিলে নষ্টা ইত্যাদিক্রমে প্রবাসাদি ১২ ভাব জানিবে।

প্রবাসভাবে গ্রহ থাকিলে প্রবাসী, নষ্টায় ধনক্ষয়, মৃতিতে মৃত্যুভয়, জয়ায় জয়লাভ, হাস্যায় বিলাস, রতি সুখদায়িনী, মুদা সুখদাত্রী, সুপ্তা শত্রুবর্দ্ধিনী, ভুক্তায় দেহপীড়া, জরায় ভয়, কম্পায় তাপহানি, সুস্থিতিতে সুখ হইয়া থাকে।

———

অথকারকাধ্যায়ঃ।

গ্রহাণাং কারকতা

রাজ্যং ভূপতিকার্য্যকৃৎ কৃষিকরো গোপাল-দৌবারিকৌ
বৈদ্যঃ কাঞ্চনকৃৎ পিতা চ পশুহা হিংস্রাশ্চ জীবা হয়ঃ।
ধেনুঃ কাঞ্চনতাম্রকে রসবিষৌ শস্যং বনং পর্ব্বতো-
মাণিক্যং দ্রুম ঔষধং সরসিজং চৈষাং রবিঃ কারকঃ ॥১॥শা,বি

রাজ্য, রাজকর্ম্মচারী, কৃষক, গোপালক, দ্বারবান্, চিকিৎসক, স্বর্ণকার, পিতা, ব্যাধ, ব্যাঘ্রাদিহিংস্রজন্তু, বাজাদিহিংস্রপক্ষী, অশ্ব, ধেনু, স্বর্ণ, তাম্র, পারদ, বিষ, শস্য, বন, পর্ব্বত, মাণিক্য, বৃক্ষ, ঔষধ, পদ্ম এই সকলের কারক সূর্য্য।

মাতা হৃজ্জলজাতবস্তু রজতক্ষারৌষধাপাঃ ফলং
যজ্ঞো নৌ যুবতী দ্বিজেক্ষু-সুমনস্তূলাম্বরং মৌক্তিকম্।
দ্বীপো গায়ক-গন্ধবস্তুবৃষভাঃ সাহিত্যিকঃ পঙ্কজং
পাথোধির্জলজন্তু শস্যনিচয়শ্চৈষাং বিধুঃ কারকঃ ॥২॥শা,বি

মাতা, মন, জলজাতবস্তু, রৌপ্য, ক্ষার, ঔষধ, জল, ফল, যজ্ঞকার্য্য, নৌকা, যুবতী, ব্রাহ্মণ, ইক্ষু, পুষ্প, তূলা, বস্ত্র, মুক্তা, দ্বীপ, গায়ক, গন্ধবস্তু, বৃষ, সাহিত্যিক, পদ্ম, জলাশয়, জলজন্তু, শস্য এই সকলের কারক চন্দ্র।

মৃদ্ধাতূদ্ভববস্তু-কাঞ্চনগুড়াশ্চানন্তমূলং তড়িৎ
শস্ত্রাস্ত্রং হরিতাল-পারদসুরা দ্রব্যঞ্চ রক্তপ্রভম্।
সেনা ঘাতক-বহ্নিজীবি-পশুপা বৈদ্যশ্চ চৌরঃ শঠঃ
পুষ্পং গৈরিকমৃত্তিকে মহিসুতোঽমীষাং স্মৃতঃ কারকঃ ॥৩॥শা,বি

মৃত্তিকাজাত ও ধাতুজাতদ্রব্য, স্বর্ণ, গুড়, অনন্তমূল, অস্ত্রশস্ত্র, বোমা, বারুদ, আগ্নেয়াস্ত্র, ব্রণাদি, অস্ত্রোপচার, হরিতাল, পারদ, মদ্য, রক্তবর্ণদ্রব্য, সৈন্য, ব্যাধ, অগ্নিজীবী, বিদ্যুজ্জীবী, পশুপালক, চিকিৎসক, চৌর, শঠ, পুষ্প, গৈরিকধাতু, মৃত্তিকা এই সকলের কারক মঙ্গল।

শল্প-জ্যোতিষ-নর্ত্তনাদি-গণিত-জ্ঞানং চ বৈদ্যত্বকং
মীমাংসা নয়পারতা লিপিকৃতিশ্চিত্রাঙ্কনাধ্যাপনে।
দ্রব্যাণামথ মিশ্রণং চ কুহকং সদ্‌গায়কপ্রাণিনঃ
পিত্রোশ্চাপি চ সোদরৌ বিধুসুতো হ্যেষাং স্মৃতঃ কারকঃ ॥৪॥শা,বি

শিল্প, জ্যোতিষ, নাচ, গান, বাদ্য, গণিত, চিকিৎসা, বিচার, আইনজ্ঞান, লেখ্যবৃত্তি, চিত্রাঙ্কন, অধ্যাপনা, রসায়নবিদ্যা, কাচ, ঔষধাদিমিশ্রিত দ্রব্যনির্ম্মাণ, ইন্দ্রজালবিদ্যা, গায়কপ্রাণী, মাতুল, পিতৃব্য এই সকলের কারক বুধ।

নীতিজ্ঞত্ব পুরোহিতত্বমুপদেষ্টৃত্বং তথর্ণার্পণং
মন্ত্রিত্বাদিকরাজকার্য্যকরণং পুষ্পং ফলং পিপ্পলঃ।
বস্ত্রং শস্যসুবর্ণকং রথ-হরিদ্রাশ্বেভ-মুক্তাশ্চ গৌঃ
রৌপ্যঞ্চাপি চ কারকঃ সুরগুরু হ্যেষাং বিদুঃ কোবিদাঃ ॥৫॥শা,বি

নীতিবিদ্যা, পৌরোহিত্য উপদেশ, ঋণদান, মন্ত্রিত্বাদিরাজকার্য্য, পুষ্প, ফল, অশ্বত্থবৃক্ষ, বস্ত্র, শস্য, সুবর্ণ, রথ, হরিদ্রা, অশ্ব, হস্তী, মুক্তা, গো, রৌপ্য, এই সকলের কারক বৃহস্পতি।

রত্নং রৌপ্যসুবর্ণকে মলয়জং পুষ্পং চ মূত্রং ফলং
সংগীতাদি সুগন্ধ-চিত্র-বসনালঙ্কার-শয্যাদিকম্।
বেশ্যা কামবচোবহাভিনয়কৃৎ পত্নী সপত্নী পতি-
র্হস্ত্যশ্বাজ-বৃষাঃ সুদৃশ্যবিহগা এষাং ভৃগুঃ কারকঃ ॥৬॥শা,বি

রত্ন, রৌপ্য, স্বর্ণ, চন্দন, পুষ্প, মূত্র, ফল, গীত, বাদ্য, নৃত্য সুগন্ধদ্রব্য, চিত্র, অলঙ্কার শয্যাদি, বেশ্যা, কামবার্ত্তাবাহিকা (কুট্টনী) অভিনয়কারক, পত্নী, সপত্নী, পতি, হস্তী, অশ্ব, মেষ, বৃষ, সুদৃশ্যপক্ষী ইহাদের কারক শুক্র।

উষ্ট্রাশ্বারি-গজাশ্ব-নীল-শকটাঙ্গারাস্ত্রলৌহানিচ
শূলার্ত্তিস্তিলদাস-কেশ-ফণিন শ্চৈষাং শনিঃ কারকঃ।
দ্যূত-ব্যাল-বিদেশ-সীস-তমসাং সুপ্তেশ্চ রাহুস্তথা।
চর্ম্ম-স্ফোটকশূলরোগ-দহনক্ষুৎতৃড্‌ভয়ানাং শিখী ॥৭॥শা,বি

উট্ৰ, মহিষ, হস্তী, অশ্ব, নীলবর্ণ, নীলারত্ন, শকট, অঙ্গার, অস্ত্র, লৌহ, শূলরোগ, তিল, দাসদাসী কেশ, সর্প এই সকলের কারক শনি। দ্যূতক্রিয়া, সর্প, বিদেশ গমন, সীসা অন্ধকার, নিদ্রা এই সকলের রাহু; চর্ম্ম, স্ফোটক, শূলরোগ, অগ্নি, ক্ষুধা, তৃষ্ণা, ভয় এই সকলের কারক কেতু।

বিদ্যুদ্ভূমিজতৈলবেগি-শকটং যন্ত্রঞ্চ বার্ত্তাবহং
সন্ন্যাসাভিনয়-প্রপাত-নলিকা এবাং সুরেশঃ পতিঃ।
বাদ্যং ভৌতিকমিন্দ্রজাল-কপটং নাস্তিক্য-বিদ্রোহিতে
মদ্যংবারবধূশ্চ বঞ্চনমিদং বশ্যং জলস্বামিনঃ ॥১॥৭॥,বি

বিদ্যুদ্ বেগে, পেট্রল প্রভৃতি ভূমিজ তৈল বেগে চালিত ট্রাম, এরোপ্লেন, মটর প্রভৃতি যান, শব্দবাহক টেলিফোন, গ্রামোফোন, রেডিও প্রভৃতি যন্ত্র, সন্ন্যাস, অভিনয়, উচ্চ হইতে পতন, দূরবীক্ষ। ও অণুবীক্ষণ যন্ত্র ইহাদের কারক ইন্দ্র।

বাদ্যযন্ত্র, ভৌতিকবিদ্যা, ভোজবিদ্যা, ছদ্মাচরণ (ডিটেকটিভাদির কার্য্য) নাস্তিকতা, বিদ্রোহিতা, মাদকদ্রব্য, বেশ্যা, প্রবঞ্চনার কারক বরুণ।

স্থিরকারক কথনম্।

সূর্য্যেজ্য-ভৌমেন্দু-সুরেজ্যভৌমাঃ
শুক্রার্কি-জীবেন্দুজ-জীবমন্দাঃ।
তন্বাদিভাব-স্থিরকারকাঃ স্যু-
রেভিশ্চ ভাবেষু শুভাশুভং স্যাৎ ॥৯॥ই,ব

তন্বাদিদ্বাদশভাবের স্বাভাবিককারক বা স্থিরকারক কথিত হইতেছে। রবি তনুকারক, বৃহস্পতি ধনকারক, মঙ্গল ভ্রাতৃকারক, চন্দ্র বন্ধুভাবের, বৃহস্পতি পুত্রভাবের, মঙ্গল শত্রুভাবের, শুক্র পত্নীভাবের, শনি মৃত্যুভাবের, বৃহস্পতি ধর্ম্মভাবের, বুধ কর্ম্মভাবের, বৃহস্পতি আয়ভাবের, শনি ব্যয়ভাবের কারক।

চরকারক কথনম্

আত্মাপ্যমাত্যঃ সহজোঽথ মাতা
পুত্রস্ততো জ্ঞাতিরথাপি পত্নী।

আধিক্যতোহংশৈশ্চরকারকাশ্চ-
বাত্মা প্রভুঃ সপ্তসু কারকেষু ॥১০॥ই,ব

রব্যাদি ৭টি গ্রহের মধ্যে রাশি পরিত্যাগকরিয়া যাহার স্ফুটাংশ সর্ব্বাপেক্ষা অধিক সে আত্মকারক। তদপেক্ষা যাহার স্ফুটাংশ অল্প সে অমাত্যকারক। তদপেক্ষা স্ফুটাংশের ক্রমশঃ অল্পতা দ্বারা ভ্রাতৃকারক, মাতৃকারক, পুত্রকারক, জ্ঞাতিকারক, পত্নীকারক জানিবে। এই ৭ কারক মধ্যে আত্মকারক গ্রহ সর্ব্বাপেক্ষা অধিক ফল দায়ক।

কারক গ্রহফল জ্ঞানার্থং জৈমিনীয়মতে দৃষ্টি সাধনম্

চরস্থিতা বাণ-গজেশ-রাশিগান্
স্থিরর্ক্ষগা স্ত্র্যঙ্ক-রিপুস্থ-খেচরান্।
দ্বিশীলগা দিঙ্নগবেদ-সংস্থিতান্
পূর্ণং স্বতো বৈ প্রবিলোকয়ন্তি চ ॥১১॥উ,জা

চর রাশিস্থ গ্রহ, নিজাবস্থিত রাশি হইতে পঞ্চম, অষ্টম ও একাদশ রাশিস্থ গ্রহকে পূর্ণ দৃষ্টি করে। স্থিররাশিস্থ গ্রহ অবস্থিত রাশি হইতে তৃতীয়, নবম ও ষষ্ঠ রাশিস্থ গ্রহকে এবং দ্ব্যাত্মকরাশিস্থ গ্রহ অবস্থিতরাশি হইতে দশম, সপ্তম ও চতুর্থস্থ গ্রহকে পূর্ণ দৃষ্টি করিয়া থাকে, অন্যস্থলে দৃষ্টি নাই।

অর্গল সংজ্ঞক গ্রহজ্ঞানম্।

খেহন্ত্যেহম্বুজে বা হ্যচরোহি দর্শকাদ্-
ন চেদ্ গ্রহো মিত্র-ধনায়গঃ ক্রমাৎ।
স্যাদর্গলাখ্যো হ্যথবা তৃতীয়ভে
সংস্থাঃ খগা দৃশ্যখগস্য চার্গলাঃ ॥১২॥উ,জা

যে গ্রহ দর্শন করে তাহার নাম দ্রষ্টা বা দর্শক, যে গ্রহকে দর্শন করে সে দৃশ্য গ্রহ। দর্শক গ্রহ হইতে চতুর্থে গ্রহ না থাকিলে দর্শকগ্রহ হইতে দশমস্থগ্রহ দৃশ্যগ্রহের

অর্গল নামে অভিহিত। এইরূপ দ্বিতীয়ে গ্রহ না থাকিলে দ্বাদশস্থ গ্রহ, একাদশে গ্রহ না থাকিলে তৃতীয়স্থ গ্রহ অর্গল নামে কথিত হয়। তৃতীয়ে বহুগ্রহ থাকিলে তাহারা বিনা বাধায় অর্থাৎ একাদশে গ্রহ থাকিলেও অর্গল সংজ্ঞক হয়।

দ্রষ্টুঃ সুতস্থোঽর্গলসংজ্ঞকঃ স্যাদ্-
দ্রষ্টু র্নচেদ্ ভাগ্যগতো নভোগঃ।
রাহুঃ শিখী বা যদি ভাগ্যসংস্থঃ
স্যাদর্গলাখ্যস্তনয়ে ন খেটঃ ॥১৩॥ই,ব

দ্রষ্টা হইতে নবমে গ্রহ না থাকিলে রাহু কেতু ভিন্ন পঞ্চমস্থ গ্রহ অর্গল হয়। এবং পঞ্চমে গ্রহ না থাকিলে নবমস্থ রাহু বা কেতু অর্গল নামে অভিহিত হয়।

যদ্যর্গলাবাধক-খেচরাঃ স্যুঃ
সংখ্যাল্পকা ন্যূনবলা স্তথা বা।
ন বাধকা অর্গলকাখ্যযোগে
চৈতদ্ বিবেচ্যং গণকৈঃ সুধীভিঃ ॥১৪॥উজা

দর্শক হইতে দশমস্থ গ্রহ অর্গল, চতুর্থস্থ গ্রহ অর্গলের বাধক ইত্যাদিক্রমে যে অর্গল ও অর্গলের বাধক বলা হইয়াছে তাহাতে বিশেষ এই যে যদি অর্গলের বাধক গ্রহ সংখ্যায় অল্প বা দুর্ব্বল হয় তবে অর্গলের বাধক হইবে না।

জৈমিনীয়মতে বল কথনম্

অখচরাৎ সখগং বলবদ্ গৃহং
সহখগেঽপ্যধিক-গ্রহবদ্ বলি।
সমখগে নিজতুঙ্গ-গৃহাপ্তভ-
স্থিত-খগেন যুতং বলবদ্ভবেৎ ॥১৫॥দ্রু,বি
উভয়ভেঽপি নিজোচ্চমুখাদিগে
চরগৃহাৎ স্থিরভং দ্বিভবং ততঃ।
যদি গৃহেণ ভবেদ্ বলতুল্যতা
হ্যধিকভাগ-যুতো বলবান্ গ্রহঃ ॥১৬॥দ্রু,বি

জৈমিনীয়মতে গ্রহহীনরাশি অপেক্ষা গ্রহযুক্তরাশি বলবান্। উভয় রাশিতে গ্রহ থাকিলে যে রাশিতে অধিকগ্রহ অবস্থিত সেই রাশি বলবান্। উভয় রাশিতে সম সংখ্যক গ্রহ থাকিলে উচ্চস্থ গ্রহ যুক্ত রাশি, তদভাবে নিজগৃহস্থ গ্রহযুক্ত, তদভাবে মিত্র গৃহস্থ গ্রহযুক্ত রাশি বলবান্। উভয় রাশিতে উচ্চাদি গুণযুক্ত গ্রহ থাকিলে চররাশি অপেক্ষা স্থির রাশি, স্থির রাশি অপেক্ষা দ্ব্যাত্মক রাশিবলবান্। বলাধিকরাশিতে অবস্থিত গ্রহও অধিক বলী। এইরূপে গৃহ দ্বারা জ্ঞাত বলের সমতা হইলে যে গ্রহের স্ফুটাংশ অধিক তাহাকে বলবান্ জানিবে।

তনোঃ পদং তস্যচ সপ্তমর্ক্ষং
বাধাবিহীনার্গল-সংযুতং চেৎ।
সুতার্থযুক্তো মনুজঃ সধর্ম্মা
শুভার্গলেনৈব শুভং সমস্তম্ ॥১৭॥ উ,জা

লগ্নের পদ অর্থাৎ আরূঢ় লগ্ন এবং তাহার সপ্তম রাশিতে বাধাবিহীন অর্গল গ্রহ থাকিলে মনুষ্য পুত্রবান্, ধনাঢ্য ও ধার্ম্মিক হয়। এই অর্গল শুভগ্রহ হইলে সর্ব্ববিধ শুভ হইয়া থাকে।

আত্মকারক নবাংশতঃ ফল কথনম্

সিংহেঽজকে শ্বাপদতো ভয়ং স্বে
বৃষেঽংশকে তৌলিনি বা বণিক্ স্যাৎ।
স্থৌল্যঞ্চ কণ্ডূ র্মিথুনে যুবত্যাং
কর্কেঽপি কুষ্ঠং জলভীতিদুঃখম্ ॥১৮॥ উ,জা

অলৌ নবাংশে জলসর্পভীতিঃ
স্তন্যস্য হানির্ভবতীহ মাতুঃ।
পাতঃ ক্রমাচ্চাপগতেঽথ নক্রে
গণ্ডাদি পাথশ্চর-পক্ষিতোভীঃ ॥১৯॥ উ,জা

কুম্ভে তড়াগাদিকরশ্চ মীনে
মুক্তো রতো ধর্ম্মরতশ্চ শশ্বৎ।

সৌম্যগ্রহৈঃ শং যুতিতোঽথ দৃষ্টৌ
দুঃখং তথা পাপখগৈর্নরাণাম্ ॥২০॥ই,ব

আত্মকারকগ্রহ যে রাশির নবাংশে অবস্থিত সেই নবাংশরাশি মেষ বা সিংহ হইলে মূষিক, বিড়ালাদি শ্বাপদজন্তু হইতে ভয় ; বৃষ বা তুলা হইলে বণিক্ ; মিথুন বা কন্যা হইলে স্থূলতা রোগ বা কণ্ডুরোগ ; কর্কটে কুষ্ঠ, জলভয় ; বৃশ্চিকে জলসর্পাদি হইতে দুঃখ ও মাতার স্তন্যদুগ্ধের হানি ; ধনুতে উর্দ্ধ হইতে ক্রমশঃ পতন ; মকরে গণ্ডাদি রোগ, জলজন্তু ও পক্ষি হইতে ভয় ; কুম্ভে জলাশয় নির্ম্মাণ কর্ত্তা ; মীনে ধর্ম্মরত ও মুক্তি প্রয়াসী হয়। আত্ম কারক গ্রহ যে রাশির নবাংশে অবস্থিত সেই নবাংশ রাশিতে শুভ গ্রহের যোগ বা দৃষ্টিতে শুভ, পাপ গ্রহের যোগ বা দৃষ্টিতে দুঃখ হইয়া থাকে।

কারকাংশে গ্রহস্থিত্যা জন্মকুণ্ডলীতঃ ফল কথনম্।

আত্মকারকখেটোহি যস্য রাশের্নবাংশকে।
তত্র রাশৌ রবৌ সংস্থে রাজকার্য্যপরো ভবেৎ ॥২১॥
কারকাংশগৃহে শুক্রচন্দ্রৌ বাপি চ চন্দ্রমাঃ।
শুক্রেণ বীক্ষিতো বিদ্যাজীবী ভোগী চ মানবঃ ॥২২॥
কারকাংশে কুজে বহ্নিজীবী বাপি চিকিৎসকঃ।
শস্ত্রধারী রাজভৃত্যো ভবেদ্ যোদ্ধাথবা নরঃ ॥২৩॥
কারকাংশগৃহে সৌম্যে তন্তুবায়োঽথবা বণিক্।
শিল্পী বা ব্যবহারজ্ঞো বাগ্মী বা লেখ্যবৃত্তিকঃ ॥ ২৪॥
কারকাংশে গুরৌ কর্ম্মজ্ঞাননিষ্ঠশ্চ বেদবিৎ।
রাজকার্য্যপরঃ শুক্রে শতজীবী চ কামুকঃ ॥২৫॥
প্রসিদ্ধকর্ম্মণা জীবেন্মন্দগেহথ বিধুন্তুদে।
ধানুষ্কো বিষবৈদ্যো বা চৌরো বা লোহযান্ত্রিকঃ ॥২৬॥
কারকাংশে ধ্বজে হস্তি ব্যবহারী চ চৌরকঃ।
সুখং বা দুঃখমেতেষু স্যাৎ শুভাশুভ দর্শনাৎ ॥২৭॥অনু

আত্মকারক গ্রহ যে রাশির নবাংশে অবস্থিত সেই রাশিতে রবি থাকিলে রাজকর্ম্মচারী; শুক্রযুক্তচন্দ্র বা শুক্রদৃষ্টচন্দ্র থাকিলে বিদ্যাজীবী ও ভোগী; মঙ্গলে চিকিৎসক, পুলিশ, যোদ্ধা, অগ্নি বা বিদ্যুৎ সংসক্ত কার্য্যজীবী, বুধে তন্তুবায়, বণিক্, শিল্পী, আইনব্যবসায়ী, বাগ্মী বা লেখ্যবৃত্তিক; বৃহস্পতিতে শাস্ত্রোক্ত কর্ম্মে জ্ঞান ও নিষ্ঠা সম্পন্ন, বিদ্বান; শুক্রে রাজকর্ম্মচারী, দীর্ঘায়ু, কামুক; শনি থাকিলে প্রসিদ্ধ শ্রম সাধ্য কর্ম্মজীবী; রাহুতে অস্ত্রজীবী, চোর, বিষবৈদ্য, লৌহ-যন্ত্র নির্ম্মাতা; কারকাংশ রাশিতে কেতু থাকিলে হাতির মাহুত বা অন্যবিধ বাহনের বা শকটাদির চালক বা চোর হয়। এই সকল রাশিতে শুভ গ্রহের দর্শনে সুখী, পাপ গ্রহের দর্শনে দুঃখ ভোগী হয়।

সরাহুরর্কো যদি কারকাংশে
সর্পান্মৃতির্নৈব তু সৌম্যদৃষ্টে।
বৈদ্যো বিষঘ্নঃ শুভমাত্র দৃষ্টে
ভৌমেন দৃষ্টে গৃহদাহকঃ স্যাৎ ॥২৮॥উ,জা

আত্মাংশগেহে গুলিকেন যুক্তে
বিষেণ নষ্টো বিষদায়কো বা।
চন্দ্রেণ দৃষ্টে হৃতবিত্তকঃ স্যাৎ
স্বয়ং ভবেচ্চৌর্য্যাপরোহথবা সঃ ॥২৯॥উ,জা

আত্মাংশগেহে গুলিকেন যুক্তে
বুধেন দৃষ্টেঽন্যগ্রহৈরদৃষ্টে।
স্থূলাণ্ডকোষো ভবতীতি বিজ্ঞৈ-
র্জন্মাখ্যচক্রাদ্ গণনীয়মেতৎ ॥৩০॥উ,জা

আত্মকারকগ্রহ যে রাশির নবাংশে অবস্থিত সেই রাশিতে রাহুযুক্ত রবি থাকিলে সর্পাঘাতে মৃত্যু হয় কিন্তু রবিতে শুভগ্রহের দৃষ্টিতে মৃত্যু হইবে না। রাহু যুক্ত রবিতে কেবল শুভগ্রহের দৃষ্টিতে বিষ প্রহর্ত্তা, কেবল মঙ্গলের দৃষ্টিতে গৃহ-দাহকারী হয়।

আত্মকারক গ্রহ যে রাশির নবাংশে অবস্থিত সেই রাশিতে গুলিক থাকিলে বিষদ্বারা বিনষ্ট বা স্বয়ং বিষ দায়ক হয়। উক্ত গুলিকে চন্দ্রের দৃষ্টিতে চোরের দ্বার

তাহার ধন অপহৃত হয় বা স্বয়ং চৌর হয়। কেবল বুধের দৃষ্টিতে অন্যগ্রহের দৃষ্টি না থাকিলে স্থূলাণ্ড কোষ হয়। এই সকল ফল জন্ম কুণ্ডলী হইতে বিচার করিবে।

নবাংশ কুণ্ডলীতঃ ফল কথনম্

নবাংশচক্রে ত্বিহ কারকাংশে
সংস্থে ধ্বজে ভার্গবসংপ্রদৃষ্টে।
যজ্ঞক্রিয়াদীক্ষিত এব মর্ত্ত্যঃ
পাপেন দৃষ্টে শ্রুতিরোগযুক্তঃ॥ উ,জা

স্বাংশে সকেতৌ বুধশুক্রদৃষ্টে
আম্রেড়িতং বক্তি মুহুর্মনুষ্যঃ।
নপুংসকঃ স্যাদ্ বুধমন্দদৃষ্টে
সন্ন্যাসিকল্পঃ শনিমাত্রদৃষ্টে॥ উ,জা

নবাংশ কুণ্ডলীতে আত্মকারকগ্রহ যে রাশির নবাংশে অবস্থিত সেই রাশিস্থিত কেতু পাপ দৃষ্ট হইলে কর্ণ রোগী, শুক্রদৃষ্ট হইলে যজ্ঞ ক্রিয়ায় দীক্ষিত হয়। উক্ত কেতু, বুধ ও শুক্র দ্বারা দৃষ্ট হইলে জাতক একই বাক্য পুনঃ পুনঃ বলিয়া থাকে। বুধ ও শনি দ্বারা দৃষ্ট হইলে অল্পবীর্য্য, কেবল শনিদ্বারা দৃষ্ট হইলে সন্ন্যাসিসদৃশ হয়।

স্বাংশালয়ে ভাস্করশুক্রদৃষ্টে
ভূপস্য ভৃত্যো ভবতীহ জাতঃ।
রাজ্যে জ্ঞযোগে বুধদৃষ্টিতো বা
বাণিজ্যকর্ম্মাদিপরঃ প্রসিদ্ধঃ॥ই,ব

স্বাংশালয়াৎ খে বুধভিন্নসৌম্য-
দৃষ্টে সদা ধীরমতির্মনুষ্যঃ।
স্বাংশালয়াৎ খস্থিততিগ্মরশ্মৌ
গোরক্ষকো গীষ্পতিমাত্রদৃষ্টে॥ই,ব

নবাংশ কুণ্ডলীতে আত্মকারক গ্রহ যে রাশির নবাংশে অবস্থিত সেই রাশিতে সূর্য্য ও শুক্রের দৃষ্টি থাকিলে রাজভৃত্য হয়। আত্মকারকগ্রহের নবাংশাশ্রিত রাশির দশমে বুধভিন্ন শুভগ্রহের দৃষ্টি থাকিলে স্থিরবুদ্ধি হয়। দশমে রবি থাকিয়া কেবল বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইলে গোপালক হয়।

প্রাসাদবান্ স্বাংশগৃহাচ্চতুর্থে
শুক্রাজয়োর্দর্শনতো যুতৌ বা।
উচ্চেঽথবা বন্ধুগতেঽপি খেটে
প্রাসাদবাসী ভবতীহ মর্ত্ত্যঃ॥ ই,ব

আত্মাংশরাশের্হিবুকে স্থিতেন বা
সূর্য্যেণ তার্ণং গুরুণা চ দারবম্।
ভৌমধ্বজাভ্যাং কিল চৈষ্টকং গৃহং
মন্দাসুরাভ্যাং সদনং শিলাময়ম্॥ ই,বং

আত্মকারকাশ্রিত নবাংশ রাশির চতুর্থে চন্দ্র ও শুক্রের দৃষ্টিতে অথবা উচ্চ রাশিগত কোনও গ্রহের অবস্থানে অট্টালিকাগৃহ হয়। সূর্য্য থাকিলে তৃণ নির্ম্মিত, বৃহস্পতিতে কাষ্ঠ নির্ম্মিত, মঙ্গল ও কেতু থাকিলে ইষ্টক নির্ম্মিত, শনি ও রাহু থাকিলে প্রস্তর নির্ম্মিত গৃহ হইয়া থাকে।

স্বলবতো নবমে সুযুতেক্ষিতে
ঋতযুতো গুরুধর্ম্মরতঃ সদা।
খলযুতো খল-লোকনতোঽথবা
ভবতি পাপরতো গুরুবিদ্বিষঃ॥দ্রু,বি

স্বকারকাংশাদ্ গৃহতস্তপোভে
শনৈশ্চরাগ্ন্যোর্যুতিতো দৃশের্ব্বা।
দ্রোহো গুরৌ গীষ্পতি-সূর্য্যয়োস্তু
দৃষ্টৈর্যুতেঃ প্রত্যয়হীনতা স্যাৎ॥উ,জা

আত্মকারকাশ্রিত নবাংশ রাশির নবমে কেবল শুভগ্রহের যোগ বা দৃষ্টিতে ধার্ম্মিক, গুরুভক্ত ও সত্যনিষ্ঠ হয়। কেবল পাপগ্রহের যোগ বা দৃষ্টিতে পাপরত গুরুবিদ্বেষী হয়। শনি ও রাহুর যোগ বা দৃষ্টিতে গুরুদ্রোহী, বৃহস্পতি ও সূর্য্যের যোগ বা দৃষ্টিতে গুরুর প্রতি অবিশ্বাসী হয়।

স্বকারকাংশান্নবমে হি রাশৌ
শুক্রারয়ো রেকতরস্য বর্গে।
পরাঙ্গনাসক্তজনস্তথাসৌ
স্ত্রৈণস্তপোভে গুরুদৃষ্টিযুত্যোঃ ॥উ,জা

আত্মকারকস্থিতনবাংশরাশির নবমে শুক্র বা মঙ্গল কাহারও ক্ষেত্রাদিবর্গ হইলে পরাঙ্গনাসক্ত হয়। বৃহস্পতির যোগ বা দৃষ্টিতে স্ত্রৈণ হয়।

স্বকারকাংশান্মদনে বিধৌ বা
গুরৌ স্থিতে শোভনদেহযুক্তা।
অগৌ পুনর্ভূ রবিজে চ রুগ্ণা
রবৌ কুজে বা বিকলাঙ্গিনী স্ত্রী ॥উ,ব

স্বকারকাংশালয়তোঽথ কামে
হিমাংশুজে বা দনুজাধিপেজ্যে।
গীতে চ বাদ্যে নিতরামভিজ্ঞা
পত্নী ভবেৎ সর্ব্বকলাসু দক্ষা ॥উ,জা

আত্মকারক গ্রহাশ্রিত নবাংশ রাশির সপ্তমে চন্দ্র বা বৃহস্পতি থাকিলে স্ত্রী সুন্দরী, রাহু থাকিলে পুনর্ভূ, শনিতে রুগ্না, রবি বা মঙ্গলে বিকলাঙ্গিনী, বুধ বা শুক্রথাকিলে গীত বাদ্য নিপুণা, কলা দক্ষা হয়।

আত্মাংশগেহাৎ সহজে খলগ্রহে
সংস্থে নরো বিক্রমযুক্ চ বীর্য্যবান্।
ভীরুস্বভাবঃ শুভখেটসংস্থিতে
ষষ্ঠে তৃতীয়ে চ খলে কৃষীবলঃ ॥ ই, বং

আত্মকারকগ্রহাশ্রিত নবাংশরাশির তৃতীয়ে পাপগ্রহ থাকিলে বিক্রমী ও বলবান্, শুভগ্রহ থাকিলে ভীরু, ষষ্ঠ ও তৃতীয় উভয় স্থানে পাপগ্রহ থাকিলে কৃষিজীবী হয়।

কারকনবাংশাচ্ছুভলোকাদিলাভকথনম্

কারকাংশাদ্ ব্যয়ে সৌম্যে শুভলোকমবাপ্নুয়াৎ।
তস্মিন্ শুভেক্ষিতে কেতৌ সদ্‌যুক্তে বাপি মুক্তিভাক্ ॥৪৩॥
স্বাংশেঽথবা ব্যয়ে কেতৌ রবিণা চ সমন্বিতে।
শিবে ভক্তিঃ শশাঙ্কেন গৌর্য্যাং ভৌমেন কার্ত্তিকে ॥৪৪॥
বুধেন শনিনা বাপি বিষ্ণৌ শুক্রেণ চ শ্রিয়াম্।
পিশাচাদিষু পাপর্ক্ষে কাব্যেন মন্দগেন বা ॥৪৫॥
সাম্বে শিবে চ গুরুণা দুর্গায়াং দনুজাধিপে।
কার্ত্তিকে বা গণাধীশে ভক্তিঃ কেতৌ চ কেবলে ॥৪৬॥ অন্থ

কারকনবাংশরাশির দ্বাদশে শুভগ্রহ থাকিলে শুভলোকপ্রাপ্তি হয়। শুভযুক্ত বা শুভদৃষ্ট কেতুথাকিলে মুক্তি লাভ হয়।

কারকনবাংশ রাশিতে বা তাহার দ্বাদশে রবিযুক্ত কেতু থাকিলে শিবে ভক্তি, চন্দ্রযুক্ত কেতুতে গৌরীতে ভক্তি, মঙ্গলযুক্তে কার্ত্তিকে, বুধ বা শনিযুক্তে বিষ্ণুতে, শুক্র যুক্তে লক্ষ্মীতে, পাপক্ষেত্রে শুক্র বা শনি যুক্ত কেতুতে কর্ণপিশাচাদিতে, যে কোন রাশিতে গুরুযুক্ত কেতুতে শিবদুর্গায়, কেবল রাহুতে দুর্গায়, কেবল কেতুতে কার্ত্তিকে বা গণেশে ভক্তি জন্মে

ত্রিকোণয়োঃ কারকাংশাৎ পাপয়োর্মান্ত্রিকো ভবেৎ।
পাপদৃষ্টপাপয়োঃ স্যাৎ ভূতাদীনাং নিবারকঃ ॥৪৭॥
শুভদৃষ্টপাপয়োস্তু পরানুগ্রাহকো ভবেৎ।
ত্রিকোণয়োঃ শুভস্থিত্যা শুভদেবস্য সেবকঃ ॥৪৮॥
অমাত্যকারকো যত্র তস্মাৎ ষষ্ঠগৃহে তথা।
সূর্য্যাদিগ্রহসংস্থিত্যা পূর্ব্ববদ্ ভক্তিমাদিশেৎ ॥৪৯॥ অন্থ

কারক নবাংশ রাশির পঞ্চমে ও নবমে পাপগ্রহ থাকিলে মন্ত্রবেত্তা হয়। উক্ত পাপগ্রহ পাপদৃষ্ট হইলে ভূত প্রেতাদির নিবারক, শুভদৃষ্ট হইলে পরোপকারক হয়। নবমে ও পঞ্চমে শুভগ্রহ থাকিলে বিষ্ণু শিবাদি সুদেবতার সেবক হয়। অমাত্য-কারক গ্রহ যে রাশিতে অবস্থিত তাহার ষষ্ঠ রাশিস্থ গ্রহদ্বারা পূর্ব্ববৎ দেবভক্তির বিচার করিবে।

স্বাংশে বিধৌ ধাতু-সুজারকঃ স্যাৎ
কাব্যেন দৃষ্টেঽথ বুধেন বৈদ্যঃ।
স্বাংশাৎ সুখে তিগ্মরুচৌ কুজে বা
জ্ঞে বা শনৌ শস্ত্রপটুর্ম্মনুষ্যঃ ॥৫০॥ ই, ব
স্বাংশাৎ চতুর্থে হিমগৌ ধ্বজেন
শুক্রেণ বা ভূমিসুতেন দৃষ্টে।
কুষ্ঠী নরঃ স্যাদথ বেশ্মসংস্থে
রাহৌ ধ্বজে বাপি চ যন্ত্রদক্ষঃ ॥৫১॥ ই, ব

আত্মকারকাংশরাশিতে চন্দ্র থাকিয়া শুক্রকর্ত্তৃক দৃষ্ট হইলে পারদাদিধাতু-দ্রব্যের জারণাদি কার্য্যে পটু, বুধ দৃষ্ট হইলে চিকিৎসক হয়। কারকাংশ রাশির চতুর্থে রবি, মঙ্গল, বুধ বা শনি থাকিলে অস্ত্র শস্ত্রে নিপুণ হয়।

কারকাংশ রাশির চতুর্থে চন্দ্র থাকিয়া কেতু, শুক্র বা মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইলে কুষ্ঠ রোগাক্রান্ত হয়। চতুর্থে রাহু বা কেতু থাকিলে যন্ত্র নির্ম্মাণ বা যন্ত্র পরিচালনে দক্ষ হয়।

স্বাংশাৎ সুতে বা হৃদয়েঽগুভৌময়ো-
র্যোগে ক্ষয়ো নিশ্চিত মিন্দুদৃষ্টয়োঃ।
বিস্ফোটকাদ্যং ক্ষিতিজে তু সংস্থিতে
তস্মিন্ ধ্বজে স্যাদ্ গ্রহণী-জলোদরঃ ॥৫২॥ ই, বং

কারকাংশ রাশির চতুর্থে বা পঞ্চমে রাহুযুক্ত মঙ্গল থাকিলে অল্পক্ষয় রোগ কিন্তু তাহাতে চন্দ্রের দৃষ্টি থাকিলে প্রবল ক্ষয় রোগ জন্মে। চতুর্থে বা পঞ্চমে কেবল মঙ্গল থাকিলে বিস্ফোটকাদিরোগ, কেতু থাকিলে গ্রহণী ও জলোদর রোগ জন্মে।

আত্মাংশভে বা তনয়ে ধনেঽপি বা
সুগ্রন্থকারো হিমগৌ সজীবকে।
শুক্রেণ যুক্তেঽপি চ শাস্ত্রকারকো-
জ্ঞেনাপি যুক্তে তত উণএব সঃ ॥৫৩॥ ই, বং

আত্মাংশরাশৌ তনয়ে ধনে বা
বাগ্মী কবি দৈত্যগুরৌ চ সংস্থে।
ইজ্যে তু তৎস্থেঽথ ষড়ঙ্গবেদ-
বেত্তাপি বাগ্মী ন ভবেন্মনুষ্যঃ ॥৫৪॥ ই, ব

আত্মকারকাংশ রাশিতে, তাহার দ্বিতীয়ে বা পঞ্চমে চন্দ্র থাকিয়া বৃহস্পতি যুক্ত হইলে সুগ্রন্থকর্ত্তা, শুক্রযুক্ত হইলে গ্রন্থকর্ত্তা, বুধযুক্ত হইলে সাধারণগ্রন্থকর্ত্তা হয়। কেবল শুক্র থাকিলে বাগ্মী ও কবি, বৃহস্পতি থাকিলে ষড়ঙ্গ বেদবিৎ হইলেও বাগ্মী হয় না অর্থাৎ বিদ্বান্ কিন্তু বাগ্মী নহে।

স্বাংশালয়ে বা তনয়েঽথ বিত্তে
সভাজড়ো মন্দচরে চ সংস্থে।
মীমাংসকো জ্ঞে হিমগৌ চ সাংখ্যে
যোগে পটুর্গায়ককাব্য-দক্ষঃ ॥৫৫॥ উ, জা

আত্মাংশভে বা সুতভে ধনে বা
বেদান্তবিদ্ গীতপটুঃ খরাংশৌ।
নৈয়ায়িকো ভূমিসুতে চ তত্র
কেতৌ ভবেদ্ গাণিতিকঃ প্রসিদ্ধঃ ॥৫৬॥ ই, ব

আত্মকারকগ্রহাশ্রিতনবাংশরাশিতে, তাহার পঞ্চমে বা দ্বিতীয়ে শনি থাকিলে সভায় বলিতে অসমর্থ, বুধ থাকিলে মীমাংসক, চন্দ্র থাকিলে সাংখ্য ও যোগশাস্ত্রে নিপুণ, গান ও কাব্যে দক্ষ হয়। রবি থাকিলে বেদান্তে ও গীতে পটু, মঙ্গল থাকিলে নৈয়ায়িক, কেতু থাকিলে প্রসিদ্ধ গাণিতিক হয়।

স্বাংশাদ্ ধনে বা নবমেঽথ কেতৌ
পাপেন খেটেন বিলোকিতে চ
বিলম্ব্য বাক্যোত্তর-দানসক্তো-
বাচালকঃ স্তব্ধবচা ভবেদ্বা ॥৫৭॥ উ, জা

আত্মকারকাংশরাশির দ্বিতীয়ে বা নবমে পাপদৃষ্টকেতু থাকিলে বিলম্বে প্রত্যুত্তর দানে সমর্থ, বাচাল বা বাক্যের জড়তাযুক্ত হয়।

ইতি মৈমনসিংহমণ্ডলস্থিত টাঙ্গাইলান্তর্গত বড়বেলতা গ্রাম নিবাসি, সরযূতীরাগত শাকদ্বীপীয় ব্রাহ্মণবংশোদ্ভব, পাঠকোপাহ্ব, পণ্ডিতপ্রবর কৃপানাথ দেবশর্ম্মা-অজ, কলিকাতানগরোপকণ্ঠস্থিত বরাহনগর নিবাসি, কলিকাতাস্থ রাজকীয় সংস্কৃত পাঠশালায়াং (গবর্ণমেণ্ট সংস্কৃত কলেজে) জ্যোতিষাদি শাস্ত্রাধ্যাপক, স্মৃতি-ব্যাকরণ জ্যোতিস্তীর্থো-পাধিক, শ্রীরাধাবল্লভ দেবশর্ম্মবিরচিতে জাতকবল্লভে কারকাধ্যায়ঃ।

অথ পদোপপদাধ্যায়ঃ।

জৈমিনীয় মতে

পদোপপদ কথনম্

ভাবাদ্ যাবতিথে গৃহে তদধিপস্তাবন্মিতেঽগ্রেঽধিপা-
দারূঢং পদমেতদেব চ পুনঃ সংকীর্ত্ত্যতে প্রাক্তনৈঃ।
এবং চোপপদং ব্যয়স্থ চ পদং ভাবাৎ সুধীভির্মত-
মারূঢাচ্চ পদাৎ তনোঃ পদমিদং প্রায়ো বুধৈঃ কথ্যতে ॥১॥ শা,বি

কোনও ভাবরাশি হইতে যতরাশি অন্তরে ভাবাধিপতি অবস্থিত, ভাবাধিপতি হইতে অগ্রে ততরাশি অন্তরে সেইভাবের পদ বা আরূঢ়স্থান। কোনও ভাবহইতে তাহার দ্বাদশরাশির পদকে সেই ভাবের উপপদ বলে। সাধারণতঃ আরূঢ় বা পদ শব্দে লগ্নেরই পদ এবং উপপদ শব্দে লগ্নেরই উপপদ বুঝাইয়া থাকে।

লাভে পদাৎ সৌম্যখগৈঃ প্রদৃষ্টে
খেটে ভবেন্ন্যায্যপথাদ্ধনাপ্তিঃ।
এবং হি পাপৈশ্চ বিরুদ্ধমার্গা-
ন্মিশ্রৈস্তথা মিশ্রপথাদ্ধনং স্যাৎ ॥২॥ ই, ব

লগ্নের পদ হইতে একাদশে গ্রহ থাকিয়া শুভগ্রহ দ্বারা দৃষ্ট হইলে ন্যায্যপথে, পাপগ্রহদ্বারা দৃষ্ট হইলে অসদুপায়ে, শুভাশুভ মিশ্রগ্রহ দ্বারা দৃষ্ট হইলে সদসদ্ মিশ্রিত উপায়ে ধন লাভ হইয়া থাকে।

ব্যয়ে পদাচ্চান্যখগেন দৃষ্টে
সংস্থে গ্রহে ভূরিধনব্যয়ঃ স্যাৎ।
ন্যায্যোব্যয়ঃ সৌম্যখগেঽপ্যসৌম্যেঽ
প্যসদ্ব্যয়ো মিশ্রখগে চ মিশ্রঃ ॥৩॥ উ, জা

লগ্নের পদ হইতে দ্বাদশে অন্যগ্রহ দ্বারা দৃষ্ট হইয়া গ্রহ থাকিলে বহুধনব্যয় হয়। শুভগ্রহ থাকিলে সদ্ব্যয়, পাপগ্রহ থাকিলে অসদ্ব্যয়, শুভাশুভ মিশ্র গ্রহ থাকিলে সদসদুভয় প্রকারেই বহু ধন ব্যয় হইয়া থাকে।

আরূঢ়লগ্নান্মদনে ধ্বজে বা
রাহৌ নরঃ কুক্ষিরুজান্বিতঃ স্যাৎ।
বার্দ্ধক্যচিহ্নং ধনগে চ কেতৌ
চৌরো ধনস্থেঽপি চ পাপমাত্রে ॥৪॥ ই, ব

আরূঢ় লগ্নের সপ্তমে রাহু বা কেতু থাকিলে উদর পীড়া হয়। দ্বিতীয়ে কেতু থাকিলে অল্পবয়সেই বার্দ্ধক্য চিহ্ন দৃষ্ট হয়। দ্বিতীয়ে কেবল পাপগ্রহ থাকিলে চৌর হয়।

আরূঢ়লগ্নাদ্ধনগো মৃগাঙ্কো-
জীবোঽথবা দৈত্যগুরুর্যদা বা।
যঃ কোঽপি তুঙ্গস্থখগো দ্বিতীয়ে
সৎকীর্ত্তিশালী ধনবান্ তদা স্যাৎ ॥৫॥ ই, ব

আরূঢ়লগ্নহইতে দ্বিতীয়ে চন্দ্র, বৃহস্পতি, শুক্র বা কোন উচ্চরাশিস্থ গ্রহ থাকিলে ধনবান্ ও সৎকীর্ত্তিশালী হয়।

জায়ারূঢ়ং যদি তনুপদাৎ কেন্দ্রগং কোণগং বা
লক্ষ্মীবান্ ষড়্ব্যয়মরণগং বিত্তহীনো মনুষ্যঃ।
ভাবারূঢ়ং তনুপদগৃহাদ্ দুঃস্থভিন্নেষু মৈত্রী
ভ্রাত্রাদীনা মুদয়পদতো মৈত্রমেবং দ্বয়োঃ স্যাৎ ॥৬॥ ম,ক্রা

পত্নীভাবের আরূঢ়পদ লগ্নের আরূঢ় পদ হইতে কেন্দ্রে বা ত্রিকোণে থাকিলে লক্ষ্মীবান্, ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশে থাকিলে বিত্তহীন হয়। অন্যত্র মধ্যবিত্ত হইয়া থাকে। কোনও ভাবের পদ জাতকের লগ্নপদ হইতে ষষ্ঠে অষ্টমে বা দ্বাদশে থাকিলে তাহাদের শত্রুতা, অন্যত্র থাকিলে মিত্রতা জন্মে। এইরূপে ভ্রাতা, পুত্র, পত্নী প্রভৃতির সহিত শত্রুতা ও মিত্রতার বিচার করিবে।

উপপদাদ্ধনভে শুভবর্জিতে
খলগৃহে খলখেচরসংযুতে।
ভবতি দারমৃতির্ধৃতচীরকঃ
সুরগুরৌ শ্রুতিবিদ্ ভৃগুজে কবিঃ ॥৭॥ দ্রু,বি

লগ্নোপপদের দ্বিতীয়ে পাপক্ষেত্রে কেবল পাপগ্রহ থাকিলে স্ত্রীনাশ বা সন্ন্যাস জন্য স্ত্রীত্যাগী হয়। দ্বিতীয়ে বৃহস্পতি থাকিলে বহুশাস্ত্রবেত্তা, শুক্র থাকিলে কবি হয়।

বিত্তে চোপপদাৎ খগো যদি ভবেন্নীচক্ষগস্তস্য বা
প্যংশর্ক্ষে ধনভে কলত্রনিধনং তুঙ্গেহংশপে বা গ্রহে।
যুগ্মে বা ধনভে কলত্রবহুভাগ্ বিত্তেশ্বরে তুঙ্গভে
জায়াপ্যুচ্চকুলোদ্ভবা নিজগৃহে জায়ামৃতির্বার্দ্ধকে ॥৮॥ শা, বি

লগ্নোপপদের দ্বিতীয়ে নীচরাশিগত গ্রহ থাকিলে অথবা দ্বিতীয়স্থান নীচ রাশিগত কোন গ্রহের নবাংশ হইলে পত্নী নাশ হয়। ঐ দ্বিতীয় স্থানে উচ্চস্থ গ্রহ থাকিলে বা কোনও উচ্চরাশিগতগ্রহের নবাংশ হইলে বা দ্বিতীয়স্থান মিথুন রাশি হইলে বহুপত্নী হয়। উক্ত দ্বিতীয়স্থানপতি উচ্চগৃহে থাকিলে পত্নী উচ্চবংশোদ্ভবা হয়, নিজ গৃহে থাকিলে বার্দ্ধক্যে পত্নী নাশ হয়।

বিত্তেশো যদি বা ভবেদুপপদান্নীচেঽবলা নীচজা
বিত্তে সৌম্যযুতেক্ষিতে শুভগৃহাদ্যে সুন্দরী কামিনী।
বিত্তে সংস্থিতয়োস্তমোরবিজয়োর্লোকাপবাদার্দিতা
কেতৌ জ্ঞেন যুতে স্রুতাস্থিরবলা শুক্রেণ সাসৃগ্‌দরা ॥৯॥ শা,বি

উপপদের দ্বিতীয়াধিপতি নীচগৃহে থাকিলে পত্নী নীচকুলজাতা, দ্বিতীয়ে শুভ গ্রহের যোগ, দৃষ্টি বা ক্ষেত্রাদি বর্গ হইলে সুন্দরী, দ্বিতীয়ে রাহু ও শনি থাকিলে লোকাপবাদহেতু দুঃখিতা, বুধযুক্তকেতু থাকিলে অস্থিস্রাবরোগবতী, শুক্রযুক্ত কেতু থাকিলে রক্ত প্রদর রোগযুক্তা হয়।

ভৌমর্ক্ষে বুধভেঽথবাপ্যুপপদাৎ বিত্তে সহেজ্যে শনৌ
নাড়ীনিঃসরণং স্ত্রিয়াঃ শ্রুতিজরুক্ সেজ্যেঽপ্যগৌ দন্তরুক্।

নাসা রোগবতী কুজে শনিযুতে কান্তা তথা তৌলিনি
কন্যায়ামথবা সরাহুমৃতুগে বাতার্দিতা সূজ্ঝিতে ॥১০॥ শা, বি

লগ্নোপপদের দ্বিতীয় স্থানে মঙ্গল বা বুধের ক্ষেত্রে বৃহস্পতি যুক্ত শনি থাকিলে পত্নীর নাড়ী নিঃসরণ রোগ ও কর্ণ রোগ, বৃহস্পতিযুক্ত রাহু থাকিলে দন্ত রোগ, শনি যুক্ত মঙ্গল থাকিলে নাসারোগ, তুলা বা কন্যায় দ্বিতীয় স্থানে রাহুযুক্ত শনি থাকিয়া শুভ গ্রহের সহিত সম্বন্ধ হীন হইলে পত্নীর বাত রোগ হয়।

লগ্নস্যোপপদাৎ কলত্রভপতের্জায়াংশপাদ্ বা সুতে
শুক্রার্কিজ্ঞযুতেঽপ্যপত্যরহিতশ্চৈকঃ সুতোঽব্জান্বিতে।
সূর্য্যেজ্যাগুযুতে সুতাশ্চ বহবঃ সার্কৌ কুজে দত্তকো
যুগ্মেঽল্পো বিষমেঽপ্যনেকতনয়া মিশ্রে ফলং মিশ্রিতম্ ॥১১॥ শা, বি

লগ্নোপপদের সপ্তম রাশিপতি বা সপ্তম ভাবের নবাংশ পতি হইতে পঞ্চম স্থানে শুক্র, শনি ও বুধ থাকিলে অপত্যহীন, কেবল চন্দ্র থাকিলে একমাত্র পুত্র, সূর্য্য, বৃহস্পতি ও রাহু থাকিলে বহুপুত্র, শনি ও মঙ্গল থাকিলে দত্তকপুত্র হয়। উক্ত পঞ্চম স্থান যুগ্মরাশি হইলে অল্পপুত্র, বিষম রাশি হইলে বহু পুত্র, এই বিবিধ যোগের মিশ্রণ হইলে মিশ্রিত ফল হয়।

উপপদাদথবাপ্যধিপাদ্ ভবে
সদনুজে রবিজেঽগ্রজনাশনম্।
অগুশনী ভুজভেঽনুজঘাতিনৌ
শনিকুজেক্ষিত-লাভভুজাবপি ॥১২॥ ক্রু, বি

লগ্নের উপপদ বা তাহার অধিপতি হইতে একাদশে শনি ও রাহু থাকিলে অগ্রজ ভ্রাতার, তৃতীয়ে শনি ও রাহু থাকিলে অনুজভ্রাতার বিনাশ হয়। এইরূপে একাদশে শনি ও মঙ্গলের দৃষ্টিতে অগ্রজ ভ্রাতার এবং তৃতীয়ে শনি ও মঙ্গলের দৃষ্টিতে অনুজ ভ্রাতার মৃত্যু হয়।

শুক্রশ্চেদ্ ভবগেহগো হ্যুপপদাৎ তস্যেশ্বরাদ্ বা পুন-
র্গর্ভো নশ্যতি জাতকস্য জনুষঃ প্রাগ্ বৈ জনন্যা ধ্রুবম্।

দৈত্যেজ্যে ভুজগে তথোপপদতঃ কিং বা তদীশাদপি
তাদৃক্ তৎপরতঃ ফলং নিগদিতং জ্যোতির্বিদাং সম্মতম্ ॥১৩॥ শা,বি

লগ্নের উপপদ বা তাহার অধিপতি হইতে একাদশে শুক্র থাকিলে নিজ জন্মের পূর্ব্বে এবং তৃতীয়ে শুক্র থাকিলে নিজ জন্মের পরে মাতার গর্ভনাশ হয়।

উপপদাদথবা তদধীশতো-
গুরুশশিজ্ঞ-ধরা-তনয়েষু চেৎ।
ভুজগতেষ্বনুজাঃ স্যুরনেকশো-
ভবগতেষু তথাগ্রজসোদরাঃ ॥১৪॥ দ্রু, বি

লগ্নের উপপদ বা তাহার অধিপতি হইতে তৃতীয়ে বৃহস্পতি, চন্দ্র, বুধ, মঙ্গল থাকিলে অনুজ বহু ভ্রাতা এবং ইহারা একাদশে থাকিলে অগ্রজ বহু ভ্রাতা জন্মে।

লগ্নস্যোপপদাৎ কলত্রভবনস্বাম্যাশ্রিতর্ক্ষাদ্ধনে
রাহৌ স্থূলরদো ধ্বজেঽস্ফুটবচা বা বায়ুরোগার্দিতঃ।
তস্মিন্ মন্দগতৌ কুরূপ মনুজঃ স্বাংশাধিপাদ্ বিগ্রহে
বর্ণজ্ঞানমিদং সুতাদিবপুষাং চিন্ত্যং স্বকাৎ কারকাৎ ॥১৫॥শা,বি

লগ্নের উপপদহইতে সপ্তমরাশির অধিপতি যে রাশিতে অবস্থিত তাহার দ্বিতীয় স্থানে রাহু থাকিলে স্থূলদন্ত, কেতু থাকিলে অস্ফুট বাক্ বা বায়ু রোগ গ্রস্ত, শনি থাকিলে কুরূপ হয়। আত্মকারকগ্রহ যে নবাংশে অবস্থিত সেই নবাংশ পতির নির্দিষ্ট বর্ণ হইতে শরীরের বর্ণ জানিবে। এইরূপ পুত্রকারক, পত্নীকারক প্রভৃতির নবাংশপতির বর্ণ দ্বারা পুত্রাদির শরীরের বর্ণ জানিবে।

স্বাংশে কেবলপাপদর্শনযুতৌ বর্গঃ খলানাং চ বা
জাতো জারভবঃ স্বকারকখগে তাদৃক্খলে বা স্বয়ম্।
স্বাংশাদষ্টমভে খলগ্রহযুতে নো জারজাতো নরঃ
স্বাংশে দ্ব্যাদিখগে ভবেৎ কুলপতিস্তজ্জ্ঞৈরিদং প্রোচ্যতে ॥১৬শা,বি

আত্মকারকাংশরাশিতে কেবল পাপগ্রহের যোগ, দৃষ্টি বা ষড্‌বর্গ হইলে পরজাত জানিবে। কিন্তু আত্মকারকগ্রহ স্বয়ং পাপগ্রহ হইলে অথবা আত্মকারকাংশরাশির অষ্টমে পাপগ্রহ থাকিলে পরজাত নহে। আত্মকারক নবাংশরাশিতে দুইটি বা তদধিক গ্রহ থাকিলে জাতক বংশের প্রধান হয়।

আত্মাদি কারক, পদ ও উপপদ হইতে যে সকল ফল জৈমিনীয় সূত্র
হইতে সংকলিত হইল তাহাতে জৈমিনীয়
মতানুযায়ী দৃষ্টি জানিবে।

অথ যোগাধ্যায়ঃ

সুনফানফা-দুরুধুরা যোগকথনম্

খরকরেণ বিনা হিমদীধিতে-
র্ধনগতে খচরে সুনফা মতা।
ব্যয়গতে ত্বনফা হ্যুভয়স্থয়ো-
র্দুরুধুরা বসুমানপি চৈকতঃ ॥১॥দ্রু, বি

চন্দ্র হইতে দ্বিতীয়ে রবিভিন্ন গ্রহ থাকিলে সুনফা, দ্বাদশে রবিভিন্ন গ্রহ থাকিলে অনফা, দ্বিতীয় ও দ্বাদশ উভয় স্থানে রবি ভিন্ন গ্রহ থাকিলে দুরুধুবা যোগ হইয়া থাকে। উল্লিখিত স্থানদ্ব য় কেবল রবি থাকিলে যোগ হইবে না কিন্তু অন্যগ্রহের সহিত রবি থাকিলে যোগ হইবে। এই তিন যোগের যে কোনযোগে জাত ব্যক্তি ধনবান্ হয়।

কেমদ্রুম যোগকথনম্।

চন্দ্রাদ্দ্বিতীয়ে চ তথা ব্যয়গৃহে
ন খেচরো বা হিমগুশ্চ কেন্দ্রকম।
খেটেন যুক্তং ন তথা নচেক্ষিতঃ
কেমদ্রুমো বিত্তহরস্তদা ভবেৎ ॥২॥উ, জা

চন্দ্র হইতে দ্বিতীয়ে বা দ্বাদশে রবি ভিন্ন কোন গ্রহ না থাকিলে চন্দ্র ও কেন্দ্র রবিভিন্ন অন্য গ্রহ দ্বারা যুক্ত বা দৃষ্ট না হইলে কেমদ্রুম যোগ হইয়া থাকে। এই যোগে জাত ব্যক্তি ধনহীন হয়।

আরূঢ়াজ্জন্মলগ্নাদ্বা পাপৌ চেদ্ধনমৃত্যুগৌ
কেবলৌ সমসংখ্যৌ বা শুভাশুভখগৌ যদি ॥৩॥
যোগঃ কেমদ্রুমোনাম দারিদ্র্যদায়কঃ স্মৃতঃ।
চন্দ্রদৃষ্টৌ বিশেষেণ দারিদ্র্যদায়কো ভবেৎ ॥৪॥অনু

জন্মলগ্নের আরূঢ় রাশি হইতে বা জন্মলগ্ন হইতে দ্বিতীয়ে ও অষ্টমে কেবল পাপগ্রহ অথবা সমসংখ্যক শুভ ও পাপগ্রহ থাকিলে কেমদ্রুম যোগ হয়। এই যোগে দ্বিতীয়ে ও অষ্টমে চন্দ্রের দৃষ্টি থাকিলে প্রবল কেমদ্রুম যোগ হইয়া থাকে। এই যোগে জাত ব্যক্তি দরিদ্র হয়।

বেশি-ব্যোশ্যুভচারি-যোগ কথনম্

সূর্য্যাদ্ বিত্তস্থে খগে বেশিনামা
রিপ্ফে খেটে ব্যোশিযোগঃ প্রদিষ্টঃ।
সংস্থে খেটে পার্শ্বয়োস্তুভচারী
হ্যেষামেকশ্চাপি সৌখ্যপ্রদঃ স্যাৎ ॥৫॥ শা,নী

সূর্য্যের দ্বিতীয়ে গ্রহ থাকিলে বেশি, দ্বাদশে গ্রহ থাকিলে ব্যোশি, দ্বিতীয় ও দ্বাদশ উভয় স্থানে গ্রহ থাকিলে উভচারী যোগ হয়। ইহাদের কোন এক যোগ থাকিলে জাতক সুখী হয়।

রজ্জু-মুশল-নল-যোগ কথম্

রজ্জুশ্চরস্থৈ র্দ্যুচরৈঃ সমস্তৈঃ
সংস্থৈঃ স্থিরর্ক্ষে মুশলোঽপি যোগঃ।
দ্ব্যঙ্গস্থিতৈঃ সর্ব্বখগৈ র্নলাখ্যো-
ভেদাস্ত্রয় শ্চাশ্রয়যোগতঃ স্যুঃ ॥৬॥ ই, ব

সকলগ্রহই চররাশিতে থাকিলে রজ্জু, স্থির রাশিতে থাকিলে মুশল, দ্ব্যাত্মকে থাকিলে নল যোগ হয়। আশ্রয়যোগের এই তিন প্রকার ভেদ।

দল-সর্প যোগ কথমম্

শুভাশুভৈ র্বা শুভদৈস্তু কেন্দ্রে
সংস্থৈ র্দলাখ্যো গদিতো হি যোগঃ।

চতুষ্টয়ে কেবলপাপখেটৈঃ
সর্পাখ্যযোগো মুনিভিঃ প্রদিষ্টঃ ॥৭॥ উ,জা

কেন্দ্র চতুষ্টয়ে কেবল শুভ গ্রহ বা শুভাশুভ মিশ্র গ্রহ থাকিলে দলযোগ, কেবল পাপগ্রহ থাকিলে সর্প যোগ হয়।

রজ্জ্বাদীনাং ফলানি

রজ্জ্বাং বিদেশপ্রিয় ঈর্ষিতঃ স্যা-
ন্মানী ধনাঢ্যো মুশলে কৃতীচ।
ব্যঙ্গঃ স্থিরার্থো নিপুণো নলাখ্যে
দলে সুখী দুঃখ যুতশ্চ সর্পে ॥৮॥ উ,জা

রজ্জুযোগে বিদেশপ্রিয়, ঈর্ষান্বিত ; মুশলে মানী, ধনী, কৃতী ; নল যোগে বিকলাঙ্গ, স্থিরধনযুক্ত, কর্ম্মদক্ষ ; দল যোগে সুখী ; সর্প যোগে দুঃখী হয়।

গদা-শকট-বিহঙ্গ-যোগ কথনম্

সমীপকেন্দ্রদ্বয়গৈ র্গদাখ্যো-
লগ্নদ্যূনস্থৈঃ শকটং প্রদিষ্টম্।
মিত্রাস্পদস্থৈঃ খচরৈ র্বিহঙ্গো-
বিত্তং গদায়াং পরয়োস্তু রোগঃ ॥৯॥ উ,জা

সমীপবর্ত্তী কেন্দ্রদ্বয়ে অর্থাৎ লগ্নে ও চতুর্থে, চতুর্থে ও সপ্তমে, সপ্তমে ও দশমে, দশমে ও লগ্নে গ্রহ থাকিলে গদা নামক যোগ ; লগ্ন ও সপ্তমে গ্রহ থাকিলে শকট, চতুর্থ ও দশমে গ্রহ থাকিলে বিহঙ্গ যোগ হয়। গদা যোগে ধনবান্, শকট ও বিহঙ্গ যোগে রোগী হয়।

হল-শৃঙ্গাটক-যোগ কথনম্।

পরস্পরং কোণগতৈ র্বিলগ্ন-
ভিন্নস্থিতৈ র্ব্যোমচরৈ র্হলাখ্যঃ।

শৃঙ্গাটকং কোণবিলগ্নযাতৈঃ
শৃঙ্গে সুখী বৈশ্যকৃতি র্হলে স্যাৎ ॥১০॥উ,জা

লগ্নভিন্ন পরস্পরকোণে অর্থাৎ নবম পঞ্চমে সকল গ্রহ থাকিলে হল যোগ, নবম, পঞ্চম ও লগ্নে সকল গ্রহ থাকিলে শৃঙ্গাটক যোগ হয়। শৃঙ্গাটকযোগে সুখী, হল যোগে কৃষি, বাণিজ্য ও পশুপালনে রত হয়।

যূপেষু-শক্তি-দণ্ড-যোগ কথনম্।

তন্বাদিতোগেহ চতুষ্টয়েষু
কেন্দ্রাৎ স্থিতাশ্চেৎ খচরাহি সর্ব্বে।
যূপ স্তথেষু স্তপি শক্তিদণ্ডৌ
ক্রমেণ যোগা ধনমানদাঃ স্যুঃ ॥১১॥উ,জা

সকল গ্রহ লগ্ন হইতে বন্ধু পর্য্যন্ত চারি গৃহে থাকিলে যূপ, বন্ধুহইতে পত্নী পর্য্যন্ত চারি গৃহে থাকিলে ইষু, পত্নীহইতে কর্ম্ম পর্য্যন্ত থাকিলে শক্তি, কর্ম্ম হইতে লগ্নপর্য্যন্ত চারি গৃহে সকল গ্রহ থাকিলে দণ্ড যোগ হয়। ইহার কোন এক যোগে জন্মিলে ধনী ও মানী হয়।

নৌ-কূট-ছত্র ধনুর্যোগ কথনম্।

তন্বাদিকেন্দ্রাদ্ গৃহসপ্তকেষু
স্থিতৈগ্র´হৈঃ সপ্তভিরেব যোগাঃ।
নৌকূটকচ্ছত্র-ধনুঃ ক্রমাৎ স্যা-
দেষূদ্ভবাৎ কীর্ত্তিরথো সুখংচ ॥১২॥উ,জা

রাহুকেতুভিন্ন সপ্তগ্রহ, লগ্নাদিপত্নীপর্য্যন্ত সপ্তগৃহে থাকিলে নৌ যোগ, বন্ধু হইতে কর্ম্ম পর্য্যন্ত থাকিলে কূট, পত্নী হইতে লগ্নপর্য্যন্ত থাকিলে ছত্র, কর্ম্ম হইতে বন্ধু পর্য্যন্ত সপ্তগৃহে সপ্ত গ্রহ থাকিলে ধনুযোগ হয়। ইহার কোন এক যোগে জাত ব্যক্তি কীর্ত্তিমান্ ও সুখী হয়।

অর্দ্ধচন্দ্র যোগ কথনম্।

আপোক্লিমাৎ পণফরাদপি সপ্তভেষু
সংস্থেষু সর্ব্বখচরেষ্বপি চার্দ্ধচন্দ্রঃ।
অর্দ্ধেন্দুজঃ শুভতনুর্নরপূজিতঃ স্যাদ্-
ভোগী নরেন্দ্রসদৃশঃ শুভকীর্ত্তিযুক্তঃ ॥১৩॥ব,তি

কেন্দ্রের দ্বিতীয় গৃহের নাম আপোক্লিন, তৃতীয় গৃহের নাম পণফর। আপো-ক্লিন বা পণফর হইতে সপ্তগৃহে রাহু-কেতুভিন্ন সপ্তগ্রহ থাকিলে অর্দ্ধ চন্দ্র যোগ হয়। এই যোগে জন্মিলে সুগঠন, নরপূজ্য, ভোগী, রাজতুল্য, সুকীর্ত্তিযুক্ত হয়।

বল্লকী-দামিনী-পাশ-যোগ কথনম্

গেহেষু সপ্তস্বিহ যত্র যত্র
খেটেষু সপ্তস্বপি বল্লকী চ।
স্যাদ্দামিনী ষট্‌সু গৃহেষু চৈবং
পাশস্তথা পঞ্চসু সংপ্রদিষ্টঃ ॥১৪॥ই,ব

যে কোন সাতটি গৃহে সাতটি গ্রহ থাকিলে বল্লকী যোগ,, ছয়টি গৃহে থাকিলে দামিনী, পাঁচটি গৃহে থাকিলে পাশ যোগ হইয়া থাকে।

বল্লক্যাং বা দামিনীতঃ প্রজাতো-
দাতা ভোগী চোপকারপ্রসক্তঃ।
পাশে যোগে মিত্রভৃত্যার্থযুক্তো-
নিন্দ্যোপায়েনৈব বিত্তং তু তস্য ॥১৫॥শা,নী

বল্লকী বা দামিনী যোগে জাত ব্যক্তি দাতা, ভোগী, পরোপকারী হয়। পাশ যোগে মিত্র, ভৃত্য ও ধনযুক্ত কিন্তু নিন্দনীয় কার্য্যদ্বারা ধনোপার্জ্জন করিয়া থাকে।

বিনয়াদি যোগ কথনম্

সূর্য্যাৎ কেন্দ্রগতে বিধৌ বিনয়-ধী-নৈপুণ্য-বিদ্যাশ্রিয়া-
মল্পত্বং প্রবদন্তি বৈ পণফরে সংস্থে বিধৌ মধ্যতাম্।
স্যাদাপোক্লিমগে বহুত্ব মথবা চন্দ্রেঽধিমিত্রাংশকে
স্বাংশে বা দ্যুনিশক্রমাদ্ গুরুভৃগুভ্যামীক্ষিতে স্যাদ্ধনম্ ॥১৬॥ শা,বি

সূর্য্য হইতে কেন্দ্রে চন্দ্র থাকিলে বিনয়, দক্ষতা, ধন, বিদ্যা, বুদ্ধির অল্পতা, পণ ফরে থাকিলে মধ্যম, আপোক্লিমে থাকিলে আধিক্য প্রাপ্ত হয়। চন্দ্র নিজ নবাংশে বা অধিমিত্রের নবাংশে থাকিয়া দিনে বৃহস্পতি দ্বারা ও রাত্রিতে শুক্র দ্বারা দৃষ্ট হইলে ধনাঢ্য হয়।

অধিযোগস্তৎ ফলঞ্চ

শত্রৌ বা মদনেঽথবা মৃতিগতে ত্রিষ্বেষু বা দ্বয়ে
সৌম্যৈঃ স্যাদধিযোগ ইন্দুত ইতি প্রোচুশ্চ গর্গাদয়ঃ।
রাজা বা সচিবশ্চমূপতিরথো দীর্ঘায়ুরর্থান্বিতো-
জেতারাতিচয়ান্ সুধীঃ সুখযুতোঽপ্যস্মিন্ প্রজাতো নরঃ ॥১৭॥ শা,বি

চন্দ্র হইতে ষষ্ঠ, সপ্তম, অষ্টম ইহাদের দুইটি বা তিনটি গৃহে শুভ গ্রহ থাকিলে অধিযোগ হয়। অধিযোগে জাত ব্যক্তি রাজা, রাজমন্ত্রী বা সেনাপতি হয়। সে দীর্ঘায়ু, ধনাঢ্য, শত্রুবিজয়ী, সুধী ও সুখী হয়।

লগ্নেন্দ্বো স্তনুতোঽথবা হিমকরাৎ সৌম্যঃ শুভৌ বা শুভাঃ
সংস্থাশ্চোপচয়েষু বিত্ত-সুখ-ধী-বিদ্যাদিকানাং ক্রমাৎ।
অল্পত্বং হ্যপি মধ্যতাং বহুলতাং প্রাহুর্যথাসম্ভবং
চান্যেষ্বেব সুদুঃখদেষু চ নৃণাং প্রাধান্যমেতস্য বৈ ॥১৮॥ শা,বি

লগ্ন ও চন্দ্র উভয় হইতে, কেবল লগ্ন হইতে বা কেবল চন্দ্র হইতে উপচয় স্থানে একটি, দুইটি বা বহু শুভগ্রহ থাকিলে যথাক্রমে বিত্ত, সুখ, বুদ্ধি, বিদ্যাদির অল্পতা, মধ্যতা বা আধিক্য জানিবে। কেমদ্রুমাদি দুঃখজনক অন্যযোগ থাকিলেও এই যোগের প্রাধান্য ঘটিয়া থাকে।

নৃপযোগাঃ

সূর্য্যার্কি-ভৌম-গুরুষু ত্রিষু বাপি চৈষাং
স্বোচ্চেষু চৈকখচরে তনুগে তথৈষাম্।
দ্ব্যেকোচ্চগেষু খচরেষু তনৌ তদেকঃ
স্বর্ক্ষে বিধৌ চ দশনপ্রমিতা নৃপাঃ স্যুঃ ॥১৯॥ ব, তি

সূর্য্য, মঙ্গল, বৃহস্পতি, শনি এই চারিটি গ্রহ নিজ নিজ উচ্চাংশ গত এবং ইহাদের কেহ লগ্নস্থ হইলে চারি প্রকার রাজ যোগ হয়। এই চারিটি গ্রহের মধ্যে যে কোন তিনটি গ্রহ নিজ নিজ উচ্চাংশ গত এবং তিনটির মধ্যে কেহ লগ্নগত হইলে দ্বাদশ প্রকার রাজ যোগ হয়।

পূর্ব্বোক্ত চারিটি গ্রহের মধ্যে যে কোনও দুইটি গ্রহ নিজ নিজ উচ্চাংশ গত, দুইটির মধ্যে একটি লগ্নগত ও কর্কটে চন্দ্র থাকিলে দ্বাদশ প্রকার রাজ যোগ হয়। পূর্ব্বোক্ত চারিটির মধ্যে একটি উচ্চাংশ গত ও লগ্নস্থিত এবং কর্কটে চন্দ্র থাকিলে চারি প্রকার রাজ যোগ হয়। এই রূপে ৩২ প্রকার রাজ যোগ হইয়া থাকে।

বর্গোত্তমাংশপ্রগতে হিমাংশৌ
লগ্নেঽথবা চন্দ্রবিবর্জ্জিতৈস্তু।
দৃষ্টেঽথ খেটৈশ্চতুরাদিভিশ্চেদ্-
দ্বাবিংশতির্ভূপতয়ঃ প্রদিষ্টাঃ ॥২০॥ ই, ব

লগ্ন বর্গোত্তমনবাংশগত হইয়া চন্দ্রবর্জ্জিত (চন্দ্রের দৃষ্টি থাকিলেও রাজ যোগভঙ্গ হইবেনা) চারিটি বা তদধিকগ্রহদ্বারা দৃষ্টহইলে ২২ প্রকার রাজ যোগ হয়।

চন্দ্র বর্গোত্তমাংশ গত হইয়া চারিটি বা তদধিকগ্রহদ্বারা দৃষ্ট হইলে ২২ প্রকার রাজ যোগ হয়। এইরূপে লগ্ন ও চন্দ্র হইতে ৪৪ প্রকার রাজ যোগ হইয়া থাকে।

মেষেঽর্কে বৃষগে বিধৌ ঘটগতে মন্দে তনৌ চৈকতঃ
সিংহদ্বন্দ্বসরীসৃপেষু সচিব-জ্ঞারেষু ভূপা স্ত্রিধা।
তুঙ্গেঽঙ্গে বিধুমন্দগৌ যুবতিগৌ জ্ঞেনৌ চ কর্কে গুরুঃ
শুক্রে চাপি তুলে ক্রিয়ে ধরণিজে ভূপৌ স্মৃতৌ কোবিদৈঃ ॥২১॥ শা, বি

মেষে রবি, বৃষে চন্দ্র, কুম্ভে শনি, ইহাদের কোন এক স্থানে লগ্ন এবং সিংহে বৃহস্পতি, মিথুনে বুধ, বৃশ্চিকে মঙ্গল থাকিলে ৩ প্রকার রাজযোগ হয়। অথবা চন্দ্র ও শনি উচ্চস্থিত, ইহাদের কেহ লগ্নগত, কন্যায় রবি ও বুধ, কর্কটে বৃহস্পতি, তুলায় শুক্র, মেষে মঙ্গল থাকিলে ২ প্রকার রাজযোগ হয়। এইরূপে পাঁচ প্রকার রাজ যোগ কথিত হইল

কুম্ভে বা মকরে তনৌ রবিবিধূ চাপে মৃগে ভূসুতো-
লগ্নে বোচ্চগতে কুজে সহবিধৌ চাপে তথা ভাস্করে।
তুঙ্গে বা খরদীধিতৌ তনুগতে বাচস্পতৌ কার্ম্মুকে
সেন্দৌ মন্দগতৌ চ কামভবনে ভূপাঃ সুধীভিঃ স্মৃতাঃ ॥২২॥ শা,বি

কুম্ভে বা মকরে লগ্ন, ধনুতে রবি ও চন্দ্র, মকরে মঙ্গল থাকিলে অথবা মকর লগ্নে মঙ্গল ও চন্দ্র, ধনুতে রবি থাকিলে অথবা মেষ লগ্নে রবি, ধনুতে বৃহস্পতি, সপ্তমে চন্দ্র ও শনি থাকিলে রাজ যোগ হয়।

লগ্নে শীতরুচৌ বৃষে রবিসুরাচার্য্যার্কয়শ্চেৎ ক্রমাৎ
সংস্থা মিত্রমদাস্পদেষু চ তদা ভূপালবর্য্যো ভবেৎ।
নক্রে লগ্নগতে শনৌ সহজগে চন্দ্রে রিপৌ ভূসুতে
ভাগ্যে চন্দ্রসুতেঽন্ত্যগে সুরগুরৌ ভূপঃ সুকীর্ত্তিগুণী ॥২৩॥ শা,বি

বৃষ লগ্নে চন্দ্র, চতুর্থে রবি, সপ্তমে বৃহস্পতি, দশমে শনি থাকিলে রাজশ্রেষ্ঠ হয়। মকর লগ্নে শনি, তৃতীয়ে চন্দ্র, ষষ্ঠে মঙ্গল, নবমে বুধ, দ্বাদশে বৃহস্পতি থাকিলে সুকীর্ত্তি ও গুণবান্ রাজা হয়।

জীবশ্চন্দ্রযুতো হয়ে বুধসিতাবুচ্চস্থিতৌ লগ্নগৌ
ভূসূনৌ মকরে নৃপোগুণচয়ৈঃ সংভূষিতঃ স্যাত্তদা।
পুত্রস্থো বসুধাসুতঃ সমন্দগো বন্ধৌ সিতেজ্যেন্দবঃ
কন্যায়াং তনুগো বুধো যদি তদা ভূপো গুণৈর্ম্মণ্ডিতঃ ॥২৪॥ শা,বি

ধনুতে চন্দ্রযুক্ত বৃহস্পতি, বুধ ও শুক্র উচ্চস্থ, ইহাদের কেহ লগ্নগত, এবং মকরে মঙ্গল থাকিলে গুণগণ বিভূষিত নৃপতি হয়। পঞ্চমে শনিযুক্ত মঙ্গল, চতুর্থে শুক্র, বৃহস্পতি ও চন্দ্র; কন্যায় লগ্নগত বুধ থাকিলে গুণমণ্ডিত নরপতি হয়।

মীনে মূর্ত্তি গতে সুধাময়তনৌ চ্ছায়াসুতে কুম্ভগে
পঞ্চাস্যে খরদীধিতৌ চ ধরণীসূনৌ মৃগাস্যং গতে।
মেষে বা ধরণীসুতেঽমরগুরৌ কর্কে তথা লগ্নগে
ক্ষ্মাসূনৌ হ্যথবা সুরেন্দ্রসচিবে ক্ষ্মাপালবর্য্যো গুণী ॥২৫॥শা,বি

মীনলগ্নে চন্দ্র, কুম্ভে শনি, সিংহে রবি ও মকরে মঙ্গল থাকিলে অথবা মেষে মঙ্গল, কর্কটে বৃহস্পতি, এবং ইহাদের কেহ লগ্নগত হইলে গুণশালী রাজা হয়।

কর্কে লগ্নে সংস্থো জীবো লাভে সংস্থাঃ শুক্রেন্দুজ্ঞাঃ।
মেষে ভানৌ বিক্রান্ত্যাঢ্যঃ পৃথ্বীনাথঃ কীর্ত্ত্যা যুক্তঃ ॥২৬॥বি,মা

কর্কটলগ্নে বৃহস্পতি; একাদশে শুক্র, চন্দ্র, বুধ; মেষে সূর্য্য থাকিলে বিক্রমী ও কীর্ত্তিমান্ ভূপতি হয়।

বুধজ্যশুক্রৈঃ প্রবিলোকিতেঽজে
পূর্ণাঙ্গকে স্যান্মনুজো নরেন্দ্রঃ।
চন্দ্রে প্রদৃষ্টে খচরৈঃ সমস্তৈ-
র্জাতো ভবেৎ খ্যাতিযুতো ধরেশঃ ॥২৭॥উ,জা

বুধ, বৃহস্পতি ও শুক্র দ্বারা পূর্ণ চন্দ্র, দৃষ্ট হইলে রাজা হয়। সমস্তগ্রহদ্বারা চন্দ্র দৃষ্ট হইলে বিখ্যাত ভূপতি হয়।

তুঙ্গে বুধেঽঙ্গে গগনে দিতীজ্যে
কামস্থিতে শীতরুচৌ সজীবে।
পুত্রে তথা মন্দচরে সভৌমে
ক্ষ্মাধীশ্বরঃ স্যাদ্গুণকীর্ত্তিযুক্তঃ ॥২৮॥ই,ব

কন্যায় লগ্নগত বুধ, দশমে শুক্র, সপ্তমে চন্দ্র ও বৃহস্পতি, পঞ্চমে শনি ও মঙ্গল থাকিলে গুণ ও কীর্ত্তিশালী রাজা হয়।

ত্র্যাদ্যৈঃ স্বকীয়োচ্চগতৈর্হ্যসদ্ভি-
র্মূলত্রিকোণপ্রগতৈস্তথা বা।

ভূপালবংশ্যো নৃপতির্হি খেটৈঃ
পঞ্চাদিভিশ্চান্যকুলোদ্ভবোঽপি ॥২৯॥ই,ব

তিনটি বা চারিটি গ্রহ উচ্চে বা মূল ত্রিকোণে থাকিলে রাজবংশে জাতব্যক্তি রাজা হয়। পাঁচটি বা তদধিকগ্রহ উচ্চে বা মূল ত্রিকোণে থাকিলে অন্যবংশোদ্ভব ব্যক্তিও রাজা হইয়া থাকে।

রাজত্বযোগপ্রদখেচরাণাং
যে কর্ম্মগা বা তনুভাবসংস্থাঃ।
তেষাং বলিষ্ঠস্য দশাদিকালে
রাজ্যপ্রলব্ধির্মুনিভিঃ প্রদিষ্টা ॥৩০॥ই,ব

রাজযোগকারক গ্রহদিগের মধ্যে যে যে গ্রহ কর্ম্মে বা লগ্নে অবস্থিত তাহাদিগের মধ্যে বলিষ্ঠ গ্রহের দশা বা অন্তর্দশা কালে রাজ্য লাভ হয়।

সম্বন্ধশ্চেৎ কোণকেন্দ্রাধিপত্যো-
র্নো সম্বন্ধশ্চেতরৈ রাজ্যদৌ তৌ।
কোণাধীশৌ কেন্দ্রনাথৌ স্বয়ং বা
ভিন্নর্ক্ষেশৌ রাজ্যদৌ চেৎ প্রসক্তৌ ॥৩১॥শা,নী

কেন্দ্র ও কোণ পতির সম্বন্ধ ঘটিলে তাহারা রাজ যোগ কারক হয়। কেন্দ্র কোণভিন্ন অন্যস্থানপতির সহিত তাহাদের সম্বন্ধ ঘটিলে রাজ যোগ কারক হইবে না। কেন্দ্র বা কোণপতি স্বয়ং অন্যস্থানের অধিপতি হইলে তাহাদের সম্বন্ধে রাজ যোগ হইবে।

দ্বৌ কেন্দ্রপৌ কোণপতি স্তথৈকো-
দ্বৌ কোণপৌ কণ্টকনায়কশ্চ।
সম্বন্ধ এষাং সকলাংশ্চ দোষা-
ন্নিহত্য রাজ্যং দদতে বিশালম্ ॥৩২॥উ,জা

দুইটি কেন্দ্রপতি ও একটি কোণপতি অথবা দুইটি কোণ পতি একটি কেন্দ্র পতি ইহাদের সম্বন্ধ ঘটিলে বিশাল রাজ্য লাভ হয়।

কেন্দ্রেঽথ কোণে ধ্বজদৈত্যপৌ চেৎ
সম্বন্ধিনৌ চান্যতরাধিপেন।
পাপেন সার্দ্ধং ন তয়োঃ প্রসক্তী-
রাজ্যপ্রদৌ সৌখ্যকরৌ ভবেতাম্ ॥৩৩॥ই,ব

রাহু বা কেতু কেন্দ্রে থাকিয়া কোণপতির সহিত বা কোণে থাকিয়া কেন্দ্র পতির সহিত সম্বন্ধ করিলে এবং পাপসংজ্ঞক গ্রহের সহিত সম্বন্ধ না হইলে রাজ্য সুখাদিদায়ক হইবে।

ভাগ্যেশ্বরঃ কোণ-চতুষ্টয়স্থো-
দদাতি ভাগ্যং মনুজস্য নূনম্।
দুঃস্থানগে ভাগ্যপতৌ চ হানি-
শ্চান্যত্র ভাগ্যং লভতে প্রযত্নাৎ ॥৩৪॥উ,জা

নবমপতি কোণে বা কেন্দ্রে থাকিলে নিশ্চয ভাগ্যবৃদ্ধি, ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশে থকিলে ভাগ্যহানি হয় অন্যত্র থাকিলে যত্নদ্বারা ভাগ্য লাভ হয়।

অন্যোন্য রাশিস্থ সুখাস্পদেশৌ
কোণেশযুক্তাবথ তেন দৃষ্টৌ।
কোণেশয়োর্বৈকতর প্রসক্তৌ
রাজ্যপ্রদো যোগবরস্তুদা স্যাৎ ॥৩৫॥ই,ব

চতুর্থ ও দশমপতি পরস্পর ক্ষেত্রস্থ হইয়া কোনও কোণপতিদ্বারা যুক্ত, বা দৃষ্ট বা কোনও কোণপতির সহিত সম্বন্ধ করিলে প্রবল রাজ যোগ হয়।

কুলীরগে মেষগতেঽপি লগ্নে
ধনে ভৃগুঃ পঞ্চমনাথযুক্তঃ।
বিদ্যাপ্রভাবার্জিতভূমিবিত্তৈঃ
প্রখ্যাতকীর্ত্তিং প্রকরোতি মর্ত্ত্যম্ ॥৩৬॥উ,জা

কর্কট বা মেষে লগ্ন, পঞ্চম পতির সহিত যুক্ত হইয়া শুক্র ধনস্থ হইলে বিদ্যা প্রভাবে বহুভূমি ও ধনোপার্জ্জন করিয়া কীর্ত্তিশালী হয়।

নিশার্দ্ধতো বা দিনমধ্যতো বা
সার্দ্ধদ্বিনাড়ীসময়ে প্রজাতঃ।
কিংবা সুখেঽর্থে তনুভে চ সৌম্যে
পাপে ভুজে রাজসমো নৃপো বা ॥৩৭॥উ,জা

নিশার্দ্ধ বা দিনার্দ্ধের পর আড়াইদণ্ড কালমধ্যে জন্মিলে অথবা লগ্নে, দ্বিতীয়ে, চতুর্থে শুভগ্রহ ও তৃতীয়ে পাপগ্রহ থাকিলে রাজতুল্য বা রজা হয়।

দারেশতো দেহপতেশ্চ সৌম্যাঃ
পাপোজ্ঝিতাঃ পুত্রসুখার্থ সংস্থাঃ।
শুভোজ্ঝিতা বাপ্যশুভা ভুজেঽরৌ
তদা নরো রাজ্যসুখার্থভোগী ॥৩৮॥উ,জা

সপ্তমপতি ও লগ্নপতি হইতে দ্বিতীয়, চতুর্থ ও পঞ্চম স্থানে কেবল শুভগ্রহ অথবা তৃতীয়ে ও ষষ্ঠে কেবল পাপগ্রহ থাকিলে রাজ্য, সুখ ও ধন ভোগকরিয়া থাকে।

পরস্পরং সপ্তমগৌ কবীন্দূ
কিংবৈকতোঽন্যো যদি বিক্রমস্থঃ।
সুখার্থ-বাহালয়-মান যুক্তো-
ভবেন্নরশ্চেতি বিদো বদন্তি ॥৩৯॥উ,জা

চন্দ্র ও শুক্র পরস্পর সপ্তমস্থ হইলে অথবা এক হইতে অপরে তৃতীয়স্থ হইলে সুখ, বিত্ত, বাহন, আলয় ও সম্মানযুক্ত হয়।

মেষে বিলগ্নে ক্ষিতিজোঽথ জীবঃ
কর্কেঽথবা মেষবিলগ্নগৌ তৌ।
লগ্নে ক্রিয়ে বা শশিভৌমজীবা-
স্তদা প্রসূতো নৃপতির্বরেণ্যঃ ॥৪০॥উ,জা

মেষলগ্নে মঙ্গল, কর্কটে বৃহস্পতি অথবা মঙ্গল ও বৃহস্পতি উভয়েই মেষলগ্নে অথবা চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি মেষলগ্নস্থ হইলে নৃপশ্রেষ্ঠ হয়।

ভাগ্যার্থ-কর্ম্মায়-সুতেশ্বরাণা-
মেকোঽপি চন্দ্রাদ্ যদি কেন্দ্রবর্ত্তী।
কুম্ভালিসিংহোক্ষ-গতে বিলগ্নে
জাতঃ সুকীর্ত্তিঃ ক্ষিতিপালকঃ স্যাৎ ॥৪১॥ই,ব

কুম্ভ, বৃশ্চিক, সিংহ, বৃষ ইহার কোন রাশিতে লগ্ন এবং নবম, দ্বিতীয়, দশম, একাদশ বা পঞ্চমপতির মধ্যে কেহ চন্দ্র হইতে কেন্দ্রগত হইলে সুকীর্ত্তিশালী ভূপতি হয়।

মূলত্রিকোণেঽপ্যথ তুঙ্গভে বা
মন্দে ত্রিকোণে যদি বাপি কেন্দ্রে।
মানাধিপেনৈব চ সংপ্রদৃষ্টে
জাতো ভবেদ্ ভূপতি-লব্ধমানী ॥৪২॥ই,ব

শনি মূল ত্রিকোণস্থ বা উচ্চস্থ হইয়া এবং দশমপতি দ্বারা দৃষ্ট হইয়া কোণে বা কেন্দ্রে থাকিলে রাজসম্মান প্রাপ্ত হয়।

বর্গোত্তমে পূর্ণ তনুঃ শশাঙ্কো-
দস্রেঽনলে পুষ্যগতো যদা বা।
বর্গোত্তমে বোচ্চ গৃহে ধরাজো-
দস্রেঽথ মৈত্রে নৃপতিং করোতি ॥৪৩॥ই,ব

পূর্ণ চন্দ্র বর্গোত্তম নবাংশগত হইয়া অশ্বিনী, কৃত্তিকা বা পুষ্যা নক্ষত্রে থাকিলে অথবা উচ্চ গৃহে বা বর্গোত্তমনবাংশগত মঙ্গল অশ্বিনী বা অনুরাধা নক্ষত্রে থাকিলে ভূপতি হয়।

দিবাকরো নিশাকরঃ সুরেশমন্ত্রিণেক্ষিতৌ।
উভৌ যদা নিজর্ক্ষগৌ নৃপো ভবেৎ তদা নরঃ ॥৪৪॥প্র,নি

সূর্য্য ও চন্দ্র নিজ নিজ গৃহে থাকিয়া বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইলে রাজা হয়।

কুলীরগে সুধাকরে ধনুর্দ্ধরে বৃহস্পতৌ।
মহীজসূর্য্যবীক্ষিতৌ তদা মহীপতির্ভবেৎ ॥৪৫॥প্র,নি

কর্কটে চন্দ্র, ধনুতে বৃহস্পতি থাকিয়া মঙ্গল ও সূর্য্য দ্বারা দৃষ্ট হইলে মহীপতি হয়।

পীযূষরশ্মির্যদি মীনসংস্থো-
দেবেশপূজ্যোঽপি কুলীরগঃ স্যাৎ।
দৈত্যেন্দ্র মন্ত্রী চ ঘটপ্রযাতো-
জাতস্তদা ভূমিপতিঃ সমৃদ্ধঃ ॥৪৬॥ই,ব

মীনে চন্দ্র, কর্কটে বৃহস্পতি, কুম্ভে শুক্র থাকিলে ভূপতি হয়।

যদ্‌গেহগো নীচগতো নভোগ-
স্তদীশ্বরশ্চাপি তদুচ্চনাথঃ।
চতুষ্টয়স্থৌ যদি জন্মকালে
তদা ভবেদ্ ভূমিপতি র্মনুষ্যঃ ॥৪৭॥উ,ব

নীচস্থ গ্রহ যে রাশিতে অবস্থিত সেই রাশির অধিপতি এবং সেই রাশি যাহার উচ্চস্থান ইহারা উভয়েই কেন্দ্রগত হইলে রাজা হয়।

পরস্পরং সপ্তমরাশিসংস্থিতৌ
যদা ভবেতাং শনিদেবমন্ত্রিণৌ।
তদা নৃপো বা নৃপতুল্যবীর্য্যবান্
ধনেন মানেন চ বিদ্যয়ান্বিতঃ ॥৪৮॥বং,বি

শনি ও বৃহস্পতি পরস্পর সপ্তমস্থ হইলে ধন, মান ও বিদ্যা দ্বারা খ্যাত রাজা বা রাজতুল্য প্রতাপশালী হয়।

ধনেশযুক্তাঃ শুভদাস্তু কেন্দ্রেহ
থবা দ্বিতীয়স্থখগঃ স্বতুঙ্গে।
ভাগ্যং তথা শোভনখেটদৃষ্টং
তদা নরো রাজ্যসুখার্থ ভোগী ॥৪৯॥উ,জা

শুভগ্রহগণ ধনপতির সহিত যুক্ত হইয়া কেন্দ্রগত অথবা দ্বিতীয়স্থগ্রহ উচ্চস্থ এবং ভাগ্যস্থান শুভগ্রহদ্বারা দৃষ্ট হইলে রাজ্য, সুখ ও ধন ভোগকরিয়া থাকে।

ধনযোগ কথনম্

সিংহে বিলগ্নে দিনপোঽথ দৃষ্টো-
যুক্তোঽপি বা গীষ্পতি-ভূমিজাভ্যাম্ ।
কর্কে তনৌ শীতকরোঽপি তাভ্যাং
দৃষ্টোযুতো বা সধনস্তদা স্যাৎ ॥৫০॥ই,ব

সিংহলগ্নে রবি থাকিয়া অথবা কর্কটলগ্নে চন্দ্র থাকিয়া বৃহস্পতি ও মঙ্গল দ্বারা দৃষ্ট বা যুক্ত হইলে বহু ধন হইয়া থাকে।

লগ্নে নিজর্ক্ষেঽবনিজঃ প্রদৃষ্টো-
যুক্তোঽথবা ভানু-হিমাংশু-শুক্রৈঃ।
লগ্নেঽপিবেজ্যো নিজভে যুতো বা
দৃষ্টো ধনী বোধন-ভূমিজাভ্যাম্ ॥৫১॥ই,ব

মঙ্গল নিজক্ষেত্রে লগ্নগত হইয়া সূর্য্য, চন্দ্র ও শুক্রদ্বারা যুক্ত বা দৃষ্ট হইলে অথবা নিজক্ষেত্রে লগ্নে বৃহস্পতি থাকিয়া বুধ ও মঙ্গল দ্বারা দৃষ্ট হইলে ধনাঢ্য হয়।

তনৌ স্বগেহে শশিজে যুতে বা
দৃষ্টে ধনী শুক্রশনৈশ্চরাভ্যাম্।
তথোদয়ে স্বর্ক্ষগতে দিতীজ্যে
দৃষ্টে যুতে বা শনিবোধনাভ্যাম্ ॥৫২॥উ,জা

বুধ নিজ গৃহে লগ্নে থাকিয়া শুক্র ও শনি দ্বারা যুক্ত বা দৃষ্ট হইলে অথবা শুক্র নিজগৃহে লগ্নে থাকিয়া শনি ও বুধ দ্বারা দৃষ্ট বা যুক্ত হইলে ধনশালী হয়।

ধনগতস্তনুপো ধনপো ভবে
ভবপতির্যদি বা তনুসংস্থিতঃ।
বহুনিধিঃ স ভবেদ্ বহুকীর্ত্তিমান্
পরিজনৈর্বহুলৈঃ পরিসেবিতঃ ॥৫৩॥দ্রু,বি

লগ্নপতি ধনস্থানে, ধনপতি আয়স্থানে, আয়পতি লগ্নে থাকিলে বহুধন, বহুকীর্ত্তি, বহু সেবক দ্বারা সেবিত হয়।

স্থরগুরৌ ধনগে নিজতুঙ্গভে
স্বভবনে যদি বা বহুবিত্তবান্।
ধনপতৌ বিধুজেঽপি চ লাভগে
বহুধনো ধনগর্ব্বিত এবচ ॥৫৪॥ক্রু,বি

বৃহস্পতি উচ্চে বা নিজ গৃহে থাকিয়া ধনগত হইলে অথবা বুধ ধনপতি হইয়া একাদশে থাকিলে ধনগর্ব্বিত ও বহুধন যুক্ত হয়।

পরস্পরং গৃহস্থিতৌ ধনায়-ভাবনায়কৌ।
শুভে ধনেঽথবা ভবে বহুশ্রিয়ং সমাপ্নুয়াৎ ॥৫৫॥প্র,নি

দ্বিতীয় পতি একাদশে, একাদশ পতি দ্বিতীয়ে এবং দ্বিতীয় বা একাদশে শুভ গ্রহ থাকিলে বহু ধনপ্রাপ্তি হয়।

বসুপতৌ বসুগে তনুপে ভবে
ভবপতৌ চ ধনে দ্রবিণান্বিতঃ।
যুবতিগে বিধুজে দিতিজে ধনে
তনুপতাবুদয়ে ধনমানযুক্ ॥৫৬॥ক্রু,বি

ধনপতি ধনস্থানে, লগ্নপতি একাদশে, একাদশপতি দ্বিতীয়ে থাকিলে অথবা কন্যায় যে কোনভাবে বুধ, দ্বিতীয়ে রাহু, লগ্নে লগ্নপতি থাকিলে ধনমান যুক্ত হয়।

সুরাসুর-প্রপূজিতৌ বুধস্তথা চ লগ্নপঃ।
বলান্বিতা ইমে যদা ধনৈশ্চ মানবান্ ভবেৎ ॥৫৭॥প্র,নি

বৃহস্পতি, শুক্র, বুধ ও লগ্নপতি বলবান্ হইলে ধনজনিত মান হয়।

চেত্তনুগৌ শুক্রবুধৌ বিত্তগতো দেবগুরুঃ।
ধান্যধনৈর্হেমযুতৈঃ সর্ব্বজনখ্যাতিযুতঃ ॥৫৮॥মা,ব

লগ্নে বুধ ও শুক্র, দ্বিতীয়ে বৃহস্পতি থাকিলে স্বর্ণ, ধন, ধান্যাদি যুক্ত হইয়া সর্ব্বত্র খ্যাত হয়।

সুরগুরুজ্ঞসিতাঃ সবলা ব্যয়ে
তনুগৃহেঽপ্যথবা ধনভেঽপি বা।

তন্বুপতৌ সবলে ধনগে শুভে
কনকধান্যধনাদিকভাগ্ ভবেৎ ॥৫৯॥ দ্রু, বি

বুধ, বৃহস্পতি ও শুক্র বলবান্ হইয়া দ্বাদশে, লগ্নে বা দ্বিতীয়ে থাকিলে অথবা লগ্নপতি বলবান্ ও দ্বিতীয়ে শুভ গ্রহ থাকিলে, স্বর্ণ, ধান্য, ধনাদি যুক্ত হয়।

তন্বুধনায়গৃহ-প্রভবস্তথা
শুভখগো ধনগোঽপি বলান্বিতাঃ।
বহুহিরণ্যধনাদিকভোগবান্
জগুরিদং প্রবরাঃ ফলবাদিনঃ ॥৬০॥ দ্রু, বি

লগ্ন, দ্বিতীয় ও একাদশ ভাবের অধিপতি এবং দ্বিতীয়স্থ শুভ গ্রহ ইহারা বলবান্ হইলে বহুসুবর্ণ ভোগ করিয়া থাকে।

ধনপতির্ভবপো ধনভং তথা
তনুপতিস্তনুভং যদি পশ্যতি।
দ্রবিণগো হিমগু র্ব্যয়গো রবি-
র্বহুধনোঽপি তদা শুভবীক্ষিতৌ ॥৬১॥ দ্রু, বি

দ্বিতীয় ও একাদশ ভাবপতি ধনস্থানকে এবং লগ্নপতি লগ্নভাবকে দর্শন করিলে অথবা চন্দ্র দ্বিতীয়ে, রবি দ্বাদশে থাকিয়া উভয়েই শুভদৃষ্ট হইলে বহুধন হইয়া থাকে।

খলবিযুক্তবলী ধনপঃ শুভো-
বপুষি বা দশমে নবমে সুখে।
শনিকুজাগুসিতা অথ বিত্তগা-
যুবতিভে বহুলং দ্রবিণং তদা ॥৬২॥ দ্রু, বি

দ্বিতীয়পতি শুভগ্রহ, বলবান্ ও পাপ বিযুক্ত হইয়া লগ্নে, দশমে, নবমে বা চতুর্থে থাকিলে অথবা কন্যায় ধনভাবে শনি, মঙ্গল, রাহু ও শুক্র থাকিলে বহুধন হইয়া থাকে।

বাল্যে ধনপ্রাপ্তি যোগ কথনম্।

ভাগ্যেশযুক্তো ধনপোঽথ কেন্দ্রে
লগ্নেশ্বরস্থাংশ-পতি-প্রদৃষ্টঃ।
শুভগ্রহেণাপি সমীক্ষিতশ্চে-
দৈশ্বর্য্যমাপ্নোতি নরো হি বাল্যে ॥৬৩॥উ,জা

দ্বিতীয় পতি নবমপতির সহিত যুক্ত হইয়া কেন্দ্রে থাকিলে এবং লগ্নপতি যে নবাংশে অবস্থিত সেই নবাংশপতি দ্বারা ও শুভগ্রহদ্বারা দৃষ্ট হইলে বাল্যে ঐশ্বর্য্য প্রাপ্তি হয়।

ধনায়লগ্নেষু শুভাস্তু তুঙ্গ-
স্বক্ষেত্রগা মিত্রগৃহাশ্রিতা বা।
ধনেশসংস্থাংশপতি-প্রদৃষ্টা-
স্তদা ধনান্যেব লভেত বাল্যে ॥৬৪॥উ,জা

শুভ গ্রহগণ উচ্চে, নিজগৃহে বা মিত্রগৃহে থাকিয়া লগ্ন, দ্বিতীয় ও একাদশ ভাবস্থ হইলে এবং ধনাধিপতি যে নবাংশে অবস্থিত সেই নবাংশপতিদ্বারা দৃষ্ট হইলে বাল্যে বহু বিত্তলাভ করিয়া থাকে।

যৌবনে ধনপ্রাপ্তি যোগ কথনম্।

বিলগ্নভাগ্যেশযুতে ধনেশ্বরে
শুভেক্ষিতে কেন্দ্রগতেঽথ কোণগে।
সকালবীর্য্যে মনুজো হি যৌবনে
স্বকীয়বীর্য্যাপ্তধনং লভেত বৈ ॥৬৫॥বং,বি

লগ্নপতি ও নবমপতির সহিত যুক্ত, শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট ও কালবলে বলবান্ হইয়া দ্বিতীয় পতি কেন্দ্রে বা কোণে থাকিলে যৌবনে নিজ চেষ্টায় বহুধন লাভ করে।

বার্দ্ধক্যে ধনযোগ কথনম্

লাভেশ্বরে বাপি চ বিত্তনাথে
যুক্তে চ লগ্নেশ-শুভগ্রহাভ্যাম্।
লগ্নং গতে বীর্য্যযুতে মনুষ্যো-
বার্দ্ধক্য আপ্নোতি ধনং স্ববীর্য্যাৎ ॥৬৬॥ই,ব

একাদশপতি বা দ্বিতীয়পতি শুভগ্রহ ও লগ্নপতির সহিত যুক্ত এবং বলবান্ হইয়া লগ্নগত হইলে বার্দ্ধক্যে নিজ চেষ্টায় বহুধন লাভ হয়।

স্বোপার্জ্জিত ধন কথনম্

লগ্নেশ্বরে কেন্দ্রগতে বলিষ্ঠে
দৃষ্টে তদা দেবপুরোহিতেন।
বৈশেষিকাংশস্থিতবিত্তনাথে
স্ববীর্য্যলব্ধং ধনমেতি জাতঃ ॥৬৭॥উ,জা

বলবান্ লগ্নপতি কেন্দ্রগত হইযা বৃহস্পতিকর্ত্তৃক দৃষ্ট এবং দ্বিতীয়পতি বৈশেষিকাংশগত হইলে নিজ চেষ্টায় বহুধনলাভ করিয়া থাকে।

লগ্নেশসংস্থাংশপতিস্থ-রাশি-
স্বামী বলাঢ্যো ধনপস্য মিত্রম্।
স চেৎ ত্রিকোণে স্বগৃহেঽথ কেন্দ্রে
স্বচেষ্টয়ৈশ্বর্য্যমুপৈতি মর্ত্ত্যঃ ॥৬৮॥উ,জা

লগ্নাধিপতি যে নবাংশে অবস্থিত সেই নবাংশপতি যে রাশিতে অবস্থিত তাহার অধিপতি বলবান্ ও ধনপতির মিত্র হইয়া কেন্দ্রে, ত্রিকোণে বা নিজগৃহে থাকিলে নিজচেষ্টায় ঐশ্বর্য্য লাভ করিয়া থাকে।

স্বোপার্জ্জিত ক্ষেত্রলাভ কথনম্

লগ্নেশ্বরঃ ক্ষেত্রপতি স্তথা দ্বৌ
পরস্পরং ক্ষেত্রগতৌ বলিষ্ঠৌ।

শুভেন দৃষ্টৌ সশুভৌ যদা বা
স্বয়ং কৃতক্ষেত্রবহুত্বলাভঃ ॥৬৯॥উ,জা

লগ্নপতি ও চতুর্থপতি পরস্পর ক্ষেত্রগত ও বলিষ্ঠ হইয়া শুভদৃষ্ট বা শুভ যুক্ত হইলে স্বোপার্জিত বহু ক্ষেত্র হয়।

মেষূরণেশঃ সুখভাবনাথঃ
পরস্পরং মৈত্র্যগতৌ বলিষ্ঠৌ।
সুখে সুখেশঃ সুখকারকশ্চেৎ
শুভান্বিতঃ স্বার্জ্জিতভূমিদাস্তে ॥৭০॥উ,জা

চতুর্থপতি ও দশমপতি পরস্পর মিত্র ও বলিষ্ঠ এবং চতুর্থপতি চতুর্থে ও বন্ধু কারক গ্রহ শুভ যুক্ত হইলে স্বোপার্জ্জিত বহুভূমি হইয়া থাকে।

কর্ম্মেশ্বরো বাহন-নায়কশ্চ
পরস্পরং ক্ষেত্রসমাশ্রিতৌ চেৎ।
ধরাসুতো বীর্য্যসমন্বিতোঽপি
ক্ষেত্রৈরনেকৈঃ সহিতো ধনাঢ্যঃ ॥৭১॥উ,জা

দশমপতি ও চতুর্থপতি পরস্পর ক্ষেত্রস্থিত এবং মঙ্গল বলবান্ হইলে বহু ক্ষেত্র ও ধন লাভ হয়।

ভ্রাত্রাদি ধনলাভ কথনম্

ভ্রাতৃস্থিতৌ ধনবিলগ্নপতী বলাঢ্যৌ
দৃষ্টৌ যুতৌ যদি চ বা পুরুষগ্রহেণ।
ভ্রাত্রীশ্বরেণ চ যুতৌ সমবেক্ষিতৌ বা
বৈশেষিকাংশকগতৌ সহজাদ্ধনং স্যাৎ ॥৭২॥ব,তি

বলবান্ লগ্নপতি ও ধনপতি, পুরুষ গ্রহ ও ভ্রাতৃপতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইয়া ভ্রাতৃস্থানে বৈশেষিকবর্গ গত হইলে ভ্রাতৃ ধন লাভ হয়।

সহজকারকযুক্ সহজেশ্বরো-
যদি ধনে তনুপেন সমীক্ষিতঃ।
অথ যুতোঽপি বিশেষক-ভাগগঃ
সহজতো ধনভাঙ্ মনুজস্তদা ॥৭৩॥দ্রু,বি

তৃতীয়াধিপতি ভ্রাতৃকারক গ্রহের সহিত যুক্ত এবং লগ্নপতিদ্বারা যুক্ত বা দৃষ্ট হইয়া ধনস্থানে বৈশেষিক বর্গগত হইলে ভ্রাতৃ ধন লাভ হয়।

ভ্রাত্রাদি-ভাবপতিনাপ্যথ কারকেণ
দৃষ্টো যুতোঽপি সবলো ধননায়কশ্চেৎ।
বৈশেষিকাংশনিরতস্তনুপেন দৃষ্টো-
যুক্তোঽপি বা নরইয়াৎ সহজাদিতোঽর্থান্ ॥৭৪॥ব,তি

বলবান্ ধনপতি, ভ্রাত্রাদি যে ভাবের অধিপতি বা যে ভাবের কারক গ্রহ দ্বারা এবং লগ্নপতি দ্বারা যুক্ত বা দৃষ্ট হইয়া বৈশেষিকবর্গ গত হইবে ভ্রাতা, মাতা, পত্নী প্রভৃতি সেই সম্পর্কীয় লোক হইতে ধন লাভ হয়।

ভ্রাত্রাদি ভূমিলাভ কথনম্

ভ্রাত্রীশ্বরেণাপি চ কারকেণ বা
সমন্বিতঃ ক্ষেত্রপতি শ্চতুর্থগঃ।
যদা ভবেদ্ ভ্রাতৃধনানি ভূস্তথা
লব্ধানি বাৎসল্যবশেন মানবৈঃ ॥৭৫॥উ,জা

ভ্রাতৃস্থান পতি বা ভ্রাতৃকারক গ্রহের সহিত মিলিত হইয়া চতুর্থপতি চতুর্থে থাকিলে বাৎসল্য হেতু ভ্রাতৃধন ও ভ্রাতৃভূমি প্রাপ্ত হয়।

ক্ষেত্রাংশপঃ ক্ষেত্রপসংযুতো যদা
কেন্দ্রে কুজেনান্বিত ঈক্ষিতোঽপি বা।
মিত্রেণ খেটেন চ বীক্ষিতস্তথা
ভ্রাতুঃ প্রলভ্যানি ধনানি ভূময়ঃ ॥৭৬॥ইং,বং

বন্ধুস্থানের নবাংশপতি চতুর্থ পতির সহিত যুক্ত ও মিত্রগ্রহ দ্বারা দৃষ্ট হইয়া কেন্দ্রে থাকিলে এবং তাহাতে স্বাভাবিক ভ্রাতৃকারক গ্রহ মঙ্গলের যোগ বা দৃষ্টি থাকিলে ভ্রাতৃলভ্যধন ও ভূমি প্রাপ্ত হয়।

ক্ষেত্রাদিনাথোঽপি চ দারকারকঃ
পরস্পরং ক্ষেত্রসমাগতৌ যদা।
অন্যোন্যমিত্রত্বমবাপিতৌ পুন-
স্তদা কলত্রাদবণীধনাদিভাক্ ॥৭৭॥উ,জা

চতুর্থপতি ও পত্নীকারকগ্রহ পরস্পরের ক্ষেত্রস্থ হইয়া পরস্পরের মিত্র হইলে পত্নীপক্ষ হইতে ধন ও ভূমি লাভ হয়।

ক্ষেত্রাধিপঃ শত্রুগৃহাধিনাথ-
শ্চান্যোন্যরাশিপ্রগতৌ বলাঢ্যৌ।
ষষ্ঠেশ্বরাৎ ক্ষেত্রগতো বলাঢ্যঃ
খেটস্তদারের্লভতে ধরিত্রীম্ ॥৭৮॥ই,ব

চতুর্থপতি ও ষষ্ঠপতি পরস্পরের ক্ষেত্রস্থ ও বলবান্ হইলে এবং ষষ্ঠপতি হইতে চতুর্থে বলবান্ কোনও গ্রহ থাকিলে শত্রু হইতে ভূমি লাভ হইয়া থাকে।

ভ্রাত্রাদিনা ধননাশ কথনম্

ভাবেশ্বরো নীচগতোঽথবাস্তগঃ
শত্রোর্গৃহী হীনবলোঽপিবা ভবেৎ।
সম্বন্ধবাংস্তেন যদা ধনেশ্বর-
স্তদ্ভাবতো বিত্তবিনাশনং তদা ॥৭৯॥ই,বং

ভ্রাত্রাদি যে ভাবের অধিপতি নীচস্থ, অস্তমিত, শত্রু গৃহী বা দুর্ব্বল তাহার সহিত ধনপতির কোনপ্রকার সম্বন্ধ হইলে ভ্রাত্রাদি সেই ভাব সম্পর্কীয় লোক দ্বারা ধন নাশ হইয়া থাকে।

রাজতো ধনক্ষয় কথনম্

পাপান্বিতে লগ্নপতৌ বলোনে
ব্যয়ে ধনেশে দিননাথযুক্তে।
পাপেন দৃষ্টেঽথ যুতেঽপি নীচে
নরেন্দ্রদণ্ডাদ্ধনসংক্ষয়ঃ স্যাৎ ॥৮০॥উ,জা

দুর্ব্বল লগ্নপতি পাপযুক্ত হইয়া দ্বাদশে, দ্বিতীয়পতি সূর্য্যযুক্ত (অস্তমিত) এবং পাপদৃষ্ট বা পাপযুক্ত হইয়া নীচস্থ হইলে রাজদণ্ডে ধনক্ষয় হয়।

ধনে ব্যয়েশে ব্যয়গে ভবেশে
নীচেঽথবা দুঃস্থগতে ধনেশে।
মৃত্যোর্গৃহে বা ধনপে সপাপে
নীচে নরেন্দ্রাদ্ধননাশনং স্যাৎ ॥৮১॥উ,জা

দ্বাদশপতি দ্বিতীয়ে, একাদশপতি দ্বাদশে, দ্বিতীয়পতি নীচস্থ বা দুঃস্থগত হইলে অথবা দ্বিতীয়পতি পাপযুক্ত ও নীচস্থ হইয়া অষ্টমে থাকিলে রাজদণ্ডে ধন নাশ হয়।

পরস্পরক্ষেত্রগতৌ ব্যয়ার্থপৌ
বিলগ্ননাথেন সমীক্ষিতাবুভৌ।
লগ্নাধিপো মৃত্যুগতঃ খলান্বিতো-
নরেন্দ্রকোপাদ্ধনসংক্ষয়স্তদা ॥৮২॥উ,জা

দ্বিতীয়পতি ও দ্বাদশপতি পরস্পরের ক্ষেত্রগত হইয়া লগ্নপতি দ্বারা দৃষ্ট হইলে এবং লগ্নপতি পাপযুক্ত হইয়া অষ্টমে থাকিলে রাজকোপে ধন নাশ হয়।

ধরাজসম্বন্ধগতৌ ধনায়পৌ
পাপাংশগৌ বা সখলৌ বলচ্যুতৌ।
দুঃস্থেশসম্বন্ধমিতৌ চ তৌ তদা
চৌরাগ্নিভূপৈর্ধন সংক্ষয়ো ভবেৎ ॥৮৩॥উ,জা

ধনপতি ও আয়পতি মঙ্গলের ও দুঃস্থানপতির সহিত সম্বন্ধ যুক্ত হইয়া পাপ নবাংশগত, পাপযুক্ত বা দুর্ব্বল হইলে চোর, অগ্নি বা রাজকর্ত্তৃক ধন নাশ হয়।

ধনহীনতা কথনম্

ধনেশসংযুক্ত-নবাংশনাথে
দুঃস্থে সপাপে খলভাগগে বা।
ধনে সপাপৌ ধনলাভপৌ বা
তদা পৃথিব্যাং মনুজোঽর্থ হীনঃ ॥৮৪॥উ,জা

পুরুষের লগ্নে বা লগ্ন হইতে চতুর্থে, সপ্তমে, অষ্টমে বা দ্বাদশে মঙ্গল থাকিলে পত্নী নাশ এবং স্ত্রীজাতির লগ্নে বা চন্দ্রে (জন্ম রাশিতে) বা লগ্ন বা চন্দ্র হইতে চতুর্থে, সপ্তমে, অষ্টমে বা দ্বাদশে মঙ্গল থাকিলে স্বামি নাশ হয়।

নীচস্থে ভৃগুজে দ্যুনেঽথ রিপুভে বা মৃত্যুগেহং গতে
বর্ষে দেবমিতে পুরাণবিমিতে বা দারনাশং দিশেৎ।
দ্যূনেশে মৃতিগে তথা ব্যয়পতৌ কামালয়ং সংগতে
জায়ায়া নিধনং নবেন্দুবিমিতে বর্ষে ভবেন্নিশ্চিতম্ ॥৩৫৯॥শা,বি

শুক্র নীচস্থ হইয়া ষষ্ঠে, সপ্তমে বা অষ্টমে থাকিলে ১৮ বা ৩৩ বর্ষে এবং সপ্তম-পতি অষ্টমে, দ্বাদশ পতি সপ্তমে থাকিলে ১৯বর্ষ বয়সে পত্নী বিয়োগ হয়।

বিলগ্নপেঽথ নীচভে ধনেশ্বরে মৃতিং গতে।
ভব প্রমেচ হয়নে বধূম্মৃতিংসমাদিশেৎ ॥৩৬০॥প্র.নি

লগ্নপতি নীচস্থ, দ্বিতীয় পতি অষ্টমে, থাকিলে ১১ বর্ষে পত্নী বিয়োগ হয়।

দৈত্যেজ্যে নিধনে তথা মৃতিগৃহে মন্দালয়ে সংস্থিতে
বর্ষে দ্বাদশসম্মিতেঽতিধৃতিমে, বা দারনাশো ভবেৎ।

অষ্টমে শনির ক্ষেত্রে শুক্র থাকিলে ১২ বা ১৯ বর্ষে পত্নী নাশ হয়।

সর্পদংশনেন দার নাশ কথনম্।

দৈত্যেশে ধনগে কলত্রভবনে ভৌমেঽপ্যহের্দংশনা-
দুদ্বাহাৎ পরতো দিনৈস্ত্রিভিরথো বধ্বামৃতিং সংবদেৎ ॥৩৬১॥শা,বি

দ্বিতীয়ে রাহু, সপ্তমে মঙ্গল থাকিলে বিবাহের পর তিনদিন মধ্যে সর্পদংশনে পত্নীর মৃত্যু হয়।

গর্ভিণী স্ত্রী মরণ কথনম্

সুতেশ্বরে কলত্রগে সপাপকেঽথ দারপে
তথা ভৃগৌচ দুর্ব্বলে সগর্ভকস্ত্রিয়া মৃতিঃ ॥৩৬২॥প্র,নি

পঞ্চম পতি সপ্তমে, সপ্তম পতি পাপযুক্ত, শুক্র হীনবল হইলে গর্ভাবস্থায় পত্নীর মৃত্যু হয়।

জল মজ্জনেন পত্নী বিয়োগ কথনম্

ভৃগোঃ সুতেঽথ নীচভে সুধাকরেচ নীচভে।
জলে নিমজ্জনাৎ স্ত্রিয়া বিনাশমাজগুর্বিদঃ ॥৩৬৩॥প্র,নি

শুক্র চন্দ্র উভয়ে নীচস্থ হইলে জলে নিমগ্ন হইয়া পত্নীর নাশ হয়।

উদ্বন্ধনেন দারমৃতি কথনম্

দারেশ্বরঃ পাশ ভুজঙ্গমাখ্যে
দ্রেক্কাণভাগে যদি সংস্থিতঃ স্যাৎ।
হোরাগমজ্ঞৈর্মুনিভিস্তদানী-
মুদ্বন্ধনাদ্দারমৃতি র্নিরুক্তা ॥৩৬৪॥ই,ব

সপ্তম পতি পাশ ভুজঙ্গম দ্রেক্কাণ গত হইলে উদ্বন্ধনে স্ত্রী বিয়োগ হয়।

বিষ ভক্ষণেন দার নাশ কথনম্

সদৈত্যপো বা সশিখী সমান্দি-
র্দ্রেক্কাণসংস্থোঽপি ভুজঙ্গমস্য।

কলত্রে নাথেঽহথ নৃণামবশ্যং
দারপ্রণাশো বিষভক্ষণাৎ স্যাৎ ॥৩৬৫॥উ,জা

সপ্তম পতি রাহু, কেতু বা গুলিকের সহিত যুক্ত হইয়া ভুজঙ্গমদ্রেক্কাণস্থ হইলে বিষ ভক্ষণে কলত্র নাশ হয়।

পঙ্গুযোগ কথনম্

সপাপ-দারনায়কঃ শনৈশ্চরেণ সংযুতঃ।
তদা তু পঙ্গুমাজগুঃ ফলাগমজ্ঞ-কোবিদাঃ ॥৩৬৬॥প্র,নি

সপ্তম পতি শনির সহিত ও অপর পাপ গ্রহের সহিত যুক্ত হইলে পঙ্গু হয়।

বাত রোগ কথনম্

তনুগতো মৃদুগো মদনেঽহথ বা
তনয়ভেঽপ্যথবা নবমে কুজঃ।
অথ গুরু স্তনুগো মৃদুগো মদে
গদতি বাতগদং ফলবিৎ তদা ॥৩৬৭॥দ্রু,বি

লগ্নে শনি, সপ্তমে পঞ্চমে বা নবমে মঙ্গল থাকিলে অথবা লগ্নে বৃহস্পতি, সপ্তমে শনি থাকিলে বাত রোগ হয়।

মূত্র কৃচ্ছ্র রোগ কথনম্

খলেন যুক্তে খলবীক্ষিতেচ
কুজে মদে স্যাদপি মূত্রকৃচ্ছ্রঃ।
রিপৌ মদে বা নিধনে খলাংশে
সংস্থেষু পাপেষুচ মূত্রকৃচ্ছ্রঃ ॥৩৬৮॥উ,জা

পাপযুক্ত ও পাপদৃষ্ট হইয়া সপ্তমে মঙ্গল থাকিলে অথবা পাপনবাংশ গত বহু পাপ গ্রহ ষষ্ঠে, সপ্তমে বা অষ্টমে থকিলে মূত্র কৃচ্ছ্র রোগ হয়।

অষ্টমভাবে বিশেষ ফলানি

মৃত্যু স্থান কথনম্

নাশেশ্বরে বা মৃতিভেঽথ মন্দগে-
চরস্থিতে বা চরভাগগেঽপি বা।
মৃত্যু র্বিদেশে স্থিরভেঽংশকে গৃহে
দ্ব্যঙ্গে গৃহেঽংশে পথি বা মৃতির্ভবেৎ ॥৩৬৯॥উ,জা

অষ্টম পতি, মৃত্যু ভাব ও শনি ইহারা চর রাশিতে বা চব রাশির নবাংশে থাকিলে বিদেশে, স্থির রাশিতে বা স্থিব রাশির নবাংশে থাকিলে গৃহে এবং দ্ব্যাত্মক রাশিতে বা দ্ব্যাত্মকরাশির নবাংশে থাকিলে পথে মৃত্যু হয়।

রাজ ভয়াদি কথনম্

নীচস্থ ভানৌ বধভে রিপৌ বা
পাপেক্ষিতে ভূপতিনা মৃতির্বা।
বিত্তক্ষয়ো বা জনকস্য পীড়া
সংপ্রোচ্যতে দৈববিদাং বরেণ্যৈঃ ॥৩৭০॥ই,ব

নীচস্থ সূর্য্য ষষ্ঠে বা অষ্টমে থাকিয়া পাপদৃষ্ট হইলে রাজবন্ধন, বহুবিত্তনাশ বা পিতৃপীড়া হয়।

যুদ্ধে মৃত্যু কথনম্।

বলেন হীনৌ তনুমৃত্যুনাথৌ
ষষ্ঠাধিপেনাপি কুজেন যুক্তৌ
অস্ত্রেণ শস্ত্রেণচ বীরকামাং
সংগ্রামমৃত্যুং মুনয়ো বদন্তি ॥৩৭১॥উ,জা

লগ্নপতি ও অষ্টমপতি উভয়ে দুর্ব্বল হইয়া ষষ্ঠপতি ও মঙ্গলের সহিত যুক্ত হইলে যুদ্ধে মৃত্যু হয়।

নাশেশ্বরো বা রিপুপঃ কুজোবা
মন্দাগু-মান্দি-ধ্বজ-বাহুপৈর্যুক্‌।
পাপাংশগো বীরজনস্য কাম্যং
যুদ্ধেন মৃত্যুং লভতে তদাসৌ ॥৩৭২॥ই,ব

অষ্টমপতি, ষষ্ঠপতি বা মঙ্গল ইহাদের কেহ রাহু বা কেতুর সহিত এবং শনি গুলিক ও তৃতীয়পতির সহিত যুক্ত হইয়া পাপগ্রহের নবাংশগত হইলে যুদ্ধে মৃত্যু হয়।

মন্দাঢ্যদ্রেক্কাণপতিঃ কুজেন
দৃষ্টো যুতো বা কুজভে কুজাংশে।
সংস্থোঽপি বা দেবনিবাসভূমিং
প্রাপ্নোতি যুদ্ধেন নরৈর্ব্বরেণ্যঃ ॥১৭৩॥ই,ব

শনি যে দ্রেক্কাণে অবস্থিত সেই দ্রেক্কাণপতি মঙ্গলদ্বারা যুক্ত বা দৃষ্ট হইয়া কুজক্ষেত্রগত বা কুজনবাংশগত হইলে যুদ্ধে মৃত্যু হয়।

অপঘাত মৃত্যু কথনম্‌।

লগ্নেশদৃষ্টে হিমগৌ ত্রিকস্থে
মন্দাগু-মান্দিধ্বজ-সংযুতে বা।
ধ্বজাগু-মন্দৈঃ সহিতে ঽষ্টমেশ-
দ্রেক্কাণপে স্যাদপঘাতমৃত্যুঃ ॥৩৭৪॥উ,জা

লগ্নপতিদ্বারা দৃষ্ট চন্দ্র ত্রিকস্থ হইয়া রাহু বা কেতুর সহিত এবং শনি ও গুলিকের সহিত যুক্ত হইলে অথবা অষ্টমপতি যে দ্রেক্কাণে অবস্থিত সেই দ্রেক্কাণপতি রাহু বা কেতুরর সহিত এবং শনির সহিত যুক্ত হইলে অপঘাত মৃত্যু হয়।

লগ্নেশঃ সবিনাশপো রিপুগতো দৈত্যেন বা কেতুনা
মন্দেনাপি সমাযুতো যদি মৃতি শ্চৌরেণ শস্ত্রেণ বা।
লগ্নেশো মৃতিপান্বিতো যদি পুনর্বাহেশ্বরেণান্বিতো-
মৃত্যুর্বাহনতঃ ক্ষিতৌ নিপতনাদ্ বিজ্ঞৈরিদং প্রোচ্যতে ॥৩৭৫॥শা,বি

লগ্নপতি ও ষষ্ঠপতি ষষ্ঠস্থ হইয়া রাহু বা কেতুর সহিত এবং শনির সহিত যুক্ত হইলে চৌর দ্বারা বা শস্ত্রাঘাতে মৃত্যু হয়। লগ্নপতি ও অষ্টমপতি উভয়ে চতুর্থ পতির সহিত যুক্ত হইলে বাহন হইতে পতনে মৃত্যু হয়।

শশধরে মুখগে হিবুকে কুজে
দশমগেঽপিচ বাসরনায়কে।
রিপুগতে যদি বাহনপেঽথবা
পততি বাহনতো মনুজস্তদা ॥৩৭৬॥ক্র,বি

দ্বিতীয়ে চন্দ্র, চতুর্থে মঙ্গল, দশমে সূর্য্য থাকিলে অথবা চতুর্থপতি ষষ্ঠে থাকিলে বাহন হইতে পতন হয়।

উদরাময়েণ মৃত্যু কথনম্।

বিলগ্ননাথেন বিনাশপেন
পাতালনাথেনচ বা সমেতঃ।
রোগস্থিতশ্চেৎ সুররাজমন্ত্রী
তদা মৃতিঃ স্যাদুদরাময়েণ ॥৩৭৭॥উ,জা

লগ্নপতি, অষ্টমপতি বা চতুর্থ পতির সহিত যুক্ত হইয়া বৃহস্পতি ষষ্ঠে থাকিলে উদরাময়ে মৃত্যু হয়।

গুহ্যরোগ কথনম্

মৃতিগতো বিবলো মৃগলাঞ্ছনো-
বলবতা শনিনা যদি বীক্ষিতঃ।

মৃতিগতা অথবা বহবঃ খলা-
ভবতি গুহ্যরুজা সহিতস্তদা ॥৩৭৮॥ক্র,বি

ক্ষীণ চন্দ্র অষ্টমে থাকিয়া বলবান্ শনি কর্ত্তৃক দৃষ্ট হইলে অথবা অষ্টমে বহুপাপ গ্রহ থাকিলে গুহ্য দেশে অর্শ আদি রোগ হয়।

সপাপ-নাশনায়কঃ পুনঃ সুধাকরান্বিতঃ ॥
তমোনিরীক্ষিতশ্চ চেন্নরস্তপান-রোগভাক্ ॥৩৭৯॥প্র,নি

অষ্টমপতি পাপযুক্ত, চন্দ্রযুক্ত, ও রাহুদ্বারা দৃষ্ট হইলে গুহ্যরোগযুক্ত হয়।

বসন্তরোগ কথনম্

তনৌ ধনেঽপিবা মদে তথা মৃতৌ পরস্পরম্।
অবেক্ষিতৌ কুজারুণৌ মসূরিকা-গদপ্রদৌ ॥৩৮০॥প্র,নি

রবি ও মঙ্গল পরস্পর দৃষ্ট হইয়া লগ্নে, সপ্তমে, দ্বিতীয়ে, অষ্টমে থাকিলে বসন্ত রোগ হয়।

বিষভক্ষণেনোদ্বন্ধনেন বা মৃত্যু কথনম্

কর্ম্মাঙ্গনাথৌ মৃদুগেন যুক্তৌ
দুঃস্থানগৌ চেদ্বিষভক্ষণেন।
রাহুধ্বজাভ্যাং যদি তৌ সমেতা-
বুদ্বন্ধনান্মৃত্যুমিয়াৎ ত্রিকস্থৌ ॥৩৮১॥ হ,ব

লগ্নপতি ও কর্ম্মপতি, শনিযুক্ত হইয়া দুঃস্থান গত হইলে বিষভক্ষণে, রাহু বা কেতুর সহিত যুক্ত হইয়া দুঃস্থান গত হইলে উদ্বন্ধনে মৃত্যু হয়।

অকস্মান্মৃত্যু কথনম্

ভৌমাংশকে বা কুজভেঽষ্টমস্থৈঃ
পাপৈরকস্মান্মরণং বদন্তি।

নীচারিপাপর্ক্ষখলাংশগৈর্ব্বা
মৃত্যুস্থিতৈরস্তমিতৈঃ শুভৈশ্চ ॥৩৮২॥ই,ব

মঙ্গলের ক্ষেত্রে বা মঙ্গলের নবাংশে অষ্টমস্থানে বহু পাপ গ্রহ থাকিলে অথবা শুভ গ্রহগণ অষ্টমস্থ হইয়া নীচস্থ, শত্রু গৃহগত, পাপগৃহস্থিত, পাপনবাংশগত বা অস্তমিত হইলে হঠাৎ মৃত্যু হয়।

সূর্য্যাগুমন্দা মৃতিপেন দৃষ্টা-
অস্তং গতাঃ পাপনবাংশসংস্থাঃ।
হৃদ্‌যন্ত্রকার্য্য প্রতিরোধনাদ্ বৈ
কুর্ব্বন্ত্যকস্মান্মরণং নরাণাম্ ॥৩৮৩॥ই,ব

রবি, রাহু ও শনি ইহারা মৃত্যুপতিদ্বারা দৃষ্ট, অস্তমিত, পাপনবাংশগত হইলে হৃদ্‌যন্ত্রের ক্রিয়া বন্ধ হওয়ায় হঠাৎ মৃত্যু হয়।

বজ্রাঘাত সর্পাঘাত মত্যু কথনম্

কুম্ভে বা মিথুনে ঝষে ধনুষি বা সর্ব্বেষু পাপেষু চে-
ন্মর্ত্ত্যঃ ক্রূরবিচেষ্টিতো ভবতি বৈ বজ্রেণ নাশো নৃণাম্।
মৃত্যুস্থে বসুধাত্মজে রিপুগৃহে শীতাংশুনা সংযুতে
সর্পেণ প্রমৃতিং ব্রজেচ্চ মনুজঃ প্রোচুস্ত্বিদং কোবিদাঃ ॥৩৮৪॥ শা,বি

কুম্ভ, মিথুন, মীন বা ধনুতে সকল পাপগ্রহ থাকিলে ক্রূর কার্য্যরত ও বজ্রাঘাতে মৃত্যুপ্রাপ্ত হয়। অষ্টমস্থ মঙ্গল শত্রু ক্ষেত্রে থাকিয়া চন্দ্র যুক্ত হইলে সর্প দংশনে মৃত্যু হয়।

সপত্নীক মৃত্যুকথনম্

লগ্নেশশ্চ তথা বিনাশগৃহপস্ত্র্যংশেত্বভিন্নে স্থিতৌ
লগ্নস্থৌ যদি তৌ তদা মৃতি মিয়াৎ পত্ন্যা সমং মানবঃ।
জায়েশে মৃতিপান্বিতে চ তনুভে নাশেশ্বরেণেক্ষিতে
নূনং স্যাৎ সহভার্য্যয়া মৃতিরিদং হোরাগমজ্ঞা জগুঃ ॥৩৮৫॥ শা,বি

লগ্নপতি ও অষ্টমপতি এক দ্রেক্কাণে থাকিয়া লগ্নগত হইলে অথবা সপ্তমপতি, অষ্টমপতির সহিত যুক্ত এবং লগ্ন মৃত্যুপতিদ্বারা দৃষ্ট হইলে ভার্য্যার সহিত মৃত্যু হয়।

মরণ প্রকার জ্ঞানম্

মৃত্যুস্থদ্রেক্কাণপ-মৃত্যুসংস্থৌ
যো মৃত্যুপো যো নিধনেক্ষকোবা।
এষাং বলিষ্ঠস্য হি ধাতুকোপা-
জ্জাতস্য মৃত্যুং মুনয়ো বদন্তি ॥৩৮৬॥ই,ব

অষ্টম ভাবের দ্রেক্কাণপতি, অষ্টমস্থ অষ্টমপতি ও অষ্টমভাবে পূর্ণ দ্রষ্টা ইহাদের মধ্যে যে বলবলান্ তাহার নির্দিষ্ট বাতাপিত্তাদি ধাতুর প্রকোপে মৃত্যু হয়।

দেবলোকাদি প্রাপ্তি জ্ঞানম্

ষষ্ঠাস্ত মৃত্যুস্থিত-খেচরা যে
দ্রেক্কাণপৌ যৌ মৃতিষষ্ঠয়োশ্চ।
তেষাং বলিষ্ঠো হি খগো নয়েৎ সঃ
স্বর্গাদিলোকং জগুরেব মাদ্যাঃ ॥৩৮৭॥ই,ব

ষষ্ঠ, সপ্তম ও অষ্টমস্থানে যে যে গ্রহ অবস্থিত, অষ্টমভাবের দ্রেক্কাণপতি ও ষষ্ঠভাবের দ্রেক্কাণপতি ইহাদের মধ্যে যে অধিক বলবান্ সে তাহার নির্দিষ্ট স্বর্গাদি লোকে প্রেরণ করে।

নয়েৎ সুরেজ্যঃ সুরবৃন্দ ধাম
চন্দ্রঃ পিতৃণাং সদনং ভৃগুশ্চ।
লোকং তিরশ্চাং ক্ষিতিজশ্চ সূর্য্যো-
মন্দস্তথা জ্ঞো নরকান্ নয়েচ্চ ॥৩৮৮॥উ,জা

বৃহস্পতি দেবলোক, চন্দ্র ও শুক্র পিতৃলোক, রবি ও মঙ্গল পশু পক্ষি যোনি, বুধ ও শনি নরকে প্রেরণ করে।

তীর্থ মৃত্যু যোগাঃ

বিনাশগেহং যদি নাথদৃষ্টং
সৌম্যেক্ষিতঞ্চাপিচ সৌম্যবেশ্ম।
সঞ্চিত্য পুণ্যানি তদা নরোঽসৌ
সুতীর্থমাসাদ্য তনুং জহাতি ॥৩৮৯॥উ,জা

অষ্টমস্থান শুভগ্রহের ক্ষেত্র, তাহাতে অষ্টমপতির ও শুভগ্রহের দৃষ্টি থাকিলে তীর্থে মৃত্যু হয়।

উচ্চস্থে হিমরশ্মিকে দশমভে দেবেজ্যসংবীক্ষিতে
শুক্রে বা মৃতিগে ধনে সুরগুরৌ তীর্থে মৃতিঃ স্যান্নৃণাম্।
লগ্নে মৃত্যুগৃহে তথা নবমভে স্বস্বামিভি র্বীক্ষিতে
চন্দ্রাঙ্গেতরভে গ্রহত্রয়যুতে বা তীর্থ মৃত্যুর্ভবেৎ ॥৩৯০॥শা,বি

উচ্চগৃহে দশম ভাবগত চন্দ্র, বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইলে অথবা অষ্টমে শুক্র, দ্বিতীয়ে বৃহস্পতি থাকিলে তীর্থে মৃত্যু হয়।

লগ্ন, অষ্টম ও নবমগৃহ নিজনিজ অধিপতিদ্বারা দৃষ্ট হইলে অথবা লগ্ন ও জন্মরাশিব্যতীত অন্যত্র গ্রহত্রয়ের যোগ হইলে তীর্থে মৃত্যু হয়।

গ্রহৈশ্চতুর্ভিস্ত্বথ সপ্তভির্বা
বিনাশভাবো যদি বীক্ষ্যতে বৈ।
তীর্থৈ রনেকৈঃ পরিপূতকায়ঃ
প্রাণাংস্ত্যজেদ্ জহ্নুসুতা তটেঽসৌ ॥৩৯১॥উ,জা

অষ্টম স্থান চারিটি বা সাতটি গ্রহদ্বারা দৃষ্ট হইলে বহুতীর্থে পবিত্র হইয়া জাহ্নবী তটে প্রাণ ত্যাগ করে।

নবমগো হিমগুর্দশমে রবি-
র্ধনগ ইন্দুরথো ব্যয়গোঽর্য্যমা।
সহরবির্ভৃগুজস্ত্বথ কর্কটে
ত্যজতি জহ্নুসুতা তটগস্তনুম্ ॥৩৯২॥দ্রু,বি

নবমে চন্দ্র, দশমে রবি থাকিলে অথবা দ্বিতীয়ে চন্দ্র, দ্বাদশে রবি অথবা রবি ও শুক্র একত্রে কর্কটে থাকিলে গঙ্গাতীরে মৃত্যু হয়।

তনুপতিস্ত্বথবা দশমাধিপো-
নিধনপো যদিবা নিধনং গতঃ।
হরিপদং চরমে হি নরঃ স্মরন্
ত্যজতি গাঙ্গপবিত্রজলে তনুম্ ॥৩৯৩॥জ্র,বি

লগ্নপতি, দশমপতি বা অষ্টমপতি অষ্টমে থাকিলে হরিপদ স্মরন্ করিতে করিতে জাহ্নবী তটে মৃত্যু হয়।

জীবে ধর্ম্মগতে তনৌ ভৃগুসুতে জ্ঞেনেক্ষিতে মৃত্যুভে
চণ্ডাংশৌ বৃষভং গতেচ মরণং স্যাজ্জাহ্নবীবারিণি।
লগ্নং পশ্যতি শীতগৌ হিমরুচৌ জীবেন সংবীক্ষিতে
কাশ্যাং স্যান্নিধনং ততোঽপি সুকৃতী রুদ্রং ব্রজেন্মানবঃ ॥৩৯৪॥শা,বি

নবমে বৃহস্পতি, লগ্নে শুক্র, অষ্টমে বুধের দৃষ্টি, রবি যে কোন ভাবে বৃষে থাকিলে গঙ্গাতীরে মৃত্যু হয়। লগ্নে চন্দ্রের এবং চন্দ্রের প্রতি বৃহস্পতির পূর্ণ দৃষ্টি থাকিলে কাশীতে মৃত্যু ও শিব সান্নিধ্য প্রাপ্তি হয়।

দৃষ্টে গ্রহৈঃ পঞ্চভিরেব লগ্নে
স্বর্ক্ষে যদি স্যাদ্ বচসামধীশঃ।
মৃত্যৌ স্থিরর্ক্ষেঽথ গুরুঃ সচন্দ্রো-
বারাণসীং প্রাপ্য মৃতিস্তদা স্যাৎ ॥৩৯৫॥ই,ব

পাচটি গ্রহ দ্বারা দৃষ্ট ধনু বা মীন লগ্নে বৃহস্পতি থাকিলে অথবা চন্দ্র যুক্ত বৃহস্পতি স্থির রাশিতে অষ্টমে থাকিলে কাশীতে মৃত্যু হয়।

লগ্নে দেবগুরৌ সদৈত্যসচিবে মৃত্যৌ স্থিতে শীতগৌ
লগ্নেশেন সমীক্ষিতেচ মরণং বারাণসী মণ্ডলে।
লগ্নে বা রবিভে শনৌ মকরগে যুগ্মং গতে গীষ্পতৌ
মৃত্যুং পশ্যতি লগ্নপেচ মনুজঃ কাশ্যাং মৃতিং প্রাপ্নুয়াৎ ॥৩৯৬॥শা,বি

লগ্নে বৃহস্পতি ও শুক্র এবং অষ্টমস্থ চন্দ্র লগ্নপতিদ্বারা দৃষ্ট হইলে অথবা সিংহে লগ্ন, মকরে শনি, মিথুনে বৃহস্পতি, ও লগ্নপতিদ্বারা মৃত্যুভাব দৃষ্ট হইলে কাশীতে মৃত্যু হয়।

ধর্ম্মভাবে বিশেষফলানি

ধর্ম্মশীলতা কথনম্

ধর্ম্মেশ্বরে তস্য চ কারকে বা
ধর্ম্মেঽথ বা ধর্ম্মনবাংশপে বা।
বৈশেষিকেঽথো সুযুতে সুদৃষ্টে
শুভান্তরে স্যাৎ সবলে সুধর্ম্মা ॥৩৯৭॥উ,জা

নবমপতি, নবমভাব, নবমভাবেরকারক, নবমভাবের নবাংশপতি বৈশেষিক বর্গগত, শুভগ্রহযুক্ত, শুভ দৃষ্ট বা শুভ মধ্যগত হইয়া বলবান্ হইলে সুধর্ম্মা হয়।

ধর্ম্মেশে শুভভাগপেচ সশুভে বৈশেষিকে ধর্ম্মপে
তুঙ্গে বা সুহৃদংশগে নবমভে জীবে কবৌ বা স্থিতে।
সৌম্যাংশে শুভপে শুভেন সহিতে দৃষ্টেঽথ সৌম্যান্তরে
বীর্য্যাঢ্যে শুভভাবপেচ মনুজো ধর্ম্মে দৃঢ়ত্বং ব্রজেৎ ॥৩৯৮॥শা,বি

নবমপতি ও নবমভাবের নবাংশপতি, শুভগ্রহ যুক্ত এবং নবমপতি বৈশেষিক বর্গস্থ হইলে অথবা নবমস্থ বৃহস্পতি বা শুক্র উচ্চরাশিতে, মিত্রনবাংশে থাকিলে অথবা নবমপতি শুভগ্রহের নবাংশে থাকিয়া শুভযুক্ত, শুভদৃষ্ট বা শুভমধ্যস্থ এবং বলবান্ হইলে ধর্ম্মে দৃঢ় মতি হয়।

পারাবতে বা সুরলোকভাগে
ধর্ম্মেশ্বরে কর্ম্মপতাবথো বা।
বলেন যুক্তেচ শুভান্বিতে স্যাৎ
পরাত্মনি ব্রহ্মণি যুক্তচিত্তঃ ॥৩৯৯॥উ,জা

নবম পতি বা দশম পতি পারাবতবর্গে বা দেবলোক বর্গে থাকিয়া বলবান্ ও শুভযুক্ত হইলে পরমাত্মা পরব্রহ্মে নিষ্ঠাবান্ হয়।

ভাগ্যস্থিতেনাপি শুভগ্রহেণ
সম্বন্ধকে দেবপুরোহিতস্য।

ভাগ্যাধিনাথান্বিত-গেহনাথে
সৌম্যালয়স্থেচ গুরৌ সুভক্তিঃ ॥৪০০॥ই,ব

ভাগ্যস্থিত শুভগ্রহের সহিত বৃহস্পতির সম্বন্ধ এবং ভাগ্য পতি যে রাশিতে অবস্থিত সেই রাশির অধিপতি শুভক্ষেত্রস্থ হইলে গুরুতে দৃঢ়ভক্তি জন্মে।

ধর্ম্মে খনাথে শুভপে বলাঢ্যে
দৃষ্টে যুতে বা গুরুভার্গবাভ্যাম্।
কর্ম্মেশযুক্তক্ষ'প-ভাগ্যপত্যোঃ
সম্বন্ধকে বা জপযোগনিষ্ঠঃ ॥৪০১॥ই,ব

দশমপতি নবমে এবং নবমপতি বলবান্ হইয়া বৃহস্পতি বা শুক্র দ্বারা যুক্ত বা দৃষ্ট হইলে অথবা কর্ম্মপতি যে রাশিতে অবস্থিত সেই রাশিপতির সহিত নবমপতির সম্বন্ধ হইলে জপ ও যোগে নিষ্ঠ হয়।

ধর্ম্মে শুভে ধর্ম্ম নবাংশনাথে
পাপেঽথবা পাপ-খষট্‌লবেশে।
দম্ভেন ধর্ম্মাচরণে মতিঃ স্যাৎ
প্রোচুস্ত্বিদং দৈববিদঃ প্রবীণাঃ ॥৪০২॥ই,ব

নবমে শুভগ্রহ থাকিলেও ধর্ম্মভাবের নবাংশপতি বা ষষ্টিভাগপতি পাপ গ্রহ হইলে দম্ভের সহিত ধর্ম্মাচরণে মতি হয়।

দাতৃত্ব কথনম্

ধর্ম্মে শুভে ধর্ম্মপতৌ শুভেক্ষিতে
স্বোচ্চেঽথবা দানরতো নরো ভবেৎ।
পারাবতাদ্যে গুরুণেক্ষিতে তথা
ধর্ম্মেশ্বরে চাঙ্গপতৌ কবীক্ষিতে ॥৪০৩॥ই,ব

নবমে শুভগ্রহ, নবমপতি শুভ দৃষ্ট বা উচ্চস্থ হইলে অথবা নবমপতি বৃহস্পতি কর্তৃক দৃষ্ট হইয়া পারাবতাদি বর্গগত ও শুক্র কর্তৃক লগ্নপতি দৃষ্ট হইলে দানরত হয়।

ধর্ম্মেশদৃষ্টে তনুপে তনৌ বা
কেন্দ্রেঽথ কোণে নবমেশ্বরেঽথো।
সিংহাসনাদ্যে তনুকর্ম্মপাভ্যাং
দৃষ্টে শুভেশে বহু দানকারী ॥৪০৪॥ই,ব

নবমপতি কেন্দ্রে বা কোণে থাকিয়া লগ্ন বা লগ্নপতিকে দর্শন করিলে অথবা নবমপতি সিংহাসনাদিবর্গস্থ হইয়া লগ্নপতি ও কর্ম্মপতিদ্বারা দৃষ্ট হইলে বহুদানকারী হয়।

মিত্রেশ্বরে ধর্ম্মপতৌ কৃতীশ্বরে
কেন্দ্রে স্থিতে চান্ত্যপ ইজ্যবীক্ষিতে।
তুঙ্গে বুধে বা নবমেশ-লোকিতে
কেন্দ্রে ভবেশে বহুদানকারকঃ ॥৪০৫॥

চতুর্থপতি, নবমপতি ও দশমপতি কেন্দ্রস্থিত এবং দ্বাদশপতি বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইলে অথবা উচ্চস্থিত বুধ নবমপতিদ্বারা দৃষ্ট ও একাদশপতি কেন্দ্রস্থ হইলে বহুদান কারী হয়।

দান ভোগ কথনম্

সূচ্চেঽথবা কর্ম্মপতিপ্রলোকিতে
কেন্দ্রে ত্রিকোণে শুভপেঽথ কর্ম্মপে।
বীর্য্যান্বিতে লগ্নপ-বীক্ষিতে তথা
লাভে তনূপে বহুদানভোগভাক্ ॥৪০৬॥ ই,বং

নবমপতি উচ্চাংশগত বা কর্ম্মপতিদৃষ্ট হইয়া কেন্দ্রে বা কোণে থাকিলে অথবা বলবান্ কর্ম্মপতি লগ্নপতি দ্বারা দৃষ্ট ও লগ্নপতি একাদশে থাকিলে বহুদান ভোগ করে।

সৌভাগ্যযোগঃ

বিক্রান্তিগৌ বা শুভভাবসংস্থৌ
লগ্নাধিনাথোঽপিচ ভাগ্যনাথঃ।

তুঙ্গর্ক্ষগৌ চেৎ সবলাবথৈতৌ
মর্ত্ত্যস্তদা ভাগ্যযুতঃ সুধর্ম্মা ॥৪০৭॥ই,ব

লগ্নপতি নবমপতি তুঙ্গস্থ বা সবল হইয়া তৃতীয়স্থ বা নবমস্থ হইলে ভাগ্যবান্ ও ধার্ম্মিক হয়।

লাভে ধনেশে শুভপেঽপি বিত্তে
লাভেশ্বরে ধর্ম্মগতেঽথ যুক্তে।
দৃষ্টেঽথবা কর্ম্মগৃহাধিপেন
ভবেন্মহাভাগ্যযুতো মনুষ্যঃ ॥৪০৮॥উ,জা

দ্বিতীয়পতি একাদশে, নবমপতি দ্বিতীয়ে, একাদশপতি নবমে থাকিয়া দশম পতি দ্বারা যুক্ত বা দৃষ্ট হইলে মহাভাগ্যবান্ হয়।

ভাগ্যেশ্বরে কণ্টককোণগে বা
সৌম্যেক্ষিতে বা সশুভে বলাঢ্যে।
পারাবতাদ্যে শুভভাগগে বা
জাতো ভবেদ্ ভাগ্যযুতো ধনাঢ্যঃ ॥৪০৯॥ই,ব

নবমপতি কেন্দ্রে বা কোণে থাকিলে অথবা শুভদৃষ্ট, শুভযুক্ত, বলবান্, পারাবতাদি বর্গগত বা শুভগ্রহের নবাংশে থাকিলে ভাগ্যবান্ ও ধনাঢ্য হয়।

জীবেন কাব্যেনচ সংযুতোবা
দৃষ্টঃ শুভেশোঽথ শুভালয়শ্চেৎ।
বীর্য্যান্বিতৌ বা ধনপোদয়েশৌ
মর্ত্ত্যস্তদা ভাগ্যযুতঃ পুনশ্চ ॥৪১০॥ই,ব

নবমভাব বা নবমভাবপতি, বৃহস্পতি ও শুক্র কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইলে অথবা দ্বিতীয় পতি ও লগ্নপতি বলবান্ হইলে পুনরায় সৌভাগ্য যুক্ত হয়।

অন্যোন্যগেহপ্রগতৌ তনূপ-
ভাগ্যেশ্বরৌ বা শুভপাপ্তিনাথৌ।

ধর্ম্মায়নাথাবথ সংযুতৌ চেৎ
সৌভাগ্যযুক্তোহি পুনস্তদা স্যাৎ ॥৪১১॥ই,ব

লগ্নপতি ও নবমপতি অথবা নবমপতি ও একাদশপতি পরস্পরের ক্ষেত্রগত হইলে অথবা নবমপতি ও একাদশপতি যুক্ত হইলে পুনবায় সৌভাগ্য লাভ করিয়া থাকে।

পিতৃসৌভাগ্য কথনম্

ভাগেশ্বরে কেন্দ্রগতেঽথ দৃষ্টে
জীবেন তাতো নৃপতেঃ সমানঃ।
স্বচ্চে রবৌ লাভগতে শুভেশে
তাতঃ স্বপুণ্যো নৃপমানযুক্তঃ ॥৪১২॥ই,ব

নবম পতি কেন্দ্রস্থ হইয়া গুরু দৃষ্ট হইলে পিতা রাজতুল্য হয়। রবি উচ্চাংশে ও নবমপতি একাদশে থাকিলে পিতা পুণ্যবান্ ও নৃপমান যুক্ত হয়।

তাতস্যাস্পদভং সুতোদয়গৃহং চেৎ পিতৃতুল্যোগুণী
তদ্বৎ তাততনৌ সুতস্য তনুভে স্যাৎ পিতৃবিত্তান্বিতঃ।
ভাগ্যেশে সবলে ভৃগৌ নবমভে কেন্দ্রস্থবাচস্পতৌ
বীর্য্যাঢ্যে চ পিতুঃ সুভাগ্যবশতো ভাগ্যান্বিতো মানবঃ॥৪১৩॥শা,বি

পিতার জন্ম লগ্ন হইতে দশমস্থান পুত্রের জন্মলগ্ন হইলে পিতৃতুল্য গুণশালী হয়। পিতার জন্মলগ্ন পুত্রের জন্মলগ্ন হইলে পিতৃবিত্তযুক্ত হয়। নবমপতি বলবান্, শুক্র নবমস্থ ও বৃহস্পতি বলযুক্ত হইয়া কেন্দ্রস্থ হইলে পিতা ভাগ্যবান্ হয় এবং পিতৃ ভাগ্যে পুত্র ও ভাগ্যান্বিত হইয়া থাকে।

ভ্রাত্রাদিতো ভাগ্যযোগঃ

ভ্রাত্রাদীনামীশ্বরৈঃ কারকৈর্বা
ভাগ্যস্যেশঃ কারকোবা যদা স্যাৎ।

সম্বন্ধী বৈ জাতচক্রে তদাঢ্যো
ভ্রাত্রাদিভ্যো মানবো ভাগ্যমায়াৎ ॥৪১৪॥শা,নী

ভ্রাতৃ প্রভৃতি স্থানের অধিপতি বা কারকগ্রহের সহিত নবম পতির বা ভাগ্য কারক গ্রহের সম্বন্ধ হইলে ভ্রাত্রাদিহইতে ভাগ্যপ্রাপ্তি হইয়া থাকে। এইরূপে ভ্রাতা, বন্ধু, পুত্র, পিতা, পত্নী হইতে ভাগ্য লাভের বিচার করিবে।

ভাগ্যলাভ কাল কথনম্

অন্যোন্যগেহস্থ শুভার্থপৌ চেদ্-
দ্বাত্রিংশবর্ষাৎ পরতোহি ভাগ্যম্।
ভাগ্যেশ্বরে কেন্দ্রগতেঽথ ভাগ্যে
বাচস্পতৌ বিংশতিমাব্দতস্তৎ ॥৪১৫॥ই,ব

নবমপতি ও দ্বিতীয়পতি পরস্পরের গৃহগত হইলে ৩২ বর্ষ হইতে এবং নবম পতি কেন্দ্রে ও বৃহস্পাতি নবমে থাকিলে ২০ বৎসর হইতে ভাগ্য লাভ হয়।

শুভগ্রহে ভাগ্যপতৌ তু ভাগ্যেহ
প্যুচ্চাংশগে ষড়্দহনপ্রমাব্দাৎ।
সৌভাগ্যযোগং লভতে নরস্তদ্-
হোরাগমজ্ঞা ব্রুবতে মুনীন্দ্রাঃ ॥৪১৬॥উ,জা

শুভ গ্রহ ভাগ্যপতি হইয়া উচ্চাংশে নবমস্থ হইলে ৩৬ বর্ষ হইতে ভাগ্য লাভ হয়।

ভাগ্যহীনতা কথনম্

ভাগ্যাধিপে দুঃস্থগতেঽথ নীচে
পাপেক্ষিতে বা বিবলে সপাপে
লগ্নেশ্বরে হীনবলেঽথ ভাগ্যে
পাপেষু সংস্থেষুচ ভাগ্যহীনঃ ॥৪১৭॥ ই,ব

নবমপতি দুঃস্থগত, নীচস্থ, পাপদৃষ্ট, দুর্ব্বল বা পাপযুক্ত হইলে অথবা লগ্নপতি দুর্ব্বল ও নবমে বহু পাপগ্রহ থাকিলে ভাগ্যহীন হয়।

কর্ম্মভাবে বিশেষফলানি

কার্য্যসিদ্ধিযোগঃ

লগ্নাধীশঃ কর্ম্মনাথশ্চ যুক্তৌ
তুল্যাংশস্থৌ বৈকরাশ্যংশসংস্থৌ।
অন্যোন্যং বা বীক্ষিতৌ চেন্দুদৃষ্টৌ
কার্য্যে সিদ্ধিঃ স্যাত্তদা মানবানাম্ ॥৪১৮॥ শা,নি

লগ্নপতি ও দশমপতি যুক্ত, বিভিন্ন রাশিতে সমান অংশে স্থিত বা এক রাশির নবাংশ গত বা পরস্পর দৃষ্ট হইয়া চন্দ্র দৃষ্ট হইলে কার্য্য সিদ্ধি হয়।

কার্য্যবিফলত্বযোগঃ

বলোনকে কর্ম্মপতৌ সপাপে
কর্ম্মপ্রণাশং মুনয়ো বদন্তি।
জীবজ্ঞশুক্রাঃ খলখেটদৃষ্টা-
স্ত্রিকস্থিতাশ্চেদ্ বিফলা কৃতিঃ স্যাৎ ॥৪১৯॥ উ,জা

কর্ম্মপতি দুর্ব্বল হইয়া পাপযুক্ত হইলে কার্য্যনাশ হয়। বৃহস্পতি, বুধ ও শুক্র ইহারা পাপযুক্ত হইয়া ত্রিকস্থিত হইলে কার্য্য বিফল হয়।

সূর্য্যাত্মজে কর্ম্মগতে সনীচে
কর্ম্মাংশগে পাপখগে তথা বা।
নীচে কৃতীশেঽথ খলেচ মানে
দ্যূনেঽপি পাপে কৃতিনাশমাহুঃ ॥৪২০॥ ই,ব

নীচস্থ গ্রহের সহিত দশমে শনি এবং দশমভাবের নবাংশে পাপগ্রহ থাকিলে অথবা দশমপতি নীচস্থ, দশমে ও সপ্তমে পাপগ্রহ থাকিলে কার্য্য নাশ হয়।

সন্ন্যাস যোগঃ

দ্রেক্কাণে মৃতুগস্য শীতকিরণো দৃষ্টোঽপি মন্দেন বা
সৌরের্ব্বা ক্ষিতিজস্য ভাগগ-বিধু র্মন্দেক্ষিতো বার্কিযুক্।
বীর্য্যোনো রবিজস্তথা তনুপতি শ্চান্যোন্যদৃষ্টৌ তথা
চত্বারো মিলিতাঃ খগাঃ শশিবিলগ্নাত্যত্র সন্ন্যাসদাঃ ॥৪২১॥ শা,বি

চন্দ্র, শনির দ্রেক্কাণে থাকিয়া শনি কর্ত্তৃক দৃষ্ট হইলে অথবা শনির বা মঙ্গলের নবাংশে চন্দ্র থাকিয়া শনিযুক্ত বা শনি দৃষ্ট হইলে অথবা দুর্ব্বল শনি ও লগ্নপতি কেবল পরস্পর দৃষ্ট হইলে অর্থাৎ তাহাদের প্রতি অন্যগ্রহের দৃষ্টি না থাকিলে অথবা চারিটি গ্রহ রাশিও লগ্ন ভিন্ন অন্যত্র মিলিত হইলে সন্ন্যাস যোগ হয়।

যোগঃ

কোণে ধনে কণ্টকভে কৃতীশে
সুকর্ম্মকর্ত্তা সুজনৈঃ সুপূজ্যঃ।
কর্ম্মাধিনাথ-জ্ঞ-সুরেশপূজ্যা-
বীর্য্যান্বিতাশ্চেৎ শুভকর্ম্মনিষ্ঠঃ ॥৪২২॥ উ,জা

কর্ম্মপতি ত্রিকোণে, দ্বিতীয়ে বা কেন্দ্রে থাকিলে সুকর্ম্মা, সুজন কর্ত্তৃক মাননীয় হয়। দশমপতি, বুধ ও বৃহস্পতি বলবান্ হইলে সৎকর্ম্ম নিষ্ঠ হয়।

নিত্য গঙ্গাস্নান যোগঃ

রাহৌ রবৌ বোচ্চলবেথ মানে
সেজ্যে বলীন্দৌ জলভেঽপি মানে।
জলর্ক্ষগে বা হিমগৌ তৃতীয়ে
সসদ্গ্রহে গাঙ্গজলাবগাহী ॥৪২৩॥ উ,জা

দশমে উচ্চাংশে রাহু বা রবি থাকিলে অথবা বৃহস্পতিযুক্ত বলবান্ চন্দ্র জলরাশিতে দশমে থাকিলে অথবা জলরাশিগত চন্দ্র তৃতীয়ে থাকিয়া শুভগ্রহ যুক্ত হইলে নিত্য গঙ্গাস্নায়ী হয়।

সেজ্যে শুক্রে মানে সংস্থে চন্দ্রে চাপি স্বোচ্চে রাশৌ।
লগ্নেশোঽথো বীর্য্যাঢ্যে স্যান্মর্ত্ত্যো নূনং জ্ঞানিশ্রেষ্ঠঃ ॥৪২৪॥ বি,মা

বৃহস্পতিযুক্ত শুক্র দশমে, চন্দ্র উচ্চরাশিতে এবং লগ্নপতি বলবান্ হইলে জ্ঞানিশ্রেষ্ঠ হয়।

মানে মীনে সংস্থে মন্দে সন্ন্যাসী স্যাদ্ ভৌমে মুক্তিঃ।
তৎস্থে সৌম্যেঽপ্যাহু মুক্তিং হোরাশাস্ত্রাভিজ্ঞাঃ সন্তঃ ॥৪২৫॥ বি,মা

মীনরাশিতে দশমে শনি থাকিলে সন্ন্যাসী, মঙ্গল বা শুভগ্রহ থাকিলে মুক্তি-ভাজন হয়।

মানে ধরাজস্তনুগৌ শনীন্দূ
কোণে চ সূর্য্যঃ সহদেবপূজ্যঃ।
চন্দ্রোঽম্বরেঽথো সুতগঃ সুরেজ্যো-
ভূপস্তদা স্যাদ্ বলবান্ সুধর্ম্মা ॥৪২৬॥ ই,ব

দশমে মঙ্গল, লগ্নে চন্দ্র ও শনি, নবমে বা পঞ্চমে বৃহস্পতি যুক্ত রবি থাকিলে অথবা দশমে চন্দ্র, পঞ্চমে বৃহস্পতি থাকিলে বলবান্ ও ধার্ম্মিক রাজা হয়।

মৎস্য যোগঃ

পাপেষু লগ্নাষ্টম-ধর্ম্ম-বন্ধুষু
সৌম্যেঽপ্যসৌম্যেচ সুতালয়ং গতে।
মৎস্যাখ্যযোগো মনুজোঽত্র জায়তে
বিদ্যা-দয়া-সৌখ্য-যশোবলান্বিতঃ ॥৪২৭॥ ই,বং

লগ্ন, অষ্টম, নবম, চতুর্থস্থানে পাপগ্রহ, পঞ্চমে শুভাশুভ মিশ্র গ্রহ থাকিলে মৎস্য যোগ হয়। ইহাতে জাতব্যক্তি বিদ্যা, দয়া, সুখ, যশ ও বলদ্বারা যুক্ত হয়।

ষট্ শূন্য যোগঃ

রাহুং তথা কেতু মৃতেচ ভেষু
ষট্সু গ্রহাণাং যদি সন্নিবেশঃ।
ষট্শূন্যযোগো ধনমানভূমী-
বিদ্যাপ্রভুত্বানি তদা দদাতি ॥৪২৮॥ ই,ব

রাহু ও কেতু ভিন্ন অপর গ্রহগণ ছয়টি রাশিতে অবস্থিত থাকিলে ষট্শূন্য যোগ হয়। এই যোগে ধন, মান, ভূমি, বিদ্যা ও প্রভুত্ব সম্পন্ন হয়।

সিংহাসন যোগঃ

মীনে বৃষেঽলৌ যুবতৌচ খেটে
সিংহাসনাখ্যো নৃপযোগউক্তঃ।
অস্মিন্ প্রজাতো নৃপতিঃ সুকীর্ত্তি-
ধর্ম্মান্বিতঃ স্যাদ্ বহুবাহনাঢ্যঃ ॥৪২৯॥ ই,ব

মীন, বৃষ, বৃশ্চিক ও কন্যায় গ্রহ থাকিলে সিংহাসন যোগ হয়। এইযোগে ধার্ম্মিক ও কীর্ত্তিশালী নৃপতি হয়।

জীবাদ্ দ্যুনস্থোঽপ্যথ জীবযুক্তঃ
পীযূষরশ্মি র্যদি জীবযোগঃ।
অস্মিন্ মনুষ্যো বহু পোষকঃ স্যাদ্-
রাজপ্রিয়ো বা সচিবশ্চিরায়ুঃ ॥৪৩০॥ ইব

চন্দ্র, বৃহস্পতি যুক্ত বা বৃহস্পতির সপ্তমে থাকিলে জীবযোগ হয়। জীবযোগে বহু পোষক, রাজপ্রিয় বা রাজমন্ত্রী ও দীর্ঘায়ু হয়।

নীচে স্থিতোঽপ্যঙ্গিরসা সমেতঃ
ক্ষ্মাজঃ সদৈবোচ্চফলপ্রদঃ স্যাৎ।
লগ্নে শনৌ গীষ্পতিনা তু যুক্তে
মন্ত্রী নৃপো বা স্বকুলপ্রধানঃ ॥৪৩১॥ ই,ব

যে কোন ভাবে বৃহস্পতিযুক্ত নীচস্থিত মঙ্গল ও উচ্চস্থিতি জন্য শুভ ফল প্রদান করে। বৃহস্পতিযুক্ত উচ্চস্থিত মঙ্গল উচ্চফল অপেক্ষাও অধিক শুভ ফল প্রদান করিয়া থাকে।

ষষ্ঠে গুরৌ রাহুযুতেঽথ পাপে
মৃত্যৌ সমন্দেঽপিচ দদ্রুরোগী।
সূনৌ তথা চোশনসা সমেতে
জীবে কবিত্বেন সুবিশ্রুতঃ স্যাৎ ॥৪৩২॥ ই,ব

ষষ্ঠে রাহু যুক্ত বৃহস্পতি থাকিলে পাপকর্ম্মা, অষ্টমে শনিযুক্ত বৃহস্পতি থাকিলে দদ্রু রোগী, পঞ্চমে শুক্র যুক্ত বৃহস্পতি থাকিলে কবিত্বে বিখ্যাত হয়।

মন্দেন যুক্তে যদি বাপি কেন্দ্রে
কোণেঽথবা কর্ম্মপতৌ তথাচ।
ষষ্ঠাধিপে কর্ম্মগৃহেচ সংস্থে
দাসাংশ্চ দাসীশ্চ লভেত মর্ত্ত্যঃ ॥৪৩৩॥ ই,ব

দশম পতি শনি যুক্ত বা কেন্দ্রস্থ বা কোণস্থ এবং ষষ্ঠপতি দশমস্থ হইলে বহু দাস দাসী হয়।

কুকর্ম্ম যোগঃ

বিনাশগে কৃতীশ্বরে সরাহুকে কুকর্ম্ম কৃৎ।
ভবেৎ কর্ম্মভে খলে স্ববর্গতাপদায়কঃ ॥৪৩৪॥ প্র,নি

দশম পতি রাহু যুক্ত হইয়া অষ্টমে থাকিলে কুকর্ম্মা হয়। দশমে ও একাদশে পাপ গ্রহ থাকিলে নিজ জনের তাপ দায়ক হয়।

মন্দারযুক্তে দ্যুনগে কৃতীশে
দ্যূনেশ্বরে পাপযুতে চ মর্ত্ত্যঃ।
শিশ্নোদরাসক্তমনা ভবেত্তদ্-
হোরাগমজ্ঞা ব্রুবতে মুনীন্দ্রাঃ ॥৪৩৫ ॥ই,ব

দশম পতি শনি ও মঙ্গলের সহিত যুক্ত হইয়া সপ্তমে এবং সপ্তমপতি পাপ যুক্ত হইলে শিশ্নোদর পরায়ণ হয়।

মানেশ্বরে নীচ গতেঽথ পাপ-
ক্ষেত্রেঽথবা পাপনবাংশ সংস্থে।
মানে খলে চাপি খলেন দৃষ্টে
মানেন হীনো মনুজো ভবেচ্চ ॥৪৩৬॥ ই,ব

দশম পতি নীচস্থ, পাপক্ষেত্র গত বা পাপনবাংশগত এবং পাপ দৃষ্ট পাপ গ্রহ দশমস্থ হইলে মানহীন হয়।

লাভভাবে বিশেষ ফলানি

ধন যোগঃ

অন্যোন্য-গেহপ্রগতৌ ধনায়পৌ
কেন্দ্রস্থিতৌ বা বহুবিত্তদৌ মতৌ।
লাভেশযুক্তালয়পে শুভেক্ষিতে
সৌম্যান্তরালেঽপিচ বিত্তমাদিশেৎ ॥৪৩৭॥ ই,বং

দ্বিতীয় পতি ও একাদশ পতি পরস্পরের গৃহগত বা উভয়ে কেন্দ্র গত হইলে অথবা একাদশপতি যে রাশিতে অবস্থিত সেই রাশির অধিপতি শুভ দৃষ্ট ও শুভ গ্রহের মধ্য গত হইলে ধনবান্ হয়।

লাভেশসংযুক্ত-নবাংশনায়কে
সৌম্যে তথা বিত্তপতি-প্রবীক্ষিতে।
লাভেশ্বরাক্রান্ত-ত্রিভাগপেঽথবা
সৌম্যে ধনী চাম্পদনাথলোকিতে ॥৪৩৮॥ ই,বং

একাদশপতি যে নবাংশে অবস্থিত সেই নবাংশপতি শুভগ্রহ হইয়া

ধনপতি দ্বারা দৃষ্ট হইলে অথবা একাদশপতি যে দ্রেক্কাণে অবস্থিত সেই দ্রেক্কাণ পতি শুভগ্রহ হইয়া দশম পতি দ্বারা দৃষ্ট হইলে ধন শালী হয়।

লাভেঽথবা লাভপতৌ শুভান্তরে
লাভেশ আয়েঽপ্যথ পাপসংযুতে।
লাভেশ্বরে কেন্দ্রগতেঽথ কোণগে
পারাবতাদোঽপিচ বৈভবান্বিতঃ ॥৪৩৯॥ ই,বং

একাদশ ভাব বা একাদশপতি শুভ গ্রহের মধ্যবর্ত্তী হইলে অথবা একাদশ পতি পাপযুক্ত বা পাপবিযুক্ত হইয়া একাদশে থাকিলে অথবা একাদশ পতি কেন্দ্রে, কোণে বা পারাবতাদি বর্গস্থিত হইলে বৈভবান্বিত হয়।

জীবেক্ষিতে মানপতৌ বলাঢ্যে
লাভাধিনাথেঽপিচ কর্ম্মসংস্থে।
সংকীর্ত্তিযুক্তো বহুবিত্তশালী
মর্ত্ত্যো ভবেৎ প্রাহুরিদং মুনীন্দ্রাঃ ॥৪৪০॥ ই,ব

দশমপতি বলবান্ হইয়া বৃহস্পতিকর্ত্তৃক দৃষ্ট এবং একাদশপতি দশমে থাকিলে সংকীর্ত্তি ও ধনাঢ্য হয়।

লাভে সুরেশসচিবে ধনগে হিমাংশৌ
ভাগ্যে তথা ভৃগুসুতে বহুবিত্তভাক্ স্যাৎ।
লাভাচ্চ লাভভবনে হিমগৌ সজীবে
রত্নাদিভূষণ-ধনাদিকমাপ্নুয়াচ্চ ॥৪৪১॥ ব,তি

একাদশে বৃহস্পতি, দ্বিতীয়ে চন্দ্র, নবমে শুক্র থাকিলে বহু ধন লাভ হয়। একাদশের একাদশে অর্থাৎ নবম স্থানে বৃহস্পতি যুক্ত চন্দ্র থাকিলে রত্নাদি ভূষণ ও ধন লাভ হয়।

লাভে তথা লাভপতৌ খলেক্ষিতে
পাপান্তরালে খলখেটসংযুতে।
পাপালয়স্থেঽল্পকবিত্তভাজনং
মর্ত্তোভবেৎ প্রাহুরিদং বিচক্ষণাঃ ॥৪৪২॥ ই,বং

একাদশভাব ও একাদশভাবপতি পাপদৃষ্ট, পাপমধ্যগত, পাপযুক্ত বা পাপক্ষেত্র স্থিত হইলে অল্পধন হয়।

লাভেশে ধনগে চতুষ্টয়গতে বিত্তাধিনাথে তথা
লাভে দেবগুরৌ রসত্রিকমিতে বর্ষে ধনান্যাপ্নুয়াৎ।
লাভেশে সশুভে স্থিতেহথ নবমে কেন্দ্রেহথবা সংস্থিতে
চত্বারিংশকহায়নেচ মনুজঃ প্রাপ্নোতি বিত্তং ধ্রুবম্ ॥৪৪৩॥ শা,বি

একাদশ পতি দ্বিতীয়ে, দ্বিতীয় পতি কেন্দ্রে, বৃহস্পতি একাদশে থাকিলে ৩৬ বর্ষে এবং একাদশ পতি শুভ যুক্ত হইয়া কেন্দ্রে বা কোণে থাকিলে ৪০ বর্ষে বিত্তলাভ হয়।

আয়েশে তনুগে তথা তনুপতৌ লাভালয়ে সংস্থিতে
বর্ষে দেবমিতে বসূনি বহুশঃ প্রাপ্নোতি নূনং নরঃ।
আয়াধীশ-সহোদরাদ্যধিপয়োরন্যোন্যগেহাশ্রয়াৎ
সোদর্য্যপ্রভৃতে র্লভেত মনুজো বিত্তং প্রভূতং ধ্রুবম্ ॥৪৪৪॥ শা,বি

একাদশ পতি লগ্নে ও লগ্নপতি একাদশে থাকিলে ৩৩ বর্ষে ধন লাভ হয়। ভ্রাত্রাদি যে ভাবের অধিপতির সহিত একাদশপতির ক্ষেত্র বিনিময় হইবে ভ্রাতৃ প্রভৃতি সেই ভাব সম্পর্কিত লোকের নিকট হইতে ধন লাভ হইয়া থাকে।

লাভেশ্বরাদ্বাপিচ লাভরাশিতো-
বীর্য্যাধিকাৎ খেচরতোহথবা সদা।
বিত্ত প্রলব্ধে র্বসুসংক্ষয়স্য বা
কাষ্ঠা বিচার্য্যা ফলশাস্ত্রপারগৈঃ ॥৪৪৫॥ ই,বং

একাদশ ভাব, একাদশ পতি ও সর্ব্বাপেক্ষা অধিক বলশালী গ্রহ ইহারা যে দিকের অধি পতি সেই সেই দিক হইতে গ্রহের শুভাশুভত্ব অনুসারে ধন লাভ বা ধন ক্ষয়ের বিচার করিবে।

ব্যয়ভাবে বিশেষ ফলানি

কেন্দ্রে-কোণ ভবেষু রিপ্ফপ বিধৌ তেষাং নবাংশেহথবা
স্বোচ্চে বা নিজভে নিজাংশকগতে বা সৌখ্যবিত্তান্বিতঃ।
মৃত্যুস্থে রিপুগে তুনীচরিপুভে তেষাং নবাংশেহথবা
কান্তাবিত্ত-সুখোজ্ঝিতো হি মনুজঃ ক্লিষ্টো ব্যয়াধিক্যতঃ ॥৪৪৬॥ শা,বি

চন্দ্র দ্বাদশপতি হইয়া ত্রিকোণে, একাদশে বা কেন্দ্রে থাকিলে অথবা এই সকল রাশির নবাংশে থাকিলে অথবা উচ্চগৃহে, নিজগৃহে বা নিজ নবাংশে থাকিলে সুখী ও ধনী হয়। দ্বাদশ পতি চন্দ্র অষ্টমে, ষষ্ঠে, নীচগৃহে, শত্রু ক্ষেত্রে

বা এই সকল রাশির নবাংশে থাকিলে পত্নী, ধন ও সুখ দ্বারা বর্জ্জিত এবং ব্যয়াধিক্যবশতঃ ক্লেশ ভোগী হয়।

রিপ্ফেশে বিবলেঽথশত্রুপতিনা পাপেন চৈবেক্ষিতে
যুক্তে বা রিপুমূলতঃ ক্ষতিরথো বিত্তস্য চাদিশ্যতে।
নির্বীর্য্যেণ তু ভাবপেন সহিতে দৃষ্টেঽথবা রিপ্ফপে
পাপাংশঞ্চ গতে ধনং ক্ষয়মিয়াং তদ্ ভাব মূলান্নৃণাম্॥৪৪৭॥শা,বি

দ্বাদশ পতি দুর্ব্বল হইয়া ষষ্ঠ পতি ও পাপগ্রহ দ্বারা যুক্ত বা দৃষ্ট হইলে শত্রু হেতু ধনব্যয় হয়। দ্বাদশপতি ভ্রাত্রাদি যে কোন ভাবের দুর্ব্বল অধিপতি দ্বারা যুক্ত বা দৃষ্ট হইয়া পাপ গ্রহের নবাংশ গত হইলে ভ্রাত্রাদি সেই ভাবহেতু ধনক্ষয় হয়।

কুজার্কিরাহবো হন্ত্যভে নিরীক্ষিতাঃ শুভৈ র্যদা
তদাচ পাপমূলতো ধনার্জ্জনং নৃণাং ভবেৎ॥৪৪৮॥ প্র,নি

মঙ্গল, শনি, রাহু ইহারা দ্বাদশে থাকিয়া শুভ গ্রহ দ্বারা দৃষ্ট হইলে অধর্ম্ম পথে ধনার্জ্জন করিয়া থাকে।

ব্যয়েঽথবা ব্যয়াধিপে খলৈর্যুতেঽপিবেক্ষিতে।
ব্যয়াধিপে খলগ্রহে ধনব্যয়ঃ কুকার্য্যতঃ॥৪৪৯॥ প্র,নি

দ্বাদশ ভাব বা দ্বাদশভাব পতি বহু পাপদ্বারা যুক্ত বা দৃষ্ট হইলে এবং দ্বাদশ পতি স্বয়ং পাপ গ্রহ হইলে কুকার্য্যে ধনব্যয় হয়।

খলেন কর্ম্মপেণ বৈ ব্যয়াধিপে নিরীক্ষিতে।
স্বনীচশত্রুভাগগেঽপ্যধর্ম্মমূলতো ব্যয়ঃ॥৪৫০॥ প্র,নি

পাপগ্রহ দশমপতি দ্বারা দ্বাদশপতি দৃষ্ট এবং নীচ রাশির বা শত্রু গ্রহের নবাংশে থাকিলে অধর্ম্ম পথে ধন ব্যয় হয়।

শুভেন কর্ম্মপেণ তু যুতেঽথবেক্ষিতেঽন্ত্যপে।
স্বমিত্রবর্গ-তুঙ্গগে সুকর্ম্মমূলতো ব্যয়ঃ॥৪৫১॥

শুভ গ্রহ দশম পতি দ্বারা দ্বাদশপতি যুক্ত বা দৃষ্ট হইয়া নিজের বা মিত্র গ্রহের বর্গে বা উচ্চে থাকিলে সৎকার্য্যে ব্যয় হয়।

পুরোহিতৌ ব্যয়েঽথবা বুধোড়ুপৌ শুভেক্ষিতৌ।
পারাবতাদি-বর্গগৌ ব্যয়ে ব্যয়স্তু ধর্ম্মতঃ॥৪৫২॥ প্র,নি

বৃহস্পতি ও শুক্র দ্বাদশে থাকিলে অথবা বুধ ও চন্দ্র দ্বাদশে থাকিয়া শুভ দৃষ্ট ও পারাবতাদি বর্গ গত হইলে ধর্ম্ম জন্য ধন ব্যয় হয়।

ব্যয়াধিপস্থ-ভাগপে শুভে তথাশুভাংশগে।
শুভান্তরেঽথবা ভবেৎ সুধর্ম্ম মূলতো ব্যয়ঃ ॥৪৫৩॥ প্র,গি

দ্বাদশ পতি যে নবাংশে অবস্থিত সেই নবাংশ পতি শুভগ্রহ হইয়া শুভ গ্রহের নবাংশে বা শুভ গ্রহের মধ্যবর্ত্তী হইলে ধর্ম্মহেতু ধনব্যয় হয়।

ব্যয়াধিপে তনৌ স্থিতে ভৃগোঃ সুতেন সংযুতে।
ব্যয়েচ লগ্ননায়কে ধনব্যয়শ্চ ধর্ম্মতঃ ॥৪৫৪॥ প্র,গি

দ্বাদশ পতি লগ্নে থাকিয়া শুক্র যুক্ত এবং লগ্নপতি দ্বাদশে থাকিলে ধর্ম্মহেতু ধনব্যয় হয়।

রিপ্ফেশে সখলে ব্যয়ে খলখগে পাপগ্রহেণেক্ষিতে
নানাদেশগতো ধনাকুলমনা নূনং ভবেন্মানবঃ।
রিপ্ফেশে শুভভে শুভে ব্যয়গতে সৌম্যেন সংপ্রেক্ষিতে
স্বে দেশে-ধনলব্ধি রেবতু ভবেদাহুস্ত্বিদং কোবিদাঃ ॥৪৫৫॥ শা,বি

দ্বাদশপতি পাপ যুক্ত ও দ্বাদশস্থ পাপগ্রহ পাপগ্রহ দ্বারা দৃষ্ট হইলে অর্থের জন্য ব্যাকুল হৃদয়ে নানাদেশে ভ্রমণ করে কিন্তু দ্বাদশপতি শুভগ্রহের ক্ষেত্রে এবং দ্বাদশস্থ শুভগ্রহ শুভ দৃষ্ট হইলে স্বদেশ বা নির্দ্দিষ্ট একই স্থান হইতে ধনোপার্জ্জন করিয়া থাকে।

রবিশনী ব্যয়গৌ হিবুকে তথা
গুরুকুজেন্দুসিতা যদি সংস্থিতাঃ।
চর-চতুষ্কগতা অথবা খগা-
নরপতিঃ প্রবলঃ সভবেৎ তদা ॥৪৫৬॥ দ্রু,বি

দ্বাদশে রবি ও শনি, চতুর্থে বৃহস্পতি, মঙ্গল, চন্দ্র ও শুক্র থাকিলে অথবা চারিটি চর রাশিতে গ্রহ থাকিলে প্রবলনর পতি হয়।

রিপ্ফেশে সখলে খলাংশকগতে পাপস্য বা ভেঽংশকে
পাপেনাপিচ বীক্ষিতে তু নরকং প্রাপ্নোতি দুর্ভাগ্যতঃ।
রাহৌ বা শিখিনি ব্যয়ে রিপুগৃহাধীশেন দৃষ্টেঽথবা
নাশেশেন সমন্বিতেচ নরকং গচ্ছেদহো মানবঃ ॥৪৫৭॥ শা,বি

দ্বাদশ পতি পাপ দৃষ্ট ও পাপ নবাংশ গত হইয়া পাপ যুক্ত অথবা পাপ ক্ষেত্রে থাকিলে নরক গামী হয়।

রাহুবা কেতু দ্বাদশে থাকিয়া ষষ্ঠ পতি দ্বারা দৃষ্ট বা অষ্টমপতির সহিত যুক্ত হইলে নরক গামী হয়।

সূর্য্যেন্দ্বোর্বলবত্তরো ভবতি য স্তৎস্থত্রিভাগেশ্বরে
দেবেজ্যে সুরলোকমিন্দুসিতয়োঃ পৈত্রং চ ধাম ব্রজেৎ।
তির্য্যগ্‌যোনিগতো ভবেৎ খরকরে ভূনন্দনে বৈ তথা
মন্দেবা বিধুজে ব্রজেচ্চ নরকং প্রাহু মুনীন্দ্রা ইদম্ ॥৪৫৮॥ শা,বি

সূর্য্য ও চন্দ্রের মধ্যে যে অধিক বলী সে বৃহস্পতির দ্রেক্কাণে থাকিলে মৃত্যুর পরে দেবলোকে, চন্দ্রের বা শুক্রের দ্রেক্কাণে পিতৃলোকে, সূর্য্য বা মঙ্গলের দ্রেক্কাণে কীটাদি তির্য্যগ যোনিতে, শনি বা বুধের দ্রেক্কাণে থাকিলে মৃত্যুর পরে নরকে গমন করিয়া থাকে।

সূর্য্যেন্দ্বো র্বলবত্তরস্তচ তথা ত্র্যংশেশ্বরে তুঙ্গগে
শ্রেষ্ঠত্বং লভতে হন্যভেতু সমতাং নীচে তথা নীচতাম্।
রিপ্‌ফস্থে শুভদে সুরাদিলবগে সৌম্যেন সংবীক্ষিতে
তুঙ্গস্থেচ দিবৌকসাং হি ভবনং গচ্ছেৎ স্বপুণ্যার্জ্জিতম্ ॥৪৫৯॥ শা,বি

সূর্য্য ও চন্দ্রের মধ্যে যে বলত্তর সে যে গ্রহের দ্রেক্কাণে অবস্থিত সেই গ্রহানুসারে দেবলোকাদি যোনি প্রাপ্ত হইয়া থাকে। কিন্তু সেই দ্রেক্কাণপতি গ্রহ উচ্চস্থ হইলে যোনিগত শ্রেষ্ঠতা,নীচস্থ হইলে নীচতা ও অন্যত্র থাকিলে সমতা লাভ করিয়া থাকে দ্বাদশস্থ শুভগ্রহ দেবলোকাদি বর্গ গত হইয়া শুভ দৃষ্ট ওতুঙ্গস্থ হইলে স্বর্গগামী হয়।

ইতি সরযূ তীরা গত শাকদ্বীপীয় ব্রাহ্মণ বংশোদ্ভব, মৈমনসিংহ মণ্ডলান্ত র্গত বড়বেলতা গ্রামনিবাসি, পাঠকোপাহ্ব, পণ্ডিত-প্রবর কৃপানাথ-দেবশর্ম্মাত্মজ, কলিকাতা নগরোপ কণ্ঠস্থিত বরাহনগর নিবাসি, কলিকাতাস্থ রাজকীয় সংস্কৃত পাঠ শালায়াং (গভর্ণমেণ্ট সংস্কৃত কলেজে জ্যোতিষাদি শাস্ত্রাধ্যাপক, স্মৃতি-ব্যাকরণ জ্যোতিস্তীর্থো- পাধিক, শ্রীরাধাবল্লভদেবশর্ম্ম বিরচিতে জাতক- বল্লভে ভাবজ বিশেষ ফলাধ্যায়ঃ সমাপ্তঃ।

জাতকবল্লভং

আয়ুর্দায়াধ্যায়ঃ

অথায়ুর্দায়াধ্যায়ঃ

লগ্নেশ-মৃতিনাথাভ্যাং লগ্নেন্দুভ্যাং তথা পুনঃ।
হোরালগ্নবিলগ্নাভ্যাং ত্রিধা চায়ুর্বিচিন্তয়েৎ ॥১॥
চরে চরে দীর্ঘমায়ুঃ স্থিরে দ্ব্যঙ্গেঽপি তৌ পুনঃ।
দ্ব্যঙ্গে দ্ব্যঙ্গে মধ্যমায়ুরেবমেব চরে স্থিরে ॥২॥
স্থিরে স্থিরে চরে দ্ব্যঙ্গে ত্বল্পায়ুর্মুনিভিঃ স্মৃতম্।
ত্রয়াণাং বা দ্বয়োরেকরূপত্বে তদ্বিনিশ্চিতম্ ॥৩॥
হোরালগ্নোদয়াভ্যাং তদ্ গ্রাহ্যং চেদ্ ভিন্নতা ত্রিষু।
লগ্নে দ্যূনে বা হিমগৌ লগ্নেন্দুভ্যাস্তু নিশ্চয়ঃ ॥৪॥

লগ্নপতি ও অষ্টমপতি হইতে, লগ্ন ও চন্দ্র হইতে, হোরালগ্ন ও জন্মলগ্ন হইতে এই তিন প্রকারে আয়ু বিচার করিবে। উভয়ে চররাশিস্থ হইলে অথবা উভয়ের মধ্যে একে স্থিররাশিতে অপরে দ্ব্যাত্মকরাশিতে থাকিলে দীর্ঘায়ু হয়।

উভয়েই দ্ব্যাত্মক রাশিতে থাকিলে অথবা একে চররাশিতে অন্যে স্থির রাশিতে থাকিলে মধ্যায়ু। উভয়ে স্থির রাশিতে বা একে চররাশিতে অপরে দ্ব্যাত্মক রাশিতে থাকিলে অল্পায়ু হয়।

এই তিন প্রকারে আগত আয়ুর মধ্যে যদি তিন প্রকারে বা দুই প্রকারে একরূপ আয়ু জানা যায় তবে তাহাই গ্রাহ্য হইবে। তিন প্রকারেই বিভিন্নরূপ আয়ু জানা গেলে হোরালগ্ন ও জন্মলগ্ন হইতে প্রাপ্ত আয়ু গ্রাহ্য কিন্তু লগ্নে বা সপ্তমে চন্দ্র থাকিলে বিভিন্ন প্রকারে আগত আয়ুর মধ্যে লগ্ন ও চন্দ্র হইতে প্রাপ্ত আয়ু গ্রাহ্য হইবে।

স্পষ্টায়ুর্জ্ঞানম্

পূর্ণায়ু স্ত্রিবিধং প্রোক্তং সমাঃ ষন্নবতিঃ স্মৃতাঃ।
অষ্টোত্তরশতং বাপি বিংশোত্তরশতং তথা ॥৫।
দ্বাত্রিংশদ্ বাপি ষট্ত্রিংশৎ চত্বারিংশৎ ক্রমেণচ।
একৈকং খণ্ডমিত্যেবং পূর্ণায়ুর্ভেদতস্ত্রিধা ॥৬॥
একস্য বা দ্বয়োশ্চেদ্ বা ত্রয়াণা মেকরূপতা।
দ্বাত্রিংশদাদি তত্র স্যাৎ ক্রমতঃ খণ্ডকং ত্রয়ম্ ॥৭॥
এবমল্পায়ুষি জ্ঞেয়ং চত্বারিংশদ্ যদৈকধা।
দ্বৈবিধ্য স্যাচ্চ ষট্ত্রিংশৎ ত্রৈধে দ্বাত্রিংশদেবহি ॥৮॥
ষট্ত্রিংশৎ সর্ব্বদা মধ্যমায়ুয্যুক্তং তু খণ্ডকম্।
অনুপাত স্ত্রিভিঃ খণ্ডৈ র্যথাযোগ্যং বিপশ্চিতা ॥৯॥
দ্বাত্রিংশৎ সর্ব্বথা খণ্ডং জৈমিনীয়মতং স্মৃতম্।
তৎখণ্ডেনানুপাতঃ স্যাৎ তৎখণ্ডেনচ যোজনম্ ॥১০॥

পূর্ণায়ু তিন প্রকার। যদি এক প্রকারে পূর্ণায়ু গ্রাহ্য হয় তবে পূর্ণায়ু ৯৬ বৎসর প্রতি খণ্ড ৩২ বৎসর। যদি দুইপ্রকারে প্রাপ্ত আয়ু দ্বারা পূর্ণায়ু নিশ্চিত হয় তবে পূর্ণায়ু ১০৮ বৎসর প্রতিখণ্ড ৩৬ বৎসর। যদি তিন প্রকারেই পূর্ণায়ু প্রাপ্ত হওয়া যায় তবে পূর্ণায়ু ১২০ বৎসর প্রতি খণ্ড ৪০ বৎসর। এইরূপে যদি এক প্রকারে প্রাপ্ত আয়ু দ্বারা অল্পায়ু নিশ্চিত হয় তবে আয়ুখণ্ড ৪০ বৎসর। দুই প্রকারে অল্পায়ু গ্রাহ্য হইলে আয়ু খণ্ড৩৬ বৎসর। তিন প্রকারে

অল্পায়ু প্রাপ্ত হইলে আয়ু খণ্ড ৩২ বৎসর। এইরূপ যথাযোগ্য আয়ুর খণ্ডদ্বারা অনুপাত করিয়া স্পষ্টায়ু স্থির করিবে। কিন্তু জৈমিনীয় মতে সর্ব্বত্র আয়ু খণ্ড ৩২ বৎসর।

স্পষ্টায়ুঃ সাধনম্

পূর্ণমাদৌ শূন্যমন্তে মধ্যে চৈবানুপাততঃ।
ফলদ্বয়স্য যোগার্দ্ধং ত্র্যংশো যোগত্রয়স্য বা ॥১১॥
স্পষ্টং ফলং তদেব স্যাৎ স্পষ্টায়ুরল্পকায়ুষি।
ফলং খণ্ডেন সংযুক্তং স্পষ্টং মধ্যায়ুষি স্মৃতম্ ॥১২॥
দ্বিহত-খণ্ড-সংযুক্তং স্পষ্টমায়ুশ্চ দীর্ঘকে।
মারকস্য দশাং চান্তর্দশাং প্রাপ্য তদা মৃতিঃ ॥১৩॥

যে যে গ্রহ বা লগ্ন দ্বারা আয়ু নিশ্চিত হয় পৃথক্ পৃথক্ সেই সেই গ্রহ বা লগ্ন দ্বারা অনুপাত করিতে হইবে। গ্রহ বা লগ্ন, রাশির আদিতে থাকিলে পূর্ণ খণ্ড, অন্তে থাকিলে শূন্য, মধ্যে অনুপাত দ্বারা খণ্ডের ফল বাহির করিবে। তিন প্রকারে আয়ু বিচার করিতে হইলে ও প্রতিপ্রকারেই দুইটি লইয়া বিচার করিতে হয়। এই দুইটি ফলের যোগার্দ্ধ লইলেই সেই প্রকারের আয়ু স্থির হইল। দুই প্রকারে আয়ু নিশ্চিত হইলে দুই প্রকারে প্রাপ্ত আয়ুর যোগার্দ্ধ এবং তিন প্রকারে আয়ু নিশ্চিত হইলে তিন প্রকারে প্রাপ্ত আয়ু যোগ করিয়া তাহার ত্র্যংশ লইবে। এই প্রকারে যে ফল পাওয়া যায় অল্পায়ু স্থলে ইহাই স্পষ্টায়ু। মধ্যায়ু স্থলে এইফল ৩২ প্রভৃতি খণ্ডের সহিত এবং দীর্ঘায়ু স্থলে দুইখণ্ডের যোগের সহিত যোগ করিলে স্পষ্টায়ু জানা যাইবে।

কক্ষা হ্রাস কথনম্

লগ্নেশে বাষ্টমেশে বা শনৌ স্বর্ক্ষেঽপি বোচ্চগে।
পাপমাত্রেণ যুক্তে বা দৃষ্টে হ্রাসো ভবেন্নহি ॥১৪॥

দীর্ঘায়ুষ্যন্যথা মধ্যং মধ্যায়ুষ্যল্পকং তদা।
অল্পায়ুষি স্বল্পমায়ুঃ শৈশবেচ মৃতির্ভবেৎ ॥১৫॥

শনি লগ্নপতি বা অষ্টমপতি হইলে কক্ষাহ্রাস হইয়া থাকে। কিন্তু শনি নিজ গৃহে বা উচ্চ গৃহে থাকিলে অথবা শুভযুক্ত বা শুভদৃষ্ট না হইয়া কেবল পাপ যুক্ত বা পাপদৃষ্ট হইলে কক্ষা হ্রাস হয় না। কক্ষা হ্রাস হইলে দীর্ঘায়ু যোগে মধ্যায়ু, মধ্যায়ু যোগে অল্পায়ু, অল্পায়ু যোগে স্বল্পায়ু হওয়ায় শৈশবে মৃত্যু ঘটে।

কক্ষাবৃদ্ধি কথনম্

লগ্নে বা সপ্তমে জীবে যুক্তে শুভেন বেক্ষিতে।
পাপেনাযুক্তেঽদৃষ্টে বা কক্ষাবৃদ্ধি র্ভবেত্তথা ॥১৬॥
অনায়ুরল্পকায়ুঃ স্যাদল্পায়ু র্মধ্য জীবনঃ।
মধ্যায়ুষ্যোঽপি দীর্ঘায়ু র্দীর্ঘায়ুষ্য স্তদূর্দ্ধ্বভাক্ ॥১৭॥

লগ্নে বা সপ্তমে বৃহস্পতি থাকিলে অথবা বৃহস্পতি শুভগ্রহদ্বারা যুক্ত বা দৃষ্ট কিন্তু পাপগ্রহ দ্বারা দৃষ্ট বা যুক্ত না হইলে কক্ষা বৃদ্ধি হইয়া থাকে। কক্ষাবৃদ্ধি যোগে স্বল্পায়ু ব্যক্তি অল্পায়ু, অল্পায়ু ব্যক্তি মধ্যায়ু, মধ্যায়ু ব্যক্তি দীর্ঘায়ু, দীর্ঘায়ু ব্যক্তি সুদীর্ঘায়ু লাভ করিয়া থাকে।

প্রকারান্তরেণ দীর্ঘাদ্যায়ুস্ত্রয় কথনম্

লগ্নাদ্ দ্যূনাচ্চাষ্টমেশৌ তয়োর্যো বলবত্তরঃ।
তস্মিন্ লগ্নাদ্ দ্যূনতো বা কেন্দ্রাদিস্থে ত্রিধা ক্রমাৎ ॥১৮॥
আত্মকারক যুক্তাচ্চ রাশে স্তৎ সপ্তমাদপি।
মৃত্যুপয়োর্বলিষ্ঠস্য তথা কেন্দ্রাদিসংস্থিতৌ ॥১৯॥
দীর্ঘমধ্যাল্পকানি স্যুরায়ুংষি চ ততঃ পুনঃ।
চানুপাতাৎ স্পষ্টমায়ু র্নির্ণেয়ং দৈববিত্তমৈঃ ॥২০॥

লগ্ন হইতে অষ্টম রাশিপতি ও লগ্নের সপ্তমহইতে অষ্টমরাশিপতি এই দুই গ্রহের মধ্যে লগ্নের অষ্টমপতি বলবান্ হইলে সে যদি লগ্ন হইতে কেন্দ্র গত হয় তবে দীর্ঘায়ু, পণফরস্থিত হইলে মধ্যায়ু, আপোক্লিম গত হইলে অল্পায়ু জানিবে। সপ্তমের অষ্টমেশ বলবান্ হইলে সে সপ্তমহইতে কেন্দ্রস্থ হইলে দীর্ঘায়, পণফরস্থ হইলে মধ্যায়ু, আপোক্লিমস্থ হইলে অল্পায়ু হইবে।

আত্মকারক গ্রহ যে রাশিতে অবস্থিত সেই রাশি ও তাহার সপ্তমরাশি হইতে অষ্টমরাশিপতি গ্রহদ্বয়ের মধ্যে যে বলবান্ তাহা হইতেও এইরূপে কেন্দ্রাদি স্থানভেদে দীর্ঘাদি আয়ু নিশ্চয় করিবে এবং তাহা হইতেও পূর্ব্ববৎ অনুপাত দ্বারা স্পষ্টায়ু নির্ণয় করিবে।

অষ্টমেশাদ্ দীর্ঘাদি যোগে কক্ষা হ্রাস বৃদ্ধি কথনম্

লগ্নং তথা দ্যূনভঞ্চ দ্বৌ রাশী পাপমধ্যগৌ।
যদা বাপ্যেতয়োঃ কোণৌ পাপগ্রহযুতৌ তদা ॥২১॥
কক্ষাহ্রাসস্তথা চাত্মকারকর্ক্ষাদপি দ্যূনাৎ।
পার্শ্বয়োঃ কোণয়োর্বাপি পাপয়ো র্হ্রাসমাপ্নুয়াৎ ॥২২॥
চেদাত্মকারকঃ পাপো নীচস্থো বাপ্যতুঙ্গগঃ।
পাপখেটেন যুক্তঃ স্যাৎ কক্ষাহ্র সোভবেত্তদা ॥২৩॥
অমীষু শুভযুক্তেষু বৃদ্ধি র্মিশ্রে যথাস্থিতম।
গুরো দ্বিতীয়-দুঃস্থান-কোণেষু পাপসংস্থিতৌ ॥২৪॥
গুরৌ বা নীচগে কিংবাপ্যতুঙ্গে চাশুভান্বিতে।
কক্ষা হ্রাসো ভবেত্তেষু শুভযুক্তেযু বর্দ্ধনম্ ॥২৫॥
গ্রহাভাবেঽথবা মিশ্রে ন হ্রাসো নচ বর্দ্ধনম্।
বৃদ্ধি হ্রাসৌ বিচার্য্যৈবং দৈববিদায়ু রাদিশেৎ ॥২৬॥

লগ্ন ও সপ্তম এই উভয় স্থানের অষ্টমেশ হইতে যে দীর্ঘায়ু প্রভৃতি বলা হইয়াছে তাহাতে হ্রাস বৃদ্ধি বলা হইতেছে। লগ্নও সপ্তম উভয়রাশিই পাপ

মধ্যগত হইলে অথবা উভয়েরই কোণে পাপগ্রহ থাকিলে কক্ষা হ্রাস হইবে।

আত্মকারক গ্রহ যে রাশিতে অবস্থিত সেই রাশি ও তাহার সপ্তমরাশি উভয়েই পাপমধ্যগত বা উভয়েরই কোণে পাপ গ্রহ থাকিলে কক্ষা হ্রাস হইবে।

আত্মকারকগ্রহ স্বয়ং পাপগ্রহ হইয়া নীচস্থ হইলে অথবা উচ্চরাশি ভিন্ন অন্যত্র থাকিয়া পাপযুক্ত হইলে কক্ষা হ্রাস হইবে।

উল্লিখিত স্থান সমূহে পাপগ্রহ না থাকিয়া কেবল শুভ গ্রহ থাকিলে কক্ষা বৃদ্ধি এবং শুভাশুভ মিশ্রগ্রহ থাকিলে যথাস্থিত আয়ু জানিবে।

বৃহস্পতি হইতে দ্বিতীয়, ষষ্ঠ, অষ্টম, দ্বাদশ পঞ্চম ও নবম রাশিতে কেবল পাপগ্রহ থাকিলে অথবা বৃহস্পতি নীচস্থ হইলে অথবা উচ্চরাশি ভিন্ন অন্যরাশিতে থাকিয়া পাপযুক্ত হইলে কক্ষা হ্রাস হয়। এই সকল স্থানে কেবল শুভগ্রহ থাকিলে কক্ষাবৃদ্ধি এবং শুভাশুভ মিশ্র গ্রহ থাকিলে যথাস্থিত আয়ু জানিবে।

প্রকারান্তরেণ মধ্যায়ুর্যোগ কথনম্

লগ্নাদ্ দ্যূনাচ্চাষ্টমেশৌ তয়োরেকো ভবেদ্ যদি।
আত্মকারকসংযুক্তঃ স্বয়ং বাপ্যাত্মকারকঃ ॥২৭॥
সর্ব্বত্রৈব তদা মধ্যমায়ুর্গ্রাহ্যং বিপশ্চিতা।
লগ্নদ্যূনাভ্যাং দীর্ঘাদ্যং নৈবায়ুর্গ্রাহ্যমীয়াত্তদা ॥২৮॥ অনু।

লগ্ন ও সপ্তম উভয় স্থানের অষ্টমেশদ্বয়ের মধ্যে কোনগ্রহ স্বয়ং আত্ম কারক বা আত্মকারক গ্রহের সহিত যুক্ত হইলে লগ্ন ও সপ্তম হইতে প্রাপ্ত দীর্ঘায়ু প্রভৃতি যোগ গ্রাহ্য হইবে না। সর্ব্বত্রই মধ্যায়ু হইবে।

যোগজায়ুর্জ্ঞানম্

অমিতায়ুঃ কথনম্

নবমাধিপতি র্নবমে স্থিতঃ
ক্ষিতিজাংশগতোড়ুপবীক্ষিতঃ।
অমিতায়ু রসৌ মনুজো ভবে-
দিতি দৈববিদঃ প্রজগুস্তদা ॥২৯॥ উ,চি।

নবমপতি নবমে থাকিয়া মঙ্গলের নবাংশগত চন্দ্রকর্ত্তৃক দৃষ্ট হইলে অমিতায়ু অর্থাৎ সুদীর্ঘায়ু হয়।

শশিগেহগতৌ শশিমন্ত্রিণৌ
ভৃগুজেন্দুসুতৌ যদি কেন্দ্রগৌ।
সহজারিভবেষ্বশেষকা-
অমিতায়ুরয়ং মনুজস্তদা ॥৩০॥ উ,চি।

কর্কটে চন্দ্র ও বৃহস্পতি, কেন্দ্রে বুধ ও শুক্র, অবশিষ্ট গ্রহগণ তৃতীয়, ষষ্ঠ ও একাদশে থাকিলে অমিতায়ু হয়।

বর্গোত্তমে কর্কটকে বিলগ্নং
কেন্দ্রে গুরু র্দ্যূনগতো ধরাজঃ।
সিংহাসনাংশে যদি দৈত্যমন্ত্রী
তদামিতায়ুর্ভবতীহ মর্ত্ত্যঃ ॥৩১॥ উ,জা

লগ্ন কর্কটের নবাংশে কর্কটে, বৃহস্পতি কেন্দ্রে, মঙ্গল সপ্তমে, শুক্র সিংহাসন বর্গগত হইলে অমিতায়ু হয়।

উচ্চস্থং খচরত্রয়ং গুরুরথো কর্কে বৃষে বা তনৌ
চত্বারো হ্যচরাস্ত্রিকোণগৃহগা লগ্নং চ সিংহেঽথবা।
কর্কে বা ঝষভে তনৌ হিমকরঃ স্বাংশে ন খেটান্বিত-
শ্চত্বারঃ খচরাশ্চ কণ্টকগতা আয়ুঃ সুদীর্ঘং তদা ॥৩২॥ শা,বি

তিনটি গ্রহ,উচ্চস্থ, কর্কট বা বৃষরাশিতে লগ্নে বৃহস্পতি থাকিলে অথবা মূল ত্রিকোণে চারিটি গ্রহ এবং সিংহে লগ্ন হইলে অথবা কর্কট বা মীন লগ্নে চন্দ্র, অন্য গ্রহের সহিত যুক্ত না হইয়া নিজনবাংশে থাকিলে অথবা চারিটি গ্রহ কেন্দ্রস্থ হইলে সুদীর্ঘায়ু হয়।

ঘটে তনৌ দিবাকরো ঝষে গুরু র্মৃগে ভৃগুঃ।
তদা সুদীর্ঘজীবনো ভবেৎ তথাত্মবিজ্ জনঃ ॥ ৩৩॥ প্র,নি

কুম্ভ লগ্নে রবি, মীনে বৃহস্পতি, মকরে শুক্র থাকিলে আত্মবিৎ ও সুদীর্ঘ জীবী হয়।

দীর্ঘায়ুর্যোগঃ

লগ্নে বা দশমে তথা নিজগৃহে বাচস্পতৌ সংস্থিতে
কেন্দ্রস্থে মিথুনং গতে চ ভৃগুজে স্যাদ্ দীর্ঘজীবী নরঃ।
লগ্নস্থো বৃষগোঽথ দৈত্যসচিবঃ কেন্দ্রস্থিতো গীষ্পতি-
স্ত্বন্যে চোপচয়র্ক্ষগা যদি বিদো দীর্ঘায়ুরাঙ্গস্তদা ॥৩৪॥ শা,বি

নিজগৃহে লগ্নে বা দশমে বৃহস্পতি, মিথুনে কেন্দ্রস্থ শুক্র থাকিলে অথবা বৃষলগ্নে শুক্র, কেন্দ্রে বৃহস্পতি, অন্য গ্রহগণ তৃতীয়, ষষ্ঠ, দশম বা একাদশে থাকিলে দীর্ঘায়ু হয়।

তনূপতৌ স্বতুঙ্গভে সুধাকরে চ লাভগে।
বিনাশগেঽপি গীষ্পতৌ লভেত দীর্ঘজীবনম্ ॥৩৫॥ প্র,গি

লগ্নপতি উচ্চস্থ, একাদশে চন্দ্র, অষ্টমে বৃহস্পতি থাকিলে দীর্ঘজীবী হয়।

সলগ্ননাথে মৃতিপে সপাপে
ব্যয়েঽথবা রোগগতেঽল্পমায়ুঃ॥
ষষ্ঠান্ত্যপৌ লগ্নগতৌ যদা তু
শুভেক্ষিতৌ জীবনমেব দীর্ঘম্ ॥৩৬॥ উ,জা

লগ্নপতি ও পাপগ্রহের সহিত যুক্ত হইয়া অষ্টম পতি ষষ্ঠে বা দ্বাদশে থাকিলে অল্পায়ু হয় কিন্তু ষষ্ঠ পতি ও দ্বাদশপতি উভয়ে লগ্নগত হইয়া শুভদৃষ্ট হইলে দীর্ঘায়ু হয়।

স্বোচ্চে স্বভে বা হিতভে মৃতীশে
দীর্ঘং তথায়ুর্মুনয়ো বদন্তি।
দেহেশ-কর্ম্মেশ-মদেশতোঽপি
স্বোচ্চাদিভির্দীর্ঘমিহায়ুরেবম্ ॥৩৭॥ ই,ব

অষ্টমপতি উচ্চে, নিজগৃহে বা মিত্রগৃহে থাকিলে জাতক দীর্ঘায়ু হয়। লগ্নপতি, সপ্তমপতি ও দশম পতির ও উচ্চাদি স্থানে অবস্থিতি দ্বারা দীর্ঘায়ু হয়।

নাশেশ্বরো মন্দগতিশ্চ লগ্নপো-
দৃষ্টাঃ শুভৈর্বা সহিতাশ্চ কেন্দ্রগাঃ।
পাপাস্ত্রিষড়্লাভগতাঃ শুভাস্তথা
কেন্দ্রেঽথ কোণেঽপিচ দীর্ঘজীবনঃ ॥৩৮॥ ই,বং

অষ্টমপতি, শনি ও লগ্নপতি ইহারা কেন্দ্রে থাকিয়া শুভ দৃষ্ট বা শুভযুক্ত হইলে অথবা পাপ গ্রহগন তৃতীয়, ষষ্ঠ বা একাদশে এবং শুভগ্রহগণ কেন্দ্রে বা কোণে থাকিলে দীর্ঘজীবী হয়।

পাপাস্ত্রিষড়্ লাভগতাঃ শুভাশ্চেৎ
ষট্ সপ্তরন্ধ্রেষুচ দীর্ঘমায়ুঃ ॥
তথা মৃতীশস্তনুগঃ কবীজ্য-
যুক্তেক্ষিতশ্চাকৃতিপোঽপি কেন্দ্রে ॥৩৯॥ উ,জা

পাপ গ্রহগণ তৃতীয়ে, ষষ্ঠে বা একাদশে এবং শুভগ্রহগণ ষষ্ঠে, সপ্তমে বা অষ্টমে থাকিলে অথবা অষ্টম পতি লগ্নে থাকিয়া বৃহস্পতি ও শুক্র দ্বারা দৃষ্ট বা যুক্ত এবং লগ্নপতি কেন্দ্রে থাকিলে দীর্ঘজীবী হয়।

গ্রহত্রিকঞ্চেন্নিজতুঙ্গভস্থং
তথা মৃতীশস্তনুগেহমাপ্তঃ।
খলোজ্ঝিতং নাশগৃহং ভবেচ্চেদ্-
গদন্তি দীর্ঘায়ুষমেব জাতম্ ॥৪০॥ উ,ব

তিনটি গ্রহ নিজ নিজ উচ্চরাশিতে, অষ্টমপতি লগ্নস্থ, অষ্টমস্থান পাপ বর্জ্জিত হইলে দীর্ঘায়ু হয়।

লগ্নেশোঽষ্টমপো নিজালয়গতৌ স্বাংশস্থিতৌ বা তথা
মিত্রাংশে হিতগেহগৌ যদি চ বা দীর্ঘং তদায়ুর্জগুঃ।
নাশেশো রিপুপো ব্যয়েঽথ রিপুভে নাশেঽথবা লগ্নভে
সংস্থৌ চেদথ দীর্ঘজীবনযুতো মর্ত্ত্যস্তদা বৈ ভবেৎ ॥৪১॥ শা,বি

লগ্নপতি ও অষ্টম পতি নিজগৃহে, নিজনবাংশে, বা মিত্রক্ষেত্রে থাকিলে অথবা ষষ্ঠপতি ও অষ্টমপতি ষষ্ঠে, দ্বাদশে, লগ্নে বা অষ্টমে থাকিলে দীর্ঘায়ু হয়।

মৃতিস্থিতৈস্ত্রিভির্গ্রহৈঃ স্বমিত্রতুঙ্গগেহগৈঃ।
বলান্বিতে চ লগ্নপে বদন্তি দীর্ঘজীবনম্ ॥৪২॥ প্র,ণি

নিজ গৃহ বা উচ্চগৃহে অবস্থিত তিনটি গ্রহ অষ্টমস্থ এবং লগ্নপতি বলবান্ হইলে দীর্ঘায়ু হয়।

শুভযুত স্তনুপঃ শুভবীক্ষিতো-
বলযুতোঽথ চতুষ্টয়গঃ পুনঃ।
নতু তদা খলখেচরলোকিতো-
ভবতি দীর্ঘতরায়ুরসৌ নরঃ ॥৭৩॥ দ্রু,বি

লগ্নপতি শুভযুক্ত, শুভ দৃষ্ট, বলবান্ ও কেন্দ্র গত হইয়া পাপদৃষ্ট না হইলে দীর্ঘায়ু হয়।

দশমপো মৃতিপস্তনুপস্তথা
ত্রয় ইমেঽপি চতুষ্টয়ভে স্থিতাঃ।
নবম আয়গৃহে সুতভেঽথবা
গদিত মায়ুরিদং পরমং তদা ॥৭৪॥ দ্রু,বি

দশমপতি, অষ্টমপতি ও লগ্নপতি ইহারা কেন্দ্র, কোণ বা একাদশে থাকিলে দীর্ঘায়ু হয়।

সহজভে রিপুভে ভবভে ঽথবা
খলখগা সচিবো যদি কেন্দ্রগঃ।
অপি বিধূরিপুগো মৃতিগোঽপ্যত
ভবতি চায়ুরথো পরমং তদা ॥৭৫॥ দ্রু,বি

ষষ্ঠে বা অষ্টমে চন্দ্র থাকিলে ও পাপ গ্রহগণ তৃতীয়ে ষষ্ঠে বা একাদশে এবং বৃহস্পতি কেন্দ্রে থাকিলে দীর্ঘায়ু হয়।

শতায়ুর্যোগঃ

তনুপতিঃ পরমোচ্চ লবস্থিতোঽ
প্যুশনসা প্রবিলোকিত মঙ্গভম্।
হিমকরঃ সুযুতঃ শুভবীক্ষিতো-
যদি তদা শতবৎসরজীবনঃ ॥৭৬॥ দ্রু,বি

লগ্নপতি পরমোচ্চাংশস্থিত, লগ্ন শুক্রদৃষ্ট, চন্দ্র শুভযুক্ত ও শুভদৃষ্ট হইলে শতায়ু হয়।

কেন্দ্রে সুরাসুরগুরূ গুরুভেঽপি লগ্নং
কেন্দ্রত্রিকোণমৃতিভেষু ন পাপখেটাঃ।
ভাগ্যং তথা মরণভং যদি সৌম্যদৃষ্টং
মর্ত্ত্যঃ শতায়ুরিতি শাস্ত্রবিদো বদন্তি ॥৪৭॥ ব,তি

বৃহস্পতি ও শুক্র কেন্দ্রগত, লগ্ন বৃহস্পতির ক্ষেত্রগত, কেন্দ্র, ত্রিকোণ ও অষ্টমস্থান পাপ বর্জ্জিত, অষ্টমে ও নবমে শুভদৃষ্টি থাকিলে শতায়ু হয়।

উচ্চে তনুস্থো দনুজেশমন্ত্রী
শুভেক্ষিতো মৃত্যুগতো মৃগাঙ্কঃ।
দেবেশপূজ্যোঽপি চতুষ্টয়স্থ-
স্তদা শতায়ুর্ম্মনুজো ভবেচ্চ ॥৪৮॥ উ,জা

শুক্র মীনে লগ্নস্থিত, চন্দ্র শুভদৃষ্ট হইয়া অষ্টমে, বৃহস্পতি কেন্দ্রস্থ হইলে শতায়ু হয়।

পূর্ব্বার্দ্ধে যুবতেঃ সুধাকরসুতো লগ্নং পরার্দ্ধে পুন-
শ্চোচ্চস্থং খচরত্রয়ং যদি তদা মর্ত্ত্যঃ শতায়ুর্ভবেৎ।
পূর্ব্বার্দ্ধে মিথুনস্য বা ক্ষিতিসুতো লগ্নঞ্চ শেষার্দ্ধকে
লগ্নে দেবগুরুশ্চ কণ্টকগতৌ শুক্রেন্দুজৌ চেৎ তথা ॥৭৯॥ শা,বি

কন্যার প্রথমার্দ্ধে বুধ, দ্বিতীয়ার্দ্ধে লগ্ন, তিনটি গ্রহ উচ্চস্থ হইলে অথবা মিথুনের প্রথমার্দ্ধে মঙ্গল, শেষার্দ্ধে লগ্ন, লগ্নে, বৃহস্পতি, কেন্দ্রে বুধও শুক্র থাকিলে শতায়ু হয়।

মৃতৌ তনূপো দশমে শশাঙ্কো-
যথাতথাস্থঃ সবলঃ সুরেজ্যঃ।
অন্ত্যে খগা ধর্ম্মগতা স্তদা চেৎ
শতায়ষং তং মনুজং বদন্তি ॥৫০॥ উ,জা

লগ্নপতি অষ্টমে, দশমে চন্দ্র, যে কোন ভাবস্থিত বৃহস্পতি বলবান্, অন্য গ্রহগণ নবমস্থ হইলে শতায়ু হয়।

সজীব চন্দ্রো নিজভে তনুস্থ-
শ্চতুষ্টয়ে বোপচয়ে জ্ঞশুক্রৌ।
তদা শতায়ুর্ভবতীহ মর্ত্ত্যো-
বদন্তি চৈতদ্ মুনয়ঃ ফলজ্ঞাঃ ॥৫১॥ উ,ব

বৃহস্পতি যুক্ত চন্দ্র কর্কটে, বুধ, ও শুক্র কেন্দ্রে বা উপচয়ে থাকিলে শতায়ু হয়।

কেন্দ্র-ত্রিকোণ-মৃতিভেষু ন পাপখেটা-
শ্চেন্মন্ত্রিনৌ তনুপদেবগুরূ তথা বা।
কেন্দ্রস্থিতৌ যদি তদা মনুজঃ সমানাং
জীবেৎ শতং ধন-সুপুণ্য-সুখৈঃ সমেতঃ ॥৫২॥ ব,তি

কেন্দ্র, কোণ ও অষ্টমভাব পাপশূন্য অথবা বৃহস্পতি ও শুক্র কিংবা লগ্নপতি ও বৃহস্পতি কেন্দ্রস্থিত হইলে ধনাঢ্য, পুণ্যবান্, সুখী ও শতায়ু হয়।

তনুর্গৃহং চ মৃত্যুভং খলোজ্ঝিতং যদা গুরুঃ।
চতুষ্টয়ে তদা ভবেৎ শতায়ুরেব মানবঃ ॥৫৩॥ প্র,ণি

লগ্ন ও অষ্টমভাব পাপবর্জ্জিত এবং বৃহস্পতি কেন্দ্রস্থ হইলে শত বর্ষজীবী হয়।

হিমকরাচ্চ তথা তনুতো মৃতী
বিখচরৌ বলিনৌ তু পুরোহিতৌ।
অথ চতুষ্টয়গৌ সচিবৌ ভবে-
দ্ধিমকরশ্চ শতায়ুরসৌ তদা ॥৫৪॥ জ্র,বি

লগ্ন হইতে ও চন্দ্র হইতে অষ্টমরাশি দ্বয় গ্রহ বর্জ্জিত এবং বৃহস্পতি ও শুক্র বলবান্ হইলে অথবা বৃহস্পতি ও শুক্র কেন্দ্রস্থ, চন্দ্র একাদশে থাকিলে শতায়ু হয়।

মধ্যায়ুর্যোগঃ

মধ্যায়ুর্গদিতং ত্রিকেঽপ্যশুভদাঃ কেন্দ্রে ঽথবা কোণগো-
মন্ত্রী চেদথ মিশ্রিতং সদশুভৈঃ কেন্দ্রং চ কোণদ্বয়ম্
কেন্দ্রে বা নবমে সুতেঽথ শুভদা নাশে রিপৌ বা খলা-
বীর্য্যাঢ্যোমৃঽগশ্চ বা তনুপতেঃ কেন্দ্রে গুরুশ্চেৎ তথা ॥৫৫॥ শা,বি

খল গ্রহগণ ষষ্ঠে, অষ্টমে বা দ্বাদশে, বৃহস্পতি কেন্দ্রে বা কোণে থাকিলে অথবা কেন্দ্রে ও কোণে শুভাশুভ মিশ্রগ্রহ থাকিলে অথবা কেন্দ্রে ও কোণে শুভ গ্রহ, ষষ্ঠে বা অষ্টমে পাপ, শনি বলবান্ হইলে অথবা লগ্নপতির কেন্দ্রে বৃহস্পতি থাকিলে মধ্যায়ু হয়।

পাপঃ স্বয়ং মৃতিপতিঃ শশিনা সমেতঃ
কেন্দ্রেঽথবা নবম-পঞ্চমভাবসংস্থঃ।
মেষূরণস্থ-খলখেচর-সংপ্রদৃষ্টো-
মর্ত্ত্যস্তদাপি লভতে কিল মধ্যমায়ুঃ ॥৫৬॥ ব,তি

অষ্টমপতি স্বয়ং পাপ গ্রহ ও চন্দ্রযুক্ত হইয়া কেন্দ্রে বা কোণে থাকিলে এবং দশমস্থ পাপগ্রহ দ্বারা দৃষ্ট হইলে মধ্যায়ু হয়।

আপোক্লিমে তনুপতিঃ খলখেটযুক্তঃ
সন্ধ্যোদ্ভবশ্চ সচিবৌ যদি কেন্দ্রসংস্থৌ।
পাপেক্ষিতো ঽথ তনুপো হিমগুঃ কুজর্ক্ষে
কেন্দ্রেতরত্র চ শুভা যদি মধ্যমায়ুঃ ॥৫৭॥ ব,তি

লগ্নপতি আপোক্লিমে থাকিয়া পাপযুক্ত ও সন্ধ্যা কালে জন্ম হইলে অথবা পাপ দৃষ্ট চন্দ্র লগ্নপতি হইয়া মঙ্গলের ক্ষেত্রে থাকিলে এবং শুভ গ্রহগণ কেন্দ্র ভিন্ন অন্যত্র থাকিলে মধ্যায়ু হয়।

অল্পায়ুর্যোগঃ।

আপোক্লিমে যদি খলা অথবাষ্টমেশঃ
পাপান্বিতো খলগৃহেঽপি চ লাভগো বা।

ষষ্ঠেহ থবা ব্যয়গৃহে মৃতি লগ্নপৌ চে-
ল্লগ্নাধিপস্তথ খলস্ত্রিকগোহল্পকায়ুঃ ॥৫৮॥ ব,তি

সকল পাপ গ্রহ আপোক্লিমে থাকিলে অথবা অষ্টমপতি পাপ ক্ষেত্রে পাপযুক্ত হইয়া একাদশে থাকিলে অথবা লগ্নপতি ও অষ্টমপতি ষষ্ঠে বা দ্বাদশে থাকিলে অথবা লগ্নপতি স্বয়ং পাপগ্রহ হইয়া ত্রিকস্থিত হইলে অল্পায়ু হয়।

দশমপো ধনগো মৃতুগো মদে
ভবগৃহে সচিবৌ যদি সংস্থিতৌ।
শনিকুজৌ তনুগৌ চ রিপৌ গুরু-
র্বিধুরথো মৃতিগোহল্পকজীবনঃ ॥৫৯॥ দ্রু,বি

দশমপতি দ্বিতীয়ে, শনি সপ্তমে, বৃহস্পতি ও শুক্র একাদশে থাকিলে অথবা শনি ও মঙ্গল লগ্নে, বৃহস্পতি ষষ্ঠে, চন্দ্র অষ্টমে থাকিলে অল্পায়ু হয়।

লগ্নেশ্বরো গতবলো হ্যচরা অসৌম্যাঃ
সৌম্যেক্ষণেন রহিতা ত্রিককেন্দ্রগা বা।
বিত্তে ব্যয়ে খলখগে শুভ দৃষ্টি হীনে
লগ্নেশ্বরেচ বিবলেহল্পকজীবনঃ স্যাৎ ॥৬০॥ ব,তি

লগ্নপতি দুর্ব্বল, পাপ গ্রহগণ শুভদৃষ্টি হীন হইয়া ত্রিকস্থানে বা কেন্দ্রে থাকিলে অথবা পাপ গ্রহগণ দ্বিতীয় ও দ্বাদশে থাকিয়া শুভদৃষ্টি বর্জ্জিত ও লগ্নপতি দুর্ব্বল হইলে অল্পায়ু হয়।

ষষ্ঠে ব্যয়ে বা সখল স্তনূপো-
চেল্লগ্নপো বা তনুগোহস্তমাপ্তঃ।
লগ্নস্থিতৌ বা সচিবৌ সপাপৌ
ভৌমঃ সুতস্থশ্চ তদাল্পমায়ুঃ ॥৬১॥ ই,ব

পাপযুক্ত লগ্নপতি ষষ্ঠে বা দ্বাদশে থাকিলে অথবা লগ্নপতি অস্তমিত হইয়া লগ্নগত হইলে অথবা বৃহস্পতি ও শুক্র লগ্নে এবং পঞ্চমে পাপযুক্ত মঙ্গল থাকিলে অল্পায়ু হয়।

মৃত্যুস্থে তনুপে তথাষ্টমপতৌ পাপেন যুক্তেঽথবা
সংদৃষ্টেঽস্তমিতেঽথবা রিপুগতেঽল্পায়ুর্ভবেদ্ বাপি চেৎ।
নাশেশে খলভেঽথবা মৃতিগতে পাপান্বিতে বা তথা
প্যল্পায়ুর্মনুজো ভবেদিতি জগুর্হোরাবিদঃ প্রাক্তনাঃ ॥৬২॥ শা,বি

লগ্নপতি অষ্টমে, অষ্টম পতি পাপযুক্ত বা পাপদৃষ্ট হইয়া অস্তমিত বা ষষ্ঠগত হইলে অথবা অষ্টমপতি পাপযুক্ত হইয়া পাপক্ষেত্রে বা অষ্টমে থাকিলে অল্পায়ু হয়।

মন্দাদ্ দৈত্যপতেশ্চ নাশগৃহপৌ পাপান্বিতৌ দুর্ব্বলৌ
চাস্তং বা ব্রজতো ন চৈব নিজভে সংস্থৌ নবা তুঙ্গগৌ।
রিপ্ফেবা হিমগৌ তথা খলখগে ষষ্ঠস্থিতে বা খলৈ-
র্যুক্তে কেন্দ্র চতুষ্টয়েঽপ্যশুভদে চাল্পায়ুরুক্তো নরঃ ॥৬৩॥ শা,বি

শনি ও রাহু হইতে অষ্টমপতিদ্বয় পাপযুক্ত হইয়া দুর্ব্বল বা অস্তমিত হইলে এবং তাহারা নিজগৃহে বা উচ্চগৃহে না থাকিলে অথবা লগ্ন হইতে দ্বাদশে চন্দ্র, ষষ্ঠে পাপগ্রহ থাকিলে অথবা চারিটি কেন্দ্রে কেবল পাপগ্রহ থাকিলে অল্পায়ু হয়।

বিলগ্ননাথো দিবসেশ্বরশ্চ
দ্বয়োঃ সুহৃত্ত্বে খলু দীর্ঘমায়ুঃ।
অল্পং রিপুত্বে চ তয়োঃ সমত্বে
মধ্যং তথায়ুর্মুনয়ো বদন্তি ॥৬৪॥ উ,জা

লগ্নপতি ও সূর্য্য উভয়ের তাৎকালিক মিত্রতায় দীর্ঘায়ু, শত্রুতায় অল্পায়ু। সমত্বে মধ্যায়ু জানিবে।

লগ্নেশে বিবলে তথা মৃতিপতৌ কেন্দ্রস্থিতে মানবোঽ
প্যল্পায়ুর্ভবতে বদন্তি মুনয়ো জ্যোতির্বিদাং সত্তমাঃ।
নীচস্থে মৃতিপে মৃতৌ খলখগে লগ্নেশ্বরে দুর্ব্বলে
হোরাশাস্ত্রপয়োধিপারগবিদামায়ুর্মতং স্বল্পকম্ ॥৬৫॥ শা,বি

লগ্নপতি দুর্ব্বল ও অষ্টম পতি কেন্দ্রস্থ হইলে অথবা অষ্টমপতি নীচস্থ, অষ্টমে পাপ, লগ্নপতি দুর্ব্বল হইলে অল্পায়ু হয়।

পাপাঃ কণ্টককোণগাঃ শুভখগাঃ ষষ্ঠেঽষ্টমে বা তথা
নাশেশস্তনুগো হি নীচগৃহগঃ স্বল্পায়ুরেবাজগুঃ।
কিংবা পঞ্চমগেঽথবা ব্যয়গতে বা চন্দ্রযুক্তে খলে
নাশেশে মৃতিভেচ পাপসহিতে স্বল্পং কিলায়ুঃ স্মৃতম্ ॥৬৬॥ শা,বি

কেন্দ্র ও কোণে পাপ, ষষ্ঠে বা অষ্টমে শুভ, অষ্টমপতি নীচরাশিতে লগ্নগত হইলে অথবা পঞ্চমে বা দ্বাদশে বা জন্ম রাশিতে পাপ এবং অষ্টম ভাব ও অষ্টমপতি পাপযুক্ত হইলে অল্পায়ু হয়।

নির্দিষ্টবর্ষায়ুঃ কথনম্

সৌম্যাঃ কেন্দ্রে পাপহীনশ্চ মৃত্যু-
র্লগ্নাৎ ষষ্ঠে সংস্থিতঃ শীতরশ্মিঃ।
নৃণামায়ুঃ স্যাত্তদাকোবিদোক্ত-
মঙ্গব্যালৈঃ সম্মিতা শৈচব বর্ষাঃ ॥৬৭॥ শা,নী

শুভগ্রহগণ কেন্দ্রস্থ, অষ্টমভাব পাপবর্জ্জিত, ষষ্ঠে চন্দ্র থাকিলে ৮৬ বর্ষ আয়ু হয়।

কেন্দ্রং যাতাঃ সূর্য্যমন্দাবনীজা-
অংশে সংস্থা গীষ্পতে র্লগ্নগেজ্যঃ।
শেষাঃ খেটা নৈব মৃত্যৌ যদি স্যু-
র্মর্ত্ত্যস্যায়ুর্বাণনাগপ্রমাব্দাঃ ॥৬৮॥ শা,নী

রবি, শনি ও মঙ্গল কেন্দ্রস্থ হইয়া বৃহস্পতির নবাংশ গত, বৃহস্পতি লগ্নগত এবং অবশিষ্ট গ্রহগণ অষ্টম ভিন্ন অন্য ভাবে থাকিলে ৮৫ বর্ষ আয়ু হয়।

কেন্দ্রে সংস্থৌ গীষ্পতীন্দূ সুদৃষ্টৌ
চান্যে খেটা লাভগা বা ব্যয়স্থাঃ।

হোরাশাস্ত্রজ্ঞাস্তদা প্রোচুরেবং
হ্যায়ুঃ কালো বৎসরাণামশীতিঃ ॥৬৯॥ শা,নী

চন্দ্র ও বৃহস্পতি শুভদৃষ্ট হইয়া কেন্দ্রস্থ অন্যগ্রহগণ একাদশে বা দ্বাদশে থাকিলে ৮০ বর্ষ আয়ু হয়।

কর্কে লগ্নগতে গুরৌ শুভখগাঃ কোণস্থিতা বা তথা
সর্ব্বেপাপ নবাংশগা দিবিচরা শ্চেৎ কণ্টকে সংস্থিতাঃ।
লগ্নাদ্ ভেষু শুভা হি ষট্সু পরতঃ পাপাশ্চ ষট্সু গ্রহাঃ
শূন্যব্যালমিতান্ বদন্তিহি নৃণামায়ু স্তদা বৎসরান্ ॥৭০॥ শা,বি

কর্কট লগ্নে বৃহস্পতি, শুভগ্রহগণ কোণে অবস্থিত অথবা সকল গ্রহ পাপঃ গ্রহের নবাংশগত হইয়া কেন্দ্রে অবস্থিত অথবা লগ্ন হইতে প্রথম ছয় রাশিতে শুভগ্রহ, দ্বিতীয় ছয় রাশিতে পাপগ্রহ থাকিলে ৮০ বর্ষ আয়ু হয়।

লগ্নেশঃ খলবীক্ষিতো হিমকরঃ সদ্বর্গগঃ সদ্গ্রহা-
বীর্য্যাঢ্যা যদি বহ্নিপর্ব্বতমিতং বর্ষং নরায়ুস্তদা।
চণ্ডাংশৌ সরিপৌ তথা সহকুজে লগ্নং গতে গীষ্পতৌ
নির্বীর্য্যেঽর্থ বিধৌ সুতে ব্যয়গতে বায়ুঃ খশৈলাব্দমম্ ॥৭১॥ শা,বি

লগ্ন পতি পাপদৃষ্ট, চন্দ্র শুভ বর্গগত, শুভগ্রহগণ বলবান্ হইলে ৭৩ বর্ষ আয়ু হয়। শত্রু গ্রহের ও মঙ্গলের সহিত যুক্ত হইয়া রবি লগ্নস্থ হইলে বৃহস্পতি দুর্ব্বল ও চন্দ্র পঞ্চমে বা দ্বাদশে থাকিলে ৭০ বর্ষ আয়ু হয়।

নীচস্থে মৃদুগেচ তুষ্টয়গতে কোণং গতে বা তথা
কেন্দ্রস্থে শুভদেহপিবা সহবুধে কেন্দ্রং গতে ভাস্করে।
নীচস্থেহ প্যথবা শনৌ তনয়গে ভৌমে চ কামে রবৌ
শূন্যাগপ্রমিতাঃ পরায়ু রুদিতং সাম্বৎসরৈ র্বৎসরাঃ ॥৭২॥ শা,বি

নীচস্থ শনি কেন্দ্রে বা ত্রিকোণে এবং কেন্দ্রে শুভগ্রহ বা বুধ যুক্ত রবি থাকিলে অথবা শনি নীচস্থ, মঙ্গল পঞ্চমে, রবি সপ্তমে থাকিলে ৭০ বর্ষ আয়ু হয়।

চন্দ্রাদ্বা তনুতশ্চতুষ্টয়গতাঃ সৌম্যা ন লগ্নে গুরু-
র্নো যুক্তং নচ বীক্ষিতং যদি ভবেদ্ মৃত্যোর্গৃহং বা গ্রহৈঃ।
স্বর্ক্ষেঽথো তনুভে বিধুঃ শুভখগঃ কামালয়ে চেৎ স্থিতঃ
শূন্যর্ষি প্রমিতাঃ সমা নিগদিতা আয়ুঃ সুধীভিস্তদা ॥৭৩॥ শা,বি

চন্দ্র বা লগ্ন হইতে কেন্দ্রে শুভ গ্রহ, বৃহস্পতি লগ্ন ভিন্ন অন্যস্থানে অবস্থিত, অষ্টমভাবে কোন গ্রহের যোগ বা দৃষ্টি না থাকিলে অথবা নিজগৃহে লগ্নে চন্দ্র ও সপ্তমে শুভগ্রহ থাকিলে ৭০ বর্ষ আয়ু হয়।

ন লগ্নমিন্দুশ্চ খলেন যুক্তং
তথাষ্টমর্ক্ষং দ্যুচরেণ হীনম্।
গুরুস্তনৌ কণ্টকগঃ শুভশ্চেৎ
খশৈলমানাঃ পরমায়ুরব্দাঃ ॥৭৪॥ উ,ব

লগ্ন ও চন্দ্র পাপহীন, অষ্টমস্থান গ্রহহীন, বৃহস্পতি লগ্নে, শুভগ্রহগণ কেন্দ্রগত হইলে ৭০ বর্ষ আয়ু হয়।

সুতগৃহে দশমেচ শুভ গ্রহো-
দিনকরো মৃতিভে ব্যয়গো বিধুঃ।
যদিচ বক্রচরৌ সচিবৌ তদা
খমুনিমাঃ পরমায়ুরথাব্দকাঃ ॥৭৫॥ দ্রু,বি

পঞ্চমে ও দশমে শুভগ্রহ, অষ্টমে রবি, দ্বাদশে চন্দ্র, বৃহস্পতি ও শুক্র বক্রগামী হইলে ৭০ বর্ষ আয়ু হয়!

তনৌ রবিজ্ঞ-মন্ত্রিণো ঝষে যদা শনিস্তথা।
বিধুর্ব্যয়েচ বর্ষকা স্তদায়ু রঙ্গতর্কমাঃ ॥৭৬॥ প্র,ণি

লগ্নে রবি, বুধ ও বৃহস্পতি, মীনে শনি, দ্বাদশে চন্দ্র থাকিলে ৬৬ বর্ষ আয়ু হয়।

স্বভে তনৌ সুধাকরে শনৈশ্চরেঽথ মানগে।
মদে চভাস্করেঽব্দকা নরায়ুরক্ষষণ্মিতাঃ ॥৭৭॥ প্র,ণি

কর্কটে লগ্নস্থিত চন্দ্র, দশমে শনি, সপ্তমে রবি থাকিলে ৬৫ বর্ষ আয়ু হয়।

সূর্য্যো রাশিপতি স্তনূপতি রিমে মৃত্যৌ ন কেন্দ্রে গুরুঃ
শুক্রো বা তনুগো বুধেজ্যবিধুভি র্দৃষ্ট স্তথেজ্যঃ সুতে।
হোরালগ্নপ লগ্নপৌ মৃতিগতৌ কেন্দ্রেঽষ্টমেশোঽথবা
দৈবজ্ঞৈ র্গদিতং খতর্কসমিতা আয়ুর্ভবেদ্ধায়নাঃ ॥৭৮॥ শা,বি

সূর্য্য, জন্মরাশিপতি ও লগ্নপতি ইহারা অষ্টমে কিন্তু কেন্দ্রে বৃহস্পতি না থাকিলে অথবা শুক্র লগ্নে থাকিয়া বুধ, বৃহস্পতি ও চন্দ্র দ্বারা দৃষ্ট এবং পঞ্চমে বৃহস্পতি থাকিলে অথবা হোরালগ্নপতি ও লগ্নপতি অষ্টমে, অষ্টমপতি কেন্দ্রে থাকিলে ৬০ বর্ষ আয়ু হয়।

ভুজে তথায়ে নিরতঃ স্বতুঙ্গ-
ভাগে গ্রহশ্চাপি কবিস্তনুস্থঃ।
বুধঃ শনিশ্চৈব চতুষ্টয়ে চেৎ
খতর্কমা বৎসরকাস্তদায়ুঃ ॥৭৯॥ উ,জা

উচ্চাংশ গত গ্রহ তৃতীয়ে ও একাদশে, শুক্র লগ্নে, বুধ ও শনি কেন্দ্রে থাকিলে ৬০ বর্ষ আয়ু হয়।

তনুগতো মৃতুগো হিবুকে বিধু-
র্মদনগো ধরণী তনয়স্তথা।
শুভযুতো দিনপো দশমে তদা
খরসমাঃ পরমায়ুরথাব্দকাঃ ।৮০॥ দ্রু,বি

লগ্নে শনি, চতুর্থে চন্দ্র, সপ্তমে মঙ্গল, দশমে শুভযুক্ত রবি থাকিলে ৬০ বর্ষ আয়ু হয়।

কেন্দ্রে চাত্মজভে খলেতু তনুভে পাপেন সংবর্জ্জিতে
লগ্নেশাৎ ত্রিকগে খলেঽথ মৃতিভে সৌম্যোজ্ঝিতে বা তথা।
লগ্নেশে খিবলেঽথবা সহখলে কেন্দ্রে তু নেজ্যে তনৌ
হ্যায়ুঃ শূন্যরসপ্রমা নিগদিতং সাম্বৎ সরৈর্বৎসরাঃ ॥৮১॥ শা,বি

কেন্দ্র ও পঞ্চমে পাপগ্রহ কিন্তু লগ্নে পাপগ্রহ না থাকিলে অথবা লগ্নপতি হইতে ষষ্ঠে, অষ্টমে ও দ্বাদশে পাপ এবং অষ্টমে শুভগ্রহ না থাকিলে অথবা লগ্নপতি দুর্ব্বল বা পাপযুক্ত হইয়া কেন্দ্রস্থ কিন্তু বৃহস্পতি লগ্নে না থাকিলে ৬০ বর্ষ আয়ু হয়।

বীর্য্যাঢ্যস্তনুপস্তনৌ হিমকরস্তুঙ্গী শুভাঃ কেন্দ্রগাঃ
সৌম্যা বা নিজভেষু বৈ তুহিনগু স্তুঙ্গী বিলগ্নং গতঃ।
মৃত্যোর্ভিন্নগৃহেষু সৌম্যখচরা লগ্নাধিনাথস্ত্রিকে
পাপাঢ্যো যদি তৎ খদর্শনমিতা বর্ষা নরায়ুর্ভবেৎ ॥৮২॥ শা,বি

লগ্নপতি বলবান্ হইয়া লগ্নে, চন্দ্র উচ্চে, এবং শুভ গ্রহগণ কেন্দ্রস্থ হইলে অথবা শুভগ্রহগণ নিজ গৃহে, চন্দ্র উচ্চস্থ হইয়া লগ্নগত হইলে অথবা শুভ গ্রহগণ অষ্টম ভিন্ন স্থানে, লগ্নপতি পাপযুক্ত হইয়া দুঃস্থগত হইলে ৬০ বর্ষ আয়ু হয়।

দ্যূনস্থে মৃতিপে তথা সহখলে ষষ্ঠেঽষ্টমে বা বিধৌ
লগ্নেশে মৃদুগাংশগেচ সবিধৌ দুঃস্থং গতে বা তথা।
মন্দাংশস্থিত-লগ্নপে সমৃতিপে চন্দ্রেচ দুঃস্থং গতে
সর্ব্বেষু ত্রিকগেষু বা ভবতি বৈ চায়ুর্গজেষ্বব্দমম্ ॥৮৩॥ শা,বি

অষ্টমপতি সপ্তমে এবং পাপযুক্ত চন্দ্র ষষ্ঠে বা অষ্টমে থাকিলে অথবা লগ্নপতি শনির নবাংশে থাকিয়া চন্দ্রের সহিত দুঃস্থগত হইলে অথবা লগ্নপতি শনির নবাংশে থাকিয়া মৃত্যুপতির সহিত যুক্ত এবং চন্দ্র দুঃস্থগত হইলে অথবা সকল গ্রহই দুঃস্থগত হইলে ৫৮ বর্ষ আয়ু হয়।

সখেট-মন্দগস্তনৌ ব্যয়েঽথবাষ্টমে বিধুঃ।
ভুজাক্ষসংমিতাব্দকা স্তদায়ুরুচ্যতে বুধৈঃ ॥৮৪॥ প্র,ণি

কোন গ্রহযুক্ত শনি লগ্নে, চন্দ্র দ্বাদশে বা অষ্টমে থাকিলে ৫২ বর্ষ আয়ু হয়।

নপাপবীক্ষিতো বিধুঃ ক্রিয়ং গতঃ শুভেক্ষিতঃ।
যদা তনৌ গজাব্ধিমা স্তদাহুরায়ুরব্দকাঃ ॥৮৫॥ প্র,ণি

মেষে লগ্নগত চন্দ্র পাপ দৃষ্ট না হইয়া কেবল শুভ দৃষ্ট হইলে ৪৮ বর্ষ আয়ু হয়।

পাপেন যুক্তঃ সবলোঽষ্টমাধিপঃ
শত্রৌ স্থিতঃ সৌম্যনিরীক্ষণোজ্ঝিতঃ।
লগ্নাধিপঃ পাপযুতোঽষ্টমে যদা
চায়ুঃ সমা বাণপয়োধিমাস্তদা ॥৮৬॥ ই,বং

পাপ যুক্ত বলবান্ মৃত্যু পতি ষষ্ঠে থাকিয়া শুভ দৃষ্টি বর্জিত এবং পাপযুক্ত লগ্নপতি অষ্টমে থাকিলে ৪৫ বর্ষ আয়ু হয়।

তনুগতোঽবনিজো নিজতুঙ্গভে
মদনগঃ সচিবো দশমে শনিঃ।
যদি তদা ধনবান্ বহুশাস্ত্রবিজ্-
জলধিবেদমিতাব্দকজীবনঃ ॥৮৭॥ ক্রু,বি

উচ্চস্থ মঙ্গল লগ্নে, সপ্তমে গুরু, দশমে শনি থাকিলে ধনবান্, বহুশাস্ত্রজ্ঞাতা, ৪৪ বর্ষ জীবী হয়।

সহজগে দিনপে তনুগে কুজেঽ-
প্যথ চতুষ্টয়গে মরণাধিপে।
মৃতুগতৌ রিপুগেচ পরায়ুষা
শ্রুতিযুগাব্দমিতেন নরোযুতঃ ॥৮৮॥ ক্রু,বি

তৃতীয়ে রবি, লগ্নে, মঙ্গল, কেন্দ্রে অষ্টমপতি ও ষষ্ঠে শনি থাকিলে ৪৪ বর্ষ আয়ু হয়।

সপাপ লগ্নপোঽষ্টমে শুভাস্তু কেন্দ্রভিন্নগাঃ।
তদায়ুরব্দকা ভবেৎ খবেদসম্মিতা নৃণাম ॥৮৯॥ প্র,নি

পাপযুক্ত লগ্নপতি অষ্টমে এবং শুভ গ্রহগণ কেন্দ্রভিন্নস্থানে থাকিলে ৪০ বর্ষ আয়ু হয়।

বলী বুধশ্চতুষ্টয়ে মৃতির্যদা শুভেক্ষিতা।
তদাম্বরাগমপ্রমা নুরায়ুরুচ্যতেঽব্দকাঃ ॥৯০॥ প্র,নি

কেন্দ্রে বলবান্ বুধ ও অষ্টম স্থান শুভ দৃষ্টি হীন হইলে ৪০ বর্ষ বাঁচিয়া থাকে।

ব্যয়ে মৃতৌ চ পাপদাস্তথাস্পদে শুভাশুভৌ।
খবেদমান-হায়নং নরায়ুরাদিশেৎ তদা ॥৯১॥ প্র.নি

অষ্টমে ও দ্বাদশে পাপ ও দশমে শুভাশুভ মিশ্র গ্রহ থাকিলে ৪০ বর্ষ আয়ু হয়।

পাপান্তরে দিনকরেঽপিচ শত্রুগেহে
লগ্নে সুদৃষ্টিরহিতে হ্যথবাপি লগ্নে।
চন্দ্রারকেতু সহিতে মৃতিভেচ কেন্দ্রে
সৌম্যোজ্ঝিতেঽঙ্গগুণমং মনুজায়ুরব্দম্ ॥৯২॥ ব,তি

সূর্য্য পাপ মধ্য গত হইয়া শত্রুগৃহে এবং লগ্ন শুভদৃষ্টিহীন হইলে অথবা লগ্নে চন্দ্র, মঙ্গল ও কেতু এবং কেন্দ্র ও অষ্টমস্থান শুভগ্রহহীন হইলে ৩৬ বর্ষ আয়ু হয়।

ক্ষীণঃ শশী মৃত্যুপতিঃ সপাপো-
মৃত্যৌ তথা কণ্টকগো যদা বা।
লগ্নে বলোনঃ সখলো গ্রহশ্চেদ্-
বর্ষা স্তদা দন্তমিতা নরায়ুঃ ॥৯৩॥ ই,ব

চন্দ্রক্ষীণ, পাপযুক্ত অষ্টম পতি অষ্টমে বা কেন্দ্রে এবং লগ্নে পাপযুক্ত দুর্ব্বল গ্রহ থাকিলে ৩২ বর্ষ আয়ু হয়।

আপোক্লিমে লগ্নপতি র্বিধুশ্চ
পাপপ্রদৃষ্টৌ বিবলৌ যদা তৌ।
আয়ুস্তদাহু র্দশনপ্রমাণান্
সম্বৎসরান্ দৈববিদো মুনীন্দ্রাঃ ॥৯৪॥ ই,ব

লগ্নপতি ও চন্দ্র উভয়েই আপোক্লিমস্থ হইয়া পাপ দৃষ্ট ও দুর্ব্বল হইলে ৩২ বর্ষ আয়ু হয়।

লগ্নাচ্চন্দ্রান্নাশনাথৌ চ কেন্দ্রে
সৌম্যঃ খেটো নৈব কেন্দ্রে স্থিতঃ স্যাৎ।
নাশে ভাবে সংস্থিতঃ খেচরশ্চে-
দাদ্বাত্রিংশদ্বর্ষমায়ুস্তদাহুঃ ॥৯৫॥ শা,নী

লগ্ন ও চন্দ্র হইতে অষ্টমপতিদ্বয় লগ্ন হইতে কেন্দ্রে অবস্থিত, কেন্দ্রে শুভ গ্রহ রহিত এবং অষ্টমে যে কোন গ্রহ থাকিলে ৩২ বর্ষ পর্য্যন্ত পরমায়ু হয়।

ক্ষীণশ্চন্দ্রঃ কর্কিগো মৃত্যুনাথঃ
কেন্দ্রে পাপশ্চাপি নাশে স্থিতশ্চেৎ।
লগ্নস্বামী হীন বীর্য্যস্তদায়ু-
রাদ্বাত্রিংশং বর্ষমভ্রাগ্নিমাব্দাৎ ॥৯৬॥ শা,নী

ক্ষীণ চন্দ্র কর্কটে, অষ্টমপতি কেন্দ্রে, অষ্টমে পাপ ও লগ্নপতি দুর্ব্বল হইলে ৩০ হইতে ৩২ বর্ষ পর্য্যন্ত বাঁচিয়া থাকে।

রিপ্ফে বিত্তে পাপখেটঃ সুরেজ্যো-
মৃত্যৌ কামে বা সরাহুর্ভবেচ্চেৎ।
কেন্দ্রে বীর্য্যী জ্ঞো মৃতৌ নৈব খেট-
শ্চায়ুর্ব্যোমাগ্নিপ্রমাদারদাব্দম্ ॥৯৭॥ শা,নী

লগ্নের উভয় পার্শ্বে দ্বিতীয়ে ও দ্বাদশে পাপ, বৃহস্পতি রাহু যুক্ত হইয়া সপ্তমে বা অষ্টমে থাকিলে অথবা বলবান্ বুধ কেন্দ্রস্থ ও অষ্টমভাব গ্রহহীন হইলে ৩০ হইতে ৩২ বর্ষ পর্য্যন্ত আয়ু হয়।

সূনৌ সংস্থশ্চন্দ্রযুক্তঃ সপাপো-
দৈত্যামাত্যো লগ্ননাথোঽপি শত্রৌ।
কেন্দ্রে চৈবং মৃত্যুনাথস্তদাহু-
স্ত্রিংশাদ্বর্ষাদারদাব্দং নরায়ুঃ ॥৯৮॥ শা,নী

পঞ্চমে চন্দ্রযুক্ত ও পাপযুক্ত শুক্র, লগ্নপতি ষষ্ঠস্থ, অষ্টমপতি কেন্দ্রস্থ হইলে ৩০ হইতে ৩২ বর্ষ পর্য্যন্ত আয়ু হয়।

লগ্নভাবপতি-মৃত্যুনাথয়ো-
রন্তরালমুপযাতি শীতগৌ।
রিপ্ফগে সুরগুরৌ ভসম্মিতা-
আয়ুরভ্রশুচিমাঃ পুনঃ সমাঃ ॥৯৯॥ র,তা

লগ্নপতি ও ও অষ্টমপতির মধ্যবর্ত্তী চন্দ্র এবং দ্বাদশে বৃহস্পতি থাকিলে ২৭ বর্ষ বা ৩০ বর্ষে মৃত্যু হয়।

লগ্নেঽষ্টমেশে বিবলে তনূপে
ত্রিংশৎসমাশ্চায়ুরথো নরাণাম্।
সার্কে শনৌ মৃত্যুগ ইন্দুনা চেৎ
সম্বন্ধগে নন্দভুজাব্দমায়ুঃ ॥১০০॥ ই,ব

অষ্টমপতি,লগ্ন ও লগ্নপতি ইহারা দুর্ব্বল হইলে ৩০ বর্ষ আয়ু হয়। চন্দ্রের সহিত সম্বন্ধ বিশিষ্ট, রবিযুক্ত শনি অষ্টমে থাকিলে ২৯ বর্ষ আয়ু হয়।

পাপঃ স্বয়ং পাপবিলোকিতশ্চ
নাশেশ্বরো গীষ্পতিনা প্রদৃষ্টঃ।
লগ্নাধিনাথোঽপিচ মৃত্যুসংস্থ-
শ্চায়ুস্তদা নাগভুজপ্রমাব্দাঃ ॥১০১॥ই,ব

স্বয়ং পাপও পাপদৃষ্ট অষ্টমপতি বৃহস্পতি দ্বারা দৃষ্ট এবং লগ্নপতি অষ্টমস্থ হইলে ২৮ বর্ষ আয়ু হয়।

লগ্নে বিনাশে মদনেচ পাপঃ
কেন্দ্রং যদা স্যাচ্ছুভবর্জ্জিতং বা।
সূর্য্যাগুচন্দ্রা স্তনুগাশ্চ জীবো-
রিপ্ফে তদায়ুর্গজনেত্রবর্ষাঃ ॥১০২॥ ই,ব

লগ্নে, অষ্টমে ও সপ্তমে পাপ, কেন্দ্র শুভ বর্জ্জিত হইলে অথবা লগ্নে রবি, চন্দ্র ও রাহু এবং দ্বাদশে বৃহস্পতি থাকিলে ২৮ বর্ষ আয়ু হয়।

লগ্নেশ্বরোঽথাষ্টমপশ্চ পাপৌ
পাপান্বিতৌ সদ্‌গ্রহবর্জ্জিতৌ বা।
লগ্নে রিপোর্ভে মৃত্যুগস্তু সৌম্যা-
আপোক্লিমে চেদ্‌ ভমিতাব্দমায়ুঃ ॥১০৩॥ ই,ব

লগ্নপতি ও অষ্টমপতি উভয়েই পাপগ্রহ ও পাপযুক্ত হইয়া শুভগ্রহ যুক্ত না হইলে অথবা শনি শত্রুক্ষেত্রে লগ্নে এবং শুভগ্রহগণ আপোক্লিমে থাকিলে ২৭ বর্ষ আয়ু হয়।

পাপান্তরালে তনুপঃ খলর্ক্ষে
সৌম্যোজ্ঝিতো বা তনুগো দ্বিদেহে।
মন্দোঽষ্টমদ্বাদশপৌ বলোনৌ
জ্ঞেয়ং তদায়ুঃ শরবাহুমাব্দাঃ ॥১০৪॥ ই,ব

লগ্নপতি পাপক্ষেত্রে পাপমধ্যগত হইয়া শুভযুক্ত না হইলে অথবা শনি দ্ব্যাত্মক রাশিতে লগ্নগত এবং অষ্টম পতি ও দ্বাদশ পতি দুর্ব্বল হইলে ২৫ বর্ষ আয়ু হয়।

অথ গোচরফলাধ্যায়

মাসং তিষ্ঠতি ভাস্করো হিমকরঃ পাদান্বিতাহর্দ্বয়ং
সার্দ্ধং মাসমিলাসুতো ধৃতিদিনান্যেকালয়ে বোধনঃ।
জীবো হায়নমষ্টবিংশতিদিনানীজ্যোঽসুরাণাং শনিঃ
সার্দ্ধং দ্বিপ্রমহায়নং দিতিসুতৌ রাশৌচ সার্দ্ধাব্দকম্‌ ॥১॥শা,বি

এক রাশিতে রবি ১ মাস, চন্দ্র ২ দিন ১৫ দণ্ড, মঙ্গল ৪৫ দিন, বুধ ১৮ দিন, বৃহস্পতি ১ বৎসর, শুক্র ২৮ দিন, শনি ২ বৎসর ৬ মাস, রাহু ও কেতু ১ বৎসর ৬ মাস একরাশিতে অবস্থান করিয়া থাকে। গতির ন্যূনাধিক্যে ইহার কিঞ্চিৎ হ্রাস বৃদ্ধি হইয়া থাকে।

গোচরে শুভাশুভস্থানানি

সূর্য্যার-মন্দাসুর-কেতু চন্দ্রাঃ
শুভপ্রদাশ্চোপচয়েষু রাশেঃ।
দ্যূনেঽপি চন্দ্রো বিধুজোঽথ যুগ্মে
কোণে দ্ব্যনেঽর্থে বচসাং পতিশ্চ ॥২॥ উ,জা

দশাস্ত-ষষ্ঠেতরভেষু শুক্রঃ
সর্ব্বে হ্যুপান্তে শুভদাস্তু রাশেঃ।
আদ্যে কুজার্কৌ চরমে শনীন্দূ
মধ্যে কবীজ্যৌ ফলদৌ সদা জ্ঞঃ ॥৩॥ উ,জা

সূর্য্য, মঙ্গল, শনি, রাহু, কেতু, চন্দ্র ইহারা জন্ম রাশি হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ রাশিতে থাকিলে শুভপ্রদ হয়। চন্দ্র সপ্তমে ও শুভকর। বুধ দ্বিতীয়,চতুর্থাদি যুগ্ম রাশিতে শুভ। বৃহস্পতি পঞ্চম, নবম, সপ্তম ও দ্বিতীয়ে শুভ শুক্র দশম সপ্তম ও ষষ্ঠ ব্যতীত অবশিষ্ট নয়টি রাশিতে শুভ। সকল গ্রহই মানবের জন্ম রাশি হইতে একাদশে থাকিলে শুভ কর হয়।

যে গ্রহ যত কাল এক রাশিতে ভোগ করিয়া থাকে তাহাকে তিন ভাগ করিয়া আদ্য, মধ্য ও শেষ ভাগের পরিমাণ জানিবে। রবি ও মঙ্গল প্রথম ভাগে, শনি ও চন্দ্র শেষ ভাগে, বৃহস্পতি ও শুক্র মধ্য ভাগে, বুধ সকল সময়েই গোচর জনিত শুভাশুভ ফল প্রদান করিয়া থাকে।

ষন্নাড়ী চক্রম্

জন্মর্ক্ষমাদ্যা কিল জন্মনাড়ী
কর্ম্মাখ্যনাড়ী দশমং ততশ্চ।
সাংঘাতিকী ষোড়শভং তৃতীয়া
চাষ্টাদশর্ক্ষং সমুদায় সংজ্ঞা ॥৪॥ ই,ব

ত্রয়োদশাত্রৈব বিনাশসংজ্ঞা
স্যাৎ পঞ্চবিংশং কিল মানসাখ্যা।
নাড্যাখ্যকে ভে খলখেটযুক্তে
স্বাস্থ্যার্থ মিত্রাস্পদ-নাশ মাহুঃ ॥৫॥ উ,জা

জন্ম নক্ষত্রের নাম জন্ম নাড়ী। তাহা হইতে দশম নক্ষত্রের নাম কর্ম্মনাড়ী, ষোড়শ নক্ষত্র সাংঘাতিক নাড়ী, অষ্টাদশ নক্ষত্র সমুদায় নাড়ী, ত্রয়োবিংশ নক্ষত্র বিনাশ নাড়ী, পঞ্চবিংশ নক্ষত্র মানস নাড়ী নামে অভিহিতা, এই ছয়টী নাড়ী সংজ্ঞক নক্ষত্রের কোন একনক্ষত্রে পাপগ্রহের সংক্রমণ হইলে স্বাস্থ্য, অর্থ, বন্ধু ও কার্য্যের নাশ হয়।

গ্রহবিরুদ্ধতায়াং রোগস্থানানি

শীর্ষে মুখেঽর্কো গলবক্ষসোশ্চ
চন্দ্রোঽথ পৃষ্ঠোদরয়োর্ধরাজঃ।
পদোশ্চ বাহ্বো বিধুজোঽথ জীবঃ
কট্যাং কবিঃ কোষকয়োশ্চ গুহ্যে ॥৬॥ উ,জা
উরুদ্বয়ে জানুযুগেঽপি মন্দ-
শ্চাধীশ এষ প্রতিকূলবর্ত্তী।
চারে যদা বা নিজদায়কালে
স্বাঙ্গে স্বদোষেণ করোতি রোগম্ ॥১১॥ ই,ব

রবি মস্তক ও মুখমণ্ডলের অধিপতি, চন্দ্র গলদেশ ও বক্ষঃস্থলের, মঙ্গল পৃষ্ঠদেশ ও উদরের, বুধ পদদ্বয় ও বাহু দেশের, শনি উরুদ্বয় ও জানুদ্বয়ের অধিপতি। কোন গ্রহ নিজ দশায়, অন্তর্দশায় বা গোচরে বিরুদ্ধ হইলে নিজ নির্দিষ্ট অঙ্গে বাত পিত্তাদিনিজনির্দিষ্টদোষে রোগোৎপাদন করিয়া থাকে।

গোচর বিরুদ্ধতায়াং প্রতি প্রসবঃ

সঞ্চারকালে প্রতিকূলতায়া-
মপি গ্রহাণাং হিমগুর্বিশুদ্ধঃ।

সঞ্চারজাতান্ সকলাংশ্চ দোষান্
বিনশ্য সৌখ্যন্তু করোতি নৃণাম্ ॥৮॥ উ,জা

সংক্রমণ কালে কোন গ্রহ বিরুদ্ধ স্থানে গমন করিলেও চন্দ্রশুদ্ধি থাকিলে দোষ বিনষ্ট ও শুভ ফল হইয়া থাকে।

পুংজাতচক্রম্

পুংসো জন্মনি ভাস্করাশ্রিতভতো দেয়ং ত্রয়ং মস্তকে
বক্ত্রে ত্রীণি তথৈকমেকমুড়ুকং স্থাপ্যং পুনঃ স্কন্ধয়োঃ ॥
একৈকং ভুজয়োস্তথাচ করয়োঃ পঞ্চ প্রদেয়ং হৃদি
নাভৌ গুহ্যক একশো যুগমিতং চাঙ্ঘ্রিদ্বয়ে জানুনোঃ ॥৯॥ শা,বি

পুরুষের জাত চক্রে জন্ম কালীন রবিস্থিত নক্ষত্র হইতে মস্তকে তিন নক্ষত্র, মুখে তিন, স্কন্ধ দ্বয়ে এক এক, ভুজ দ্বয়ে এক এক, হস্ত দ্বয়ে এক এক, হৃদয়ে পাঁচ, নাভিতে এক, গুহ্যে এক, জানুদ্বয়ে দুই দুই, পাদ দ্বয়ে দুই দুই নক্ষত্র স্থাপন করিবে।

পুংজাত চক্রফলম্

শীর্ষে ভূপসমো মুখে মধুরভুক্ স্কন্ধেচ ভোগী নরো-
দুঃখী স্যাদ্ ভুজয়োঃ প্রলুব্ধমতিকো হস্তদ্বয়ে মানবঃ।
বিত্তাঢ্যো হৃদি নাভিকেঽল্পধনভাগ্ গুহ্যে পরস্ত্রীরতঃ
সেবী বা কৃষকঃ পদোরটনকো জানুদ্বয়ে ত্বৃক্ষকে ॥১০॥ শা,বি

মস্তকে জন্ম নক্ষত্র পতিত হইলে রাজতুল্য, মুখে মিষ্টাশী, স্কন্ধে ভোগী, ভুজ দ্বয়ে দুঃখী, হস্তদ্বয়ে লোভী, হৃদয়ে ধনাঢ্য, নাভিতে অল্পধনযুক্ত, গুহ্যে পরদারাসক্ত, জানুতে ভ্রমণ প্রিয়, চরণে জন্মনক্ষত্র পতিত হইলে সেবাকারী (চাকরী জীবী) বা কৃষিজীবী হয়।

প্রসঙ্গাৎ স্ত্রীজাতচক্রকথনম্

শীর্ষে ত্রীণি খরাংশুভাদথ মুখে ভানাং ন্যসেৎ সপ্তকং
প্রত্যেকং স্তনয়োর্লিখেৎ শ্রুতিমিতং হৃদ্দেশকে ভত্রয়ম্।
নাভৌ গুহ্য উড়ুত্রয়ং ত্রয়মিতি স্ত্রীজাতচক্রে ক্রমাৎ
সন্তাপো মধুরাশিতা পতিসুখং হর্ষো রতিঃ কামিতা ॥১১॥ শা,বি

স্ত্রীজাত চক্রে সূর্য্য যুক্ত নক্ষত্র হইতে মস্তকে তিননক্ষত্র লিখিবে ফল সন্তাপ, মুখে সাত নক্ষত্র ফল মিষ্ট ভোজন, স্তনদ্বয়ে চারি চারি নক্ষত্র ফল পতিসুখ, হৃদয়ে তিন নক্ষত্র ফল আনন্দ, নাভিতে তিন নক্ষত্র ফল রতি প্রিয়তা, গুহ্যে তিননক্ষত্র লিখিবে ফল কামাধিক্য।

প্রেক্ষা কথনম্

শূন্যার্কভাগাঃ খরসাংশকা বা
যদান্তরং খেচরয়োর্দ্বয়োঃ স্যাৎ।
প্রেক্ষা তদা সৌখ্যকরী খলানাং
শুভগ্রহাণামপি কোবিদোক্তা ॥১২॥ উ,জা

গোচরে বা জন্ম সময়ে দুইটি গ্রহের স্ফুটে ১২০অংশ বা ৬০ অংশ অন্তর হইলে প্রেক্ষা নামক সম্বন্ধ হয়। শুভ বা অশুভ সকল গ্রহের প্রেক্ষাই শুভকরী। গ্রহদ্বয় নিজ নিজ কারকত্বানুসারে শুভফল প্রদান করিয়া থাকে।

ষড়্ভান্তরং খাঙ্কলবান্তরং বা
তথান্তরং বাক্ষপয়োধিভাগৈঃ।
প্রেক্ষা সতোর্বা খলয়োস্তদাচে-
দসৌখ্যদা প্রাহুরিতি প্রবীণাঃ ॥১৩॥ উ,জা

দুইটি শুভ গ্রহের বা দুইটি অশুভ গ্রহের অন্তর ১৮০ অংশ, ৯০ অংশ বা ৪৫ অংশ হইলে অশুভ কর প্রেক্ষা হইয়া থাকে।

অশুভয়োশ্চ যুতির্হ্যশুভপ্রদা
শুভকরী শুভয়োঃ সততং যুতিঃ।
সদসতোশ্চ যুতৌ কিল মিশ্রিতং
ফলমিতি প্রজগুঃ ফলবাদিনঃ ॥১৪॥ দ্রু,বি

দুইটি পাপ গ্রহের যোগ অশুভ কর, দুইটি শুভ গ্রহের যোগ শুভ কর। একটি শুভ ও একটি অশুভ গ্রহের যোগে মিশ্রফল হইয়া থাকে।

ন্যূনাধিক্যে পঞ্চভিশ্চাপি ভাগৈঃ
প্রেক্ষাংশেভ্যঃ খেটয়োঃ প্রোক্তকেভ্যঃ।
রাহোঃ কেতোরন্যখেটৈশ্চ সার্দ্ধং
প্রেক্ষা যোগাৎ কেবলং চিন্তনীয়া ॥১৫॥ শা,বি

পূর্ব্বে যে প্রেক্ষাংশ বলা হইয়াছে তাহা হইতে পাঁচ অংশ ন্যূনাধিক্যেও প্রেক্ষা ফল ঘটিয়া থাকে। অন্য গ্রহের সহিত রাহু ও কেতুর কেবল যুতি দ্বারাই প্রেক্ষা ফল বিবেচনা করিবে।

ভাবস্যাধিপতির্জন্মসময়ে যস্মিন্ স্ফুটাংশে স্থিত-
স্তস্মাদ্ গোচরসংস্থ-খেটবিবরাৎ প্রেক্ষাচ চিন্ত্যা বুধৈঃ।
ভাবস্য স্ফুটভাগতোঽপি সমতা খেটস্য চারে যদা
চারজ্ঞৈরশুভং শুভং চ মনুজস্যাদিশ্যতে বৈ তদা ॥১৬॥ শা,বি

কোন ও ভাবের অধিপতি জন্মসময়ে যে স্ফুটাংশে অবস্থিত ছিল গোচরে কোন গ্রহের সেই স্ফুটাংশের সহিত পূর্ব্বোক্ত রূপ অন্তর হইলে প্রেক্ষা ফল বিচার করিবে।

জন্ম সময়ে ভাব স্ফুটের সহিত গোচরে কোন গ্রহের স্ফুটের সমতা হইলেও যুতি জনিত শুভাশুভ ফল বিচার করিবে।

কালাংশাঃ খররশ্মিকং হ্যভয়তশ্চন্দ্রাদিকানাং ক্রমাৎ
সূর্য্যাঃ শৈলভুবঃ পয়োধিবসুধা রুদ্রা দিশোঽক্ষেন্দবঃ।

দীপ্তাংশা স্তিথয়ো দিবাকরমিতা নাগা নগা খেচরাঃ
শৈলা ব্যোমচরাঃ ক্রমান্নিগদিতাঃ সূর্য্যাদিকানাং বুধৈঃ ॥১৭॥ শা,বি

সূর্য্যের উভয় দিকে চন্দ্রাদির কালাংশ যথাক্রমে ১২, ১৭, ১৪, ১১, ১০, ১৫ অংশ। ইহার অন্তর্গত হইলে গ্রহগণ অস্তমিত হয়

সূর্য্যাদির দীপ্তাংশ যথাক্রমে ১৫, ১২, ৮, ৭, ৯, ৭, ৯ অংশ,

অথাষ্টবর্গাধ্যায়ঃ

সূর্য্যাষ্টবর্গ রেখাঃ ৪৮

অর্কঃ স্বাৎ কেন্দ্রনাগাঙ্কভবার্থস্থঃ শুভপ্রদঃ।
চন্দ্রাত্বুপচয়স্থশ্চ মন্দারাভ্যাং থরাংশুবৎ ॥১॥
জ্ঞাৎ কোণোপচয়ান্ত্যস্থো জীবাৎ কোণারিলাভগঃ।
শুক্রাদন্ত্যারিশৈলস্থোঽঙ্গাদব্ধ্যুপচয়ান্ত্যগঃ ॥২॥ অনু

সূর্য্যাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১ চন্দ্রাৎ ৩।৬।১০।১১ কুজাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১ বুধাৎ ৩।৫।৬।৯।১০।১১।১২ জীবাৎ ৫।৬।৯।১১ শুক্রাৎ ৬।৭।১২ মন্দাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১ লগ্নাৎ ৩।৪।৬।১০।১১।১২

চন্দ্রাষ্টবর্গ রেখাঃ ৪৯

চন্দ্রঃ শুভো রবের্নাগসপ্তোপচয়সংস্থিতঃ।
স্বাদ্ দ্ব্যনোপচয়াদ্যস্থো মন্দাৎ ত্রীষ্বরিরুদ্রগঃ ॥৩॥

ভৌমাৎ কোণোপচিত্যর্থে লগ্নাদুপচয়ে স্থিতঃ।
বুধাৎ কণ্টকরুদ্রাগ্নিপুত্রমৃত্যুগতঃ শুভঃ ॥৪॥
জীবাৎ কেন্দ্রেভলাভার্থগতঃ শর্ম্মকরো ভবেৎ।
শুক্রাৎ কোণাব্ধিলাভত্রিমুনিদিকৃস্থঃ সুশোভনঃ ॥৫॥

সূর্য্যাৎ ৩।৬।৭।৮।১০।১১ চন্দ্রাৎ ১।৩।৬।৭।১০।১১ কুজাৎ ২।৩।৫।৬।৯।১০।১১ বুধাৎ ১।৩।৪।৫।৭।৮।১০।১১ জীবাৎ ১।২।৪।৭।৮।১০।১১ শুক্রাৎ ৩।৪।৫।৭।৯।১০। ১১ মন্দাৎ ৩।৫।৬।১১ লগ্নাৎ ৩।৬।১০।১১

ভৌমাষ্টবর্গরেখাঃ ৩৯

অর্কাদুপচয়ে সংস্থো ভৌমোঽগ্নীশারিগো বিধোঃ।
স্বাৎ কেন্দ্রেভেশবিত্তস্থো জ্ঞাদগ্নীশেষ্বরিস্থিতঃ ॥৬॥
জীবাল্লাভান্ত্যদিক্ ষট্স্থঃ শুক্রাদ্ দুঃস্থেশগঃ শুভঃ।
শনেঃ কেন্দ্রেভলাভাঙ্কস্থিতঃ ক্ষ্মোপচয়ে তনোঃ ॥৭॥

সূর্য্যাৎ ৩।৫।৬।১০।১১ চন্দ্রাৎ ৩।৬।১১ কুজাৎ ১।২।৪।৭।৮।১০।১১ বুধাৎ ৩।৫।৬।১১ জীবাৎ ৬।১০।১১।১২ শুক্রাৎ ৬।৮।১১।১২ মন্দাৎ ১।৪।৭।৮।৯।১০।১১ লগ্নাৎ ১।৩।৬।১০।১১।

বুধাষ্টবর্গরেখাঃ ৫৫

কোণারীশব্যয়স্থোঽর্কাদ্ বোধনঃ শুভদায়কঃ।
চন্দ্রাদ্ দ্ব্যঙ্গেভ লাভাব্ধিদিকৃসংস্থঃ শোভনোমতঃ ॥৮॥
ভৌমাৎ কেন্দ্রার্থনাগাঙ্কলাভস্থঃ স্যাৎ শুভপ্রদঃ।
স্বাদাদ্যোপচয়ার্কেযুগোস্থিতঃ শর্ম্মদো ভবেৎ ॥৯॥
গুরোর্দশনলাভান্ত্যনাগসংস্থোঽপি শর্ম্মদঃ।
শুক্রাদাদ্যধনেশেভকোণত্রিবারিধিস্থিতঃ ॥১০॥

মন্দাৎ কেন্দ্রার্থ লাভেষুরিপ্ ফনাগগতস্তথা।
লগ্নাদাদ্যধনাব্ধীশগজদিগ্ রসগঃ শুভঃ ॥১১॥

সূর্য্যাৎ ৫।৬।৯।১১।১২ চন্দ্রাৎ ২।৪।৬।৮।১০।১১।কুজাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১। বুধাৎ ১।৩।৫।৬।৯।১০।১১।১২ জীবাৎ ৬।৮।১১।১২ শুক্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১১ মন্দাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১।১২ লগ্নাৎ ১।২।৪।৬।৮।১০।১১।

জীবাষ্টবর্গরেখাঃ ৫৬

সূর্য্যাৎ কেন্দ্রার্থ লাভাগ্নিনন্দাষ্টস্থোগুরুঃ শুভঃ।
চন্দ্রাদ্দ্বীশর্ষিকোণস্থো ভৌমাদ্দ্বীশাষ্টকেন্দ্রগঃ ॥১২॥
বুধাদাদ্যধনাব্ধীষু ষড়ঙ্কলাভদিক্স্থিতঃ।
স্বাৎ কেন্দ্রেশেভরামাশাগতঃ স শোভনো মতঃ ॥১৩॥
কবেঃ কোণদ্ব্যরীশাশাস্থোমন্দাৎ ত্রীষরিব্যয়ে।
লগ্নাদ্ দ্ব্যঙ্গেশ কেন্দ্রাঙ্ক বাণস্থঃ শুভ দায়কঃ ॥১৪॥

সূর্য্যাৎ ১।২।৩।৪।৭।৮।৯।১০।১১ চন্দ্রাৎ ২।৫।৭।৯।১১ কুজাৎ ১।২।৪।৭।৮।১০।১১। বুধাৎ ১।২।৪।৫।৬।৯।১০।১১ জীবাৎ ১।২।৩।৪।৭।৮।১০।১১। শুক্রাৎ ২।৫।৬।৯।১০।১১ মন্দাৎ ৩।৫।৬।১২ লগ্নাৎ ১।২।৪।৫।৬।৭।৯।১০।১১।

শুক্রাষ্টবর্গরেখাঃ ৫২

ভাস্করাল্লাভনাগান্ত্যসংস্থো দৈত্যগুরুঃ শুভঃ।
চন্দ্রাদাদ্যদ্বিরামাব্ধিকোণেভান্ত্যভবস্থিতঃ ॥১৫॥
ভৌমাদ্ বেদাগ্নিতর্কাঙ্কশিবান্ত্যস্থঃ শুভপ্রদঃ।
বোধনাদ্ বহ্নিতর্কেষুগোলাভস্থঃ শিবো ভবেৎ ॥১৬॥
জীবাৎ পঞ্চাষ্টদিগ্ লাভনন্দস্থঃ শোভনো মতঃ।
স্বাদাদ্যদ্বিহুতাশাব্ধিকোণাষ্টদিগ্ ভবস্থিতঃ ॥১৭॥

মন্দাদ্ গুণাব্ধিবাণাষ্টনন্দদিগ্লাভসংস্থিতঃ।
লগ্নাদাদ্যদ্বিবেদাগ্নিকোণাষ্টশিবগঃ শুভঃ ॥১৮॥

সূর্য্যাৎ ৮।১১।১২ চন্দ্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১১।১২ কুজাৎ ৩।৪।৬।৯।১১।১২ বুধাৎ ৩।৫।৬।৯।১১ জীবাৎ ৫।৮।৯।১০।১১ শুক্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১০।১১ মন্দাৎ ৩।৪।৫ ৮।৯।১০।১১ লগ্নাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১১।

মন্দাষ্টবর্গরেখাঃ ৩৯

সূর্য্যাৎ কেন্দ্রেশনাগার্থগতো মন্দঃ সুশোভনঃ।
ভৌমাৎ ত্রীষঙ্গলাভান্ত্যদিক্‌সংস্থঃ শুভদায়কঃ ॥১৯॥
জ্ঞাৎ দুঃস্বেশদিগঙ্কস্থশ্চন্দ্রাল্লাভাঙ্গবহ্নিগঃ।
জীবাৎ তর্কেষু লাভান্ত্যসংস্থিতঃ শুভদো মতঃ ॥২০॥
শুক্রাৎ শিবার্কতর্কস্থঃ স্বাৎ ত্র্যঙ্গেশেষু লাভগঃ।
লগ্নাদাদ্যোপচিত্যব্ধিগতোঽসৌ শর্ম্মদো ভবেৎ ॥২১॥

সূর্য্যাৎ ১।২।৪।৭।৮।১০।১১ চন্দ্রাৎ ৩।৬।১১ কুজাৎ ৩।৫।৬।১০।১১।১২ বুধাৎ ৬।৮।৯। ১০।১১।১২ জীবাৎ ৫।৬।১১।১২। শুক্রাৎ ৬।১১।১২ মন্দাৎ ৩।৫।৬।১১ লগ্নাৎ ১।৩।৪ ৬।১০।১১

লগ্নাষ্টবর্গ রেখাঃ ৩৭

সূর্য্যাৎ কেন্দ্রেভ লাভার্থ গতা স্যাৎ শোভনা তনুঃ।
কুজাৎ ত্রীষঙ্গলাভস্থা শুক্রাদন্ত্যেশষট্‌স্থিতা ॥২২॥
বুধাৎ ষড়ষ্টনন্দেশদিক্‌স্থাজ্ঞাৎ ত্র্যঙ্গলাভগা।
জীবাদাদিত্যবাণেশ দর্শনস্থা শুভপ্রদা ॥২৩॥
শনের্হুতাশবাণাষ্টদিগ্রুদ্রস্থা ভবেচ্ছুভা।
নিজাদপিচ চন্দ্রাগ্নিবেদতর্কেশদিগ্ গতা ॥২৪॥

সূর্য্যাৎ ১।২।৪।৭।৮।১০।১১ চন্দ্রাৎ ৩।৬।১১ কুজাৎ ৩।৫।৬।১১ বুধাৎ ৬।৮।৯ ১০।১১ জীবাৎ ৫।৬।১১।১২ শুক্রাৎ ৬।১১।১২ মন্দাৎ ৩।৫।৮।১০।১১ লগ্নাৎ ১।৩।৪। ৬।১০।১১

অষ্টবর্গ ফলম্

ইত্যুক্ত মিষ্টং নশুভং হ্যনুক্তম্
তয়োর্বিশেষৈরশুভং শুভং বা।
নিজোপচিত্যুচ্চ সুহৃৎ ত্রিকোণ-
ভস্থঃ স্বরাশেঃ শুভদোঽশুভোঽপি ॥২৫॥ উ,জা

অশুভং বিন্দুবাহুল্যে রেখাধিক্যে শুভং স্মৃতম্।
রেখাবিন্দুসমং যত্র সাম্যং তত্র নিগদ্যতে ॥২৬॥

কথিত স্থানে রেখা এবং অকথিত স্থানে বিন্দু স্থাপন করিবে। সাতটি গ্রহ ও লগ্ন এই আধটি রেখা প্রতি রাশিতে হইতে পারে। তন্মধ্যে যে কয়টি রেখা পরিয়াছে তাহা শুভ এবং যে কয়টি বিন্দু পরিয়াছে তাহা অশুভ নামে অভিহিত। এই শুভ ও অশুভের অন্তরে শুভের সংখ্যা যত অধিক হইবে রাশিতে তত সংখ্যা এবং অশুভের সংখ্যা যত অধিক তত বিন্দু লিখিবে। রেখা ও বিন্দু সমান হইলে সম লিখিবে। সম রাশিতে শুভ বা অশুভ হয় না। সংখ্যাযুক্ত রাশি শুভপ্রদ, বিন্দু যুক্ত রাশি অশুভ প্রদ হইয়া থাকে। জন্ম রাশি হইতে কোনগ্রহ তৃতীয়, ষষ্ঠ, দশম একাদশে, উচ্চ, মিত্র গৃহে বা মূলত্রিকোণে থাকিলে গোচরে বা অষ্টবর্গে বিরুদ্ধ থাকিলেও শুভকর হয়।

রেখাসংখ্যাঃ সপ্তভানাং গৃহীত্বা
মেষাদ্যেষু স্থাপনীয়াঃ ক্রমেণ।
ত্রিংশাধিক্যে শর্ম্মদ স্তত্রভাব-
উনেঽনিষ্টং পঞ্চবিংশাদ্ বিবেচ্যম্ ॥২৭॥ শা,লী

মহাষ্টবর্গে লগ্নাষ্টবর্গের রেখা না লইয়া ৭টি গ্রহের অষ্টবর্গ চক্র হইতে মেষাদি রাশির রেখাসমূহের যোগফল ক্রমশঃ মেষাদি দ্বাদশ রাশিতে স্থাপন করিবে। যে রাশিতে রেখা সংখ্যা ৩০ হইতে অধিক সেই রাশি শুভ প্রদ। ২৫ পর্য্যন্ত মধ্যম। ২৫ হইতে ন্যূন হইলে অশুভপ্রদ হয়। কেহ কেহ রেখার যোগ ফল স্থাপন না করিয়া শুভ প্রদ সংখ্যা সমূহের যোগফল মেষাদি রাশিতে যথাক্রমে স্থাপন করিয়া থাকেন।

শুভাশুভ দিগ্ জ্ঞানম্

মহাষ্টবর্গে তনুভাদ্ বিলোমতো-
ভানাং ত্রয়াণামপি রেখিকা যুতিঃ।
প্রাগ্ দক্ষিণাদিক্রমতোঽল্পদিগ্ গতা
হানিস্তথাধিক্যগতা শুভাচ দিক্ ॥২৮॥উ,জা

মহাষ্ট বর্গে লগ্ন হইতে বিলোম ক্রমে অর্থাৎ লগ্ন, দ্বাদশ, একাদশ পূর্ব্বদিক্ দশম, নবম অষ্টম দক্ষিণ দিক্, সপ্তম, ষষ্ঠ, পঞ্চম পশ্চিমদিক্, চতুর্থ, তৃতীয়, দ্বিতীয় উত্তর দিক্। এই তিন তিন ভাবস্থরাশির রেখাযোগে যে দিকে অল্পসংখ্যা সেই দিকে হানি, যেদিকে অধিকসংখ্যা সেই দিকে শুভ জানিবে।

বাল্যাদি খণ্ড কথনম্

বাল্যং যুবত্বং ত্বথ বার্দ্ধকঞ্চ
গেহৈশ্চতুর্ভির্ঝষতঃ ক্রমেণ।
ত্রিংশাধিকং শর্ম্ম নচেদনিষ্টং
সর্ব্বাধিকং সৌখ্যতমং চ খণ্ডম্ ॥২৯॥ই,ব

মীন হইতে মিথুন পর্য্যন্ত বাল্যখণ্ড, কর্কট হইতে তুলা পর্য্যন্ত যৌবন খণ্ড, বৃশ্চিক হইতে কুম্ভ পর্য্যন্ত বার্দ্ধক্যখণ্ড। পৃথক্ পৃথক্ খণ্ডস্থিত চারি রাশির সংখ্যার যোগে যে খণ্ডের সংখ্যা সর্ব্বাপেক্ষা অধিক জীবনের সেই খণ্ডে সুখাধিক্য জানিবে। সংখ্যা যোগ ৩০ হইতে অধিক হইলে সুখ, অল্প হইলে দুঃখ জানিবে।

কেহ কেহ সংখ্যা যোগ না করিয়া রেখা যোগ করিয়া থাকেন। তাঁহাদের মতে শতাধিক হইলে শুভ, অল্পে দুঃখ হইয়া থাকে।

ত্রিকোণশোধনম্

সলগ্ন-সপ্তখেটানাং বর্গা ইত্যষ্টবর্গকম্।
প্রতিবর্গ-রেখিকাঙ্কান্ পৃথক্ রাশিষু বিন্যসেৎ ॥৩০॥
ত্রিকোণ শোধনং কুর্য্যান্মেষ সিংহ ধনুঃ ক্রমাৎ।
ত্রিকোণেষুচ যন্ন্যূনং তত্তুল্যং ত্রিষু শোধয়েৎ ॥৩১॥
একস্মিন্ ভবনে শূন্যং তৎত্রিকোণং নশোধয়েৎ।
সমত্বে সর্ব্ব গেহেষু শূন্যং সর্ব্বত্র সংলিখেৎ ॥৩২॥

প্রতিগ্রহের অষ্টবর্গের রেখা পৃথক্ পৃথক্ মেষাদি দ্বাদশ রাশিতে স্থাপন করিবে। মেষ, সিংহ, ধনু একটি কোণের অন্তর্গত। এইরূপ বৃষ, কন্যা, মকর; মিথুন, তুলা, কুম্ভ; কর্কট, বৃশ্চিক, মীন একএক ত্রিকোণের অন্তর্গত। ত্রিকোণান্তর্গত রাশিত্রয়ের মধ্যে যে রাশিতে রেখাসংখ্যা অল্প সেই অল্প সংখ্যা। তিন স্থানে বিয়োগ করিবে। ইহাতে এক রাশিতে শূন্য অপর রাশিদ্বয়ে বিয়োগফলতুল্য সংখ্যা হইবে। ত্রিকোণান্তর্গত রাশিত্রয়ের মধ্যে কোন একরাশিতে শূন্য থাকিলে সেই রাশিত্রয়ের ত্রিকোণশোধন করিবেনা যথাস্থিত ফল স্থাপন করিবে। রাশিত্রয়ে সমানসংখ্যা থাকিলে সর্ব্বত্র শূন্য স্থাপন করিবে।

ঐকাধিপত্য শোধনম্

ত্রিকোণশোধনং কৃত্বা চৈকাধিপত্যশোধনম্।
সূর্য্যাচন্দ্রমসোঃ ক্ষেত্র মেকৈকং পরিকীর্ত্তিতম্ ॥৩৩॥
কুলীরসিংহয়ো র্নাতঃ শোধ্যং স্থাপ্যং যথাফলম্।
ক্ষেত্রদ্বয়ং কুজাদীনামতো দশসু শোধয়েৎ ॥৩৪॥

মেষবৃশ্চিকয়ো শ্চৈব তুলাবৃষভয়োস্তথা।
কন্যামিথুনয়ো মীনধনুষো মৃগকুম্ভয়োঃ ॥৩৫॥
গ্রহযুক্তে ফলাল্পত্ব মাধিক্যং গ্রহবর্জ্জিতে।
অন্তরং গ্রহযুক্ত ক্ষেত্রে ত্বরং শোধ্যং গ্রহোজ্ঝিতে ॥৩৬॥
গ্রহযুক্তে ফলাধিক্যং গ্রহহীনে ফলাল্পতা।
যথাস্থিতং গ্রহেণাঢ্যে শূন্যং স্যাদ্ গ্রহবর্জ্জিতে ॥৩৭॥
ফল মেকতরে তত্র গ্রহোঽন্যত্র গ্রহো নচ।
তত্র শূন্যং দ্বয়ো রেব তদা স্থাপ্যং যথাফলম্ ॥৩৮॥
উভৌ চেদ্ গ্রহসংযুক্তৌ তত্রাপিচ যথাস্থিতম্।
উভয়োঃ ফল সাম্যেতু গ্রহাভাবেঽপি শূন্যতা ॥৩৯॥
ক্ষেত্রদ্বয়ং গ্রহৈ হীনং ফলমেকত্র তিষ্ঠতি।
অন্যত্রচ ফলাভাবঃ শূন্যং ক্ষেত্র দ্বয়ে তদা ॥৪০॥
ক্ষেত্র দ্বয়ে গ্রহাভাব উভয়ত্র ফলং যদি।
ফলাধিক্যেঽন্তরং স্থাপ্যং ফলাল্পর্ক্ষে যথাস্থিতম্ ॥৪১॥
উভয়ত্র ফলং তুল্যং ক্ষেত্রমেকং গ্রহান্বিতম্।
যথাস্থিতং গ্রহৈ যুক্তে শূন্যং স্থাপ্যং গ্রহোজ্ঝিতে ॥৪২॥

পূর্ব্বোক্ত প্রকারে ত্রিকোণ শোধন করিয়া পশ্চাৎ একাধিপত্য শোধন করিবে। সূর্য্য ও চন্দ্রের একটি করিয়া ক্ষেত্র এজন্য তাহাদের ঐকাধিপত্যশোধন করিতে হইবেনা। কর্কট ও সিংহ রাশির ত্রিকোণশোধিতফলই স্থাপন করিবে। ভৌমাদি পঞ্চগ্রহের দুইটি করিয়া ক্ষেত্র এজন্য এই দশটি গৃহের একাধিপত্য শোধন করিবে। মেষ ও বৃশ্চিকের, তুলা ও বৃষের, কন্যা ও মিথুনের, মীন ও ধনুর, মকর ও কুম্ভের মধ্যে নিম্নলিখিত অষ্টবিধ রীতিতে বিচারপূর্ব্বক ঐকাধিপত্য শোধন করিতে হইবে।

১। গ্রহ যুক্ত রাশিতে ত্রিকোণ শোধিত ফল অল্প, গ্রহহীন রাশিতে অধিক এইরূপ স্থানে গ্রহ যুক্ত রাশিতে উভয় ফলের অন্তর স্থাপন করিবে এবং এই অন্তর গ্রহহীন রাশির ফল হইতে বিয়োগ করিয়া শেষসংখ্যা গ্রহহীন রাশিতে স্থাপন করিবে।

২। গ্রহ যুক্ত রাশিতে অধিক ফল, গ্রহহীন রাশিতে অল্প ফল হইলে গ্রহযুক্ত রাশিতে যথাস্থিত ফল এবং গ্রহহীন রাশিতে শূন্য স্থাপন করিবে।

৩। গ্রহযুক্তরাশিতে ত্রিকোণশোধিত ফল ও গ্রহহীনরাশিতে শূন্য হইলে উভয় রাশিতেই যথাস্থিত ফল স্থাপন করিবে।

৪। উভয় রাশিতে গ্রহ থাকিলে শোধিত হইবেনা যথাস্থিত ফল স্থাপন করিবে।

৫। উভয় রাশিই গ্রহহীন ও সমান ফল হইলে উভয় রাশিতেই শূন্য স্থাপন করিবে। গ্রহযুক্ত বা গ্রহহীন যে কোন প্রকারের উভয় রাশিতে শূন্য থাকিলে শোধন করিতে হইবে না। শূন্যই থাকিবে।

৬। উভয় রাশিই গ্রহহীন, এক রাশিতে ফল, অপর রাশিতে শূন্য থাকিলে উভয়ত্র শূন্য লিখিবে।

৭। উভয় রাশিই গ্রহহীন কিন্তু অসমান ফল হইলে উভয় ফলের অন্তর ফলাধিক্য রাশিতে এবং যথাস্থিত ফল অল্প ফল রাশিতে লিখিবে।

৮। গ্রহ যুক্ত ও গ্রহহীন উভয় রাশিতে সমান ফল থাকিলে গ্রহযুক্ত রাশিতে যথাস্থিত ফল এবং গ্রহহীন রাশিতে শূন্য স্থাপন করিবে।

পিণ্ডানয়নম্

ঐকাধিপত্যশেষাঙ্কা রাশীনাং গুণকৈর্গুণাঃ।
ঘাতজ ফলসংযোগ উচ্যতে রাশিপিণ্ডকঃ ॥৪৩॥
সগ্রহরাশিশেষাঙ্কে গুণ্যা গ্রহগুণাঃ পৃথক্।
ঘাত ফলানাং সংযোগঃ কীর্ত্তিতো গ্রহপিণ্ডকঃ ॥৪৪॥
এতয়োঃ পিণ্ডয়ো র্যোগো যোগপিণ্ডঃ প্রকীর্ত্তিতঃ।
অশুদ্ধ বর্গরেখাভি র্যোগপিণ্ডাৎ ফলং দিশেৎ ॥৪৫॥

ঐকাধিপত্য শোধন করিয়া যে রাশিতে যে সংখ্যা থাকে তাহাকে পৃথক্ পৃথক্ সেই সেই রাশির নির্দিষ্ট গুণক দ্বারা গুন করিয়া গুণফল সমূহের যোগ করিবে তাহার নাম 'রাশি পিণ্ড।

যে যে রাশিতে গ্রহ আছে সেই সেই রাশির শোধিতফলকে গ্রহের নির্দিষ্ট গুণকদ্বারা গুণ করিয়া গুণফলগুলির যোগ করিবে ইহার নাম গ্রহপিণ্ড। রাশিপিণ্ড ও গ্রহপিণ্ডের যোগ ফলের নাম যোগপিণ্ড।

গ্রহগণের পৃথক্ পৃথক্ অষ্টবর্গের অশোধিত রেখা সংখ্যা ও যোগপিণ্ড হইতে পৃথক্ পৃথক্ ফলাদেশ করিবে।

রাশিগুণকাঃ

সপ্তাশেভাব্ধিদিগ্ বাণাঃ শৈলেভাঙ্কেষুশঙ্করাঃ
রবিশ্চ রাশিগুণকা মেষাদীনাং যথাক্রমম্ ॥৪৬॥

মেষের গুণক ৭ বৃষের ১০ মিথুনের ৮ কর্কটের ৪ সিংহের ১০ কন্যার ৫ তুলার ৭ বৃশ্চিকের ৮ ধনুর ৯ মকরের ৫ কুম্ভের ১১ মীনের গুণক ১২।

গ্রহগুণকাঃ

বাণেষু্ নাগ বাণাশা মহীধর শরাঃ ক্রমাৎ।
এতে গ্রহগুণাঃ প্রোক্তা রব্যাদীনাং বিচক্ষণৈঃ ॥৪৭॥

রবির গুণক ৫ চন্দ্রের ৫ মঙ্গলের ৮ বুধের ৫ বৃহস্পতির ১০ শুক্রের ৭ শনির ৫।

ভাবেষ্বষ্টবর্গজফলানি

ভাবস্থাশুদ্ধরেখাণাং সংখ্যাভি র্যোগপিণ্ডকম্।
সংগুণ্য ভোদ্ধৃতে শেষং নবভিঃ সহিতং পুনঃ ॥৪৮॥
পুনর্বকসংযুক্ত মেবমৃক্ষত্রয়ং যদা।
শনির্যাতি তদা ভাবস্যার্ত্তিঃ স্যান্নাশ এববা ॥৪৯॥
ভাবাদষ্টমরাশিস্থসংখ্যাভি র্যোগপিণ্ডকম্।
সংগুণ্য দ্বাদশোদ্ধৃত্য শেষং তৎ কোণভঞ্চ বা ॥৫০॥
যদা শনৈশ্চরো যাতি তদা ভাবস্য পীড়নম্।
তস্মিন্ বিরুদ্ধদায়েচ ভাবনাশো নসংশয়ঃ ॥৫১॥

ভাবস্থিত অশোধিত রেখাসংখ্যা দ্বারা যোগপিণ্ডকে গুণ করিয়া ২৭ দ্বারা ভাগ করিবে। যে নক্ষত্র অবশিষ্ট থাকিবে তাহাতে ৯ যোগ করিলে যে নক্ষত্র হয়, তাহাতে পুনর্ব্বার ৯ যোগ করিলে যে নক্ষত্র পাওয়া যায় এই তিনটি নক্ষত্রে যে যে সময়ে শনি থাকিবে সেই সেই সময়ে সেই ভাবের হানি বা নাশ হয়।

ভাবরাশির অষ্টমরাশিস্থ অশোধিত রেখাসংখ্যাদ্বারা যোগপিণ্ডকে গুণ করিয়া ১২ দ্বারা ভাগ করিলে যে ভাগশেষ থাকিবে সেই রাশিতে, তাহার পঞ্চম ও নবম রাশিতে যে যে সময়ে শনি থাকিবে সেই সেই সময়ে ভাবের হানি হইবে। সে সময়ে বিরুদ্ধ গ্রহের দশা থাকিলে ভাবের নাশ হইয়া থাকে।

ভাবস্থানানি

অর্কাক্রান্তাচ্চ নবমে পিতু শ্চিন্তাং বিনির্দিশেৎ।
চন্দ্রাদপি সুখে মাতু র্ভ্রাতু র্ভৌমাচ্চ সোদরে ॥৫২॥
বুধাৎ তুর্য্যেতু বন্ধূনাং পঞ্চমে মন্ত্রবিদ্যয়োঃ।
পুত্রাণাং গীষ্পতেঃ পুত্রে দারাণাং হ্যনভে কবেঃ ॥৫৩॥
মন্দগাদষ্টমে রাশৌ নিজ মৃত্যুং বিচিন্তয়েৎ।
অর্কাদীনাং স্ববর্গেভ্যঃ পৃথগেবং ফলং বদেৎ ॥৫৪॥

যে রাশিতে রবি অবস্থিত সেই রাশি হইতে নবম রাশিতে পিতার, চন্দ্রের চতুর্থে মাতার, মঙ্গলের তৃতীয়ে ভ্রাতার, বুধের চতুর্থে বন্ধুপ্রভৃতির, পঞ্চমে মন্ত্র ও বিদ্যার, বৃহস্পতির পঞ্চমে পুত্রের, শুক্রের সপ্তমে পত্নীর, শনির অষ্টমে নিজমৃত্যুর বিচার করিবে। এইরূপে সূর্য্যাদির নিজনিজ অষ্টবর্গ হইতে পৃথক্ পৃথক্ ফলবিচার করিবে।

শুভাশুভগ্রহ বর্গোত্থ ফলানি

লগ্নাৎ শুভাস্তং শুভতো বিলগ্নং
যাবৎ ফলং যোগসমং তয়োর্বা।

ত্রিষ্বেষু বর্ষেযু ধনাদি সৌখ্য-
মিত্থঞ্চ পাপৈ র্বহু দুঃখভোগঃ ॥৫৫॥ ই,ব

মন্দাষ্টবর্গে ফলশূন্যগেহং
যাতো যদা মন্দগ-ভাস্করৌ চ।
প্রাপ্নোতি দুঃখং মনুজস্তদা চেদ্-
দশা বিরুদ্ধা মরণং ধ্রুবং স্যাৎ ॥৫৬॥ উ,জা

শুভগ্রহ চন্দ্রের অষ্টবর্গে লগ্ন হইতে চন্দ্র পর্য্যন্ত রেখাসংখ্যা, চন্দ্র হইতে লগ্ন পর্য্যন্ত রেখাসংখ্যা এবং এই দুই সংখ্যার যোগ এই ত্রিবিধ সংখ্যামিত বর্ষে ধন, তনয়াদি সুখ। চন্দ্রের এই উদাহরণানুসারে শুভ বুধ, বৃহস্পতি ও শুক্রের পৃথক্ পৃথক্ অষ্টবর্গ হইতে সুখভোগাদি শুভবর্ষ জানিবে। পাপগ্রহের অষ্টবর্গ হইতে এইরূপে দুঃখ ভোগ বর্ষ অবগত হওয়া যায়।

শনির অষ্টবর্গে যে রাশিতে একটিও রেখানাই সেই রাশিতে শনি ও রবির অবস্থান কালে দুঃখ জানিবে। এই সময়ে বিরুদ্ধদশা থাকিলে মৃত্যু ঘটিয়া থাকে।

যাত্রাদিষ্বষ্টবর্গ ফলম্।

যাত্রাবিবাহব্রতবন্ধচূড়া-
দিকং প্রশস্তং শুভদেঽষ্টবর্গে।
যঃ খেচরো নৈব শুভোঽষ্ট বর্গে
স গোচরে চেৎ শুভদস্তদা শম্ ॥৫৭॥ উ,জা

যাত্রা, বিবাহ, উপনয়ন, চূড়া, গৃহারম্ভাদি যে সকল কার্য্যে গ্রহশুদ্ধির আবশ্যক সেই গ্রহ অষ্টবর্গেশুদ্ধ হইলে সর্ব্ব কার্য্যে শুভ হয়। যে গ্রহ অষ্টবর্গে শুভপ্রদ নহে সে গ্রহ গোচরে শুভ থাকিলেও শুভ ফল প্রদান করিয়া থাকে।

অথ ত্রিপাপাদি রিষ্টাধ্যায়ঃ

তত্রাদৌ বর্ষ পতাকী কথনম্

সূর্য্যঃ শশী ক্ষিতিসুতো বিধুসূনুরার্কি-
জীবস্তমো ধ্বজ ভৃগু ক্রমতোঽনলর্ক্ষাৎ।
জন্মর্ক্ষমাপততি যত্র ততঃ খগানাং
বারত্রয়ং গণনয়া হি সমাপতাকী ॥১॥ ব,তি

রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, শনি, বৃহস্পতি, রাহু, কেতু, শুক্র এই ন'টি গ্রহ পর পর স্থাপন করিয়া কৃত্তিকাদি ২৭ নক্ষত্র যথাক্রমে তিনবার আবৃত্তিরূপে স্থাপন করিবে। যে গ্রহে জন্ম নক্ষত্র পতিত হইবে সেই গ্রহ হইতে পর পর গ্রহ স্থাপন করিবে ইহারা একাদি ক্রমে বর্ষের অধিপতি।

বর্ষপতাকী চক্র

র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু
৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২

কেতুপতাকী

অহিব্রধ্নাদর্কধ্বজবুধধরাপুত্রশিখিনঃ
সুরেজ্যেন্দু কেতুঃ কবিদিতিপতী কেতুমৃত্যুগৌ।
ক্রমাৎ ত্রীণি ত্রীণি দ্যুমণিমুখতো ভানি গণয়েৎ
পতাকী সা কেতো রিহ খলু ভমেকং ধ্বজ গণে ॥২॥ শি,নী

রবি, কেতু, বুধ, কুজ, কেতু, বৃহস্পতি, চন্দ্র, কেতু, শুক্র, রাহু, কেতু, শনি এইরূপে দ্বাদশস্থানে দ্বাদশগ্রহ স্থাপন করিবে। উত্তরভাদ্রপদ নক্ষত্র হইতে

আরম্ভ করিয়া যথাক্রমে রব্যাদি গ্রহে তিন তিন নক্ষত্র এবং কেতুতে এক নক্ষত্র নিবেশিত করিবে। এইরূপে অভিজিৎসহ ২৮ নক্ষত্র স্থাপন করিয়া কেতুপতাকী চক্র অঙ্কিত করিবে। যে গ্রহে জন্ম নক্ষত্র পতিত হইয়াছে সেই গ্রহ হইতে পর পর ক্রমে একাদি বর্ষে গ্রহ স্থাপন করিবে।

কেতু পতাকী

র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ
২৬	২	৩	৬	৯	১০	১৩	১৬	১৭	২০	২২	২৩
২৭		৪	৭		১১	১৪		১৮	২১		২৪
১		৫	৮		১২	১৫		১৯	০		২৫

অর্কাবনীজ-শিখি-চন্দ্র-বুধেজ্য-শুক্রা-
মন্দাসুরৌ চ গুরুভাৎ গুরুকুণ্ডলীয়ম্।
যত্রাব্দকে তিসৃষু কুণ্ডলিকাসু পাপা-
রিষ্টং তদা ভবতি বৈ দশসপ্তশূন্যে ॥৩॥ ব,তি

রবি, মঙ্গল, কেতু, চন্দ্র, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু এই নয়টি গ্রহ যথাক্রমে স্থাপন করিয়া তাহাতে পুষ্যা নক্ষত্র হইতে ক্রমশঃ এক এক নক্ষত্ররূপে তিনবার আবৃত্তি ক্রমে ২৭ নক্ষত্র সন্নিবেশিত করিবে। জন্মনক্ষত্র যে গ্রহে পতিত হইবে সেই গ্রহ হইতে একাদি বর্ষক্রমে গণনা করিতে হয়। এই চক্রের নাম গুরু পতাকী বা গুরু কুণ্ডলী। বর্ষ পতাকী, কেতু পতাকী, গুরু পতাকী এই তিন চক্রেই যে বর্ষে পাপগ্রহের বর্ষ হইবে সে বর্ষে দশশূন্য বা সপ্তশূন্য বর্ষ হইলে রিষ্টতুল্য পীড়া হয়।

গুরুকুণ্ডলী

র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা
৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫
২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭

বর্ষ পতাকী ফলানি

বর্ষে রবেরোগনৃপাদিভীতি-
রিন্দোঃ সুখার্থা বসৃজোঽসৃজার্ত্তিঃ।
সিদ্ধি র্বিদো ধর্ম্ম ধনে গুরোঃ স্বা-
স্থ্যৈরুজ্য-মানার্থসুখং ভৃগোশ্চ ॥৪॥ ই,ব
বাধা কৃতৌ রোগশুচৌ তথার্কে-
রক্তস্রুতিঃ শত্রু ভয়ং চ রাহোঃ।
ভূপারি-চৌরাগ্নি-রুজাদি-কেতো-
র্বর্ষে পতাকী প্রভবে ভবেচ্চ ॥৫॥ ই,ব

বর্ষ পতাকীতে রবি যে সকল বর্ষের অধিপতি সেই সকল বর্ষে রোগ ও রাজ ভয়, চন্দ্রের বর্ষে সুখ ও ধন; মঙ্গলের রোগ; বুধের কার্য্যসিদ্ধি; বৃহস্পতির ধন ও ধর্ম্ম; শুক্রের স্বাস্থ্য, মান, ধন ও সুখ; শনির কার্য্যে বাধা, রোগ, ও শোক; রাহুর রক্তস্রাব ও শত্রুভয়; কেতুর বর্ষে রাজভীতি, রোগ, শত্রুভয়, চৌরভয় ও অগ্নিভয় হইয়া থাকে।

কুণ্ডলীত্রয় মিলিত পাপবর্ষ ফলম্।

পাপে বর্ষে রোগভীতি র্দ্বিপাপে
রোগাধিক্যং বিত্তনাশো ভবেচ্চ।
এবং পাপে কুণ্ডলীনাং ত্রয়েঽপি
রোগঃ শোকো বিত্তনাশো ধ্রুবং স্যুঃ ॥শা,নী

বর্ষকুণ্ডলী, কেতুকুণ্ডলী, গুরুকুণ্ডলী এই তিন কুণ্ডলীর মধ্যে যে বর্ষে এক কুণ্ডলীতে পাপগ্রহ থাকিবে সে বর্ষের নাম একপাপবর্ষ, দুইকুণ্ডলীতে পাপগ্রহ

থাকিলে দ্বিপাপ বর্ষ, তিন কুণ্ডলীতে পাপগ্রহের বর্ষ হইলে তাহাকে ত্রিপাপবর্ষ বলে। একপাপ বর্ষে রোগ মাত্র, দ্বিপাপ বর্ষে রোগাধিক্য ও বিত্তনাশ, ত্রিপাপ বর্ষে রোগ, শোক ও বিত্তনাশ হয়।

ত্রিপাপবর্ষে যদি সপ্তশূন্যং
তথা ভবেদ্বা দশশূন্যবর্ষম্।
রোগাদিভীতির্যদি চাস্তসন্ধ্যা-
স্বর স্তদা মৃত্যু মুপৈতি মর্ত্ত্যঃ ॥৭॥ উ,জা

ত্রিপাপবর্ষে সপ্তশূন্য বা দশশূন্য বর্ষ হইলে রোগাদিভীতি, সেই বর্ষে অস্তস্বর বা সন্ধ্যাস্বর হইলে মৃত্যু ঘটিয়া থাকে।

উদাহরণার্থ অশ্বিনী নক্ষত্রে জাতব্যক্তির কুণ্ডলীত্রয় একত্র সন্নিবেশিত হইতেছে।

বর্ষ	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
বকু	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা
কেকু	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ
গুকু	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম
বর্ষ	৩৭	৩৮	৩৯	৪০	৪১	৪২	৪৩	৪৪	৪৫	৪৬	৪৭	৪৮	৪৯	৫০	৫১	৫২	৫৩	৫৪
বর্ষ	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫	৩৬
বকু	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা
কেকু	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ
গুকু	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম
বর্ষ	৫৫	৫৬	৫৭	৫৮	৫৯	৬০	৬১	৬২	৬৩	৬৪	৬৫	৬৬	৬৭	৬৮	৬৯	৭০	৭১	৭২

পূর্ব্বোক্ত বর্ষপতাকী হইতে জানা যাইতেছে অশ্বিনীনক্ষত্র কেতুর বর্ষে পতিত হইয়াছে এজন্য প্রথমবর্ষ কেতুর, দ্বিতীয় বর্ষ শুক্রের ইত্যাদিক্রমে ৯ বর্ষে ৯টি গ্রহ লিখিবে। ১০ বর্ষে কেতু, ১১ বর্ষে শুক্র ইত্যাদি ক্রমে গ্রহ সন্নিবেশিত করিলে ১৯ বর্ষে পুনর্ব্বার কেতু ২০ বর্ষে শুক্র ইত্যাদি ক্রমে ২৭ বর্ষে গ্রহ স্থাপনের পর ২৮ বর্ষ হইতে পুনরায় কেতু শুক্র ইত্যাদিরূপে ৩৬ বর্ষ চলিবে। ৩৭ বর্ষ হইতে পূর্ব্বের ন্যায় পুনরাবৃত্তি হইবে। বর্ষপতাকীতে

৯টি, কেতুপতাকীতে ১২টি, গুরুপতাকীতে ৯টি গ্রহের যথাক্রমে পুনরাবৃত্তি হইয়া থাকে। এই তিনটি সংখ্যাদ্বারাই ৩৬ কে নিঃশেষরূপে ভাগকরা যায় এজন্য ৩৬ বর্ষ পরে ৩৭ বর্ষে পুনর্ব্বার প্রথমবর্ষের ন্যায় গ্রহসংস্থান তিনচক্রেই ঘটিয়া থাকে।

কেতুপতাকীতে অশ্বিনী নক্ষত্র রবির বর্ষে পতিত হইয়াছে এজন্য কেতু-কুণ্ডলীর সংস্থানে প্রথমবর্ষে রবি, দ্বিতীয়বর্ষে কেতু, তৃতীয়বর্ষে বুধ ইত্যাদি ক্রমে লিখিবে। গুরুকুণ্ডলীতে অশ্বিনীনক্ষত্র কেতুর বর্ষে পড়িয়াছে এজন্য প্রথম বর্ষে কেতু, দ্বিতীয় বর্ষে চন্দ্র, তৃতীয় বর্ষে বুধ ইত্যাদি ক্রমে গ্রহ স্থাপন করতঃ ত্রিপাপ চক্র অঙ্কিত করিয়া রিষ্ট বিচার করিবে।

নামাদ্যাক্ষর জ্ঞানার্থং শতপদ চক্রং লিখ্যতে

চক্রং শত পদং বক্ষ্যে ব্রহ্ম যামল সম্মতম্।
নামাদ্যবর্ণ বিজ্ঞানং স্যাদস্মাদৃক্ষপাদতঃ ॥৮॥
তির্য্যগূর্দ্ধক্রমেণৈব রুদ্রসংখ্যাশ্চ রেখিকাঃ।
বর্ণানাং সন্নিবেশার্থং লিখেদ্ দৈববিদাং বরঃ ॥৯॥
বর্ণা অবক হডাশ্চ তথাহি মটপরতাঃ।
নযভজখা অপি বৈ বর্ণা গশদচলাঃ ॥১০॥
ঈশাগ্নিক্রমতোলেখ্যা অ ই উ এ ও স্বরান্ পুনঃ।
এভিঃ সহ যুতান্ কোষ্ঠ শতকেষু ন্যসেৎ ক্রমাৎ ॥১১॥
কুস্থানে ঘঙছাবর্ণাঃ ষণঠাশ্চ পুকোষ্ঠকে।
ভুস্থানে চৈব ধফঢ়া তুস্থানে থঝঞাস্তথা ॥১২॥
কৃত্তিকাদীনি ধিষ্ণানি প্রত্যেকং চতুরক্ষরৈঃ।
সাভিজিতানি লেখ্যানি বর্ণে ধিষ্ণ পদং যথা ॥১৩॥
স এব চাদিমো বর্ণো নাম্ন ইতি বিধারয়েৎ।
তস্মাৎ পঞ্চস্বর জ্ঞানং তেন রিষ্ট বিচারণা ॥১৪॥

নামের আদ্যাক্ষর জানিবার জন্য ব্রহ্মযামলোক্ত শতপদ চক্র লিখিত হইতেছে। এই চক্রহইতে নক্ষত্রের যে চরণে জন্ম তাহার বর্ণ জানাযায়।

এই বর্ণ নামের আদ্যবর্ণ হইবে। এই বর্ণ যে স্বরে পতিত হয় সেই স্বর দ্বারা সপ্তশূন্যাদি গণনা করিবে। ঊর্দ্ধক্রমে ১১টি তির্য্যগ্‌ভাবে ১১টি রেখা দ্বারা ১০০ পদবিশিষ্ট চক্র অঙ্কিত করিবে। এই চক্রে ঈশানকোণ হইতে অগ্নিকোণাভিমুখে যথাক্রমে অ, ব, ক, হ, ড বর্ণ তৎপরে ম, ট, প, র, ত বর্ণ লিখিবে। নৈঋতকোণহইতে বায়ুকোণাভিমুখে যথাক্রমে ন, য, ভ, জ, খ পরে গ, শ, দ, চ, ল লিখিবে। এই সকল বর্ণের সহিত অ, ই, উ, এ, ও এই পঞ্চ স্বরবর্ণ সংযুক্ত করিয়া কোষ্ঠ রচনা করিবে। এই কোষ্ঠায় কুস্থানে ঘ, ঙ, ছ বর্ণ; পুস্থানে ষ, ণ, ঠ বর্ণ; ভুস্থানে ধ, ফ, ঢ বর্ণ দুস্থানে থ, ঝ, ঞ বর্ণ লিখিবে। অকারাদি চারি চারি বর্ণে কৃত্তিকাদি নক্ষত্রের চারিচরণ জানিবে। জন্ম নক্ষত্রের যে চরণে জন্ম হইয়াছে সেই চরণ নির্দ্দিষ্ট বর্ণ জাতকের নামের আদ্য বর্ণ হইবে। এই বর্ণানুসারে স্বর নির্ণয় করিবে।

অ	ব	ক	হ	ড	ম	ট	প	র	ত
ই	বি	কি	হি	ডি	মি	টি	পি	রি	তি
উ	বু	কু	হু	ডু	মু	টু	পু	রু	তু
		ঘঙছ					ষণঠ		
এ	বে	কে	হে	ডে	মে	টে	পে	রে	তে
ও	বো	কো	হো	ডো	মো	টো	পো	রো	তো
লো	চো	দো	শো	গো	খো	জো	ভো	যো	নো
লে	চে	দে	শে	গে	খে	জে	ভে	যে	নে
লু	চু	দু	শু	গু	খু	জু	ভু	যু	নু
		থ ঝ ঞ					ধ ফ ঢ		
লি	চি	দি	শি	গি	খি	জি	ভি	যি	নি
ল	চ	দ	শ	গ	খ	জ	ভ	য	ন

প্রথমাদি চরণ ক্রমে কৃত্তিকায় অ ই উ এ রোহিণীতে ও ব বি বু মৃগশিরায় বে বো ক কি আর্দ্রায় কু ঘ ঙ ছ পুনর্ব্বসুতে কে কো হ হি পুষ্যায় হু হে হো ড অশ্লেষায় ডি ডু ডে ডো মঘায় ম মি মু মে পূর্ব্বফল্গুনীতে মো ট টি টু উত্তরফল্গুনীতে টে টো প পি হস্তায় পু ষ ণ ঠ চিত্রায় পে পো র রি স্বাতীতে রু রে রো ত বিশাখায় তি তু

তো তো অনুরাধায় ন নি নু নেজ্যেষ্ঠায় নো য যি যু মূলায় যে যো ভ ভি পূর্ব্বাষাঢ়ায় ভু ধ ফ ঢ উত্তরাষাঢ়ায় ভে ভো জ জি অভিজিতে জু জে জো খ শ্রবণায় খি খু খে খো ধনিষ্ঠায় গ গি গু গে শতভিষায় গো শ শি শু পূর্ব্বভাদ্রপদে শে শো দ দি উত্তর ভাদ্রপদে দু থ ঝ ঞ রেবতীতে দে দো চ চি অশ্বিনীতে চু চে চো ল ভরণীতে লি লু লে লো অক্ষর জানিবে।

অত্র বিশেষঃ

হ্রস্ব-দীর্ঘ স্বরয়োশ্চ ববয়োঃ সশয়োস্তথা।
খষয়ো র্জযয়ো শ্চৈব ঙঞয়োশ্চ পরস্পরম্ ॥১৫॥
নাস্তি ভেদ স্তথা ঙ ঞ ণ স্থানেষু ক্রমাদ্ বুধৈঃ।
গজডা নাম গ্রহণে প্রোচ্যন্তে স্বরবেদিভিঃ ॥১৬॥

অভিজিন্মান কথনম্।

উত্তরাষাঢ়ধিষ্ণস্য ত্রিপাদৈস্তন্মিতিঃ স্মৃতাঃ।
তচ্ছেষং শ্রবণাপঞ্চদশাংশেনাভিজিন্মিতিঃ ॥১৭॥
শ্রবণায়া স্তথা শেষং শ্রবণায়াঃ স্বকোন্মিতিঃ।
এষাং পাদবিভাগেণ নামাদ্যবর্ণনিশ্চয়ঃ ॥১৮॥

উত্তরাষাঢ়া নক্ষত্রের প্রথম তিন চরণে যত দণ্ডাদি হয় তাহাই উত্তরাষাঢ়া নক্ষত্রের পরিমাণ। ইহাকেই চারিভাগ করিয়া প্রতিচরণের মান নির্ণয় করিবে। উত্তরাষাঢ়ার শেষ চরণ ও শ্রবণা নক্ষত্রের পরিমাণ দণ্ডাদির ১৫ ভাগের ১ ভাগ অভিজিতের পরিমাণ। ইহাকে চারিভাগ করিয়া অভিজিন্নক্ষত্রের প্রতি চরণের পরিমাণ স্থির করিবে। শ্রবণার পরিমাণ দণ্ডাদি হইতে তাহার ১৫ ভাগের ১ ভাগ বিয়োগ করিলে যত দণ্ডাদি থাকে তাহা শ্রবণার পরিমাণ। ইহার প্রতিচরণের মান নির্ণয় করিয়া তাহা হইতে নামের আদ্যাক্ষর স্থির করিবে।

নামাক্ষরতঃ স্বর নির্ণয়ঃ।

অ ক ছ ড ধ ভ ব। ই খ জ ঢ ন ম শ। উ গ ঝ ত প য ষ। এ ঘ ট থ ফ র স। ও চ ঠ দ ব ল হ।

সবর্ণং স্বরতো গ্রাহ্যং বর্গস্ব মস্বরে তু বে।
অন্তঃস্থস্ব মোস্বরেচ ন দ্বয়মিস্বরে ভবেৎ ॥১৯॥

প্রথম স্বরের নাম অস্বর। তাহার বর্ণ অ ক ছ ড ধ ভ ব। দ্বিতীয়স্বরের নাম ইস্বর তাহার বর্ণ ই খ জ ঢ ন ম শ। তৃতীয়স্বরের নাম উস্বর তাহাতে বর্ণ উ গ ঝ ত প র্ষ য। চতুর্থস্বরের নাম এ স্বর ইহার বর্ণ এ ঘ ট থ ফ র স। পঞ্চম স্বরের নাম ও স্বর ইহাতে বর্ণ ও চ ঠ দ ব ল হ।

স্বরবর্ণ দ্বারা সবর্ণ গ্রহণ হেতু হ্রস্বস্বর ও দীর্ঘস্বরের পার্থক্য নাই। অস্বরের "ব" বর্গীয় ব এবং ও স্বরের "ব" অন্তঃস্থব। ই স্বরে ণ ও ন উভয়ই জানিবে।

স্বর সংখ্যাঃ

চন্দ্রাষ্টৌ নগনাগাশ্চ রামনন্দা গ্রহগ্রহাঃ।
বাণাভ্রচন্দ্রাঃ ক্রমশঃ সংখ্যাঃ স্যুরস্বরাদিষু ॥২০॥

অস্বরে নামাক্ষর হইতে সপ্তশূন্যাদিগণনায় স্বরসংখ্যা ৮১। ইস্বরে ৮৭ উস্বরে ৯৩ এ স্বরে ৯৯ এবং ও স্বরে ১০৫ সংখ্যা লইবে।
যদি কোন জাতকের কৃত্তিকার প্রথম পদে জন্ম হয়, তাহার নাম অবর্ণে অনাদি, অনন্ত, অচিন্ত্য ইত্যাদি আবর্ণে আদিত্য, আদিনাথ ইত্যাদি রাখা যাইতে পারে। সপ্তশূন্যাদি গণনায় স্বর সংখ্যা ৮১ লইতে হইবে। যাহার পূর্ব্বভাদ্র পদ নক্ষত্রের তৃতীয়চরণে জন্ম তাহার শিব নাথ, শীতলচন্দ্র, সীতাপতি ইত্যাদি নাম রাখা যাইতে পারে। স্বর সংখ্যা গ্রহণে শিব নাথ শীতল চন্দ্র ইত্যাদি নামে স্বর সংখ্যা ৮৭ কিন্তু সীতা পতি নামে এ স্বরের সংখ্যা ৯৯ লইতে হইবে।
নক্ষত্র চরণ জানা না থাকিলে ডাকিবার নামের অক্ষর দ্বারাও স্বর গণিত হয় এ জন্য বিভিন্ন রূপ হইয়াছে।

সপ্তশূন্যাদি চক্র সাধনম্

বয়ো বৃষাদিরাশিঞ্চ নামাক্ষরভবং স্বরম্
সংযোজ্য ত্রিরধোঽধঃস্থং গুণয়েদ্ দ্বিচতুস্ত্রিভিঃ ॥২১॥
বিভজ্য সপ্তভির্নাগৈস্তর্কৈঃ শেষানি জন্মনি।
স্থাপ্যানি পঞ্চ কর্ম্মাখ্যে চাধানে নবকং ক্ষিপেৎ ॥২২॥
পূর্ব্ববৎ ক্রমতঃ শেষান্ কর্ম্মণ্যাধানকে লিখেৎ।
সর্ব্বাঙ্কযোগজং পিণ্ডে ছিদ্রে সংখ্যাশ্চ পংক্তিজাঃ ॥২৩॥

বয়সের সংখ্যা, বৃষাদি রাশির সংখ্যা, শতপদ চক্রানুসারে নির্ণীত নামাক্ষর দ্বারা লব্ধ স্বরের সংখ্যা এই তিনটি সংখ্যা যোগ করিয়া অধঃ অধঃ তিন স্থানে স্থাপন করিবে। এই সংখ্যা তিনটিকে যথাক্রমে ২, ৪, ৩ দ্বারা গুণ করিয়া ৭, ৮, ৬ দ্বারা ভাগ করিবে। ভাগশেষ তিনটি প্রথম পংক্তি অর্থাৎ জন্মস্বরে তিন স্থানে অধঃ অধঃ সন্নিবেশিত করিবে।

পূর্ব্ববৎ বয়সাদি সংখ্যা ত্রয়ের যোগ ফলের সহিত ৫ যোগ করিয়া তাহা অধঃ অধঃ তিনস্থানে রাখিয়া ২, ৪, ৩ দ্বারা গুণ ৭, ৮, ৬ দ্বারা ভাগ করতঃ ভাগ শেষ ত্রয় দ্বিতীয় পংক্তির অর্থাৎ কর্ম্মস্বরের তিন স্থানে রাখিবে।

এইরূপে বয়সাদি সংখ্যাত্রয়ের যোগের সহিত ৯ যোগ করিয়া পূর্ব্ববৎ গুণ ও ভাগ দ্বারা লব্ধ শেষ ত্রয় তৃতীয় পংক্তির অর্থাৎ আধান স্বরের তিনস্থানে অধঃ অধঃ রাখিবে।

জন্ম, কর্ম্ম ও আধানস্বরে তিনশ্রেণীতে স্থাপিত অঙ্ক গুলির যোগফল তিন স্থানে রাখিয়া পূর্ব্ববৎ গুনন ও ভজন দ্বারা লব্ধ ভাগশেষ ত্রয় চতুর্থপংক্তি অর্থাৎ পিণ্ডস্বরে অধঃ অধঃ স্থাপন করিবে।

পূর্ব্ববৎ বয়সাদি সংখ্যা ত্রয়ের যোগের সহিত জন্ম, কর্ম্ম, আধান, ও পিণ্ড স্বরের প্রথম শ্রেণীর অঙ্ক সমূহ যোগ করিয়া তাহাই দুই গুণ ৭ ভাগ করতঃ যে ভাগ শেষ পাওয়া যাইবে তাহা পঞ্চম পংক্তি অর্থাৎ ছিদ্রস্বরের প্রথমশ্রেণীতে স্থাপন করিবে। এইরূপে বয়সাদি সংখ্যাত্রয়ের যোগের সহিত দ্বিতীয়শ্রেণীর অঙ্ক যোগ ৪ গুণ ৮ ভাগ করিয়া লব্ধ শেষ ছিদ্রস্বরের দ্বিতীয়শ্রেণীতে রাখিবে। পুনর্ব্বার বয়সাদি সংখ্যা ত্রয়ের যোগের সহিত জন্মাদি চারিস্বরের তৃতীয় শ্রেণীর অঙ্ক যোগ

করিয়া ৩ গুণ ৬ ভাগ করতঃ লব্ধ শেষ ছিদ্র স্বরের তৃতীয়শ্রেণীতে লিখিবে এই রূপে সপ্ত শূন্যাদি চক্র অঙ্কিত হইবে। উদাহরণ—রোহিণীনক্ষত্রযুক্ত বৃষরাশিতে জাত বলদেব নামক একটি বালকের প্রথম বর্ষ হইতে সপ্ত শূন্য চক্র অঙ্কিত করিতে হইবে। তাহার বয়সের সংখ্যা ১, বৃষাদিরাশি সংখ্যা ১ প্রথমস্বরে জাত জন্য স্বরসংখ্যা ৮১। এই তিন সংখ্যার যোগ ৮৩ ইহাকে ২ গুণ ৭ভাগে শেষ ৫। ৮৩ কে ৪ গুণ ৮ ভাগে শেষ ৪। পুনর্ব্বার ৮৩ কে ৩ গুণ ৬ ভাগে শেষ ৩ এই শেষ ত্রয় জন্মস্বরের ৩ শ্রেণীতে রাখা হইল।

পূর্ব্ব প্রদর্শিত সংখ্যাত্রয়ের যোগ ৮৩ সহিত ৫ যোগ করিলে ৮৮ হয়। ইহাকে একস্থানে ২গুণ ৭ ভাগে শেষ ১ একস্থানে ৪গুণ ৮ ভাগে শেষ ০। এক স্থানে ৩গুণ ৬ভাগে শেষ ০ এই শেষ ত্রয় কর্ম্মস্বরের ৩ শ্রেণীতে রাখা হইল।

পূর্ব্বোদাহৃত ৮৩ সহিত ৯ যোগ করিলে ৯২ হয়। ইহাকে ২গুণ ৭ ভাগে শেষ ২। অন্যত্র ৪গুণ ৮ ভাগে শেষ০। অন্যত্র ৩ গুণ ৬ ভাগে শেষ ০ এই শেষ ত্রয় আধানস্বরে স্থাপিত হইল। এই জন্ম, কর্ম্ম ও আধান স্বরের অঙ্ক সমূহের যোগ ১৫ ইহাকে ২ গুণ ৭ভাগে শেষ ২। অন্যত্র ৪গুণ ৮ ভাগে শেষ ৪। অন্যত্র ৩ গুণ ৬ ভাগে শেষ ৩ এই শেষত্রয় পিণ্ডস্বরে সন্নিবেশিত হইল। পূর্ব্বোক্ত বয়সাদি তিন সংখ্যার যোগ ৮৩ সহিত স্বরচতুষ্টয়ের প্রথমশ্রেণীর অঙ্ক যোগ ১০ যোগ করিলে ৯৩ হয় ইহাকে ২গুণ ৭ ভাগ করিলে শেষ ৪ ছিদ্রস্বরের প্রথম শ্রেণীতে রাখা হইল। ৮৩ সহিত স্বরচতুষ্টয়ের দ্বিতীয়শ্রেণীর অঙ্কসমূহ ৮ যোগ করিলে ৯১ হয়। ইহাকে ৪ গুণ ৮ ভাগ করিলে শেষ ৪ দ্বিতীয় শ্রেণীতে রাখা হইল। বয়সাদির যোগ ৮৩ সহিত স্বরচতুষ্টয়ের তৃতীয়শ্রেণীর অঙ্কের যোগ ৬ যোগ করিলে ৮৯ ইহাকে ৩ গুণ ৬ ভাগ করিলে শেষ ৩ তৃতীয়শ্রেণীতে রাখা হইল। এইরূপে একটি কোষ্ঠ অঙ্কিত হইল।

৫ ১ ২ ২ ৪
৪ ০ ০ ৪ ৪
৩ ০ ০ ৩ ৩

এইরূপে ২ বৎসর ৩ বৎসর ইত্যাদি সংখ্যা লইয়া চতুর্দশটি কোষ্ঠ অঙ্কিত করিবে

সপ্ত শূন্যাদি চক্রম্

১	২	৩	৪	৫
২ ৫ ৬ ৫ ৩	৪ ০ ১ ৩ ৬	৬ ২ ৩ ১ ২	১ ৪ ৫ ৬ ৫	৩ ৬ ০ ৪ ১
৪ ০ ০ ০ ৪	০ ৪ ৪ ৪ ০	৪ ০ ০ ০ ৪	০ ৪ ৪ ০ ০	৪ ০ ০ ০ ৪
৩ ০ ০ ০ ০	০ ৩ ৩ ৩ ৩	৩ ০ ০ ০ ০	০ ৩ ৩ ০ ০	৩ ০ ০ ০ ০
সপ্ত শূন্যং ত্রিপাপ বর্ষে রিষ্টম্	বুধশূন্য দ্বয়ং বুধ বর্ষে বুধান্ত র্দশায়াং রিষ্টম্	সপ্ত শূন্যং ত্রিপাপ বর্ষে রিষ্টম্	রবি শূন্য দ্বয়ং পাপান্ত র্দশায়াং দ্বিত্রি পাপ বর্ষেচ বিষ্টম্	পিণ্ডে বুধ শূন্য দ্বয় বর্ষম্। বুধ বর্ষে বুধান্ত-র্দশায়াং চ রিষ্টম্

৬	৭	৮	৯	১০
৫ ১ ২ ২ ৪	০ ৩ ৪ ০ ০	২ ৫ ৬ ৫ ৩	৪ ০ ১ ৩ ৬	৬ ২ ৩ ১ ২
০ ৪ ৪ ০ ০	৪ ০ ০ ০ ৪	০ ৪ ৪ ৪ ০	৪ ০ ০ ০ ৪	০ ৪ ৪ ৪ ০
০ ৩ ৩ ০ ০	৩ ০ ০ ০ ০	০ ৩ ৩ ৩ ৩	৩ ০ ০ ০ ০	০ ৩ ৩ ৩ ৩
গুরু শূন্য দ্বয়ং কুজান্তর্দশায়াং রিষ্টম্	দশশূন্যং ত্রিপাপবর্ষে রিষ্টম্	চন্দ্রাদি শূন্যদ্বয়ং পাপান্ত র্দশাযাং দ্বিত্রিপাপ বর্ষে চ রিষ্টম্	শুভ বর্ষম্ পাপবর্ষে ক্লেশঃ	শুক্র শূন্যদ্বয়ং পাপবর্ষে দ্বিতীয় স্বর বর্ষে চ রিষ্টম্

১১	১২	১৩	১৪
১ ৪ ৫ ৬ ৫	৩ ৬ ০ ৪ ১	৫ ১ ২ ২ ৪	০ ৩ ৪ ০ ০
৪ ০ ০ ৪ ৪	০ ৪ ৪ ৪ ০	৪ ০ ০ ৪ ৪	০ ৪ ৪ ৪ ০
৩ ০ ০ ৩ ৩	০ ৩ ৩ ৩ ৩	৩ ০ ০ ৩ ৩	০ ৩ ৩ ৩ ৩
শুভবর্ষম্ পাপ বর্ষে ক্লেশঃ	কুজাদি শূন্য দ্বয়ম্ পাপবর্ষে কুজান্ত র্দশায়াং চ রিষ্টম্	কুজাদি শূন্য দ্বয়ম্ পাপবর্ষে কুজান্ত-র্দশায়াং চ রিষ্টম্	প্রথম শূন্যত্রয়বর্ষং কুজান্ত র্দশায়াং পাপ বর্ষে চ রিষ্টম্

সপ্তশূন্যাদি খণ্ড জ্ঞানম্

বয়ো বৃষাদ্যস্বকজন্ম রাশিঃ

স্বরস্তদঙ্কত্রয়যোগসংখ্যাঃ।

মনূদ্ধৃতাঃ শেষমিতং তু খণ্ডং
বর্ষে হি তস্মিন্ কথিতং স্বরজ্ঞৈঃ ॥২৪॥ উ,জা

বয়সের সংখ্যা, বৃষাদিক্রমে জন্মরাশিসংখ্যা, শতপদচক্রানুসারে জ্ঞাত নামাদ্যাক্ষরদ্বারা নির্ণীত স্বরসংখ্যা এই তিনের যোগফলকে ১৪ দ্বারা ভাগ করিলে যে সংখ্যা অবশিষ্ট থাকিবে সেই সংখ্যার খণ্ডই সেই বর্ষে গ্রহণীয়। বয়স সংখ্যা ১ ধরিয়া জন্ম পত্রিকায় প্রথমাদি বর্ষের সপ্তশূন্যাদি চক্র লিখিত হয়। ১৪টি খণ্ড এজন্য ১ বর্ষে যে খণ্ড ১৫।২৯।৪৩।৫৭।৭১ বর্ষে ও সেই খণ্ড। ২র্ষে যে খণ্ড ১৬।৩০।৪৪।৫৮।৭২ বর্ষে ও সেই খণ্ড হইয়া থাকে। এজন্য সপ্ত শূন্য চক্র বিন্যাসে জন্মপত্রিকায় কোষ্ঠের উপরে বয়স ও লিখিত হইয়া থাকে।

সপ্তশূন্যাদি ফলানি

চন্দ্রাদিশূন্যদ্বয়হায়নে বা
সূর্য্যাদিশূন্যদ্বয়বর্ষকেঽপি।
অন্তর্দশায়াং খলখেচরস্য
ত্রিপাপ বর্ষে মরণং লভেত ॥২৫॥ উ,জা

সপ্তশূন্যাদি চক্রে চন্দ্রাদিশূন্য দ্বয় বা সূর্য্যাদি শূন্যদ্বংবর্ষে পাপগ্রহের অন্তর্দশায় (যামলোক্ত জন্য অষ্টোত্তরী দশা গ্রাহ্য) ত্রিপাপবর্ষে (কদাচিৎ দ্বিপাপবর্ষে) মৃত্যু হইয়া থাকে।

কুজাদিশূন্যদ্বয়সংযুতেঽব্দে
পাপে তথাদিত্রিকশূন্যবর্ষে।
অন্তর্দশায়া মপি ভূমিসূনো-
রাদেশ্য মব্দে মরণং চ তস্মিন্ ॥ ২৬॥ উ,জা

কুজাদিশূন্যদ্বয়বর্ষে বা প্রথমশূন্যত্রয়বর্ষে পাপগ্রহের বৎসর ও মঙ্গলের অন্তর্দশা হইলে মৃত্যু হয়।

বুধাদিশূন্যদ্বয়বর্ষমধ্যেঽ
প্যন্তর্দশা জ্ঞস্যচ তস্য বর্ষম।
মৃত্যুস্তদা বা ভৃগুশূন্যযুগ্মে
স্বরে দ্বিতীয়ে নিধনং খলাব্দে ॥২৭॥ উ,জা

বুধাদিশূন্যদ্বয় বা পিণ্ডে বুধ শূন্য দ্বয় বর্ষে বুধের অন্তর্দশা ও বুধের বর্ষ হইলে অথবা শুক্রশূন্য দ্বয় বর্ষে পাপবর্ষ ও ভ্রমিতস্বর বর্ষ হইলে মৃত্যু ঘটে।

জীবাদিশূন্যদ্বয়হায়নেঽপি
চান্তর্দশায়াং খলখেচরস্য।
ক্রূরেচ সংবৎসরনায়কেঽস্মিন্
বর্ষে ক্বচিন্মৃত্যু মিয়ান্মনুষ্যঃ ॥২৮॥ ই,ব

জীবাদিশূন্যদ্বয়বর্ষে ও পাপগ্রহের অন্তর্দশা এবং পাপগ্রহের বর্ষ হইলে রোগ হয় ক্বচিৎ মৃত্যু ও ঘটিয়া থাকে।

পঞ্চস্বর কথনম্

উদিতো ভ্রমিতো ভ্রান্তঃ সন্ধ্যা চাস্তস্বরঃ ক্রমাৎ।
জন্ম কর্ম্ম তথাধানং পিণ্ড শ্ছিদ্রঞ্চ কথ্যতে ॥২৯॥
বালঃ স্বরঃ কুমারশ্চ যুবা বৃদ্ধো মৃতশ্চ বা।
নামাক্ষর সমাযোগাদস্বরাদিষু চিন্তয়েৎ ॥৩০॥
যত্র নামাক্ষরং লব্ধং তত্রৈব হ্যুদিতঃ স্বরঃ।
তস্মাদ্ বর্ষাণি মাসর্ক্ষ তিথিবারাংশ্চ বিন্যসেৎ ॥৩১॥

অস্বর, ইস্বর, উস্বর, এস্বর ওস্বর এই পাঁচটি স্বর যথাক্রমে উদিত, ভ্রমিত, ভ্রান্ত, সন্ধ্যা, অস্ত স্বর নামে অথবা জন্ম, কর্ম্ম, আধান, পিণ্ড, ছিদ্র নামে অথবা বাল, কুমার, যুবা, বৃদ্ধ, মৃতনামে অভিহিত হয়। যে স্বরে নামের আদ্যাক্ষর পতিত হইবে সেই স্বর হইতে উদিতাদি বর্ষ বিচার করিবে।

স্বরপঞ্চকে মাসাদি সংস্থানম্

অ ই উ এ ও ক্রমতঃ স্বর পঞ্চক মেববা।
বর্ষাণ্যোকাদিত স্তেষু স্থাপয়েদস্বরাদিষু ॥৩২॥
দ্বাদশ দিন সংযুক্তৌ দ্বৌ মাসৌ বর্ষভাগতঃ।
কার্ত্তিকস্যৈকবিংশান্তে দিনানি চাস্বরক্রমাৎ ॥৩৩॥
রবিভৌমৌ শশিজ্ঞৌচ গুরুঃ শুক্রঃ শনৈশ্চরঃ।
এষাং বারাং স্তথা রাশীনস্বরাদিষুবৈ লিখেৎ ॥৩৪॥
পৌষ্ণাদি সপ্তকং ভানা মস্বরে চ ততঃ পরম্
পঞ্চ পঞ্চ ক্রমেণৈব স্থাপয়েদিস্বরাদিষু ॥৩৫॥
অকারাদি ক্রমাৎ স্থাপ্যং নন্দাদি তিথি পঞ্চকম্।
যত্র নামাক্ষরং তস্মাত্বদিতাদীন্ বিচিন্তয়েৎ ॥৩৬॥

অস্বরাদি পাঁচটি স্বরে বর্ষাদি বিভক্ত হইয়া থাকে। অস্বরে ১ম বর্ষ ইস্বরে দ্বিতীয় বর্ষ ইত্যাদি ক্রমে বর্ষ স্থাপন করিবে। বর্ষের সৌরদিন সংখ্যা ৩৬০ কে ৫ ভাগ করিলে প্রতিভাগে ২ মাস ১২ দিন হয়। কার্ত্তিকের ২১ দিনের পর হইতে প্রতি স্বরে ২ মাস ১২ দিন করিয়া মাস ও দিন স্থাপন করিবে। অস্বরে রবি ও মঙ্গল বার, সিংহ, মেষ, বৃশ্চিকরাশিওলগ্ন, ইস্বরে সোম ও বুধবার, কর্কট, মিথুন ও কন্যা রাশি, উস্বরে বৃহস্পতিবার, ধনু ও মীনরাশি, এস্বরে শুক্রবার তুলা, বৃষরাশি, ও স্বরে শনিবার, মকর ও কুম্ভ রাশি ওলগ্ন লখিবে। অস্বরে রেবতী প্রভৃতি ৭ নক্ষত্র, ইস্বরে পুনর্ব্বসু প্রভৃতি ৫ নক্ষত্র, উস্বরে উত্তরফল্গুনী প্রভৃতি ৫ নক্ষত্র, এস্বরে অনুরাধাদি ৫ নক্ষত্র, ওস্বরে শ্রবণাদি ৫ নক্ষত্র লিখিবে। অকারাদি স্বরে ক্রমশঃ নন্দা, ভদ্রা, জয়া, রিক্তা, পূর্ণাসংজ্ঞক তিথি লিখিবে। অকারাদির যেস্বরে নামের আদ্যাক্ষর পাইবে সেই স্বরের বর্ষ মাসাদিকে উদিতস্বরের বর্ষমাসাদি মনে করিয়া পরবর্ত্তী কোষ্ঠের বর্ষ মাসাদিকে ক্রমশঃ ভ্রমিতাদি স্বরের বর্ষ মাসাদিরূপে গণনা করিবে।

অকারাদি স্বর চক্রম্

স্বরাঃ	অ	ই	উ	এ	ও
অক্ষরাণি	অ ক ছ ড ধ ভ ব	ই খ জ ঢ ন ম শ	উ গ ঝ ত প য ষ	এ ঘ ট থ ফ র স	ও চ ঠ দ ব ল হ
সংখ্যাঃ	৮১	৮৭	৯৩	৯৯	১০৫
বর্ষাণি	১।৬।১১।১৬	২।৭।১২।১৭	৩৮ ১৩।১৮	৪।৯।১৪'১৯	৫।১০।১৫।২০
	২১।২৬।৩১	২২।২৭।৩২	২৩।২৮।৩৩	২৪।২৯।৩৪।	২৫।৩০।৩৫
	৩৬।৪১।৪৬	৩৭।৪২।৪৭	৩৮।৪৩।৪৮	৩৯।৪৪।৪৯	৪০।৪৫।৫০
	৫১।৫৬'৬১	৫২।৫৭।৬২	৫৩'৫৮।৬৩	৫৪।৫৯।৬৪	৫৫।৬০।৬৫
	৬৬।৭১।৭৬	৬৭।৭২।৭৭	৬৮।৭৩।৭৮	৬৯।৭৪।৭৯	৭০।৭৫।৮০
	কার্ত্তিক শেষ ৯	মাঘশেষ ২৭	চৈত্রশেষ ১৫	জ্যৈষ্ঠ ৩	ভাদ্র ২১
মাস-	অগ্রহায়ণ ৩০	ফাল্গুন ৩০	বৈশাখ ৩০	আষাঢ়৩০	আশ্বিন ৩০
দিনানি	পৌষ ৩০	চৈত্র ১৫	জ্যৈষ্ঠ ২৭	শ্রাবণ ৩০	কার্ত্তিক ২১
	মাঘাদি ৩			ভাদ্র ৯	
তিথয়ঃ	নন্দা	ভদ্রা	জয়া	রিক্তা	পূর্ণা
ভানি	২৭।১।২।৩	৭।৮।৯	১২।১৩ ১৪	১৭.১৮।১৯	২২।২৩ ২৪
	৪।৫।৬	১০।১১	১৫।১৬	২০।২১	২৫।২৬
বারাঃ	রবি মঙ্গল	সোম বুধ	বৃহস্পতি	শুক্র	শনি
	মেষ সিংহ	কর্কট			
রাশয়ঃ	বৃশ্চিক	মিথুন কন্যা	ধনু মীন	তুলা বৃষ	মকর কুম্ভ

অকারাদি স্বরক্রমে বর্ষ মাসাদি স্থাপিত হইল। শতপদ চক্র দ্বারা জন্ম নক্ষত্রের প্রতিচরণে নির্দিষ্ট বর্ণ হইতে যে নাম রাখা হইবে সেই নামের আদ্যাক্ষর হইতে স্বর নিশ্চয় করিবে। নামের আদিতে সংযুক্ত বর্ণ থাকিলে তাহারও আদি বর্ণ লইবে। জন্মনক্ষত্র চরণ জানা না থাকিলে যে নামে জাতককে ডাকা হয় সেই নামের আদ্যাক্ষর দ্বারা স্বর নির্ণয় করিবে। নামের আদিবর্ণ যে স্বরে পতিত হয় সেই স্বরের বর্ষ মাসাদি উদিত স্বরের বর্ষ মাসাদি হইবে। কল্পনা করা গেল 'গোবিন্দ' নামক জাতকের স্বর গণনা করিতে হইবে। "গ" অক্ষর উস্বরে পতিত হইয়াছে এজন্য উস্বরের বর্ষাদি জাতকের উদিতস্বরের বর্ষাদি হইবে। এইরূপে ক্রমশঃ

এ স্বরে ভ্রমিত, ও স্বরে ভ্রান্ত, অস্বরে সন্ধ্যা, ইস্বরের বর্ষ মাসাদি অস্তস্বরের বর্ষ মাসাদি হইবে। রিষ্ট বর্ষে অস্তস্বরের মাস তিথি বারাদিতে মৃত্যু ঘটে। কদাচিৎ সন্ধ্যাস্বরের মাস তিথি বারাদিতেও মৃত্যু হইয়া থাকে।

উদিতাদি স্বর ফলানি

স্বল্পলাভোঽতিলাভশ্চ সর্ব্ব সিদ্ধিঃ ক্ষতি র্মৃতিঃ।
উদিতাদিষু জানীয়াদ্ বর্ষমাসাদিভিঃ ক্রমাৎ ॥৩৭॥

উদিতস্বরের বর্ষ মাসাদিতে অল্পলাভ, ভ্রমিত স্বরের বর্ষ মাসাদিতে বহুলাভ, ভ্রান্তস্বরে সিদ্ধিলাভ, সন্ধ্যায় ক্ষতি, অস্ত স্বরের বর্ষ মাসাদিতে মৃত্যু হইয়া থাকে।

যে বর্ষে ত্রিপাপ, সপ্তশূন্য বা দশ শূন্য, সন্ধ্যা বা অস্তস্বর হইবে সেই বর্ষে সন্ধ্যা বা অস্তস্বরে নির্দিষ্ট মাস, বার, রাশি, লগ্ন, তিথি, নক্ষত্র, যোগে মৃত্যুঘটিবে। কদাচিৎ তিথির সহিত বার বা নক্ষত্রের যোগ পঞ্জিকায় অসম্ভব হইলে তিথির প্রাধান্য হেতু সেই নির্দিষ্ট তিথিতে মৃত্যু নির্দেশ করিবে।

সন্ধ্যাস্তস্বরে মরণ বর্ষজ্ঞানম্

মাসশ্চতুর্থঃ কিল জন্ম মাসাদ্-
বিংশ স্তিথি র্জন্ম তিথে র্ভবেচ্চেৎ।
জন্মর্ক্ষতোভং যদি পঞ্চবিংশং
সন্ধ্যাস্তবর্ষে মরণং তদা স্যাৎ ॥৩৮॥ ই,ব

সন্ধ্যা বা অস্তস্বরের বর্ষে জন্ম মাসের চতুর্থমাস, জন্ম তিথি হইতে বিংশ তিথি ও জন্ম নক্ষত্র হইতে পঞ্চবিংশতি নক্ষত্রের যোগ হইলে সেই বর্ষে নিশ্চয় মৃত্যু হইবে।

অথ দশাধ্যায়ঃ।

তত্রাদাবষ্টোত্তরী দশা কথনম্।

সূর্য্যেন্দু কুজসৌম্যমন্দগুরবো রাহুঃ কবি স্তে মতাঃ
বহ্ন্যৃক্ষাৎ ক্রমতো বুধৈ স্ত্রিচতুরং নাক্ষত্রদায়াধিপাঃ।
তদ্‌ভোগা ঋতবস্তিথিঃ করিঘনৌ কাষ্ঠোনবিংশে রবি-
র্ব্বর্ষাণি প্রকৃতিশ্চ তত্র গণনা সূর্য্যক্রমেণোদিতা ॥৩৯॥শা,বি

কৃত্তিকা, রোহিণী, মৃগশিরা এই তিন নক্ষত্রে রবির দশা, তাহার ভোগকাল ৬ বৎসর, এজন্য প্রতি নক্ষত্রে ভোগকাল ২ বৎসর। আর্দ্রা, পুনর্ব্বসু, পুষ্যা, অশ্লেষা চারি নক্ষত্রে চন্দ্রের দশা ভোগকাল ১৫ বৎসর, প্রতি নক্ষত্রে বর্ষাদি ৩।৯ মঘাদি তিন নক্ষত্রে মঙ্গলের দশা ভোগকাল ৮ বর্ষ। প্রতি নক্ষত্রে বর্ষাদি ২।৮ হস্তাদি চারি নক্ষত্রে বুধের দশা, ভোগ ১৭ বর্ষ নক্ষত্রপ্রতি বর্ষাদি ৪।৩ অনুরাধাদি ৩ নক্ষত্রে শনির দশা ভোগ ১০ বর্ষ নক্ষত্রপ্রতি বর্ষাদি ৩।৪ পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, অভিজিৎ, শ্রবণা চারি নক্ষত্রে বৃহস্পতির দশা। ভোগ কাল ১৯ বর্ষ প্রতি নক্ষত্রে বর্ষাদি ৪।৯ ধনিষ্ঠাদি ৩ নক্ষত্রে রাহুরদশা ভোগ ১২ বৎসর নক্ষত্র প্রতি ৪ বৎসর। উত্তরভাদ্রপদ, রেবতী, অশ্বিনী, ভরণী চারি নক্ষত্রের শুক্রের দশা ভোগকাল ২১ বৎসর প্রতিনক্ষত্রে ভোগকাল ৫ বৎসর ৩ মাস।

নক্ষত্র মানতো দশা ভাগ্য বর্ষাদি সাধনম্

জন্মর্ক্ষলব্ধাদি-দশাব্দমানং
জন্মর্ক্ষঘট্যাদিক-ভোগ্য-নিঘ্নম্।
তৎতারকা-মানঘটী-বিভক্তং
বর্ষাদি ভোগ্যং চ ততঃ ফলং স্যাৎ ॥৪০॥ই,ব

জন্ম নক্ষত্রের আরম্ভকাল হইতে শেষ পর্য্যন্ত জন্মনক্ষত্রের দণ্ডাদি পরিমাণ। জন্ম পত্রিকায় লিখিত পূর্ব্বাহ ও জাতাহের বা জাতাহ ও পরাহের নক্ষত্রমান হইতে পরিমাণ দণ্ডাদি নির্ণীত হয়। জন্ম সময়ে নক্ষত্রের যত দণ্ডাদি অতীত হইয়াছে তাহার নাম ভুক্ত দণ্ডাদি এবং যত দণ্ডাদি অবশিষ্ট আছে তাহার নাম ভোগ্য-দণ্ডাদি। জন্ম নক্ষত্রানুসারে যে গ্রহের দশা জানা যায় তাহাই সেই জাতকের আদি দশা। এই আদি দশায় নক্ষত্রের দশা পরিমাণ বর্ষাদিকে সেই নক্ষত্রের ভোগ্যদণ্ডাদি দ্বারা গুণ করিয়া নক্ষত্রের ভোগ পরিমাণ দণ্ডাদি দ্বারা ভাগ করিলে ভোগ্যবর্ষমাসাদি হইবে। সেই দশায় দশাপতির আরও নক্ষত্র থাকিলে তাহার পূর্ব্বোক্ত মানও ইহার সহিত যোগ করিলে দশার ভোগ্য বর্ষাদি জানা যাইবে।

কল্পনা করা গেল জন্ম সময়ে হস্তা নক্ষত্রের ভোগকাল ৬৫ দণ্ড। ভোগ্য দং ২৫।১২ হস্তা নক্ষত্রের ভোগবর্ষাদি ৪।৩ ইহাকে দং ২৫।১২ দ্বারা গুণ করিয়া ৬৫ দ্বারা ভাগ করিলে হস্তাভোগ্যবর্ষাদি ১।৭।২৩ ইহার সহিত চিত্রাদি ৩ নক্ষত্রের দশাকাল বর্ষাদি ৪।৩ হিসাবে যোগ করিলে বুধ দশা ভোগ্য বর্ষাদি ১৪।৪।২৩ ইহার সহিত পরবর্ত্তী দশা বা অন্তর্দশাদি যথাক্রমে যোগ করিয়া অভীষ্ট বয়সে দশান্তর্দশাদি জানিবে।

স্ফুট চন্দ্রতো দশা ভোগ্য বর্ষাদি সাধনম্।

জন্মর্ক্ষলব্ধাদিম দায়বর্ষং
তং তারকাভোগ্যকলাহতং যং।
শূন্যাভ্রনাগৈর্বিহৃতং চ ভোগ্যং
বর্ষাদিকং তস্যচ তারকস্য ॥২১॥ ই,ব

স্ফুটের পরিমাণ কত রাশি অংশ কলা হইলে কোন নক্ষত্রের শেষ হয় তাহা জাতকবল্লভের ৫ পৃষ্ঠায় নক্ষত্রনির্ণয়সারণীতে সন্নিবেশিত হইয়াছে। প্রতি ৮০০ কলায় এক এক নক্ষত্র হয়। জন্ম সময়ের চন্দ্র স্ফুট হইতে চন্দ্রাক্রান্ত নক্ষত্রের কত কলা অবশিষ্ট আছে তাহা জানা যাইবে। জন্ম নক্ষত্র দ্বারা জাত নক্ষত্রের দশা বর্ষাদিকে সেই নক্ষত্রের ভোগ্যকলাদ্বারা গুণ করিয়া ৮০০ কলা

দ্বারা ভাগ করিলে সেই নক্ষত্রের ভোগ্য বর্ষাদি হইবে। সেই দশায় দশাপতির আরও নক্ষত্র থাকিলে তাহাদের বর্ষাদি পরিমাণ ইহার সহিত যোগ করিলে দশার ভোগ্য বর্ষাদি জানা যাইবে।

